অভিধর্মপিটকে পট্‌ঠান
(দ্বিতীয় খণ্ড)



Visit: http://www.buddhistdownload.com

অভিধর্মপিটকে
পট্‌ঠান
(দ্বিতীয় খণ্ড)

অনুবাদ : শ্রীমৎ রাহুল ভিক্ষু

পরিবেশনায়

কল্পতরু

রাঙামাটি ৪৫০০, বাংলাদেশ

Visit: http://www.buddhistdownload.com

অভিধর্মপিটকে পট্‌ঠান (দ্বিতীয় খণ্ড)
অনুবাদ : শ্রীমৎ রাহুল ভিক্ষু
গ্রন্থস্বত্ব : শ্রীমৎ রাহুল ভিক্ষু
প্রথম প্রকাশ : ২০ মে ২০১৬
(২৫৬০ বুদ্ধবর্ষের শুভ বুদ্ধপূর্ণিমা উপলক্ষে প্রকাশিত)
প্রকাশক : শ্রীমৎ সমাধিনন্দ ভিক্ষু
পরিবেশক : কল্পতরু, রাঙামাটি ৪৫০০, বাংলাদেশ
কম্পিউটার কম্পোজ : শ্রীমৎ রাহুল ভিক্ষু ও শ্রীমৎ একায়নো ভিক্ষু
প্রচ্ছদ ডিজাইন : শ্রীমৎ সুভাবিতো ভিক্ষু
মুদ্রণ : রাজবন অফসেট প্রেস
রাজবন বিহার, রাঙামাটি

Abhidhamma Pitake Patthan (Vol-2)
Translated into Bengli by Ven. Rahul Bhikkhu
Published by : Ven. Samadhinanda Bhikkhu
First Published : 20 May 2016
Distributor : KALPATARU
Rangamati 4500, Bangladesh
e-mail : kbangsharg@gmail.com

সদ্ধর্ম প্রচার, প্রসার ও উত্তরোত্তর শ্রীবৃদ্ধির জন্য
সম্পূর্ণ বিনামূল্যে বিতরণ করা হলো।

Visit: http://www.buddhistdownload.com

অনুবাদকের উৎসর্গ

****

'সুপটিপন্নো ভগবতো সাবক সঙ্ঘো' সহ অনন্ত অনন্ত গুণের অধিকারী, যাঁদের বৈচিত্র্যময় জীবনাদর্শ যা মানুষের চিত্তকে নির্বাণের দিকে নমিত করে, সেই মহতো মহান পুরুষের জীবনাদর্শই আমার নির্বাণের পথপ্রদর্শক, সেই অনন্ত গুণের আঁধার জগদ্‌গুরু বুদ্ধের আশিজন উপাধিপ্রাপ্ত মহাশ্রাবক এবং ঊনবিংশ শতাব্দীর সাধনসিদ্ধ মহান সংঘপুরুস, আমার উপাধ্যায়গুরু ধর্মপিতা অর্হৎ সাধনানন্দ মহাস্থবির (বনভন্তের) প্রতি শ্রদ্ধা ও পূজার নিদর্শন হিসেবে আমার অনূদিত অভিধর্মপিটকের 'পট্‌ঠান'-এর ২য় খণ্ড গ্রন্থখানি করলাম সমর্পণ—দুঃখমুক্তি নির্বাণ কামনায়।

সমর্পণে

অনুবাদক

ভদন্ত রাহুল ভিক্ষু

****

Visit: http://www.buddhistdownload.com

প্রকাশকের কথা

'সেই ভগবান অর্হৎ সম্যকসম্বুদ্ধকে বন্দনা জানাচ্ছি'
'পরম পূজ্য শ্রাবকবুদ্ধ অর্হৎ বনভন্তেকেও বন্দনা নিবেদন করছি'

আমাদের জীবন্ত এই মানব দেহটা পঞ্চস্কন্ধে গঠিত। যথা : রূপস্কন্ধ, বেদনাস্কন্ধ, সংজ্ঞাস্কন্ধ, সংস্কারস্কন্ধ ও বিজ্ঞানস্কন্ধ। স্কন্ধ হলো বিশেষ ভাব প্রকাশক অংশ। এই পঞ্চস্কন্ধ জড়-চেতনের সমন্বয়ে গঠিত একটি জীবন-প্রবাহ। এটা সত্ত্ব বা জীব নামেও অভিহিত হয়। এই পঞ্চস্কন্ধকে আবার নামরূপও বলা হয়। রূপস্কন্ধকে 'রূপ' আর বেদনা, সংজ্ঞা, সংস্কার ও বিজ্ঞানস্কন্ধকে একত্রে 'নাম' বলা হয়। রূপের আশ্রয়ে থেকে অন্যান্য স্কন্ধগুলো আপনাপন কার্য সম্পন্ন করে থাকে। বিদর্শন-জ্ঞানের মূল ভিত্তি বা ভূমি হচ্ছে এই পঞ্চস্কন্ধ। এই পঞ্চস্কন্ধকে বুঝতে না পারলে বিদর্শন-জ্ঞান আয়ত্ত করা কঠিন। তাই বিদর্শন সাধকদের পক্ষে পঞ্চস্কন্ধের জ্ঞান রাখা একান্ত প্রয়োজন। **'রূপ'**—সাধারণত জীবন্ত দেহ, মৃতদেহ, জীবজগৎ, জড়জগৎ এবং তৎসম্পর্কীয় যাবতীয় বিষয় ও বস্তুকে বুঝায়। যা শীতে সংকুচিত হয় এবং উত্তাপে প্রসারিত হয় তা-ই রূপ। রূপ আটাশ প্রকার। **'বেদনা'** হলো অনুভূতি। এই বেদনা চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, কায় ও মন—এই ছয় ইন্দ্রিয়জাত। চক্ষুর সাথে রূপের, শ্রোত্রের সাথে শব্দের, ঘ্রাণের সাথে গন্ধের, জিহ্বার সাথে রসের, কায়ের সাথে স্পৃষ্টের এবং মনের সাথে ধর্মের বা ভাবের সংযোগের ফলে চিত্তের সহজাত সুখ-দুঃখের অনুভূতিই হচ্ছে বেদনা। আলম্বনের রসানুভব বেদনার কৃত্য। বেদনা তিন প্রকার। **'সংজ্ঞা'**—উল্লিখিত ছয় ইন্দ্রিয়পথে কোনো আলম্বন বা ইন্দ্রিয়গ্রাহ্য বিষয় যেভাবে প্রতিভাত হয়, সেভাবে জানাই সংজ্ঞা। সংজ্ঞা হলো ছয় ইন্দ্রিয়ের সাথে তাদের আলম্বনের সংস্পর্শজনিত বস্তুর আকার-আকৃতি-বিষয়ক প্রাথমিক জ্ঞান কিংবা বলা যায় লাক্ষণিক জ্ঞান। পরিচয় বিধান সংজ্ঞার কাজ। সংজ্ঞা ছয় প্রকার। **'সংস্কার'**—বেদনা ও সংজ্ঞার স্মৃতি বা রেশ চিত্তগর্ভে প্রচ্ছন্ন শক্তির আকারে সঞ্চিত হলে সংস্কার নামে অভিহিত হয়। সংস্কার হলো পুনর্জন্ম দাতা কুশল বা অকুশল কর্ম বা চেতনা। বেদনা ও সংজ্ঞা ব্যতীত অবশিষ্ট ৫০ প্রকার চিত্তবৃত্তিকে সংস্কার বলে। অবিদ্যার কারণে সংস্কারের উৎপত্তি হয়। অবিদ্যাচ্ছন্ন জীবনে যখন কেউ কোনো বিষয় চিন্তা করে, বাক্য বলে কিংবা কর্ম করে, তখন সে চিন্তা, বাক্য ও কার্য এক নতুন

Visit: http://www.buddhistdownload.com

ভাবের সৃষ্টি করে। চিত্তের এই নতুন ভাব বা চেতনাকেই কর্ম বলা হয়। বুদ্ধ বলেছেন, 'হে ভিক্ষুসংঘ, আমি চেতনাকেই কর্ম বলি।' কর্মের অপর নাম সংস্কার। **'বিজ্ঞান'**—বিজ্ঞান স্কন্ধ হলো পঞ্চস্কন্ধের মধ্যে সর্বশেষ স্কন্ধ এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ স্কন্ধ। বেদনা, সংজ্ঞা ও সংস্কার—এই ত্রিবিধ মানসিক অবস্থা যার আশ্রয়ে, কর্তৃত্বে ও প্রাধান্যে প্রবর্তিত হয়, তাকে মন বা বিজ্ঞানস্কন্ধ বলা হয়। একাশি প্রকার লৌকিক চিত্ত নিয়ে বিজ্ঞানস্কন্ধ গঠিত। চক্ষু-শ্রোত্র-ঘ্রাণ-জিহ্বা-কায়বিজ্ঞান, মনোধাতু ও মনোবিজ্ঞান-ধাতু এবং লৌকিক চিত্তগুলোর সমষ্টিগত নাম বিজ্ঞানস্কন্ধ।

পঞ্চস্কন্ধকে বিশ্লেষণ করলে পরে এর যথার্থ স্বরূপ নির্ণয় করা যায়। সংযুক্তনিকায়ে স্কন্ধবর্গ পঞ্চস্কন্ধের আলোচনায় বলা হয়েছে যে, 'রূপ' ফেণাপিণ্ডের ন্যায়, 'বেদনা' জল বুদবুদের মত ক্ষণস্থায়ী ও ধ্বংসশীল। 'সংজ্ঞা' বিভ্রান্তিকর মরীচিকার ন্যায়, 'সংস্কার' কলাগাছের ন্যায় (অসার), 'বিজ্ঞান' মায়ার ন্যায়। সাধক 'এ রূপ আমার নয়, আমি রূপ নই, রূপ আমার আত্মা নয়। তদ্রূপ বেদনা, সংজ্ঞা, সংস্কার ও বিজ্ঞান।' এরূপে পঞ্চস্কন্ধকে স্বজ্ঞানে দর্শন করলে পরে 'আমার' বলে কিছু না থাকায় তাঁর পরিক্লেশ হয় না, তৃষ্ণা ধ্বংস হয়। প্রজ্ঞার উৎপত্তি হয়, ত্রিলক্ষণ-জ্ঞান তাঁর নিকট পরিস্ফুট হয়। তিনি বুঝতে পারেন : 'এ পঞ্চস্কন্ধ অনিত্য, দুঃখ ও অনাত্মময়; এখানে নিত্য, শুভ, ধ্রুব কিংবা শাশ্বত বলে কিছুই নেই।' এই অভিধর্মপিটকে পঞ্চস্কন্ধকে পুঙ্খানুপুঙ্খরূপে ব্যাখ্যাত হয়েছে। এই গ্রন্থগুলোতে কোনো কাহিনি আকারে কোনো বিষয়ের অবতারণা করা হয়নি। যা শুধু ছেদন, বিশ্লেষণ, বিভাজন, পর্যবেক্ষণ এবং নৈর্ব্যক্তিক পরম সত্যজ্ঞানের উদ্ভাসন। সঙ্গে সঙ্গে চির চঞ্চল ব্যবহারিক জগতের নিরবশেষ বিলয়-সাধন।

অভিধর্ম মানে উচ্চতর ধর্ম বা বাণী। 'অভি' শব্দকে এখানে অধিকতর গুরুত্ব আরোপ করে ব্যবহার করা হয়েছে; যেমন : মহান, উৎকৃষ্ট, সর্বোত্তম, স্পষ্ট। 'ধর্ম' এটি বহু অর্থবোধক শব্দ। এটি 'ধর' ধাতু নিষ্পন্ন, ধারণ করা, সমর্থন করা। এখানে ধর্ম শব্দের অর্থ বাণীরূপে গৃহীত হয়েছে। অত্থসালিনীতে (অর্থকথা) 'অভি'কে 'অতিরেক' উচ্চতর, বৃহত্তর, অতিরিক্ত অথবা 'বিসিট্‌ঠ' বিশিষ্ট, স্পষ্ট, বিশেষ, সর্বোত্তম অর্থেও গ্রহণ করা হয়েছে। 'অভিধর্ম' অর্থ উচ্চতর বাণী কারণ এটি কোনো ব্যক্তিকে বিমুক্তির সোপানে পৌঁছিয়ে দিতে সক্ষম অথবা এটি সূত্রপিটক এবং বিনয়পিটকের শিক্ষাকেও অতিক্রম করে। সূত্রের ভাষা ব্যবহারিক; যেমন- সত্ত্ব, আত্মা, জীব, জন্ম, মৃত্যু, দেব, ব্রহ্মা, তুমি, আমি ইত্যাদি। অভিধর্মের কথা পারমার্থিক; যেমন- স্কন্ধ, আয়তন, ধাতু, চ্যুতি, প্রতিসন্ধি, সন্ততি, অনাত্মা ইত্যাদি।

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধ, আয়তন, ধাতু, ইন্দ্রিয়, হেতু, আলম্বন, বাস্তু, কুশল, অকুশল, অব্যাকৃত, অহেতুক, প্রতিসন্ধি, ২৪ প্রত্যয়, বিশুদ্ধি, বিমোক্ষ, পুদ্গল, সমাপত্তি, ধ্যান, বিদর্শন, চিত্ত, চৈতসিক, রূপ, ও নির্বাণ প্রভৃতি, কঠিন, দুরূহ, জটিল ও অবোধগম্য, দার্শনিক, বিষযগুলো হলো অভিধর্মপিটকের আলোচ্য বিষয়বস্তু অর্থাৎ সম্বুদ্ধের মূল ধর্ম-দর্শন। উক্ত বর্ণিত বিষয়গুলো নিয়ে আলোচনা, গবেষণা, পর্যালোচনা, বিশ্লেষণই হচ্ছে অভিধর্মপিটকের কাজ। এই অভিধর্মপিটকে রয়েছে বৌদ্ধ দর্শনের ফাটাফাটি সাতটি গ্রন্থের সমাবেশ; যথা : ধর্মসঙ্গণী, ধাতুকথা, পুদ্গল-পঞ্ঞত্তি, কথাবত্থু, যমক ও পট্‌ঠান। বর্তমান গ্রন্থ 'পট্‌ঠান' শব্দের অর্থ প্রধান কারণ (সম্বন্ধ বা CONDITIONAL RELATIONS)। এটি অভিধর্মপিটকের একটি অত্যাবশ্যকীয় এবং বিশাল গ্রন্থ। কোনো ব্যক্তি যদি এই গ্রন্থ ধৈর্যসহকারে পাঠ করেন তবে তিনি বুদ্ধের সর্বজ্ঞতা-জ্ঞান এবং গভীর অন্তর্দৃষ্টিমূলক বিদর্শন-প্রজ্ঞার শতমুখ প্রশংসা না করে পারেন না। এতে সন্দেহ প্রকাশের কোনো অবকাশ নেই যে এই গ্রন্থ প্রণয়নকারী নিশ্চিত একজন গভীর মনস্তাত্ত্বিক প্রতিভাসম্পন্ন ব্যক্তি বই আর কেউ নন। পট্‌ঠান শব্দ নিষ্পন্ন হয়েছে 'প' (বহুতর) পূর্বক 'ট্‌ঠান' (সম্বন্ধ) বা সাহায্যকারী কারণ (প্রত্যয়) থেকে। এ নামে অভিহিত হবার কারণ হলো : এই গ্রন্থ ২৪ প্রকার প্রধান (সম্বন্ধ) এবং ধর্মসঙ্গণীর ত্রিক এবং দ্বিক অর্থাৎ তিন বা দুই পঙ্‌ক্তিযুক্ত গাথাগুলোও তৎসঙ্গে আলোচিত হয়েছে। এই বিষয়গুলো অভিধর্মপিটকের সারবস্তু। এই গ্রন্থের আবশ্যকতা এতো অধিক যে একে 'মহাপ্রকরণ' বা বৃহত্তর গ্রন্থ বলা হয়। অত্থসালিনীর এরূপ বর্ণনা অনুসারে এ গ্রন্থের গভীরতা প্রকাশিত হয়। ছয় খণ্ড অভিধর্মপিটক গবেষণাকালে বুদ্ধের শরীর হতে ষড়রশ্মি নির্গত হয়নি; কিন্তু যখন তিনি 'মহাপ্রকরণ' বিষয়ে মনোসংযোগ করে ২৪ প্রকার সার্বিক প্রধান কারণ সম্বন্ধে চিন্তা এবং বিষয় বিন্যাস ইত্যাদি আরম্ভ করেন তখন বাস্তবিকপক্ষে উঁনার সর্বজ্ঞতা-জ্ঞান প্রকাশের সুযোগ হয়েছিল এবং তখন উঁনার পূত-পবিত্র শরীর হতে ষড়রশ্মি নির্গত হয়েছিল।

অভিধর্মের আলোচনা এক অফুরন্ত ব্যাপার। অভিধর্মে উচ্চশ্রেণির সাহিত্যের সুস্বাদু ও পুষ্টিকর খাদ্য সঞ্চিত আছে। অভিধর্মার্থ-সংগ্রহ অধ্যয়নের পর ক্রমিক অগ্রসরের সাথে সাথে, বিস্ময়মাখা প্রীতিরসে ও অভূতপূর্ব জ্ঞানের আস্বাদে শিক্ষার্থীর হৃদয়-মন উত্তেরোত্তর আপ্লুত হতে থাকে। এই নীতি যে যতো বেশি শিখবে, কর্তব্য সম্পাদনের জন্য তার ততো মহত্তর উপকরণ জুটবে। এই রীতি যে যতো বেশি গবেষণা করবে, সে এর বক্তব্যগুলোর সুদূরপ্রসারী প্রমাণ ততো বেশি পাবে। এটিই এর সৌন্দর্য, এটিই এর জাদুমন্ত্র।

Visit: http://www.buddhistdownload.com

ত্রিলোকগুরু বুদ্ধের অনন্য দান এই 'পট্‌ঠান' অনেক প্রতীক্ষার পর পুরোটাই বাংলা ভাষায় অনূদিত হয়েছে। অনেক শ্রম-সাধনা ও অধ্যবসায়ের মধ্য দিয়ে পাঁচ খণ্ডবিশিষ্ট পট্‌ঠানের পুরোটাই বাংলাতে অনুবাদ করেছেন কিংবদন্তী সাধক সিদ্ধ মহাপুরুষ পরম পূজ্য সাধনানন্দ মহাস্থবির (বনভন্তের) প্রাণপ্রিয় শিষ্য শ্রদ্ধেয় রাহুল ভন্তে মহোদয়। ভন্তে মহোদয় সূক্ষ্মাতিসূক্ষ্ম ও গুরুগম্ভীর এই পট্‌ঠান এবং পারমার্থিকরূপে ব্যাখ্যাত খুদ্দকনিকায়ে বিমানকাহিনি ও প্রেতকাহিনি অট্‌ঠকথা অনুবাদ করেছেন শুনে আমি শুধু আনন্দিতই নয় দস্তুরমতো মুগ্ধও। উঁনার মতো বিচক্ষণ ভিক্ষু না হলে পট্‌ঠানের আসল আলোচ্য বিষয়বস্তু কী তা উদ্ঘাটন হতো কি না আমার সন্দেহ। বুদ্ধ ও বনভন্তের শাসন সদ্ধর্মের উন্নতির মানসে জগৎগুরু বুদ্ধের ২৫৬০তম জন্মদিবস, বুদ্ধত্ব লাভ ও মহাপরিনির্বাণ দিবস উপলক্ষে আমি ইতোপূর্বে পট্‌ঠান ৫ম খণ্ডটি ৫০০ কপি ও ১ম খণ্ডটি ১০০০ কপি প্রকাশ করেছি এবং বর্তমানে ২য় খণ্ডটি ১০০০ কপি ছাপানোর উদ্যোগ নিয়েছি এবং বাকি ৩য় খণ্ডটি অচিরেই ১০০০ কপি ছাপানো হবে। শ্রদ্ধাদান দাতাদের সবার নাম বইয়ের পেছনে লিখতে গেলে খরচ বৃদ্ধি পাবে বিধায় সবার নাম কাগজে না লিখে অন্তরেই তাঁদের নাম লিখে ক্ষান্ত হলাম। তাঁরা সকলে শুধু ধর্মদানের পুণ্যফল লাভ নয়; সমগ্র বৌদ্ধ জাতির অন্তরে স্থান করে নিয়ে সকলের ভালোবাসা, ধন্যবাদ, সাধুবাদ ও মৈত্রী প্রাপ্ত হওয়ার পরম সৌভাগ্য লাভ করেছেন। এই কাজের পুণ্যের ফলে সকলে পরম দিব্যসুখ ও মনুষ্যসুখ উপভোগের মধ্য দিয়ে কোনো একসময় নির্বাণ লাভ করুক, এই মৈত্রী, আশীর্বাদ প্রদান করছি। বরাবরের মতো অভিধর্মাচর্য, বহু গ্রন্থের অনুবাদক শ্রদ্ধেয় করুণাবংশ ভন্তে মহোদয় মুদ্রণের যাবতীয় বিষয়াদি সুচারুরূপে সমাধা করে দেওয়ায় ভন্তের এই মহান অবদান প্রতি রইল অসীম কৃতজ্ঞতা ও শতকোটি বন্দনা। পরিশেষে আমাকে বিন্দুমাত্রও সাহায্য-সহযোগিতাকারী সবাইকে জানাই মৈত্রীময় আশীর্বাদ, সাধুবাদ ও ধন্যবাদ। গ্রন্থটি পাঠকের অন্তরে সামান্যও যদি পুণ্যরেখা অঙ্কিত করে দিতে পারে, তাতেও আমি পাবো শান্তি এবং আমার প্রকাশনা হবে সার্থক—এহেন পুণ্যেতে আমার নিরুপদ্রবে নির্বাণ লাভের হেতু উৎপন্ন হোক।

ইতি

শ্রীমৎ সমাধিনন্দ ভিক্ষু

ধর্মপুর আর্যবন বিহার, খাগড়াছড়ি

৮ মার্চ ২০১৬, ২৫৫৯ বুদ্ধবর্ষ, ১৪২২ বঙ্গাব্দ

Visit: http://www.buddhistdownload.com

অভিমত

অভিধর্মপিটকের বিশাল ও অত্যাবশ্যকীয় সপ্তম খণ্ডই 'পট্‌ঠান'। ইহা মোট পাঁচ খণ্ডে বিভক্ত। পট্‌ঠান শব্দের অর্থ মূল কারণ, প্রকৃত কারণ, প্রধান কারণ, অপরিহার্য কারণ। 'নামরূপের' যাবতীয় ব্যাপারের পরস্পর সম্পর্ক বা কারণ নির্ণয়ই এর প্রতিপাদ্য বিষয়। নাম-রূপের উৎপত্তি ও বিলয় সম্পর্কে প্রতীত্যসমুৎপাদে দ্বাদশ নিদানাকারে সজ্জিত ও ব্যাখ্যাত আর পট্‌ঠানে তাই ২৪ প্রকার প্রত্যায়াকারে অতীব বিশদরূপে প্রমাণিত ও প্রদর্শিত। এই হিসেবে পট্‌ঠান প্রতীত্যসমুৎপাদেরই বিশদতম ও পূর্ণাঙ্গ ব্যাখ্যা। সংখ্যাশাস্ত্রের দশটি সংখ্যার ন্যায় পট্‌ঠানের জড়াজড়ের যাবতীয় ঘটনাকে এই ২৪টি প্রত্যয়ের মাধ্যমে প্রকাশ হয়েছে। এই প্রত্যয়গুলোর বিষয়বস্তু অত্যন্ত সূক্ষ্ম, অত্যন্ত গভীর এবং অপরিমেয়। গণিতশাস্ত্রে যেমন সাহিত্যরসের সমাবেশ নেই, আছে শুধু কিছু সংখ্যা এবং কিছু সূত্র বা নিয়ম। ঠিক তেমনি গণিতশাস্ত্রের ন্যায় সমগ্র পট্‌ঠান গ্রন্থেও কোনো সাহিত্যরস নেই। আছে শুধু সংখ্যারূপী ২৪টি হেতু-প্রত্যয় ও এই হেতু-প্রত্যয়গুলোর উৎপত্তি-বিলয়ের নিয়ম বা সূত্র। এজন্য পট্‌ঠানের বিষয়বস্তু সকলের পক্ষে সহজভাবে বুঝা বা উপলব্ধি করা সম্ভব নয়। তারপরও বলতে হয়, পট্‌ঠানের প্রতিপাদ্য বিষয়বস্তু অনধিগম্য নয় দুরধিগম্য, অনবগাহ নয়, দুরবগাহ, অবোধ্য নয় দুর্বোধ্য।

নামরূপ (পঞ্চস্কন্ধের) বা মন ও জড়বস্তু—এই দুইয়ের পারস্পরিক সম্বন্ধের বিষয়টি অনাদিকাল ধরে সাধক, দার্শনিকদের ধরাছোঁয়ার বাইরে থেকে বিভ্রান্তিকর জটিল ধাঁধার সম্মুখীন করেছে। আড়াই হাজার বছর পূর্বে মহাকারুণিক তথাগত গৌতম বুদ্ধ নামরূপ (পঞ্চস্কন্ধ) বা নাম ও জড়বস্তুর এই জটিল ধাঁধার সমাধান করে ভবচক্র বা জন্মচক্র সমূলে ধ্বংস করে নির্বাণ লাভ করতে সক্ষম হয়েছেন। তথাগত বুদ্ধ নির্বাণ এবং প্রজ্ঞপ্তি ব্যতিরেকে জগতের সব কিছুকেই অনিত্য-দুঃখ-অনাত্মদৃষ্টিতে দেখেছেন। বিশ্বব্রহ্মাণ্ডের জড়-অজড় কোনো কিছুর মধ্যেই তিনি স্থায়ী বস্তুসত্তা খুঁজে পাননি। তাঁর মতে যা সত্য তা হচ্ছে এই নামরূপময় জগতের নিয়ত পরিবর্তনশীলতা; যাকে দর্শনের ভাষায় বলা হয়েছে 'বিপরিণামধর্মীতা'।

Visit: http://www.buddhistdownload.com

বুদ্ধধর্মের মূলতত্ত্ব চারি আর্যসত্য ও প্রতীত্য-সমুৎপাদনীতি—এই দুই মূল নীতির একটি প্রতীত্য-সমুৎপাদনীতির পূর্ণাঙ্গ ব্যাখ্যা-বিশ্লেষণ সম্বলিত ২৪ প্রকার হেতু-প্রত্যয়ের আকর গ্রন্থ হলো পট্‌ঠান। সমগ্র পট্‌ঠানের প্রথম হতে পঞ্চম—এই পাঁচটি খণ্ড পুরোটাই বাংলায় অনুবাদ করে বাংলা ভাষা-ভাষীদের পড়ার সুযোগ করে দেয়ার জন্য অনুবাদক আবুসো রাহুল ভিক্ষুকে সাধুবাদ জানাচ্ছি। এবং তার সুস্বাস্থ্য, নিরোগ, দীর্ঘায়ু ও প্রব্রজ্যা জীবনের উত্তরোত্তর উন্নতি ও শ্রীবৃদ্ধি কামনা করছি।

হিতকামী
বিধুর ভিক্ষু
১ ফেব্রুয়ারি ২০১৬
রাজবন বিহার, রাঙামাটি

Visit: http://www.buddhistdownload.com

ভূমিকা

অভিধর্ম ত্রিপিটকের অন্তর্গত তৃতীয় বৌদ্ধ মনস্তত্ত্ব-বিষয়ক অন্যতম পিটক। এই পিটক সাতভাগে বিভক্ত। যথা : ১. ধর্মসঙ্গনী, ২. বিভঙ্গ, ৩. ধাতুকথা, ৪. পুগ্গল-পঞ্ঞত্তি, ৫. কথাবত্থু, ৬. যমক ও ৭. পট্‌ঠান। অভিধর্ম সাধারণত অভি+ধর্ম এই দুই পদের সমন্বয়ে গঠিত। এখানে "অভি" শব্দের অর্থ "অধিক", অতিরিক্ত, গভীরকে বুঝানো হয়েছে। তাই অভিধর্ম মানে অধিক অতিরিক্ত বা গভীর ধর্মকেই নির্দেশ করে। গভীর ধর্ম মানে চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণকেই এখানে উপস্থাপন করা হয়েছে। সুত্তপিটক যা সাধারণ ভাব-ভাষায় বর্ণনা করা হয়েছে তা অভিধর্মপিটকে গভীরভাবে বর্ণনা করা হয়েছে। সুত্তপিটক সূত্রের সাধারণ বর্ণনা ব্যাখ্যা প্রদান করেছে যা সহজেই মানুষের বোধগম্য হয়। অপর দিকে অভিধর্মপিটক ধর্ম সম্পর্কে অতিরিক্ত বা গভীরভাবে বিশ্লেষণ-সহকারে ব্যাখ্যা প্রদান করেছে। গভীরভাবে বিশ্লেষণসহ ব্যাখ্যা প্রদান করা না হলে অভিধর্মকে সঠিকভাবে হৃদয়ঙ্গম করাটা সহজ নয়। তাই অনেক সময় অভিধর্মকে অতিরিক্ত ধর্ম হিসেবেও ব্যাখ্যা প্রদান করা হয়। সুত্তপিটক যেখানে সত্ত্ব, জীব, মনুষ্য, জন্ম, মৃত্যু, দেব, নর, তুমি, আমি শব্দগুলো ব্যবহৃত হয়েছে সেখানে অভিধর্মপিটকে ব্যবহারিক শব্দগুলো ব্যবহার না করে স্কন্ধ, আয়তন, ধাতু, ইন্দ্রিয়, চ্যুতি, প্রতিসন্ধি, সন্ততি, বল, বোধ্যঙ্গ, নির্বাণ ইত্যাদি ব্যবহার করে ধর্মের অতিরিক্ত বিষয়বস্তুকে পরমার্থ জীবনের দিকে ইঙ্গিত করেছেন।

সূত্রপিটকে পঞ্চাঙ্গ শীলসহ অষ্টাঙ্গ উপোসথ শীলের সাধারণত কুশল-অকুশল ভেদে বর্ণনা লক্ষ করা যায় কিন্তু অভিধর্মপিটকে তার বিশ্লেষণাত্মক ব্যাখ্যা প্রতিভাত হয় যা কার্যকারণ-নীতির মাধ্যমে গভীর ব্যাখ্যা প্রদান করা হয়েছে। এদিক থেকে বৌদ্ধ অভিধর্মের ব্যাখ্যাকে বিজ্ঞানভিত্তিক, মনস্তাত্ত্বিক ও নীতি-দর্শনের ভিত্তিতে ধর্মের গভীর বর্ণনার মাধ্যমে উপস্থাপন করা হয়েছে বলে প্রতীয়মান হয়।

আমরা বিভিন্ন আচার্যদের মাধ্যমে জানি অভিধর্মের মূল আলোচ্য বিষয় হলো ৪টি। যথা : চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণ। উল্লেখিত ৪টি বিষয় নিয়ে

Visit: http://www.buddhistdownload.com

অভিধর্মপিটক আলোচিত হয়েছে। তাই চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণ সম্পর্কে গভীরভাবে জ্ঞাত হতে পারলেই বৌদ্ধ দর্শন সম্পর্কে জ্ঞাত হওয়া সম্ভব। চিত্তের কাজ হলো চিন্তা করা বা চিন্তা করে বলেই চিত্ত। চিত্তের অনেক নাম, যেমন—মন, অন্তর, হৃদয় ও বিজ্ঞান। আলম্বন বিষয়ে চিন্তা করাই চিত্তের স্বভাব। সাধারণত চিত্তকে ভাস্বর হিসেবে আমরা লক্ষ করে থাকি। চৈতসিক বা চিত্তবৃত্তির সাথে এটা সংশ্লিষ্ট হয়। অভিধর্মানুসারে চিত্তবৃত্তির সংখ্যা বায়ান্ন। আবার বায়ান্ন প্রকার চৈতসিকই মনের সাথে যুক্ত হয়ে উননব্বই প্রকার চিত্ত উৎপত্তির কারণ সৃষ্টি করে। প্রত্যেক চিত্তে কত প্রকার চিত্তবৃত্তি একক বা সমষ্টিগতভাবে সৃষ্টি হয়। অভিধর্মপিটকে তা সুন্দরভাবে প্রদর্শন করা হয়েছে।

নির্বাণ তুলনাহীন এক উপলব্ধি যা অসংস্কৃত বা অপরিবর্তনীয় ধর্ম। ত্রিলোক সংস্কৃত বা পরিবর্তনশীল ধর্ম। সংস্কৃত ধর্ম মাত্রই ধ্বংসপ্রাপ্ত হয়। পার্থিব বস্তু মাত্রই ক্ষয়শীল। ক্ষয়শীল বলেই দুঃখদায়ক। নৈর্বাণিক আনন্দে স্থায়িত্ব বিদ্যমান। নির্বাণকে তাই অনুত্তর যোগক্ষেম বলা হয়েছে। নির্বাণ সুখ-দুঃখ-নিরপেক্ষ, অজর-অমর, ব্যাধিবর্জিত অনুত্তর যোগক্ষেম। অভিধর্মপিটকে এর যথার্থ বিশ্লেষণাত্মক ব্যাখ্যা প্রদান করা হয়েছে যা অন্য দুই পিটকে লক্ষ করা যায় না।

১. ধর্মসঙ্গণীর বিষয়বস্তু হলো : কুশল, অকুশল ও অব্যাকৃত ধর্মসমূহকে বিশেষভাবে ব্যাখ্যা প্রদান।

২. বিভঙ্গকে ৩ ভাগে ব্যাখ্যা করা হয়েছে। সুত্ত ভাজনীয়া, অভিধর্ম ভাজনীয়া এবং পঞ্‌ঞ-পুচ্ছক। একে ধর্মসঙ্গণীর পরিপূরক এবং ধাতুকথার ভিত্তিমূল বলা হয়।

৩. ধাতুকথার আলোচ্য বিষয় হলো : পঞ্চস্কন্ধ, দ্বাদশ আয়তন, আঠার প্রকার ধাতু, চারি ধ্যান, পঞ্চবল, সপ্ত বোধ্যাঙ্গ ও অষ্টাঙ্গিক মার্গ ইত্যাদি।

৪. পুগ্গল-পঞ্‌ঞত্তি : পুগ্গল অর্থ ব্যক্তি, সত্ত্ব আর পঞ্‌ঞত্তি মানে প্রজ্ঞাপন, জ্ঞাত করা, প্রকাশ করা। সুতরাং পুগ্গল-পঞ্‌ঞত্তি অর্থ হলো ব্যক্তি বা সত্ত্বকে প্রকাশিত করার গ্রন্থ।

৫. কথাবত্থু : বৌদ্ধ তর্কশাস্ত্র হিসেবে এটাকে ধরা হয়।

৬. যমক অর্থ জোড়া অর্থাৎ পক্ষ-প্রতিপক্ষ। ১০টি যমক বা জোড়া সম্পর্ক এ গ্রন্থে আলোচনা করা হয়েছে।

৭. পট্‌ঠান অভিধর্মগ্রন্থের শেষ বা সপ্তম গ্রন্থ। পট্‌ঠান মানে প্রধান বা প্রকৃত কারণ। নাম-রূপের যাবতীয় ব্যাপারে পরস্পর সম্পর্ক বা কারণ

Visit: http://www.buddhistdownload.com

নির্ণয়ই এর মূল প্রতিপাদ্য বিষয়। পট্‌ঠানকে প্রতীত্য-সমুদপাদনীতি বা জন্ম-মৃত্যুর রহস্য সম্পর্কীয় বিশেষ বিশ্লেষণ বা পূর্ণাঙ্গ ব্যাখ্যা বলা যায়। সুত্তপিটকের অন্তর্গত প্রতীত্য-সমুদপাদনীতি যা দ্বাদশ প্রকার ভূমিকা বা নিদানাকারে বর্ণনা করা হয়েছে, তাই অভিধর্মপিটকের পট্‌ঠান গ্রন্থে চব্বিশ প্রকার প্রত্যয়রূপে বিভাগ করে বিশদভাবে বিশ্লেষণের মাধ্যমে বর্ণনা করা হয়েছে। নাম-রূপের অনিত্যতা ও অনাত্মতাই অভিধর্মের মূল প্রতিপাদ্য বিষয়। পট্‌ঠান প্রকরণে এর যথার্থ ও চূড়ান্ত বিশ্লেষণ যথাযথভাবে ব্যাখ্যা করা হয়েছে। সপ্ত প্রকরণ অভিধর্মের মধ্যে পট্‌ঠান-প্রকরণে বর্ণিত চব্বিশ প্রকার প্রত্যয় সম্পর্কিত চিন্তা ও আলোচনায় বুদ্ধ যখন রত হন, তখনই বুদ্ধের দেহ হতে নীল, পীত, লোহিত, শ্বেত, মঞ্জিষ্ঠা ও প্রভাস্বর এই ষড়রশ্মি নির্গত হয়।

পট্‌ঠান গ্রন্থের আলোচ্য বিষয় চব্বিশ প্রত্যয় বা কারণ। প্রতীত্য-সমুদপাদনীতির প্রথমেই বলা হয়েছে, অবিদ্যা প্রত্যয় বা কারণ হতে সংস্কারের উৎপত্তি হয়। যার সহায়তার কোনো কার্য সম্পন্ন হয়, বা ঘটনা সংঘটিত হয় তাই ওই কার্যের ওই ঘটনার প্রত্যয় বা কারণ। সাধারণভাবে বলা যেতে পারে প্রত্যয় ব্যতীত কোনো কার্য সম্পন্ন হয় না। এমন কোনো প্রত্যয় নেই, যা চিত্ত-চৈতসিকের আলম্বন হয় না এবং স্ব স্ব প্রত্যয় উপনিশ্রয় হয় না। নাম-রূপের উৎপত্তি কর্ম-হেতুর উপর নির্ভর করে; কর্ম অতিক্রম করে লোকোৎপত্তি অসম্ভব। এগুলো যেমন লোকসম্মতি অনুসারে, তেমনি পরমার্থ সত্যানুসারেও বিদ্যমান অর্থাৎ আছে এ অর্থে অস্তি-প্রত্যয়। তাই ২৪ প্রকার প্রত্যয়কে তাদের স্বভাবানুসারে বিচার করে আলম্বন, উপনিশ্রয়, কর্ম ও অস্তি এ চারটি প্রত্যয় সমষ্টিভূত করা হয়। নিম্নে ৪ প্রকার প্রত্যয়ের সংক্ষিপ্ত পরিচয় প্রদত্ত হলো :

১. আলম্বন-প্রত্যয় : এর অন্য নাম অবলম্বন, আরম্মণ, গোচর, বিষয় বা আয়তন। চিত্ত ও চৈতসিক এতে রমিত হয় বলে আরম্মণ, এটাকে ভোগ্যবস্তুরূপে গ্রহণ করে বলে বিষয়, এর মধ্যে বিচরণ করে বলে গোচর এবং চিত্ত-চৈতসিকের আবাস মূল বলে আয়তন নামেও পরিচিত হয়। আলম্বন বা অবলম্বনই চিত্ত-চৈতসিকের ক্রীড়াভূমি। জরা-জীর্ণ, রুগ্ন ব্যক্তি যেমন যষ্টির উপর ভিত্তি করে উত্থিত হয়, সেরূপ চিত্ত-চৈতসিক ও রূপ, রস, শব্দ, গন্ধ প্রভৃতির অবলম্বন উৎপন্ন হয়। যার আশ্রয়ে চিত্ত-চৈতসিক উৎপন্ন হয়, তাই এর আলম্বন বা আরম্মণ। আলম্বন ব্যতীত চিত্ত-চৈতসিকের ক্রিয়া নিরুদ্ধ হয়ে যায়। চিত্ত-চৈতসিকের পারস্পরিক সম্বন্ধ নির্ণয়কেই পট্‌ঠানে

Visit: http://www.buddhistdownload.com

আলম্বন প্রত্যয় বলে পরিচয় দেয়া হয়েছে।

অন্তর্জগতের ও বহির্জগতের রহস্য উদ্ঘাটনই দর্শনের মূল প্রতিপাদ্য বিষয়। অবলম্বন গ্রহণের মাধ্যমেই অন্তর্জগতের সাথে বহির্জগতের সম্পর্ক স্থাপিত হয়। কিন্তু চিত্ত-চৈতসিক হলো আমাদের অন্তর্জগৎ এবং আলম্বন হলো বহির্জগৎ। বুদ্ধ এই দুই জগৎকে স্বীকার করেছেন তাঁর ধর্ম শিক্ষায়। তিনি সব সময় আলম্বন বা বহির্জগৎ সম্পর্কে সম্যক দৃষ্টিসম্পন্ন হবার জন্য তাঁর শিষ্যদের উপদেশ দিয়েছেন। আলম্বন ৬ প্রকার; যেমন : রূপালম্বন, শব্দালম্বন, গন্ধালম্বন, রসালম্বন, স্পর্শ আলম্বন ও ধর্ম আলম্বন। এভাবে আমাদের চোখে যা কিছু দর্শন করি সবকিছুই রূপ আলম্বন, শব্দসমূহ শব্দ আলম্বন, গন্ধসমূহ গন্ধ আলম্বন, রসসমূহ রস আলম্বন, পদার্থসমূহের কঠিন্য, কোমলতা, উত্তাপ, উত্তাপহীনতা, স্নেহত্ব ও গতিশীলতা স্পর্শ আলম্বনের অন্তর্গত। ধর্ম আলম্বন ৬ প্রকার; যেমন : প্রসাদরূপ, সূক্ষ্মরূপ, চিত্ত, চৈতসিক, নির্বাণ ও প্রজ্ঞপ্তি।

২. উপনিশ্রয় প্রত্যয় : আশ্রয় বা নিশ্রয় প্রায় সমার্থক। যেমন, ভূমিতে ধান উৎপন্ন হয়। ভূমি এখানে নিশ্রয়। তদ্রূপ চক্ষু-বস্তু চক্ষু-বিজ্ঞানের নিশ্রয় বা আশ্রয়। চিত্ত- চৈতসিক পরস্পরের সাহায্যে উৎপন্ন হয় বলে এরা সহজাত-নিশ্রয়। নিশ্রয়-প্রত্যয় তাঁর মাধ্যমে উৎপন্ন বস্তুকে উৎপত্তিক্ষণ হতে সহযোগিতা করে। শক্তিমান নিশ্রয়কে উপনিশ্রয় প্রত্যয় বলে। নিশ্রয় শব্দের সাথে 'উপ' উপসর্গের সহযোগে বলবান কারণ বা প্রধান কারণ বলবান নিশ্রয়ের অর্থ প্রকাশ করে। উপনিশ্রয় প্রত্যয় ৩ প্রকার; যথা : ক) আলম্বন উপনিশ্রয়, খ) অনন্তর উপনিশ্রয় ও গ) প্রকৃতি উপনিশ্রয়।

ক) আলম্বন উপনিশ্রয় : আলম্বন অধিপতি ও সহজাত অধিপতি হিসেবে একে দুভাগে ভাগ করা যায়। অবলম্বন যখন অতীব প্রিয়, মনোজ্ঞ বা লোভজনক হয়, তখন উহা আলম্বন অধিপতি হিসেবে পরিচিতি লাভ করে। ছন্দ, বীর্য, চিত্ত, মীমাংসা ও প্রজ্ঞাই সহজাত অধিপতি। দান, শীল ও ভাবনাদি সম্পাদনের পর শ্রদ্ধার সাথে ওইসব কর্ম প্রত্যবেক্ষণ করা হয়। এসব প্রত্যবেক্ষণের চিত্তে গৌবরময় আলম্বন সৃষ্টি হয় তাকেই আলম্বন উপনিশ্রয় বলা হয়।

খ) অনন্তর উপনিশ্রয় : তা অনন্তর প্রত্যয়ের অনুরূপ। কোনো এক চিত্ত নিরুদ্ধ হয়ে গেলে অবিচ্ছেদ্যভাবে অন্য এক চিত্ত উৎপন্ন হয়। এখানে পূর্ববর্তী চিত্তটি অনন্তর চিত্ত প্রত্যয়-ধর্ম আর পরবর্তীকালে উৎপন্ন চিত্তটি প্রত্যয়-উৎপন্ন-ধর্ম। ভবাঙ্গ চিত্তের সাথে আবর্তন চিত্তের সাথে আবর্তন

Visit: http://www.buddhistdownload.com

চিত্তের অনন্তর-প্রত্যয় সৃষ্টি হয়। আবর্তনের সাথে দ্বিপঞ্চ-বিজ্ঞানের অনন্তর প্রত্যয় হয়। দ্বিপঞ্চ-বিজ্ঞানের সাথে সম্প্রতীচ্ছের, তৎপর সন্তীরণাদির, ক্রমে তদালম্বনের সাথে ভবাঙ্গের অনন্তর-প্রত্যয়। সেভাবে আসন্ন-চিত্তের সাথে চ্যুতিচিত্তের, চ্যুতিচিত্তের সাথে প্রতিসন্ধি-চিত্তের, প্রতিসন্ধি-চিত্তের সাথে ভবাঙ্গের এবং ভবাঙ্গের সাথে ভব-নিকান্তি নামক লোভ-জবন চিত্তের অনন্তর-প্রত্যয় সৃষ্টি হয়। এভাবে জীবের অনন্তকাল হতে অনুপাদিশেষ নির্বাণ উপলব্ধি না হওয়া পর্যন্ত চিত্তপরম্পরা উৎপত্তি-বিলয়ের মধ্য দিয়ে পরিবর্তিত হয়ে অবিচ্ছিন্নভাবে বহমান হয়ে আসছে। চিত্তের ক্রমোন্নতি যখন অর্হতের চিত্তে পরিণতি লাভ করে তখন চেতনা ও কর্মক্লেশ সম্পূর্ণরূপে নিরুদ্ধ হয়ে যায়; পুনঃ উৎপত্তির কারণ ধ্বংস হয়। অর্হতের চ্যুতির সাথে সাথে চিত্তপ্রবাহ বন্ধ হয়ে যায়। অনন্তর-প্রত্যয় উপলব্ধি করতে সক্ষম হলে শাশ্বত ও উচ্ছেদদৃষ্টি অন্তর্হিত হয়। তিনি অনন্ত জ্ঞানের আধাররূপে প্রতীয়মান হন এবং দুঃখসত্যকে সঠিকভাবে অধিগত করেন।

গ) প্রকৃতি উপনিশ্রয় : ভূত-ভবিষ্যৎ-বর্তমানের, নিজের ও পরের ৮৯ চিত্ত, ৫২ প্রকার চৈতসিক, ২৮ প্রকার রূপ, নির্বাণ, প্রজ্ঞপ্তি এ সমস্তই প্রকৃতি উপনিশ্রয় ধর্ম। এগুলো পৃথক পৃথকভাবে অবস্থানুসারে বর্তমনকালীন সর্ববিধ চিত্ত-চৈতসিকের প্রত্যয় হয়।

৩. কর্ম-প্রত্যয় : চিত্তের চেতনাই কর্ম। বুদ্ধ বলেছেন, 'চেতনাহং ভিক্‌খবে কম্মং বদামি' অর্থাৎ 'হে ভিক্ষুগণ, আমি চেতনাকেই কর্ম বলি'। যা চিন্তা করায় তা চেতনা। চিত্ত প্রয়োগ বা চেতনা দ্বারা সাহায্য করাই কর্ম-প্রত্যয়। চেতনা দুই প্রকার; যথা : সহজাত-চেতনা ও নানাক্ষণিক-চেতনা। যে চেতনা চৈতসিকগুলোকে নিজের অঙ্গীভূত করে কর্মসিদ্ধির জন্য প্ররোচিত করে, তাই সহজাত-চেতনা। এ সহজাত-চেতনা লোভাদি কারণ সংযোগে কর্মে পরিণত হয় এবং সংস্কাররূপে চিত্ত-সন্ততিতে প্রচ্ছন্ন অবস্থায় থাকে। সুযোগ পেলে এটা কায় ও বাককর্মে প্রকাশিত হয়। যখন এ সহজাত-চেতনা কুশলাকুশলে পরিবর্তিত হয়, তখন এটাকে নানাক্ষণিক চেতনা বলা হয়। কর্ম-সম্পাদন-কাল ও ফলোৎপত্তি-কাল বিভিন্ন বলে এটাকে নানাক্ষণিক কর্ম বলা হয়। নানাক্ষণিক কর্ম-প্রত্যয়ের শক্তি অপরিসীম। চেতনা থেমে গেলেও এর শক্তি চিত্তপ্রবাহে স্বভাব বা সংস্কারের আকারে প্রচ্ছন্ন থাকে। যখন যেটা সুযোগ পায়, তখন সেটা চ্যুতিচিত্তের পর ব্যক্তিবিশেষরূপে পরবর্তী ভবে জন্মগ্রহণ করে। এটা নির্বাণ উপলব্ধি না হওয়া অবধি চিত্ত-সন্ততিতে সপ্ত অবস্থায় বিদ্যমান থাকে। যখন সুযোগ পায় তখনই ফল প্রদান করে।

Visit: http://www.buddhistdownload.com

৪. অস্তি-প্রত্যয় : কোনো প্রত্যয়-ধর্ম সহজাত হয়ে বিদ্যমান থাকুক বা পূর্বজাত হয়ে বিদ্যমান থাকুক, তার অস্তি বা বিদ্যমানতার কারণেই প্রত্যয় উৎপন্ন ধর্ম উৎপত্তি-স্থিতি-ভঙ্গক্ষণে পরিপোষিত হয়—এই অর্থে অস্তি-প্রত্যয় বুঝায়। এটা কিন্তু পরিপোষণ গুণবিশিষ্ট। এটা জনক গুণবিশিষ্ট নহে এবং নিশ্রয়াকারেও প্রত্যয় হয় না, অস্তি-ভাবেই প্রত্যয় হয়। সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, রূপ-জীবিত-ইন্দ্রিয় ও কবলীকৃত আহার প্রত্যয়াদির মধ্যে যে অস্তিভাব তা-ই অস্তি-প্রত্যয়। অস্তি-প্রত্যয় দুই প্রকার; সন্ততি ও অন্যোন্য অস্তি-প্রত্যয়। মহাভূতের সাথে মহাভূত উৎপন্নে যে অস্তিভাব তাকে সন্ততি অস্তি-প্রত্যয় এবং মহাভূতে মহাভূতে যে অন্যোন্য ভাব বর্তমান তা-ই অন্যোন্য অস্তি-প্রত্যয়।

উপরোক্ত আলোচনা হতে এটাই প্রতীয়মান হয়ে যে, প্রত্যেক প্রত্যয় নিজ নিজ প্রত্যয় উৎপন্ন ধর্মের উপনিশ্রয় এবং চিত্ত-চৈতসিকের অবস্থান হয়। কর্মহেতু ব্যতীত নাম-রূপ বা লোকোৎপত্তি সম্ভব নয়। কর্মই লোকোৎপত্তির কারণ। এ বিষয়ে লৌকিক ও পারমার্থিক সত্যের মধ্যে কোনো পার্থক্য নেই। এ কারণে পট্‌ঠানে ব্যবহৃত ২৪ প্রকার প্রত্যয়কে আলম্বন, উপনিশ্রয়, কর্ম ও অস্তি প্রভৃতি চার প্রকার প্রত্যয়ের সমষ্টিভূত করা অযৌক্তিক হয়নি।

সময়ের বিচারে অনন্তর, সমনন্তর, আসেবন, নাস্তি ও অবিগত প্রত্যয়সমূহ অতীতকালীন। আলম্বন, অধিপতি ও উপনিশ্রয় এই তিনটি প্রত্যয় ত্রৈকালিক ও কালবিমুক্ত। নানাক্ষণিক প্রত্যয় অতীতকালীয় এবং সহজাত কর্ম-প্রত্যয় বর্তমানকালীয়।

এভাবে সমস্ত মহাপট্‌ঠানে ২৪ প্রকার প্রত্যয়ের পুঙ্খানুপুঙ্খরূপে বিশ্লেষণ দেখা যায়। সুত্ত, বিনয় ও অভিধর্মপিটকের অন্য কোনো গ্রন্থে প্রত্যয়সমূহের এরূপ বিবিধ প্রকারে বিশ্লেষণ করা হয় নাই।

ত্রিপিটকের এই পট্‌ঠান খণ্ড অত্যন্ত কঠিন। এখনো পুরো পট্‌ঠান ইংরেজিতেও অনুবাদ হয়নি। আমরা অত্যন্ত সৌভাগ্যবান এ কারণে যে, পট্‌ঠানের পুরো খণ্ডগুলো আস্তে আস্তে বাংলা অনুবাদের মুখ দেখছে। ভিক্ষু রাহুলের সাথে আমার ব্যক্তিগত পরিচয় না থাকলেও আমার একান্ত আপনজন ত্রিপিটকের নানা গ্রন্থের সুঅনুবাদক ভিক্ষু করুণাবংশের অনুরোধে ভূমিকা লিখতে হাত দিয়েছি। সময়ের অভাবে ও বিভিন্ন কাজের জটিলতার কারণে লিখাটা দিতে অনেক দেরি হয়ে গেলো। তাই আমি দুজনের কাছেই ক্ষমাপ্রার্থী। অনুবাদকর্ম কঠিন হলেও বিচক্ষণ ভিক্ষু রাহুল অতি ধৈর্য ধারণ

Visit: http://www.buddhistdownload.com

করে তাঁর উপলব্ধিজাত অভিজ্ঞতা ও বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতে কঠিন এই গ্রন্থের অনুবাদকর্ম সম্পাদন করলেন। যতটুকু দেখলাম অনুবাদকর্মটি সুন্দর হয়েছে এবং সহজ বোধগম্য হয়েছে। তাঁর সহজ-সরল অনুবাদের জন্য সাধুবাদ জানাই এবং তাঁর হাত দিয়ে অবশিষ্ট বইগুলোও অনুবাদ হবে এই প্রত্যাশায় রইলাম। অনুবাদকর্মটি বুঝার সুবিধার্থে আমি কিছু বিষয় আলোচনা করেছি মাত্র কিন্তু বইটি বুঝতে হলে অনেক ধৈর্য ও প্রজ্ঞাশক্তির প্রয়োজন হবে বললে অতিরিক্ত বলা হবে না। সাধারণ পাঠক-পাঠিকা বুঝার মতো করে অনুবাদ করলেও অভিধর্ম সম্পর্কে এবং ধ্যানজাত প্রজ্ঞা না থাকলে বইটিতে রস পাওয়াটা কষ্টকর হবে বলে আমার মনে হয়। তার পরেও অনুবাদককে আমার আশীর্বাদ জানিয়ে বইটির বহুল প্রচার কামনা করি।

ড. জ্ঞান রত্ন মহাথেরো
প্রাক্তন চেয়ারম্যান, প্রাচ্যভাষা বিভাগ
সহযোগী অধ্যাপক, পালি বিভাগ
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
২৭ জানুয়ারি ২০১৬

Visit: http://www.buddhistdownload.com

অ ব ত র ণি কা

বৌদ্ধধর্ম বিজ্ঞানের বিজ্ঞান, দর্শনের দর্শন, জ্ঞানের জ্ঞান। বৌদ্ধধর্মে অন্ধবিশ্বাসের কোনো স্থান নেই। বৌদ্ধধর্মকে আধুনিক জ্ঞান দিয়ে অধ্যয়ন ও গবেষণা করলে তার অন্তর্নিহিত জ্ঞানভাণ্ডারের সন্ধান পেতে পারবেন। যে জ্ঞানভাণ্ডার পশ্চিমা বিজ্ঞানী ও পণ্ডিতরা যদি গবেষণাক্রমে বিজ্ঞানসম্মতভাবে আজকের এই কম্পিউটার যুগে জ্ঞানপূজারী এ মানব সভ্যতার সম্মুখে তুলে ধরতে পারতেন, তাহলে এ জগদ্‌বাসী মনুষ্যগণ যেমন বৌদ্ধধর্মকে মুক্তির একমাত্র জীবন বিধান বলে গ্রহণ করবে; তেমনি বুদ্ধের অভিধর্মের সূক্ষ্ম গভীর তত্ত্বসমূহকে ভিত্তি করে এ বিজ্ঞান আরও কয়েকশত বৎসর অগ্রগামী হতে পারবে। চিরাচরিত বিশ্বাস ও ঐতিহ্যের দেয়ালকে ভেঙে দিয়ে বিজ্ঞান যতোই অগ্রগামী হচ্ছে ততোই বুদ্ধের প্রায় ৩ হাজার বছর পূর্বেকার শিক্ষার কাছাকাছি চলে আসতে সক্ষম হচ্ছে। গবেষক বিজ্ঞানীরা আশ্চর্যের সাথে লক্ষ করছেন যে তাদের নিকট যতো বড়ো আশ্চর্যের আবিষ্কার বলে মনে হচ্ছে; তা ভগবান বুদ্ধের অনুসারীদের নিকট গ্যালিলিও, আর্কিমিডিস বা নিউটনের সূত্রগুলোর মতো এখন অতি পরিচিত সহজ ও পুরোনো তত্ত্ব ব্যতীত আর কিছুই নয়।

ভগবান বুদ্ধের শিক্ষাসমূহ এতো অগ্রগামী ছিল যে ওই সময় সাধারণ মানুষেরা তাকে একটি সূত্র ব্যতীত আর কিছু বুঝতে বা ভাবতে শিখেনি। যেমন গৌতম বুদ্ধ এই মেটা গ্যালাক্সিকে অনন্ত চক্রবাল বলে অভিহিত করেছেন; এই চক্রবাল থেকে শুরু করে আমাদের শরীরের ক্ষুদ্রতম কোষ বা সেলগুলোকে সর্বদা উদয়-ব্যয় এর গতিমান স্রোত প্রবাহ বলে উল্লেখ করেছেন। বিজ্ঞানীরা তা সত্য বলে এখন স্বীকার করেছেন। এই পৃথিবী, গ্রহ, নক্ষত্র, এমনকি মানুষের কোষকণাও গোলাকার হয় তা ভগবান বুদ্ধই প্রথম বলেছেন। আমাদের শরীরের পৃথিবী, তেজ, জল, বায়ু এই চারটি মহাধাতুর সমন্বয়ে হলো পদার্থ বা রূপ, বাকি তিনটি তেজ, জল, বায়ু রূপ হলেও এনার্জি বা শক্তি। রূপ থেকে শক্তিতে রূপান্তরিত হওয়ার কথা বৌদ্ধধর্মেই প্রথম বলা হয়েছে। অভিধর্মেই তার ব্যাপক ব্যাখ্যা রয়েছে। কিন্তু আমরা বৌদ্ধরা অভিধর্ম জানি বা পড়ি কয়জনে? তাই বুদ্ধের ধর্মকে আমরা সাধারণ বৌদ্ধরা সমুদ্রের পানির উপরিভাগ দর্শনের মতো দর্শন ও উপলব্ধি করি মাত্র। গভীরে গিয়ে অনুসন্ধান গবেষণা করা প্রয়োজন। এভাবে গভীরে গিয়ে অনুসন্ধান, গবেষণা ব্যতীত বুদ্ধধর্মকে সঠিকরূপে দেখতে, বুঝতে ও উপলব্ধি করতে কেউই পারবে না।

Visit: http://www.buddhistdownload.com

বৌদ্ধদর্শনের গুরুত্বপূর্ণ বিষয় হলো মনোবিজ্ঞান। এই মনোবিজ্ঞান বা মনোজগতের ক্রিয়াশীল বৃত্তিসমূহের বিস্তারিত আলোচনায় ভরপুর অভিধর্মপিটক। ধর্ম ও অভিধর্মের মধ্যে খুব বেশি পার্থক্য নেই। 'ধর্ম' শব্দের যেই অর্থ 'অভিধর্ম' শব্দেরও সেই অর্থ। শুধুমাত্র 'ধর্ম' শব্দের সাথে 'অভি' উপসর্গ যোগ করে 'অভিধর্ম' পদ গঠিত হয়েছে। 'অভি', 'অতি', 'অধি' প্রভৃতি সমার্থক উপসর্গ। এর অর্থ অধিক, বেশি, অতিরিক্ত, বিশিষ্ট অথবা অধিকতর। সুতরাং 'অভিধর্ম' শব্দের অর্থ 'বিশিষ্ট ধর্ম', 'অতিরিক্ত ধর্ম', বা 'অধিকতর ধর্ম'। অর্থকথাচার্য বুদ্ধঘোষ তাঁর অত্থসালিনী নামক অভিধর্ম অর্থকথা গ্রন্থে 'অভিধর্ম' শব্দের অর্থ বিশ্লেষণ করে বলেছেন : 'ধম্মাতিরেক ধম্মবিসেসট্‌ঠেন অভিধম্মোতি বুচ্চতি' অর্থাৎ সূত্রাতিরিক্ত ধর্মই অভিধর্ম।

অভিধর্মের মূল প্রতিপাদ্য বিষয় হিসেবে স্থান পেয়েছে চারটি। যথা : চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণ। রূপ ব্যতীত চিত্ত, চৈতসিক ও নির্বাণ হচ্ছে মানস প্রকৃতি বা মনসম্পর্কিত। আবার রূপের স্বভাব বা প্রকৃতি উপলব্দির জন্যও মনের প্রয়োজন। অভিধর্মের পরিধি হচ্ছে দেহ-মনের সূক্ষাতিসূক্ষ্ম বিশ্লেষণ, পর্যবেক্ষণ, পরিক্ষণ এবং বাহ্যিক বিষয়বস্তুর সাথে নিজের দেহ-মনের তুলনামূলক বিশ্লেষণ। এটা সম্পূর্ণ মনস্তাত্ত্বিক ব্যাপার। এটার আলোচনার গবেষণা অত্যন্ত সূক্ষ্ম, জটিল এবং অফুরন্ত ব্যাপার। অভিধর্মচর্চা এবং আধ্যাত্মিক ধ্যান-সাধনা ব্যতীত তথাগত বুদ্ধের ধর্ম বুঝা কঠিন। অভিধর্মের আলোচ্য চারটি বিষয়কে সংক্ষেপে দুইটি বিষয়ে রূপান্তরিত করা যায়; যথা : রূপ ও অরূপ। চিত্ত, চৈতসিক ও নির্বাণ অরূপের পর্যায়ভূক্ত আর রূপ রূপের পর্যায়ভুক্ত। একে আবার নাম-রূপও বলা হয়। তন্মধ্যে চিত্ত, চৈতসিক ও রূপ প্রত্যায়াধীন কিন্তু নির্বাণ প্রত্যয়াধীন নহে। এই পট্‌ঠান পাঁচ খণ্ডবিশিষ্ট হলেও এর আলোচনা কিন্তু ঘুরেফিরে চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণকেই সূক্ষ্ম থেকে সূক্ষ্মতরভাবে উপস্থাপন করা হয়েছে।

ধর্মসঙ্গণী, ধাতুকথা, পুদ্‌গল পঞ্ঞত্তি, কথাবত্থু, যমক ও পট্‌ঠান—অভিধর্মপিটকে বৌদ্ধ দর্শনের এই সাতটি গ্রন্থের মধ্যে পট্‌ঠানের স্থান সর্বশেষ। বিগত ষষ্ঠ মহাসঙ্গীতিতে সঙ্গীতিকারক ভুবনবিখ্যাত পণ্ডিত ভিক্ষুগণ পট্‌ঠানকে পঞ্চ গ্রন্থাকারে বিভাগ করেছেন। এই পট্‌ঠান গ্রন্থে রয়েছে ২৪টি প্রত্যয়ের আলোচনা। সেই প্রত্যয়সমূহ হচ্ছে : (১) হেতু-প্রত্যয়, (২) আলম্বন-প্রত্যয়, (৩) অধিপতি-প্রত্যয়, (৪) অনন্তর-প্রত্যয়, (৫) সমনন্তর-প্রত্যয়, (৬) সহজাত-প্রত্যয়, (৭) অন্যোন্য-প্রত্যয়, (৮) নিশ্রয়-প্রত্যয়, (৯) উপনিশ্রয়-প্রত্যয়, (১০) পূর্বজাত-প্রত্যয়, (১১) পশ্চাজ্জাত-প্রত্যয়, (১২) আসেবন-প্রত্যয়, (১৩) কর্ম-প্রত্যয়, (১৪) বিপাক-প্রত্যয়, (১৫) আহার-প্রত্যয়, (১৬)

Visit: http://www.buddhistdownload.com

ইন্দ্রিয়-প্রত্যয়, (১৭) ধ্যান-প্রত্যয়, (১৮) মার্গ-প্রত্যয়, (১৯) সম্প্রযুক্ত-প্রত্যয়, (২০) বিপ্রযুক্ত-প্রত্যয়, (২১) অস্তি-প্রত্যয়, (২২) নাস্তি-প্রত্যয়, (২৩) বিগত-প্রত্যয় ও (২৪) অবিগত-প্রত্যয়।

'পট্‌ঠান' শব্দের অর্থ 'প্রধান কারণ,' 'মূল কারণ' বা 'প্রকৃত কারণ'। পালি অভিধর্মপিটকে এটি সবচেয়ে বৃহৎ গ্রন্থ। তাই একে মহাপ্রকরণও বলা হয়। বৌদ্ধধর্মে কার্যকারণ-নীতি (laws of causation) নির্ণয়ের ২টি রীতি। একটি 'প্রতীত্যসমুৎপাদ-রীতি,' অপরটি 'পট্‌ঠান-রীতি'। পট্‌ঠানকে প্রতীত্যসমুৎপাদেরই বিশ্লেষণধর্মী বিশদ ব্যাখ্যা বলা যেতে পারে। পট্‌ঠান প্রকরণে ২৪ প্রকার প্রত্যয়কে বিভিন্নভাবে বিশ্লেষণ করে কারণ ও কার্যের মধ্যে বিভিন্ন প্রকার সম্পর্ক প্রদর্শনপূর্বক প্রতীত্যসমুৎপাদ পদ্ধতিকে প্রতিষ্ঠিত করা হয়েছে। প্রতীত্যসমুৎপাদের ১২টি নিদান (factor) পট্‌ঠানে ২৪টি প্রত্যয়াকারে অতিসরলভাবে বর্ণিত হয়েছে। পট্‌ঠানে প্রথমে ২৪ প্রকার প্রত্যয়ের তালিকা দেওয়া হয়েছে যাকে বলা হয় 'প্রত্যয়-উদ্দেশ'। এরপর 'প্রত্যয়-নির্দেশে' প্রত্যয়গুলোর সংজ্ঞা প্রদত্ত হয়েছে। শেষে ত্রিক (ত্রিবিধ নীতিবাচক) পট্‌ঠানের বিশেষ বিশেষ ক্ষেত্রে প্রত্যয়গুলোর প্রয়োগ দেখানো হয়েছে। পট্‌ঠানের বিষয়বস্তু অতি দুর্জ্ঞেয়, দুরধিগম্য। কারণ ২৪টি প্রত্যয়ের মধ্যে কোন কোনটি প্রত্যয় কোন কোন ধর্মের উৎপত্তিতে সহায় সেটা সাধারণের উপলব্ধির বাইরে। এটা একমাত্র সর্বজ্ঞ তথাগত বুদ্ধেরই উপলব্ধির বিষয়। অর্থসালিনীতে উক্ত আছে, প্রথম ছয়টি অভিধর্ম গ্রন্থ দেশনাকালে বুদ্ধের শরীর থেকে কোনো জ্যোতি বা রশ্মি নির্গত হয়নি; কিন্তু পট্‌ঠান দেশনাকালে তাঁর শরীর থেকে ষড়বর্ণের দিব্যরশ্মি চতুর্দিকে বিচ্ছুরিত হয়েছিল। এতে পট্‌ঠান গ্রন্থের মাহাত্ম্য বোঝা যায়।

'পট্‌ঠানে' সমস্ত পরমার্থসত্যসমূহকে চারটি প্রণালিতে ব্যাখ্যা করা হয়েছে; যেমন : (১) অনুলোম-নয় (প্রণালি বা ধারা), (২) প্রতিলোম-নয়, (৩) অনুলোম-প্রতিলোম-নয়, (৪) প্রতিলোম-অনুলোম-নয়। উক্ত চারটি নয় হচ্ছে পট্‌ঠানের চারটি প্রধান বিভাগ। প্রত্যেকটি নয়কে আবার ছয় প্রকার অনুবিভাগে ভাগ করা হয়েছে; যেমন : (১) ত্রিক (ত্রিবিধ নীতিবাচক), (২) দ্বিক (যুগ্ম বা জোড়া), (৩) দ্বিক-ত্রিক সমন্বয়, (৪) ত্রিক-দ্বিক সমন্বয়, (৫) ত্রিক-ত্রিক সমন্বয়, (৬) দ্বিক-দ্বিক সমন্বয়। এভাবে দেখা যায় পট্‌ঠানের ২৪টি (৪×৬) বিভাগ রয়েছে।

প্রত্যেকটি ত্রিক, দ্বিক এবং এদের সমন্বয়কে আবার ৭টি বার বা অধ্যায়ে ভাগ করা হয়েছে, যেমন : (১) প্রতীত্য অধ্যায়, (২) সহজাত অধ্যায়, (৩) প্রত্যয় অধ্যায়, (৪) নিশ্রয় অধ্যায়, (৫) সংশ্লিষ্ট অধ্যায়, (৬) সম্প্রযুক্ত অধ্যায়,

Visit: http://www.buddhistdownload.com

(৭) প্রশ্ন অধ্যায়। উক্ত ৭টি অধ্যায়ের প্রত্যেকটিতে চারটি ভাগ রয়েছে; যেমন : (১) অনুলোম-প্রত্যয়, (২) প্রতিলোম-প্রত্যয়, (৩) অনুলোম-প্রতিলোম-প্রত্যয়, (৪) প্রতিলোম-অনুলোম-প্রত্যয়। আবার অনুলোম-প্রত্যয় বর্ণনায় এবং প্রতিলোম-প্রত্যয় বর্ণনায় বিভঙ্গ অধ্যায় ও গণনা অধ্যায় এই দ্বিবিধ অধ্যায়ের আলোচনা করা হয়েছে। 'পট্‌ঠান' এর সমস্ত অধ্যায়ের আলোচনা 'প্রতিলোম উদ্ধার বা সংগ্রহ' এর বর্ণনার মাধ্যমে শেষ করা হয়েছে।

বর্তমান গ্রন্থে শুধুমাত্র পরমার্থসত্যের মূল প্রশ্নগুলোই উল্লেখ করা হয়েছে। এর কোনো বিস্তারিত আলোচনা তেমন করা হয়নি। বিস্তারিত আলোচনাগুলো পূর্বের গ্রন্থ হতে পাঠ করতে হবে। এখানে সমগ্র পরমার্থসত্যের কোন ধর্মকে ভিত্তি করে কোন ধর্ম উৎপন্ন হয় শুধুমাত্র তা-ই আলোকপাত করা হয়েছে। পরমার্থসত্যগুলো হলো : ১. বিতর্কত্রিকে—সবিতর্ক-সবিচার, অবিতর্ক-বিচারমাত্র, অবিতর্ক-অবিচার; ২. প্রীতিত্রিক—প্রীতি-সহগত, সুখ-সহগত, উপেক্ষা-সহগত; ৩. দর্শনত্রিকে—দর্শনের দ্বারা পরিত্যাজ্য, ভাবনার দ্বারা পরিত্যাজ্য, দর্শনের দ্বারা অথবা ভাবনার দ্বারা পরিত্যাজ্য; ৪. দর্শনহেতুকত্রিকে—দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক, ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক, দর্শনের দ্বারা অথবা ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক; ৫. আচয়গামীত্রিকে—আচয়গামী, অপচয়গামী, না-আচয়গামী-না-অপচয়গামী; ৬. শৈক্ষ্যত্রিকে—শৈক্ষ্য, অশৈক্ষ্য, না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য; ৭. পরিত্তত্রিকে—পরিত্ত, মহদ্‌গত, অপ্রমাণ; ৮.পরিত্তালম্বনত্রিকে—পরিত্তালম্বন, মহদ্‌গতালম্বন, অপ্রমাণালম্বন; ৯. হীনত্রিকে—হীন, মধ্যম, প্রণীত; ১০. মিথ্যাদৃষ্টিতে নিয়তত্রিকে—মিথ্যাদৃষ্টি নিয়ত, সম্যক দৃষ্টি নিয়ত, অনিয়ত; ১১. মার্গালম্বনত্রিকে—মার্গালম্বন, মার্গাধিপতি, মার্গহেতুক; ১২. উৎপন্নত্রিকে—উৎপন্ন, অনুৎপন্ন, উৎপত্তিশীল; ১৩. অতীতত্রিকে—অতীত, ভবিষ্যৎ, বর্তমান; ১৪. অতীতালম্বনত্রিকে—অতীতালম্বন, অনাগতালম্বন, বর্তমানালম্বন; ১৫. আধ্যাত্মিকত্রিকে—আধ্যাত্মিক, বাহ্যিক, আধ্যাত্মিক-বাহ্যিক; ১৬. আধ্যাত্মিকালম্বনত্রিকে—আধ্যাত্মিকালম্বন, বাহ্যিকালম্বন, আধ্যাত্মিকালম্বন-বাহ্যিকালম্বন; ১৭. সনিদর্শনত্রিকে—সনিদর্শন-সপ্রতিঘ, অনিদর্শন-সপ্রতিঘ, অনিদর্শন-অপ্রতিঘ।

আধুনিক যুগের শুধুমাত্র মেশিন দিয়ে বুদ্ধধর্মকে গবেষণা করা সম্ভবপর নয়। বুদ্ধধর্মকে গবেষণা করতে হলে আধুনিক যুগের যন্ত্রপাতির পাশাপাশি উন্নত চিত্ত, সমাধিস্থ চিত্তের অধিকারীদের সমন্বয়ে গবেষণা করা প্রয়োজন। তাহলে এই অনন্ত বিশ্বের অনেক অজানা তথ্য ও তত্ত্ব মনুষ্যরা আয়ত্ত করতে সক্ষম হবেন। এতে এ জগত বিজ্ঞানের ক্ষেত্রে যেমনি বহু অগ্রগামী হবে তেমনি

Visit: http://www.buddhistdownload.com

মানসিক ও কায়িক সুখ দর্শন লাভে জগতময় সুখ-শান্তির রাজ্যে পরিণত হবে। তাহলেই হবে প্রকৃত বুদ্ধশাসনের প্রতিষ্ঠা।

এবার পট্‌ঠানের দর্শন সম্পর্কে জানা যাক। পট্‌ঠানে ব্যবহারিক আলোচনার চেয়ে তত্ত্বালোচনার দিকের প্রতি গুরুত্ব দেয়া হয়েছে। সাধক যখন সত্যের স্বরূপ সম্বন্ধে জ্ঞানার্জন করেন তখনই ধর্মের ব্যবহারিক দিকটা বা ধর্মের চর্চা সম্ভব হয়। এ সত্যের স্বরূপ বুদ্ধের দ্বারা দেশিত হয়েছে। পট্‌ঠানে সেই সত্যকে উপলব্ধি করার উপায় বিশ্লেষণ করেছে। যে দর্শনের কথা এখানে প্রকটিত হয়েছে, তার মূল উপাদান বুদ্ধের একটি বিশ্লেষণ ধর্মদেশনার অন্তর্গত। সেই ধর্মদেশনার মূল এবং প্রতিপাদ্য বিষয় হচ্ছে অনিত্য, দুঃখ ও অনাত্মা-বিষয়ক জ্ঞান। এই অনিত্য, দুঃখ ও অনাত্মবোধক উপলব্ধি পঞ্চস্কন্ধকে কেন্দ্র করেই। পঞ্চস্কন্ধ হচ্ছে সংস্কৃত ধর্ম। কারণ আমরা জানি নির্বাণ ব্যতীত সমস্তই সংস্কৃত ধর্ম এবং কার্যকারণ সম্বন্ধের দ্বারা উৎপন্ন। সেখানে ধর্মসমূহের অবস্থান আছে, নিয়মানুবর্তিতা আছে এবং বিশেষ কার্যকারণ সম্বন্ধ আছে। এই বিষয়েই তথাগতও বোধি লাভ করেন। একটি ধাতু অন্য একটি ধর্ম ছাড়া কিছু নয়। ধর্মের কার্যকারণ সম্বন্ধের দ্বারা এই ধাতুর উৎপত্তি। এটাই তার উৎস। এই নিয়মানুবর্তিতা থেকে উৎপন্ন হয় ধর্মতার কল্পনা। ধর্মসমূহের স্বাভাবিক প্রকৃতি হচ্ছে অন্য একটির দিকে নিয়ে যাওয়া, অন্য একটি সৃষ্টি করা। যেমন : সুখানুভূতি নিয়ে যায় সমাধির দিকে, সমাধি নিয়ে যায় সত্যকে যথাযথরূপে জানার দিকে।

পট্‌ঠানে জড়াজড়ে যাবতীয় ঘটনাকে ২৪ প্রকার প্রত্যয়ের অন্তর্ভুক্ত করা হয়েছে, ঠিক যেমন অসংখ্য সংখ্যা-শাস্ত্র মাত্র দশটি সংখ্যার অন্তর্গত। যা প্রত্যয়োৎপন্ন তা নশ্বর, সুতরাং অসার। যদিও পট্‌ঠানে অনিত্য-দুঃখ-অনাত্মা এই তিনটির আলোচনাকে গুরুত্ব দেয়া হয়েছে, তথাপি যেন মনে হয়, অনাত্মবোধক জ্ঞানের অবতারণা করাই এই গ্রন্থের মূল লক্ষ্য। বুদ্ধের অনাত্মাবাদই তাঁর পূর্ববর্তী সমস্ত প্রকার দার্শনিক মতবাদের মধ্যে বিদ্রোহী একটি মতবাদ। আত্মা বলে শাশ্বত কোনো কিছুর অস্তিত্বই যে নেই এই মতবাদ প্রচার করে তিনি বহু শতাব্দীর সুপ্রতিষ্ঠিত একটি বিশেষ মতবাদের উপর কুঠারাঘাত করেছেন। বিশ্বের দার্শনিকদের মধ্যে সর্বপ্রথম বুদ্ধই ঘোষণা করেছেন যে, শাশ্বত আত্মা বলে কিছু নেই। আছে শুধু ধর্মসমূহ অর্থাৎ মৌলিক কতগুলো ঘটনা, সেগুলো কার্যকারণ শৃঙ্খলে আবদ্ধ এবং যেগুলো অনিত্য, অস্থায়ী এবং শূন্য বলতে বুদ্ধ বুঝিয়েছেন যে ধর্মসমূহের শাশ্বত সত্ত্বা নেই শুধু নয়, সেগুলো পারস্পারিক সম্বন্ধের দ্বারা সম্বন্ধযুক্ত এবং কার্যকারণ শৃঙ্খলাবদ্ধ। সমস্ত পালিগ্রন্থের মধ্যে কেবল পট্‌ঠানেই বিস্তৃতভাবে ব্যাখ্যা করে বলেছেন যে,

Visit: http://www.buddhistdownload.com

বিশ্বব্রহ্মাণ্ডের সমস্ত কিছুই বা ধর্মই এক কথায় শূন্য।

সাধারণত ত্রিপিটকের মধ্যে বিনয় ও সূত্রপিটকের বিষয়বস্তু পাঠে অনেক বিষয় সম্পর্কে অবগত হওয়া যায় অতিসহজে; কিন্তু অভিধর্মপিটকের বিষয়বস্তু হলো অত্যন্ত জটিল, দুর্বোধ্য। সে কারণে সাধারণ পাঠক এই জটিল ও দুর্বোধ্য বিষয় পাঠ করে আনন্দ অনুভব করেন না। কিন্তু পালি ত্রিপিটক থেকে পট্‌ঠানের অনুবাদ করাই একমাত্র সহজ। পাঁচ মাস সময়ের মধ্যে পাঁচ খণ্ড পট্‌ঠানের অনুবাদ সমাপ্ত করলেও প্রকাশকের অভাবে তা প্রকাশ করতে আমাকে দীর্ঘ সময় অতিবাহিত করতে হয়েছে। পাঠকের হাতে গ্রন্থ পৌঁছে দিতে বিলম্বিত হওয়ায় আমি আন্তরিকভাবে ক্ষমা চেয়ে নিচ্ছি। অনুবাদের ভাষা যাতে সহজ, সরল ও প্রাঞ্জল হয় সেদিকেও বিশেষভাবে লক্ষ রাখা হয়েছে। প্রতিটি গ্রন্থে প্রতিপাদ্য স্কন্ধ, আয়তন, ধাতু, ইন্দ্রিয়, হেতু, আলম্বন, বাস্তু, কুশল, অকুশল, অব্যাকৃত, অহেতুক, প্রতিসন্ধি, ২৪ প্রত্যয়, বিশুদ্ধি, বিমোক্ষ, পুদ্গল, সমাপত্তি, ধ্যান, বিদর্শন, চিত্ত, চৈতসিক, রূপ, ও নির্বাণ প্রভৃতি কঠিন, দুরূহ শব্দের টীকা, ব্যাখ্যা ও তুলনামূলক বিশ্লেষণ দিতে গেলে গ্রন্থের মুদ্রণ খরচ বেড়ে যায় প্রায় ধরা ছোঁয়ার বাইরে। তাই সেদিক বিবেচনা করে বার বার প্রতিটি গ্রন্থের একি বিষয়ের প্রতিপাদ্য কঠিন, দুরূহ শব্দের টীকা, ব্যাখ্যা ও তুলনামূলক বিশ্লেষণ দেয়া হয়নি। 'ভুল মানুষ মাত্রেই হয়, কেউ ভুলের বাইরে নয়, একমাত্র সম্যকসম্বুদ্ধ ব্যতীত' তাই এতো বড়ো বইয়ে ভুল থাকা অসম্ভব নয়, কারো চোখের পরিষ্কার রেটিনায় কিংবা আইকিউতে অনুবাদের গহীন বনে লুকিয়ে থাকা কোনো প্রকার ভুল-ত্রুটি যদি ধরা পড়লে পরে ক্ষমা সুন্দর দৃষ্টিতে ঠাঁই পাবো এই কামনা করি।

বর্তমান গ্রন্থটি অনুবাদ করতে গিয়ে আমি অভিধর্মার্থ-সংগ্রহ ও ধাতুকথাসহ অন্যান্য যেসব গ্রন্থের সহায়তা নিয়েছি সেসব গ্রন্থের প্রাজ্ঞ লেখকদের কাছে আমি অশেষ কৃতজ্ঞতা না জানিয়ে অকৃতজ্ঞ হতে চাই না। সত্যিই উঁনাদের প্রতি আমি শতভাগ কৃতজ্ঞ। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পালি বিভাগের চেয়ারম্যান, বরেণ্য সাংঘিক ব্যক্তিত্ব, বহুমুখী প্রতিভার অধিকারী, শাস্ত্রজ্ঞ, বৌদ্ধরত্ন, পরম পূজ্য পণ্ডিত শ্রদ্ধেয় ড. জ্ঞান রত্ন মহাথেরো ভন্তে মহোদয় পাণ্ডিত্যপূর্ণ ভূমিকা লিখে দিয়ে গ্রন্থের মান বৃদ্ধি করেছেন এতে কোনো সন্দেহ নেই। এই অকৃত্রিম অবদানের জন্য আমি ড. ভন্তে মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি। আমি কামনা করি ড. ভন্তে মহোদয় যেন নিরোগ দীর্ঘ জীবন লাভ করত বিনা অন্তরায়ে অজর-অমর নির্বাণ সাক্ষাৎ করুন। পূজ্য বনভন্তের সেবক, গুণোত্তম সংঘপুরুষ, বৌদ্ধরত্ন, প্রিয়শীলী শ্রদ্ধেয় বিধুর ভন্তে মহোদয় পট্‌ঠান গ্রন্থের জন্য তত্ত্বপূর্ণ অভিমত লিখে দিয়ে আমাকে কৃতার্থ করেছেন। আমি ভন্তে

Visit: http://www.buddhistdownload.com

মহোদয়ের নিরোগ দীর্ঘ জীবন লাভ করত অজর-অমর নির্বাণ সাক্ষাৎ করুক এই কামনা করছি। আমার শিক্ষাগুরু, বহু গ্রন্থের অনুবাদক, অতুলনীয় প্রতিভাধর, পালি ও ত্রিপিটক শাস্ত্রে সুপণ্ডিত, বৌদ্ধরত্ন, পরম পূজ্য পণ্ডিত করুণাবংশ স্থবির ভন্তে মহোদয় আমাকে পট্‌ঠান অনুবাদে নিয়োজিত করেছেন এবং উঁনার মূল্যবান সময় ব্যয় করে গ্রন্থের পাণ্ডুলিপি দেখে দিয়ে এবং মুদ্রণের যাবতীয় বিষয়াবলি সমাধা করে দিয়ে আমাকে যারপরনাই বাধিত করেছেন। শ্রদ্ধেয় ভন্তে মহোদয়ের এই অকৃত্রিম অবদান প্রতি আমি অসীম কৃতজ্ঞ। পূজ্য বনভন্তের শিষ্য ধর্মভাই স্নেহভাজন একায়নো ভিক্ষু গ্রন্থের অর্ধেক অংশ কম্পিউটার কম্পোজ এবং পুরো পট্‌ঠানের টুকিটাকি কম্পিউটার সংশ্লিষ্ট কার্যাবলি সম্পাদন করে দিয়ে আমার অশেষ উপকার সাধন করেছে। তার প্রতি রইল আমার অশেষ ধন্যবাদ ও সাধুবাদ। এবং আমি হর্ষোৎফুল্ল অন্তরে করছি আশীর্বাদ—স্নেহভাজনের ভবিষ্যৎ হয় যেন গৌরবোজ্জ্বল।

'পট্‌ঠান' যদি খুবই গুরুগম্ভীর জটিল ও দুর্বোধ্য, তবুও এর যথেষ্ট কদর রয়েছে আমাদের বৌদ্ধদের মধ্যে। কেননা পুরো ত্রিপিটক শাস্ত্রের মধ্যে এই পট্‌ঠানের উৎপত্তিগত ইতিহাসই একমাত্র রহস্যমণ্ডিত ও তাৎপর্যময়। বুদ্ধ কর্তৃক এই পট্‌ঠান সর্বপ্রথম দেশিত হয়েছে অতীত বুদ্ধদের মতো সপ্তম বর্ষাবাসে তাবতিংস স্বর্গে মাতার উদ্দেশ্যে (বুদ্ধের গৃহী মা অবশ্য তুষিত স্বর্গে জন্ম নিয়েছিলেন তিনি সেখান থেকে তাবতিংস স্বর্গে এসেছিলেন অভিধর্ম শোনার জন্য এবং দেশনাশেষে অর্হত্ত্ব লাভ করেছিলেন)। মাতাকে অভিধর্ম দেশনা করার জন্য পাণ্ডুকম্বলশিলায় বর্ষাবাসরত শাস্তাকে দশ হাজার চক্রবালের দেবতারা পরিবেষ্টন করে উঁনাকে সেবা-পূজা করেছিলেন। সেখানে কোনো দেবতার জ্যোতি সম্যকসম্বুদ্ধের জ্যোতিকে হীনপ্রভ করতে পারেনি। অপিচ সমস্ত দেবতাদের জ্যোতিকে ডিঙিয়ে গিয়ে সম্বুদ্ধই বিরোচিত হয়েছিলেন। একমাত্র এই পট্‌ঠান গবেষণাকালে জগজ্জ্যোতি বুদ্ধের পূত-পবিত্র শরীর হতে আশি হাত বিস্তৃত ষড়রশ্মি নির্গত হয়েছিল। সারিপুত্র স্থবির বুদ্ধের নিকট হতে শ্রুত অভিধর্ম নিজের পাঁচশ শিষ্যদের নিকট দেশনা করতেন। যাঁরা (ভদ্দজি, সোভিত, পিয়জালি, পিয়পাল, পিয়দস্‌সী, কোষিয়পুত্ত, সিগ্‌গব, সন্দেব, মোগ্‌গলিপুত্ত, বিসুদত্ত, ধম্মিয়, দাসক, সোলক, রেবত প্রভৃতি) অতীত জন্মে ভগবান কাশ্যপ সম্যকসম্বুদ্ধের সময়ে ক্ষুদ্র বাঁদুর বা চামচিকা হয়ে জন্ম ধারণ করেছিলেন। ওই অবস্থায় দুজন ভিক্ষু অভিধর্ম আবৃত্তি শ্রবণ করে সেই পুণ্যের বলে স্বর্গে জন্ম ধারণ করে তথা হতে চ্যুত হয়ে মনুষ্যজন্ম লাভ করে ভগবানের যমক প্রতিহার্যঋদ্ধি দর্শনে প্রসন্ন হয়ে ভদন্ত সারিপুত্র মহাথেরোর নিকট প্রব্রজ্যা ও উপসম্পদা গ্রহণ করেন। দেশনাবসানে সেই পাঁচশ ভিক্ষু সপ্তপ্রকরণ

Visit: http://www.buddhistdownload.com

অভিধর্মপিটক একবার শ্রবণমাত্রই আয়ত্ত করেছিলেন। স্বর্গ থেকে বুদ্ধ যখন তিন মাস পট্‌ঠান দেশনা শেষে মহাপ্রবারণা পূর্ণিমায় পৃথিবীতে প্রত্যাবর্তন সময়ে দেবরাজ ইন্দ্র কর্তৃক পাণ্ডুলো সাংকাশ্য নগরদ্বারে প্রতিষ্ঠিত এবং চূড়াগুলো সুমেরু পর্বতের মাথায় স্থাপনে নির্মিত সুবর্ণময়, মণিময় ও রৌপ্যময় তিনটি দিব্য সিঁড়ির মধ্যে মাঝখানের মণিময় সিঁড়ি দিয়ে তথাগত বুদ্ধ, ডানদিকের সুবর্ণময় সিঁড়ি দিয়ে দেবতারা এবং বামদিকের রৌপ্যময় সিঁড়ি দিয়ে মহাব্রহ্মারা অবতরণ করেছিলেন। গন্ধর্ব দেবপুত্র পঞ্চশিখ বিল্বপাণ্ডু বীণা লয়ে ডানপাশে দাঁড়িয়ে শাস্তাকে গন্ধর্বমধুর দিব্য বীণাশব্দের দ্বারা পূজা করতে করতে অবতরণ করলেন। মাতলি সারথি বামপাশে দাঁড়িয়ে দিব্যগন্ধ মালাপুষ্প লয়ে অঞ্জলিবদ্ধ হয়ে তথাগতকে পূজা করতে করতে অবতরণ করলেন। মহাব্রহ্মা তথাগতের মাথার উপরে ছাতা ধারণ করেছিলেন। সুযাম দেবপুত্র বালব্যজনী বা রাজকীয় পাখা ধারণ করেছিলেন। ওই স্থানে দশবল বুদ্ধের যমক প্রতিহার্য ঋদ্ধি ও ষড়রশ্মি প্রতিমণ্ডিত বুদ্ধশ্রী দেখে ছত্রিশ যোজন পরিবেষ্টিত পরিষদের সকলেই ভবিষ্যতে বুদ্ধ হবার জন্য প্রার্থনা করেছিলেন। এই অবতরণক্ষণে ভগবান যমক প্রতিহার্য প্রদর্শন করে যখন ঊর্ধ্বদিকে অবলোকন করলেন তখন ব্রহ্মলোক পর্যন্ত বুদ্ধের দৃষ্টিগোচর হলো এবং যখন অধোদিকে অবলোকন করলে পরে অবীচি নরক পর্যন্ত দৃষ্টিগোচর হলো। যখন দিগ্‌বিদিকে অবলোকন করলেন তখন অনেক শত-সহস্র চক্রবাল বুদ্ধের দৃষ্টিগোচর হলো। ওই স্থানে তখন দেবতারা মনুষ্যদের দেখেছিলেন এবং মনুষ্যরা দেবতাদের। সকলেই একে অপরকে মুখোমুখি দেখতে পেয়েছিলেন। সেই মহামানব বুদ্ধের নির্বাণপ্রদায়ী শাসনের ত্রিপিটক অন্তর্ধানের মধ্যে প্রথম বিলুপ্ত হবে তাবতিংস স্বর্গে তিন মাস ধরে মাতার উদ্দেশ্যে দেশিত এই পট্‌ঠান। তা আজও আমাদের মধ্যে বিদ্যমান, যা আমাদের জন্য খুবই সুখের বিষয়। এই পরিপেক্ষিতে পট্‌ঠান আমাদের বৌদ্ধ ধর্মাবলম্বীদের মধ্যে শ্রদ্ধার ও পরম পূজার একটি গ্রন্থ।

এই অভিধর্মে পবিত্র বুদ্ধবাণীগুলো অনন্ত মহাসমুদ্র সদৃশ হলেও অসংখ্য ডট-ডটের ছড়াছড়ি মধ্য দিয়ে সংক্ষেপকরণ করে পাঁচ খণ্ডবিশিষ্ট করা হয়েছে। পালি পট্‌ঠানে পরমার্থ সত্যের সমস্ত প্রশ্নগুলোর অবতারণা করা হয়নি। যেগুলোর বিশেষ প্রয়োজনীয়তা আছে সেগুলোরই বর্ণনা দেওয়া হয়েছে মাত্র। সকল প্রশ্নগুলোকে গ্রন্থে মুদ্রিত হলে পরে প্রত্যেকটি ৪০০ পৃষ্ঠাযুক্ত তিন কোটি গ্রন্থকেও ছাড়িয়ে যাবে বলে মনে হয়। আমার কৃত অনুবাদের ১ম খণ্ডটি ২০০০ কপি, ৪র্থ খণ্ডটি ১০০০ কপি ও ৫ম খণ্ডটি ১৫০০ কপি ইতোপূর্বে ছাপানো হয়েছে। বর্তমানে ২য় খণ্ডটি ১০০০ কপি ছাপানোর উদ্যোগ নিয়েছেন বনভন্তের প্রাণপ্রিয় শিষ্য, অল্পভাষী, অল্পেতুষ্ট, শান্তশিষ্ট, নির্জনবিহারী পরম পূজ্য শ্রদ্ধেয়

Visit: http://www.buddhistdownload.com

প্রিয়দর্শী ভন্তে মহোদয়। আমি উঁনাকে আমার অনূদিত সূত্রপিটকের প্রেতকাহিনি ও বিমানকাহিনি অর্থকথা ছাপানোর জন্য বললেও তিনি পট্‌ঠানের গুণমহিমার কথা উপলব্ধি করে 'পট্‌ঠান' প্রকাশনার জন্যই মনস্থির করেছেন। উঁনি উঁনার কালগত গৃহী মাতাপিতা ও কাকাকাকি প্রভৃতি জ্ঞাতিবর্গের পুণ্যস্মৃতির স্মরণে উঁনার নিজ ভাইবোন, চাচাতো ভাইবোন এবং মায়ের পক্ষের জ্ঞাতিদের দেশনা-বিলাসের মাধ্যমে জ্যোতির্ময় শ্রদ্ধার আলোকবর্তিকা জ্বেলে দিয়ে 'পট্‌ঠান'-এর ২য় খণ্ডটি ১০০০ কপি প্রকাশনার উদ্যোগটি নিয়েছেন। উঁনারই প্রভাবে আজ আমার অনূদিত বহু গুণসমৃদ্ধ পট্‌ঠান হলো ফল-পুষ্পে সুশোভিত। এবং এই গ্রন্থ প্রকাশনায় রাঙামাটিস্থ নানিয়ারচর থানাধীন মহাসতিপট্‌ঠান ধুতাঙ্গ অরণ্য সাধনাকেন্দ্রের পক্ষ হতে ২০০০ টাকা দান করা হয়েছে। ধর্মদানই শ্রেষ্ঠদান। সর্বোপরি এ গ্রন্থ প্রকাশনা যাঁদের পুণ্যস্মৃতির উদ্দেশ্যে করা হচ্ছে এবং যাঁরা সার্বিকভাবে সাহায্য-সহযোগিতা করেছেন, তাঁরা সকলে শুধু ধর্মদানের পুণ্যফল লাভ নয়; সমগ্র বৌদ্ধ জাতির অন্তরে স্থান করে নিয়ে সকলের ভালোবাসা, ধন্যবাদ, সাধুবাদ ও মৈত্রী প্রাপ্ত হওয়ার পরম সৌভাগ্য লাভ করেছেন। এই কাজের পুণ্যের ফলে তাঁদের জ্ঞাতিবর্গ পরম দিব্যসুখ ও মনুষ্যসুখের সাগরে ভাসতে ভাসতে কোনো একসময় নির্বাণ লাভ করুক এবং প্রকাশবৃন্দও পরমসুখ নির্বাণ দর্শনের পুণ্যময় হেতু লাভ করুক, এই মৈত্রী ও আশীর্বাদ প্রদান করছি।

একই সাথে বনভন্তের প্রিয় শিষ্য, খাগড়াছড়ি আর্যবন বিহারের আবাসিক ভিক্ষু, স্নেহাভাজন ধর্মভাই শ্রীমৎ সমাধিনন্দ ভিক্ষু ত্রিলোকগুরু বুদ্ধ ভগবানের ২৫৬০তম জন্মদিবস, বুদ্ধত্ব লাভ ও পরিনির্বাণ দিবস—এই ত্রি-স্মৃতি বিজড়িত বৌদ্ধদের জন্য অত্যন্ত স্মরণীয় দিন শুভ বৈশাখী পূর্ণিমা বা বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে পট্‌ঠান প্রকাশনার জন্য যে মনে সংকল্পবদ্ধ হয়েছেন। এরই ধারাবাহিকতায় বর্তমানে ২য় খণ্ডটি আরও ১০০০ কপি প্রকাশ হতে চলেছে। এর আগে ১ম খণ্ডটি ১০০০ কপি, ২য় খণ্ডটি ১০০০ কপি ও ৫ম খণ্ডটি ৫০০ কপি ছাপানো হয়েছে। ৩য় খণ্ডটি ১০০০ কপি কিছুদিনের মধ্যে ছাপানো হবে। অনন্ত গুণসমৃদ্ধ এই পট্‌ঠান ছাপিয়ে সে পরম পূজ্য বনভন্তের শিষ্যমণ্ডলী ও ধর্মপিপাসু উপাসক-উপাসিকাদের বিনামূল্যে বিতরণ করবে এটিই তার স্বপ্ন। তারই প্রভাবে আজ আমার অনূদিত বহু গুণসমৃদ্ধ পট্‌ঠান হলো ফল-পুষ্পে সুশোভিত। এই মহতী পুণ্যকর্মের মধ্য দিয়ে সে সকলের মনোমন্দিরে শ্রদ্ধার ও স্নেহের পাত্র হিসেবে স্থান পাবেন এতে কোনো সন্দেহ নেই। আমি তার নিরোগ, দীর্ঘায়ু ও অন্তিমে নির্বাণসুখ কামনা করছি। এ গ্রন্থ প্রকাশনার জন্য যাঁরা সার্বিকভাবে সাহায্য-সহযোগিতা করেছেন, তাঁদের এই বদান্যতা

Visit: http://www.buddhistdownload.com

বুদ্ধশাসনের তথা সমাজের মহদোপকার সাধন করল। এ উদারগুণেই হয়েছেন তাঁরা বাংলাভাষীদের কৃতজ্ঞতাভাজন। আশীর্বাদ করছি তাঁদের কল্যাণ হোক, ফলবতী হোক বাসনা এবং ধর্মদান ও জ্ঞানদানের প্রভাবে হোক সর্বার্থসিদ্ধি, লব্ধ হোক অনন্য সাধারণ প্রজ্ঞাসম্পদ।

এ পর্যায়ে আমি বুদ্ধশাসনে রক্ষাকারী দেবতাদের কৃতজ্ঞতা জানাচ্ছি এবং অকাতরে পুণ্যদান করছি; কারণ তাঁরা আমাকে এই 'পট্‌ঠান' প্রকাশনায় সাহায্য-সহযোগিতায় করেছেন বলে আমার বিশ্বাস। এই পুণ্যের সেই সকল দেবতার দিব্য-আয়ু, দিব্য-বর্ণ, দিব্য-সুখ ও দিব্য-বলের উত্তরোত্তর শ্রীবৃদ্ধি হোক। কথিত আছে যে, পট্‌ঠান পাঠ যখন করে ব্রহ্মলোক থেকে ব্রহ্মারা নাকি নেমে আসেন, স্বর্গ থেকে দেবতারা নেমে আসেন এ পট্‌ঠান শোনার জন্য। কারণ ভগবান বুদ্ধ এবং অর্হৎদের অতি প্রিয় এ পট্‌ঠান। তাই সকলের জীবনকে ভয়মুক্ত, দোষমুক্ত, ব্যধিমুক্ত, শত্রুমুক্ত, অপদেবতামুক্ত ও অন্তরায়মুক্ত করতে চান তাইলে পট্‌ঠান পাঠ করুন। পুণ্য লাভ হবে, সব অন্তরায় দূর হবে।

লৌকিক দৃষ্টিতে যেসব তর্ক প্রশ্নের সমাধান নেই তার একমাত্র সমাধান পট্‌ঠানের মাধ্যমে সম্ভব। যেমন সৃষ্টিকর্তা, ঈশ্বর আছেন কি নেই, আত্মা আছে কি নেই, এ বিশ্বের আদি-অন্ত কোথায় ইত্যাদি বিষয় নিয়ে যুগে যুগে দেশে দেশে মহাপণ্ডিতেরা ভুরি ভুরি তর্ক-বিতর্ক করে তাঁদের পাণ্ডিত্য জাহির করেছেন কিন্তু যা আঙুলি দিয়ে দেখিয়ে দিতে পারেননি এই সেই। তাঁদের (পণ্ডিতদের) যদি পট্‌ঠানের বিষয়বস্তুতে প্রবেশ করার সমান্যতমও যোগ্যতা থাকত তাহলে বহু পূর্বেই এ সকল জিজ্ঞাসা এবং প্রশ্নের মীমাংসা ও সদুত্তর পাওয়া যেত।

'পট্‌ঠান' হচ্ছে বৌদ্ধ দর্শনের মূল ভিত এবং বিষয়বস্তুসমূহ নিগূঢ় তত্ত্বসম্পন্ন। সমগ্র অভিধর্ম সম্পর্কে যদি কোনো অনুসন্ধিৎসু পাঠক বা ব্যক্তি অবগত হতে চায়, তাহলে তাকে পট্‌ঠানের ২৪ প্রকার প্রত্যয়সমূহ পঠন-পাঠন অধ্যয়ন, গবেষণা ও শিক্ষা করলেই যথেষ্ট হবে। কেননা, সমগ্র অভিধর্মের নিগূঢ় তত্ত্ব ও জটিল বিষয়গুলো পট্‌ঠান বা প্রস্থান-নীতিতে নিহিত রয়েছে। এক কথায় বলা যায় যে, পট্‌ঠানই সম্পূর্ণ অভিধর্মের প্রাণ ও জীবন। পট্‌ঠান বা প্রস্থান-নীতি ব্যতীত অভিধর্মের দার্শনিক ও গভীর গবেষণাযুক্ত বিষয়বস্তু চিন্তা করা যায় না।

'পট্‌ঠান' অভিধর্মের বহু উচ্চস্তরের পুস্তক। যাঁরা অর্হত্ত্ব লাভ করেছেন তাঁদের প্রতিসম্ভিদা প্রাপ্ত হওয়া ও সাধারণ ব্যক্তিবর্গের প্রতীত্যসমুৎপাদ তত্ত্বজ্ঞান লাভ এবং সৎকায়দৃষ্টি, শ্বাশতদৃষ্টি, উচ্ছেদদৃষ্টি ও অহেতুকদৃষ্টি ধ্বংস করার জন্য পট্‌ঠান খুবই জরুরি। বাস্তবিক হনলুলুর অবস্থান, নেপোলিয়ানের অভিযান, রাশিয়ার শাসনতন্ত্র, জ্যামিতির সমস্যা পূরণ, আকাশের নক্ষত্রগতি

Visit: http://www.buddhistdownload.com

ইত্যাদি অবগত হওয়া অপেক্ষা কি চিত্তের অকুশল-বৃত্তি দমনের ও কুশল-বৃত্তি সংগঠনের কৌশল-প্রণালি শিক্ষা করা গুরুতর কর্তব্য নহে?

পরিশেষে 'পট্‌ঠান' ২য় খণ্ড গ্রন্থটি বুদ্ধ শাসনের সিন্ধুর মাঝে বিন্দু পরিমাণের জন্য হলেও কল্যাণ সাধনে সক্ষম হলে আমার বৌদ্ধ হয়ে জন্মগ্রহণ করাটা সার্থক বলে মনে করব। জগদ্বাসী সত্যের অনুসারী হয়ে প্রকৃত সুখের অধিকারী হবে এই তো আমার স্বপ্ন—

"কতই-বা কহিব আর অভিধর্ম তথা পট্‌ঠান-এর গুণ-মহিমা যে অপার,
পট্‌ঠান-এর গভীর তত্ত্ব ভাবিবে যতনে, বুদ্ধধর্মের রসাস্বাদ ইচ্ছিলে শাসনে।"

প্রণত
অনুবাদক
ভদন্ত রাহুল ভিক্ষু

****

Visit: http://www.buddhistdownload.com

এই প্রথম বাংলা ভাষায় সমগ্র ত্রিপিটক!

সুদীর্ঘ অপেক্ষার পর এই প্রথম বাংলা ভাষায় সমগ্র ত্রিপিটক প্রকাশ করতে যাচ্ছে **'ত্রিপিটক পাবলিশিং সোসাইটি, বাংলাদেশ'** নামে এক স্বনামধন্য ধর্মীয় প্রকাশনা সংস্থা। সমগ্র ত্রিপিটকের মোট ৫৯টি বইকে **'পবিত্র ত্রিপিটক'** নামে ২৫ খণ্ডে বিভক্ত করে সাজানো হয়েছে। মোট ২৫ খণ্ডবিশিষ্ট **'পবিত্র ত্রিপিটক'**টি আগামী ২০১৯ সালে পূজ্য বনভন্তের শততম জন্মদিন উপলক্ষে আনুষ্ঠানিকভবে মোড়ক উন্মোচনের মাধ্যমে প্রকাশ করা হবে। তবে ইতিমধ্যেই বিগত ২০১৬ সালের ৩০ জানুয়ারি পূজ্য বনভন্তের চতুর্থ পরিনির্বাণ দিবস হতে আনুষ্ঠানিকভাবে ক্রমান্বয়ে ছাপানোর কাজ শুরু করা হয়েছে। এই ছাপানোর কাজটি ২০১৮ সালের মাঝামাঝি নাগাদ শেষ হবে। এই মহতী প্রকল্পের আনুমানিক ব্যয় ধরা হয়েছে এক কোটি টাকা (১,০০০০০০০/-)।

সদ্ধর্মপ্রাণ বৌদ্ধ উপাসক-উপাসিকাদের উদাত্ত আহ্বান জানানো যাচ্ছে যে, এককালীন আর্থিক শ্রদ্ধাদান দিয়ে এত বড় ব্যয়বহুল ও মহতী প্রকল্পকে সহায়তা করতে এগিয়ে আসুন। আর যারা ত্রিপিটক পড়তে ও সংগ্রহ করতে আগ্রহী তারা অগ্রীম ১৫,০০০/- টাকা জমা দিয়ে গ্রাহক নিবন্ধনের মাধ্যমে আমাদের এই প্রকল্পকে সাফল্যমণ্ডিত করতে সহায়তা করতে এগিয়ে আসুন। এই অগ্রীম গ্রাহক নিবন্ধন প্রক্রিয়া বিগত ১৫ জানুয়ারি ২০১৬ খ্রি. হতে শুরু হয়েছে। আগে আসলে আগে পাবেন এই নীতির ভিত্তিতে অগ্রীম গ্রাহক নিবন্ধক করা হচ্ছে। কাজেই ত্রিপিটকের সব কপি শেষ হওয়ার আগেই আপনার কপিটি পেতে গ্রাহক নিবন্ধনের মাধ্যমে নিশ্চিত করুন। এ সম্পর্কে বিস্তারিত জানতে ও অগ্রীম গ্রাহক নিবন্ধন করতে সরাসরি যোগাযোগ করুন এই নাম্বারে : ০১৮৬-৫০৬১৪৮১

Visit: http://www.buddhistdownload.com

সূ চি প ত্র

ধর্মানুলোমে ত্রিক (তিনটি করে) পট্ঠান

৬. বিতর্কত্রিক ৩৫
১. প্রতীত্যবার ৩৫
২. সহজাতবার ৬৬
৩. প্রত্যয়বার ৬৬
(১৩) অবিতর্ক-অবিচার ধর্ম সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ অবিতর্ক-অবিচার ধ্যান হতে উত্থিত হয়ে, মার্গ হতে উত্থিত হয়ে, ফল হতে উত্থিত হয়ে ফলকেই প্রত্যবেক্ষণ করেন। এগুলোকে ভিত্তি করে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়। আর্যগণ নির্বাণকে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর এবং বিতর্কের, বিশুদ্ধির এবং বিতর্কের, সবিতর্ক-সবিচার মার্গের এবং বিতর্কের, সবিতর্ক-সবিচার ফলের এবং বিতর্কের এবং আবর্তন-চিত্তের এবং বিতর্কের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষুকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন, এটিকেই আস্বাদন করেন এবং এটিকেই অভিনন্দিত করেন। একে ভিত্তি করে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়। (একইভাবে) শ্রোত্রকে... স্প্রষ্টব্যকে... (হৃদয়) বাস্তুকে... অবিতর্ক-অবিচার স্কন্ধসমূহ এবং বিচারকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে প্রকৃষ্টরূপে অবলোকন করেন, এটিকেই আস্বাদন করেন এবং এটিকেই অভিনন্দিত করেন। এগুলোকে ভিত্তি করে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়।

৭২. (১৪) অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ সবিতর্ক-সবিচার ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং বিচারকে ভিত্তি করে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(১৫) অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ অবিতর্ক-বিচারমাত্র ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং বিচারকে ভিত্তি করে বিতর্ক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(১৬) অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ অবিতর্ক-অবিচার ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধসমূহ এবং বিচার চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং বিচারকে ভিত্তি করে অবিতর্ক-অবিচার স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(১৭) অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং বিচারকে ভিত্তি করে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়।

৭৩. (১৮) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মসমূহ সবিতর্ক-সবিচার ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ককে ভিত্তি করে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(১৯) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ককে ভিত্তি করে বিতর্ক উৎপন্ন হয়।

(২০) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মসমূহ অবিতর্ক-অবিচার ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ক চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ককে ভিত্তি করে অবিতর্ক-অবিচার স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২১) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র এবং সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ককে ভিত্তি করে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-২৩)

৭৪. (১) সবিতর্ক-সবিচার ধর্ম সবিতর্ক-সবিচার ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** (পুণ্যাকাঙ্ক্ষী ব্যক্তি) দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। এগুলোকে গুরুত্ব (প্রাধান্য) দিয়ে প্রত্যবেক্ষণ করেন (অর্থাৎ জ্ঞানপূর্বক যাচাই-বাছাই করেন)। পূর্বকৃত কুশলকর্মসমূহকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। সবিতর্ক-সবিচার ধ্যান হতে উত্থিত হয়ে, মার্গ হতে উত্থিত হয়ে, ফল হতে উত্থিত হয়ে ফলকেই গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ার কারণে (আস্বাদনকারীর) রাগ

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হয়, (নিত্য, সুখ, শুভ ও আত্মা হিসেবে গ্রহণকারীর) দৃষ্টি (মিথ্যাদৃষ্টি বা ভ্রান্ত ধারণা) উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** সবিতর্ক-সবিচার-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সবিতর্ক-সবিচার ধর্ম অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** (পুণ্যাকাঙ্ক্ষী ব্যক্তি) দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। (অতঃপর) এগুলোকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। এগুলোকে গুরুত্ব দেওয়ার কারণে বিতর্ক উৎপন্ন হয়। পূর্বকৃত কুশলকর্মসমূহকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। সবিতর্ক-সবিচার ধ্যান হতে, মার্গ হতে উঠে, ফল হতে উঠে ফলকেই গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। এগুলোকে গুরুত্ব দেওয়ার কারণে বিতর্ক উৎপন্ন হয়। সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহকে গুরুত্ব-সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। এগুলোকে গুরুত্ব দেওয়ার কারণে বিতর্ক উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** সবিতর্ক-সবিচার-অধিপতি বিতর্কের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সবিতর্ক-সবিচার ধর্ম অবিতর্ক-অবিচার ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** সবিতর্ক-সবিচার-অধিপতি চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) সবিতর্ক-সবিচার ধর্ম সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-অবিচার ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** সবিতর্ক-সবিচার-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) সবিতর্ক-সবিচার ধর্ম অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** সবিতর্ক-সবিচার-অধিপতি বিতর্কের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) সবিতর্ক-সবিচার ধর্ম সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-অবিচার ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** (পুণ্যাকাঙ্ক্ষী ব্যক্তি) দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। (অতঃপর) এগুলোকে গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন। এগুলোকে গুরুত্ব দেওয়ার কারণে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়। পূর্বকৃত কুশলকর্মসমূহকে গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন। সবিতর্ক-সবিচার ধ্যান হতে উত্থিত হয়ে, মার্গ হতে

Visit: http://www.buddhistdownload.com

উত্থিত হয়ে, ফল হতে উত্থিত হয়ে ফলকেই গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন। এগুলোকে গুরুত্ব দেওয়ার কারণে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়। সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহকে গুরুত্বের সাথে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ার কারণে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** সবিতর্ক-সবিচার-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং বিতর্কের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) সবিতর্ক-সবিচার ধর্ম সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

সহজাত-অধিপতি : সবিতর্ক-সবিচার-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের বিতর্কের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭৫. (৮) অবিতর্ক-বিচারমাত্র ধর্ম অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** (ধ্যানী) অবিতর্ক-বিচারমাত্র ধ্যান হতে উঠে, মার্গ হতে উঠে, ফল হতে উঠে ফলকেই গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন। এগুলোকে গুরুত্ব দেওয়ার কারণে বিতর্ক উৎপন্ন হয়। অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং বিতর্ককে গুরুত্বের সাথে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। এগুলোকে গুরুত্ব দেওয়ার কারণে বিতর্ক উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অবিতর্ক-বিচারমাত্র-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) অবিতর্ক-বিচারমাত্র ধর্ম সবিতর্ক-সবিচার ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** অবিতর্ক-বিচারমাত্র ধ্যান হতে উত্থানপূর্বক, মার্গ হতে উত্থানপূর্বক, ফল হতে উত্থানপূর্বক ফলকেই গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন। একে গুরুত্ব দেওয়ার কারণে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ উৎপন্ন হয়। অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং বিতর্ককে গুরুত্বের সাথে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ার কারণে রাগ (লোভ বা অভিধ্যা) উৎপন্ন হয় এবং দৃষ্টি (মিথ্যাদৃষ্টি) উৎপন্ন হয়।

(১০) অবিতর্ক-বিচারমাত্র ধর্ম অবিতর্ক-অবিচার ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অবিতর্ক-বিচারমাত্র-অধিপতি বিচারের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১১) অবিতর্ক-বিচারমাত্র ধর্ম অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অবিতর্ক-বিচারমাত্র-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং বিচারের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(১২) অবিতর্ক-বিচারমাত্র ধর্ম সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** অবিতর্ক-বিচারমাত্র ধ্যান হতে উত্থানপূর্বক, মার্গ হতে উত্থানপূর্বক, ফল হতে উত্থানপূর্বক ফলকেই গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন। একে গুরুত্ব দেওয়ার কারণে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়। অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং বিতর্ককে গুরুত্বের সাথে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ার কারণে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়।

৭৬. (১৩) অবিতর্ক-অবিচার ধর্ম অবিতর্ক-অবিচার ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** নির্বাণ অবিতর্ক-অবিচার মার্গের, ফলের এবং বিচারের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অবিতর্ক-অবিচার-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৪) অবিতর্ক-অবিচার ধর্ম সবিতর্ক-সবিচার ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** আর্যগণ অবিতর্ক-অবিচার ধ্যান হতে উত্থানপূর্বক, মার্গ হতে উত্থানপূর্বক, ফল হতে উত্থানপূর্বক ফলকেই গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন। এগুলোকে গুরুত্ব দেওয়ার কারণে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ উৎপন্ন হয়। আর্যগণ নির্বাণকে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, সবিতর্ক-সবিচার মার্গের এবং ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষুকে গুরুত্বের সাথে আস্বাদন করেন এবং এটিকেই অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়ার কারণে রাগ উৎপন্ন হয় এবং দৃষ্টি উৎপন্ন হয়। (একইভাবে) শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে... অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং বিচারকে গুরুত্বের সাথে আস্বাদন করেন এবং এটিকেই অভিনন্দিত করেন। এগুলোকে গুরুত্ব দেওয়ার কারণে রাগ উৎপন্ন হয় এবং দৃষ্টি উৎপন্ন হয়।

(১৫) অবিতর্ক-অবিচার ধর্ম অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** আর্যগণ অবিতর্ক-অবিচার ধ্যান হতে উঠে, মার্গ হতে উঠে, ফল হতে উঠে ফলকেই গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন। এগুলোকে গুরুত্ব দেওয়ার কারণে বিতর্ক উৎপন্ন হয়। আর্যগণ নির্বাণকে গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ অবিতর্ক-অবিচার মার্গের, ফলের এবং বিচারের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষুকে...

Visit: http://www.buddhistdownload.com

শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে... অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং বিচারকে গুরুত্বের সাথে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। এগুলোকে গুরুত্ব দেওয়ার কারণে বিতর্ক উৎপন্ন হয়।

(১৬) অবিতর্ক-অবিচার ধর্ম অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** নির্বাণ অবিতর্ক-বিচারমাত্র মার্গের, ফলের এবং বিচারের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৭) অবিতর্ক-অবিচার ধর্ম সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** আর্যগণ অবিতর্ক-অবিচার ধ্যান হতে উঠে, মার্গ হতে উঠে, ফল হতে উঠে ফলকেই গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। এগুলোকে গুরুত্ব দেওয়ার কারণে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়। আর্যগণ নির্বাণকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর এবং বিতর্কের, বিশুদ্ধির এবং বিতর্কের, সবিতর্ক-সবিচার মার্গের এবং বিতর্কের এবং সবিতর্ক-সবিচার ফলের এবং বিতর্কের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষুকে গুরুত্ব দিয়ে...। (তদ্রূপ) শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে... অবিতর্ক-অবিচার স্কন্ধসমূহ এবং বিচারকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। এগুলোকে গুরুত্ব দেওয়ার কারণে সবিতর্ক-সবিচার এবং বিতর্ক উৎপন্ন হয়।

৭৭. (১৮) অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ সবিতর্ক-সবিচার ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং বিচারকে গুরুত্ব দিয়ে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(১৯) অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং বিচারকে গুরুত্ব দিয়ে বিতর্ক উৎপন্ন হয়।

(২০) অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং বিচারকে গুরুত্ব দিয়ে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়।

৭৮. (২১) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মসমূহ সবিতর্ক-

Visit: http://www.buddhistdownload.com

সবিচার ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ককে গুরুত্ব দিয়ে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২২) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মসমূহ অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ককে গুরুত্ব দিয়ে বিতর্ক উৎপন্ন হয়।

(২৩) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মসমূহ সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ককে গুরুত্ব দিয়ে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ক উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-২৫)

৭৯. (১) সবিতর্ক-সবিচার ধর্ম সবিতর্ক-সবিচার ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব (পূর্বোৎপন্ন) সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী (পশ্চাদোৎপন্ন) সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম (ধ্যানে পরিস্ফুট হবার উপযুক্ত চিত্ত) গোত্রভূর (লোকোত্তর মার্গের পূর্বক্ষণ) অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম বিশুদ্ধির (শুদ্ধতার বা নির্মলতার) অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গোত্রভূ সবিতর্ক-সবিচার মার্গের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিশুদ্ধি সবিতর্ক-সবিচার মার্গের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার মার্গ সবিতর্ক-সবিচার (মার্গ) ফলের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার ফল সবিতর্ক-সবিচার ফলের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম সবিতর্ক-সবিচার ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সবিতর্ক-সবিচার ধর্ম অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী বিতর্কের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার চ্যুতি-চিত্ত (জীবনের শেষ চিত্তক্ষণ) অবিতর্ক-বিচারমাত্র প্রতিসন্ধি-চিত্তের (জীবনের প্রথম চিত্তক্ষণ)... সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ অবিতর্ক-বিচারমাত্র উত্থানের (তৎক্ষণাৎ ধ্যান হতে উঠার) এবং বিতর্কের... অবিতর্ক-বিচারমাত্র ধ্যানে পরিকর্ম (ধ্যান-চিত্ত উৎপত্তির পূর্বাবস্থা বা প্রস্তুতি) অবিতর্ক-বিচারমাত্র ধ্যানের... গোত্রভূ অবিতর্ক-বিচারমাত্র মার্গের... বিশুদ্ধি অবিতর্ক-বিচারমাত্র মার্গের... অনুলোম সবিতর্ক-সবিচার ফল-সমাপত্তির এবং বিতর্কের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সবিতর্ক-সবিচার ধর্ম অবিতর্ক-অবিচার ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার চ্যুতি-চিত্ত অবিতর্ক-অবিচার প্রতিসন্ধি-চিত্তের

Visit: http://www.buddhistdownload.com

এবং বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত (আবর্জন-চিত্ত) পঞ্চবিজ্ঞানের (চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা ও কায়-বিজ্ঞানের) অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ অবিতর্ক-অবিচার উত্থানের এবং বিচারের... দ্বিতীয় ধ্যানের পরিকর্ম দ্বিতীয় ধ্যানে বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তৃতীয় ধ্যানের পরিকর্ম... চতুর্থ ধ্যানের পরিকর্ম... আকাশ-অনন্ত-আয়তনের পরিকর্ম... বিজ্ঞান-অনন্ত-আয়তনের পরিকর্ম... আকিঞ্চন-আয়তনের পরিকর্ম... নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের পরিকর্ম... দিব্যচক্ষুর পরিকর্ম... দিব্যশ্রোত্রের পরিকর্ম... বিবিধ ঋদ্ধিজ্ঞানের পরিকর্ম... চিত্তপর্যায়-জ্ঞানের পরিকর্ম... পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের পরিকর্ম... যথাকর্মোপগ-জ্ঞানের পরিকর্ম... অনাগতভব-জ্ঞানের পরিকর্ম... গোত্রভূ অবিতর্ক-অবিচার মার্গের এবং বিচারের... বিশুদ্ধি অবিতর্ক-অবিচার মার্গের এবং বিচারের... অনুলোম অবিতর্ক-অবিচার ফল-সমাপত্তির এবং বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) সবিতর্ক-সবিচার ধর্ম অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার চ্যুতি-চিত্ত অবিতর্ক-অবিচার প্রতিসন্ধি-চিত্তের এবং বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ অবিতর্ক-বিচারমাত্র উত্থানের এবং বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র ধ্যানের পরিকর্ম অবিতর্ক-বিচারমাত্র ধ্যানের এবং বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গোত্রভূ অবিতর্ক-বিচারমাত্র মার্গের এবং বিচারের... বিশুদ্ধি অবিতর্ক-বিচারমাত্র মার্গের এবং বিচারের... অনুলোম অবিতর্ক-বিচারমাত্র ফল-সমাপত্তির এবং বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) সবিতর্ক-সবিচার ধর্ম সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহের এবং বিতর্কের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর এবং বিতর্কের... অনুলোম বিশুদ্ধির এবং বিতর্কের... গোত্রভূ সবিতর্ক-সবিচার মার্গের এবং বিতর্কের... বিশুদ্ধি সবিতর্ক-সবিচার মার্গের এবং বিতর্কের... সবিতর্ক-সবিচার মার্গ সবিতর্ক-সবিচার ফলের এবং বিতর্কের... সবিতর্ক-সবিচার ফল সবিতর্ক-সবিচার ফলের এবং বিতর্কের... অনুলোম সবিতর্ক-সবিচার ফল-সমাপত্তির এবং বিতর্কের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮০. (৬) অবিতর্ক-বিচারমাত্র ধর্ম অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিতর্ক পরবর্তী পরবর্তী বিতর্কের অনন্তর-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র মার্গ অবিতর্ক-বিচারমাত্র ফলের... অবিতর্ক-বিচারমাত্র ফল অবিতর্ক-বিচারমাত্র ফলের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অবিতর্ক-বিচারমাত্র ধর্ম সবিতর্ক-সবিচার ধর্মের অনন্তর প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিতর্ক পরবর্তী পরবর্তী সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র চ্যুতি-চিত্ত সবিতর্ক-সবিচার প্রতিসন্ধি-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র ভবাঙ্গ (ভবের অঙ্গ বা কারণ) আবর্তন-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ সবিতর্ক-সবিচার উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) অবিতর্ক-বিচারমাত্র ধর্ম অবিতর্ক-অবিচার ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র চ্যুতি-চিত্ত এবং বিতর্ক অবিতর্ক-অবিচার প্রতিসন্ধি-চিত্তের এবং বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং বিতর্ক অবিতর্ক-অবিচার উত্থানের এবং বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) অবিতর্ক-বিচারমাত্র ধর্ম অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহের এবং বিতর্কের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র মার্গ অবিতর্ক-বিচারমাত্র ফলের এবং বিচারের... অবিতর্ক-বিচারমাত্র ফল অবিতর্ক-বিচারমাত্র ফলের এবং বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১০) অবিতর্ক-বিচারমাত্র ধর্ম সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিতর্ক পরবর্তী পরবর্তী সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহের এবং বিতর্কের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র চ্যুতি-চিত্ত সবিতর্ক-সবিচার প্রতিসন্ধি-চিত্তের এবং বিতর্কের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র ভবাঙ্গ আবর্তন-চিত্তের এবং বিতর্কের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ সবিতর্ক-সবিচার উত্থানের এবং বিতর্কের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮১. (১১) অবিতর্ক-অবিচার ধর্ম অবিতর্ক-অবিচার ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিচার পরবর্তী পরবর্তী বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী

Visit: http://www.buddhistdownload.com

অবিতর্ক-অবিচার স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-অবিচার মার্গ অবিতর্ক-অবিচার ফলের... অবিতর্ক-অবিচার ফল অবিতর্ক-অবিচার ফলের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নিরোধসমাপত্তি হতে উত্থানরত সাধকের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন অবিতর্ক-অবিচার ফল-সমাপত্তির এবং বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১২) অবিতর্ক-অবিচার ধর্ম সবিতর্ক-সবিচার ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-অবিচার চ্যুতি-চিত্ত এবং বিচার সবিতর্ক-সবিচার প্রতিসন্ধি-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-অবিচার ভবাঙ্গ এবং বিচার আবর্তন-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-অবিচার স্কন্ধসমূহ এবং বিচার সবিতর্ক-সবিচার উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নিরোধসমাপত্তি হতে উত্থানরত সাধকের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন সবিতর্ক-সবিচার ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৩) অবিতর্ক-অবিচার ধর্ম অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিচার পরবর্তী পরবর্তী অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ে দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-অবিচার চ্যুতি-চিত্ত এবং বিচার অবিতর্ক-বিচারমাত্র প্রতিসন্ধি-চিত্তের এবং বিতর্কের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-অবিচার স্কন্ধসমূহ এবং বিচার অবিতর্ক-বিচারমাত্র উত্থানের এবং বিতর্কের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নিরোধসমাপত্তি হতে উত্থানরত সাধকের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন অবিতর্ক-বিচারমাত্র ফল-সমাপত্তির এবং বিতর্কের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৪) অবিতর্ক-অবিচার ধর্ম অবিতর্ক-বিচারমাত্র ধর্ম এবং অবিতর্ক-অবিচার ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিচার পরবর্তী পরবর্তী অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-অবিচার চ্যুতি-চিত্ত অবিতর্ক-বিচারমাত্র প্রতিসন্ধি-চিত্তের এবং বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-অবিচার স্কন্ধসমূহ অবিতর্ক-অবিচার উত্থানের এবং বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নিরোধসমাপত্তি হতে উত্থানরত সাধকের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন অবিতর্ক-বিচারমাত্র ফল-সমাপত্তির এবং বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৫) অবিতর্ক-অবিচার ধর্ম সবিতর্ক-সবিচার ধর্ম এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-অবিচার চ্যুতি-চিত্ত এবং বিচার সবিতর্ক-সবিচার প্রতিসন্ধি-চিত্তের এবং বিতর্কের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-অবিচার ভবাঙ্গ (প্রবহমান-চিত্ত) এবং বিচার আবর্তন-চিত্তের এবং বিতর্কের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-অবিচার

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধসমূহ এবং সবিতর্ক-সবিচার উত্থানের এবং বিতর্কের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নিরোধসমাপত্তি হতে উত্থানরত সাধকের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন সবিতর্ক-সবিচার ফল-সমাপত্তির এবং বিতর্কের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮২. (১৬) অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ সবিতর্ক-সবিচার ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র চ্যুতি-চিত্ত এবং বিচার সবিতর্ক-সবিচার প্রতিসন্ধি-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র ভবাঙ্গ এবং বিচার আবর্তন-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং বিচার সবিতর্ক-সবিচার উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৭) অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং বিচার পরবর্তী পরবর্তী অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র মার্গ এবং বিচার অবিতর্ক-বিচারমাত্র ফলের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র ফল এবং বিচার অবিতর্ক-বিচারমাত্র ফলের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৮) অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ অবিতর্ক-অবিচার ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং বিচার পরবর্তী পরবর্তী বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র চ্যুতি-চিত্ত এবং বিচার অবিতর্ক-অবিচার প্রতিসন্ধি-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং বিচার অবিতর্ক-অবিচার উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৯) অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ অবিতর্ক-বিচারমাত্র এবং অবিচার-অবিচার ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং বিচার পরবর্তী পরবর্তী বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র মার্গ এবং বিচার অবিতর্ক-অবিচার ফলের এবং বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র ফল এবং বিচার অবিতর্ক-বিচারমাত্র ফলের এবং বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২০) অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র চ্যুতি-চিত্ত এবং বিচার সবিতর্ক-সবিচার প্রতিসন্ধি-চিত্তের এবং বিতর্ক

Visit: http://www.buddhistdownload.com

অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র ভবাঙ্গ এবং বিচার আবর্তন-চিত্তের এবং বিতর্কের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং বিচার সবিতর্ক-সবিচার উত্থানের এবং বিতর্কের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮৩. (২১) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মসমূহ সবিতর্ক-সবিচার ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহের এবং বিতর্ক পরবর্তী পরবর্তী সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম এবং বিতর্ক গোত্রভূর... অনুলোম এবং বিতর্ক বিশুদ্ধির... গোত্রভূ এবং বিতর্ক সবিতর্ক-সবিচার মার্গের... বিশুদ্ধি এবং বিতর্ক সবিতর্ক-সবিচার মার্গের... সবিতর্ক-সবিচার মার্গ এবং বিতর্ক সবিতর্ক-সবিচার ফলের...সবিতর্ক-সবিচার ফল এবং বিতর্ক সবিতর্ক-সবিচার ফলের... অনুলোম এবং বিতর্ক সবিতর্ক-সবিচার ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২২) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মসমূহ অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ক পরবর্তী পরবর্তী বিতর্কের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার চ্যুতি-চিত্ত বিতর্ক অবিতর্ক-বিচারমাত্র প্রতিসন্ধি-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ক অবিতর্ক-বিচারমাত্র উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র ধ্যানের পরিকর্ম এবং বিতর্ক অবিতর্ক-বিচারমাত্র ধ্যানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গোত্রভূ এবং বিতর্ক অবিতর্ক-বিচারমাত্র মার্গের... বিশুদ্ধি এবং বিতর্ক অবিতর্ক-বিচারমাত্র মার্গের... অনুলোম এবং বিতর্ক অবিতর্ক-বিচারমাত্র মার্গের... অনুলোম এবং বিতর্ক অবিতর্ক-বিচারমাত্র ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২৩) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মসমূহ অবিতর্ক-অবিচার ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার চ্যুতি-চিত্ত এবং বিতর্ক অবিতর্ক-অবিচার প্রতিসন্ধি-চিত্তের এবং বিতর্কের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত এবং বিতর্ক পঞ্চবিজ্ঞানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ক অবিতর্ক-অবিচার উত্থানের এবং বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দ্বিতীয় ধ্যানের পরিকর্ম এবং বিতর্ক দ্বিতীয় ধ্যানে বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তৃতীয় ধ্যানের পরিকর্ম এবং বিতর্ক... চতুর্থ ধ্যানের পরিকর্ম এবং বিতর্ক... আকাশ-অনন্ত-আয়তনের (আকাশের অনন্ত পরিমাণ আয়তন বা স্থান) পরিকর্ম এবং বিতর্ক...

Visit: http://www.buddhistdownload.com

বিজ্ঞান-অনন্ত-আয়তনের (বিজ্ঞানের বা চেতনাময় জীবের অনন্ত পরিমাণ আয়তন বা স্থান) পরিকর্ম এবং বিতর্ক... আকিঞ্চন-আয়তনের (শূণ্যতার অনন্ত পরিমাণ আয়তন বা স্থান) পরিকর্ম এবং বিতর্ক... নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের (সংজ্ঞা বা চেতনা শক্তি আছেও নয়, না-সংজ্ঞা নেইও নয় এমন অবস্থার আয়তন বা স্থান) পরিকর্ম এবং বিতর্ক... দিব্যচক্ষুর পরিকর্ম এবং বিতর্ক... দিব্যশ্রোত্রের পরিকর্ম এবং বিতর্ক... বিবিধ ঋদ্ধিজ্ঞানের পরিকর্ম এবং বিতর্ক... চিত্তপর্যায়-জ্ঞানের পরিকর্ম এবং বিতর্ক... পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের পরিকর্ম এবং বিতর্ক... যথাকর্মোপগজ্ঞানের পরিকর্ম এবং বিতর্ক... অনাগতভব-জ্ঞানের পরিকর্ম এবং বিতর্ক... গোত্রভূ এবং বিতর্ক অবিতর্ক-অবিচার মার্গের এবং বিচারের... বিশুদ্ধি এবং বিতর্ক অবিতর্ক-অবিচার মার্গের এবং বিচারের... অনুলোম এবং বিতর্ক অবিতর্ক-অবিচার ফল-সমাপত্তির এবং বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২৪) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মসমূহ অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার চ্যুতি-চিত্ত এবং বিতর্ক অবিতর্ক-বিচারমাত্র প্রতিসন্ধি-চিত্তের এবং বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ক অবিতর্ক-বিচারমাত্র উত্থানের এবং বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-অবিচার ধ্যানের পরিকর্ম এবং বিতর্ক অবিতর্ক-বিচারমাত্র ধ্যানের এবং বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গোত্রভূ এবং বিতর্ক অবিতর্ক-বিচারমাত্র মার্গের এবং বিচারের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিশুদ্ধি এবং বিতর্ক অবিতর্ক-বিচারমাত্র মার্গের এবং বিচারের... অনুলোম এবং বিতর্ক অবিতর্ক-বিচারমাত্র ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২৫) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মসমূহ সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ক পরবর্তী পরবর্তী সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহের এবং বিতর্কের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম এবং বিতর্ক গোত্রভূর এবং বিতর্কের... অনুলোম এবং বিতর্ক বিশুদ্ধির এবং বিতর্কের... গোত্রভূ এবং বিতর্ক সবিতর্ক-সবিচার মার্গের এবং বিতর্কের... বিশুদ্ধি এবং বিতর্ক সবিতর্ক-সবিচার মার্গের এবং বিতর্কের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার মার্গ এবং বিতর্ক সবিতর্ক-সবিচার ফলের এবং বিতর্কের... সবিতর্ক-সবিচার ফল এবং বিতর্ক সবিতর্ক-সবিচার ফলের এবং বিতর্কের... অনুলোম এবং বিতর্ক সবিতর্ক-সবিচার ফল-সমাপত্তির এবং বিতর্কের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

সমনন্তর-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-২৫)

৮৪. (১) সবিতর্ক-সবিচার ধর্ম সবিতর্ক-সবিচার ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সমনন্তর-প্রত্যয় অনন্তর-প্রত্যয় সদৃশ। তাই সমনন্তর-প্রত্যয় সম্পর্কে বিস্তারিত জানার জন্য অনন্তর-প্রত্যয় দেখুন)।

সহজাত-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩০)

৮৫. (১) সবিতর্ক-সবিচার ধর্ম সবিতর্ক-সবিচার ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার একটি স্কন্ধ তিনটি স্কন্ধের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিকালে সবিতর্ক-সবিচার একটি স্কন্ধ তিনটি স্কন্ধের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সবিতর্ক-সবিচার ধর্ম অবিতর্ক-বিচারমাত্র ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ বিতর্কের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিকালে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ বিতর্কের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সবিতর্ক-সবিচার ধর্ম অবিতর্ক-অবিচার ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিকালে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ কর্মজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) সবিতর্ক-সবিচার ধর্ম সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-অবিচার ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিকালে সবিতর্ক-সবিচার একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং কর্মজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং কর্মজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) সবিতর্ক-সবিচার ধর্ম অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ বিতর্কের এবং চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিকালে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ বিতর্কের এবং কর্মজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) সবিতর্ক-সবিচার ধর্ম সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মের

Visit: http://www.buddhistdownload.com

সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং বিতর্কের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং বিতর্কের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিকালে...।

(৭) সবিতর্ক-সবিচার ধর্ম সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং বিতর্কের এবং চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং বিতর্কের এবং চিত্তজ-রূপসমূহের... প্রতিসন্ধিকালে...।

৮৬. (৮) অবিতর্ক-বিচারমাত্র ধর্ম অবিতর্ক-বিচারমাত্র ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র একটি স্কন্ধ তিনটি স্কন্ধের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের... প্রতিসন্ধিকালে...।

(৯) অবিতর্ক-বিচারমাত্র ধর্ম সবিতর্ক-সবিচার ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিতর্ক সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিকালে...।

(১০) অবিতর্ক-বিচারমাত্র ধর্ম অবিতর্ক-অবিচার ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ বিচারের এবং চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিতর্ক চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিকালে...।

(১১) অবিতর্ক-বিচারমাত্র ধর্ম সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-অবিচার ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিতর্ক সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিকাল...।

(১২) অবিতর্ক-বিচারমাত্র ধর্ম অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং বিচারের এবং চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিকালে অবিতর্ক-বিচারমাত্র একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং কর্মজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং বিচারের এবং কর্মজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮৭. (১৩) অবিতর্ক-অবিচার ধর্ম অবিতর্ক-অবিচার ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-অবিচার একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের

Visit: http://www.buddhistdownload.com

এবং চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিচার চিত্তজ-রূপসমূহের... প্রতিসন্ধিকালে... অবিতর্ক-অবিচার একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং কর্মজ-রূপসমূহের... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং কর্মজ-রূপসমূহের... বিচার কর্মজ-রূপসমূহের... স্কন্ধসমূহের... বিচার (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের... বিচার (হৃদয়) বাস্তুর... (হৃদয়) বাস্তু বিচারের... একটি মহাভূত তিনটি মহাভূতের... মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের এবং কর্মজ-রূপসমূহের এবং উপাদা-রূপসমূহের... বাহ্যিক... আহারজ... ঋতুজ... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে... মহাভূতসমূহ কমর্জরূপসমূহের এবং উপাদা-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৪) অবিতর্ক-অবিচার ধর্ম সবিতর্ক-সবিচার ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধির সময়ে (হৃদয়) বাস্তু সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৫) অবিতর্ক-অবিচার ধর্ম অবিতর্ক-বিচারমাত্র ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিচার অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বিচার অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধির সময়ে (হৃদয়) বাস্তু বিতর্কের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৬) অবিতর্ক-অবিচার ধর্ম অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিচার অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধির সময়ে বিচার অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের... প্রতিসন্ধির সময়ে (হৃদয়) বাস্তু অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহের এবং বিচারের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৭) অবিতর্ক-অবিচার ধর্ম সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহের এবং বিতর্কের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮৮. (১৮) সবিতর্ক-সবিচার ধর্ম অবিতর্ক-অবিচার ধর্মসমূহ সবিতর্ক-সবিচার ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধির সময়ে সবিতর্ক-সবিচার একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু বিতর্কের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৯) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ অবিতর্ক-বিচারমাত্র ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধির সময়ে সবিতর্ক-সবিচার

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তু বিতর্কের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২০) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ অবিতর্ক-অবিচার ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমুহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধির সময়ে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ কর্মজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২১) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধির সময়ে সবিতর্ক-সবিচার একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের এবং বিতর্কের... দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু দুটি স্কন্ধের এবং বিতর্কের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮৯. (২২) অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ সবিতর্ক-সবিচার ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধির সময়ে বিতর্ক এবং (হৃদয়) বাস্তু সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২৩) অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ অবিতর্ক-বিচারমাত্র ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র একটি স্কন্ধ এবং বিচার তিনটি স্কন্ধের... দুটি স্কন্ধ এবং বিচার দুটি স্কন্ধের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধির সময়ে অবিতর্ক-বিচারমাত্র একটি স্কন্ধ এবং বিচার তিনটি স্কন্ধের... দুটি স্কন্ধ এবং বিচার দুটি স্কন্ধের... প্রতিসন্ধির সময়ে অবিতর্ক-বিচারমাত্র একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২৪) অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ অবিতর্ক-অবিচার ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং বিচার চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের... বিতর্ক এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের... প্রতিসন্ধির সময়ে অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং বিচার কর্মজ-রূপসমূহের... প্রতিসন্ধির সময়ে অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ কর্মজ-রূপসমূহের... প্রতিসন্ধির সময়ে বিতর্ক এবং মহাভূতসমূহ কর্মজ-রূপসমূহের... প্রতিসন্ধিক্ষণে অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তু বিচারের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২৫) অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ অবিতর্ক-

Visit: http://www.buddhistdownload.com

বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র একটি স্কন্ধ এবং বিচার তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ এবং বিচার দুটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধির সময়ে অবিতর্ক-বিচারমাত্র একটি স্কন্ধ এবং বিচার তিনটি স্কন্ধের এবং কর্মজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ... প্রতিসন্ধির সময়ে অবিতর্ক-বিচারমাত্র একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের এবং বিচারের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু দুটি স্কন্ধের এবং বিচারের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৯০. (২৬) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মসমূহ সবিতর্ক-সবিচার ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার একটি স্কন্ধ এবং বিতর্ক তিনটি স্কন্ধের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং বিতর্ক দুটি স্কন্ধের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২৭) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মসমূহ অবিতর্ক-অবিচার ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ক চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২৮) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মসমূহ সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-অবিচার ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার একটি স্কন্ধ এবং বিতর্ক তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং বিতর্ক দুটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধির সময়ে...।

৯১. (২৯) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ সবিতর্ক-সবিচার ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধির সময়ে সবিতর্ক-সবিচার একটি স্কন্ধ এবং বিতর্ক এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং বিতর্ক এবং (হৃদয়) বাস্তু দুটি স্কন্ধের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩০) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ অবিতর্ক-অবিচার ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ক এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধির সময়ে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিচার এবং মহাভূতসমূহ কর্মজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

অন্যোন্য-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-২৮)

৯২. (১) সবিতর্ক-সবিচার ধর্ম সবিতর্ক-সবিচার ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার একটি স্কন্ধ তিনটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে সবিতর্ক-সবিচার একটি স্কন্ধ তিনটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সবিতর্ক-সবিচার ধর্ম অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ বিতর্কের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ বিতর্কের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সবিতর্ক-সবিচার ধর্ম অবিতর্ক-অবিচার ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) সবিতর্ক-সবিচার ধর্ম সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-অবিচার ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে সবিতর্ক-সবিচার একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) সবিতর্ক-সবিচার ধর্ম অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ বিতর্কের এবং (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) সবিতর্ক-সবিচার ধর্ম সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং বিতর্কের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং বিতর্কের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৭) সবিতর্ক-সবিচার ধর্ম সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে সবিতর্ক-সবিচার একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং বিতর্কের এবং (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং বিতর্কের এবং (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৯৩. (৮) অবিতর্ক-বিচারমাত্র অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র একটি স্কন্ধ তিনটি স্কন্ধের অন্যোন্য-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৯) অবিতর্ক-বিচারমাত্র ধর্ম সবিতর্ক-সবিচার ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিতর্ক সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(১০) অবিতর্ক-বিচারমাত্র ধর্ম অবিতর্ক-অবিচার ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ বিচারের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ বিচারের এবং (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বিতর্ক (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১১) অবিতর্ক-বিচারমাত্র ধর্ম সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-অবিচার ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বিতর্ক সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহের এবং (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১২) অবিতর্ক-বিচারমাত্র ধর্ম অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং বিচারের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং বিচারের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে অবিতর্ক-বিচারমাত্র একটি স্কন্ধ তিনটি স্কন্ধ এবং বিচারের এবং (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং বিচারের এবং (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৯৪. (১৩) অবিতর্ক-অবিচার ধর্ম অবিতর্ক-অবিচার ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-অবিচার একটি স্কন্ধ তিনটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে অবিতর্ক-অবিচার একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর... (হৃদয়) বাস্তুর স্কন্ধসমূহের... বিচার (হৃদয়) বাস্তুর স্কন্ধসমূহের... বিচার (হৃদয়) বাস্তুর... একটি মহাভূত তিনটি মহাভূতের... বাহ্যিক... আহারজ... ঋতুজ... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে...।

(১৪) অবিতর্ক-অবিচার ধর্ম সবিতর্ক-সবিচার ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুর সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৫) অবিতর্ক-অবিচার ধর্ম অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের

Visit: http://www.buddhistdownload.com

দ্বারা প্রত্যয় হয়। বিচার অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বিচার অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুর অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু বিতর্কের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৬) অবিতর্ক-অবিচার ধর্ম অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বিচার অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহের এবং (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহের এবং বিচারের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৭) অবিতর্ক-অবিচার ধর্ম সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহের এবং বিতর্কের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৯৫. (১৮) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ সবিতর্ক-সবিচার ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে সবিতর্ক-সবিচার একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের... দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু দুটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৯) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তু বিতর্কের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২০) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে সবিতর্ক-সবিচার একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের এবং বিতর্কের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু দুটি স্কন্ধের এবং বিতর্কের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৯৬. (২১) অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ সবিতর্ক-সবিচার ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বিতর্ক এবং (হৃদয়) বাস্তু সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২২) অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ অবিতর্ক-বিচারমাত্র ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অবিতর্ক-বিচারমাত্র একটি স্কন্ধ এবং বিচার তিনটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং বিচার দুটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে অবিতর্ক-বিচারমাত্র একটি স্কন্ধ এবং বিচার এবং (হৃদয়) বাস্তু

Visit: http://www.buddhistdownload.com

তিনটি স্কন্ধের... দুটি স্কন্ধ এবং বিচার এবং (হৃদয়) বাস্তু দুটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২৩) অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ অবিতর্ক-অবিচার ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং বিচার (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে অবিতর্ক-বিচারমাত্র স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তু বিচারের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২৪) অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে অবিতর্ক-বিচারমাত্র একটি স্কন্ধ এবং বিচার তিনটি স্কন্ধের এবং (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং বিচার দুটি স্কন্ধের এবং (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে অবিতর্ক-বিচারমাত্র একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের এবং বিচারের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু দুটি স্কন্ধের এবং বিচারের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৯৭. (২৫) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র ধর্মসমূহ সবিতর্ক-সবিচার ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সবিতর্ক-সবিচার একটি স্কন্ধ এবং বিতর্ক তিনটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং বিতর্ক দুটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২৬) সবিতর্ক-সবিচার এবং অবিচার-বিচারমাত্র ধর্মসমূহ অবিতর্ক-অবিচার ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে সবিতর্ক-সবিচার স্কন্ধসমূহ এবং বিতর্ক (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২৭) সবিতর্ক-সবিচার এবং অবিচার-বিচারমাত্র ধর্মসমূহ সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-অবিচার ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে সবিতর্ক-সবিচার একটি স্কন্ধ এবং বিতর্ক তিনটি স্কন্ধের এবং (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ এবং বিতর্ক দুটি স্কন্ধের এবং (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২৮) সবিতর্ক-সবিচার এবং অবিতর্ক-বিচারমাত্র এবং অবিতর্ক-অবিচার ধর্মসমূহ সবিতর্ক-সবিচার ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে সবিতর্ক-সবিচার একটি স্কন্ধ এবং বিতর্ক এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ এবং বিতর্ক এবং (হৃদয়) বাস্তু একটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ এবং বিতর্ক এবং (হৃদয়) বাস্তু দুটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

১১০. (৯) না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১০) না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১১) না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১২) না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৩) না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১১১. (১৪) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(এখানে সহজাত, পূর্বজাত মিশ্রিত আছে, পালিতে করণীয়। গণনায় ধারণ বা গ্রহণপূর্বক গণনা করা কর্তব্য)।

(১৫) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার, ইন্দ্রিয়।

(এখানে আলম্বন-প্রত্যয় এবং উপনিশ্রয়-প্রত্যয় আছে, পালিতে নেই। গণনার নিয়মেই ধারণ বা গ্রহণপূর্বক গণনা করতে হবে)।

(১৬) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(এখানে "সহজাত" এবং "পূর্বজাত" যা মিশ্র প্রশ্ন আছে, পালিতে করতে হবে)।

১১২. (১৭) ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৮) ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(এখানে "সহজাত" এবং "পূর্বজাত" যা মিশ্র প্রশ্ন আছে)।

(১৯) ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার, ইন্দ্রিয়

Visit: http://www.buddhistdownload.com

(এখানেও আলম্বন এবং উপনিশ্রয় আছে)।

(২০) ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২১) ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মসমূহ ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক এবং না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(এখানেও সহজাত এবং পূর্বজাত আছে। যেসব প্রশ্ন সেখানে লিখিত হয়নি, সেগুলো পালিতে গণনার জন্য অক্ষর বা ব্যঞ্জনে তদনুরূপ হয় না। সেগুলো পালিতে লিখিত না হলেও গণনায় প্রকাশিত হয়। যদি সংশয় উৎপন্ন হয়, তাহলে অনুলোমে অস্তি-প্রত্যয়ে বিবেচনা করতে হবে)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১১৩. না-হেতুতে একুশ, না-আলম্বনে, না-অধিপতিতে, না-অনন্তরে, না-সমনন্তরে, না-সহজাতে, না-অন্যোন্যে, না-নিশ্রয়ে, না-উপনিশ্রয়ে, না-পূর্বজাতে, না-পশ্চাজ্জাতে, না-আসেবনে, না-কর্মে, না-বিপাকে, না-আহারে, না-ইন্দ্রিয়ে, না-ধ্যানে, না-মার্গে, না-সম্প্রযুক্তে, না-বিপ্রযুক্তে, না-অস্তিতে, না-নাস্তিতে, না-বিগতে, না-অবিগতে একুশ।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা কর্তব্য)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

১১৪. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে এগারো, না-অধিপতিতে, না-অনন্তরে, না-সমনন্তরে, না-সহজাতে এগারো, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে, না-পূর্বজাতে, না-পশ্চাজ্জাতে, না-আসেবনে, না-কর্মে, না-বিপাকে, না-আহারে, না-ইন্দ্রিয়ে, না-ধ্যানে, না-মার্গে এগারো, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে পাঁচ, না-নাস্তিতে এগারো, না-বিগতে এগারো।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা কর্তব্য)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

১১৫. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে একুশ, অধিপতিতে দশ, অনন্তরে সতেরো, সমনন্তরে সতেরো, সহজাতে সতেরো, অন্যোন্যে এগারো, নিশ্রয়ে সতেরো, উপনিশ্রয়ে একুশ, পূর্বজাতে পাঁচ, পশ্চাজ্জাতে পাঁচ, আসেবনে সতেরো, কর্মে সাত, বিপাকে এক, আহারে সাত, ইন্দ্রিয়ে সাত, ধ্যানে সাত, মার্গে সাত, সম্প্রযুক্তে এগারো, বিপ্রযুক্তে নয়, অস্তিতে সতেরো, নাস্তিতে সতেরো, বিগতে সতেরো, অবিগতে সতেরো।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা কর্তব্য)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[প্রশ্নবার সমাপ্ত]

[দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুকত্রিক (এখানে) সমাপ্ত হলো]

১০. আচয়গামীত্রিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১. (১) আচয়গামী[১] (পুনঃপুন জন্ম-মৃত্যুতে আবর্তনশীল) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনের সময়ে) আচয়গামী একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(২) আচয়গামী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী[২] (আচয়গামীও নহে অর্থাৎ পুনঃপুন জন্ম-মৃত্যুতে আবর্তনশীল নহে এবং অপচয়গামীও নহে অর্থাৎ নির্বাণ পথে প্রবর্তনশীল নহে) ধর্ম উৎপন্ন হয়। আচয়গামী স্কন্ধমসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) আচয়গামী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মসমূহ উৎপন্ন হয়। আচয়গামী একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি

---

[১]। ১২ অকুশল চিত্ত, ১৭ লোকীয় কুশল চিত্ত এবং তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক—আচয়গামী অর্থাৎ পুনঃপুন জন্ম-মৃত্যুতে আবর্তনশীল ধর্ম।

[২]। ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ এবং নির্বাণ—না-আচয়গামী-না-অপচয়গামী অর্থাৎ আচয়গামীও নহে বা পুনঃপুন জন্ম-মৃত্যুতে আবর্তনশীল নহে এবং অপচয়গামীও নহে বা নির্বাণপথে প্রবর্তনশীলও নহে ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

২. (৪) অপচয়গামী[১] (নির্বাণ পথে প্রবর্তনশীল) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। অপচয়গামী একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(৫) অপচয়গামী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। অপচয়গামী স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৬) অপচয়গামী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অপচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মসমূহ উৎপন্ন হয়। অপচয়গামী একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

৩. (৭) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। না-আচয়গামী-না-অপচয়গামী একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে না-আচয়গামী-না-অপচয়গামী একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়... দুটি মহাভূত ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৮) আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে ভিত্তি করে না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। আচয়গামী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৯) অপচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। অপচয়গামী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

আলম্বন-প্রত্যয় (৩)

---

[১]। ৪ মার্গচিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক—অপচয়গামী অর্থাৎ নির্বাণপথে প্রবর্তনশীল ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

৪. (১) আচয়গামী ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। আচয়গামী একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) অপচয়গামী ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। অপচয়গামী একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৩) না-অপচয়গামী-না-অপচয়গামী ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। না-আচয়গামী-না-অপচয়গামী একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে না-আচয়গামী-না-অপচয়গামী একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়... (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (৯)

৫. (১-৩) আচয়গামী ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪-৬) অপচয়গামী ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৭) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে ভিত্তি করে (অধিপতি-প্রত্যয় দ্বারা) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম... একটি (প্রতিসন্ধি নেই)...। একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৮) আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। আচয়গামী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৯) অপচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। অপচয়গামী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয় প্রভৃতি

৬. আচয়গামী ধর্মকে ভিত্তি করে অনন্তর-প্রত্যয় দ্বারা... সমনন্তর-প্রত্যয় দ্বারা... সহজাত-প্রত্যয় দ্বারা (সমস্তকেই মহাভূত করণীয়)... অন্যোন্য-প্রত্যয়

Visit: http://www.buddhistdownload.com

দ্বারা (চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ নেই)... নিশ্রয়-প্রত্যয় দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... পূর্বজাত-প্রত্যয় দ্বারা... আসেবন-প্রত্যয় দ্বারা... কর্ম-প্রত্যয় দ্বারা... বিপাক-প্রত্যয় দ্বারা... আহার-প্রত্যয় দ্বারা... ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা... ধ্যান-প্রত্যয় দ্বারা... মার্গ-প্রত্যয় দ্বারা... সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা... বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা... অস্তি-প্রত্যয় দ্বারা... নাস্তি-প্রত্যয় দ্বারা... বিগত-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়...।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৭. হেতুতে নয়, আলম্বনে তিন, অধিপতিতে নয়, অন্যোন্যে তিন, সমনন্তরে তিন, সহজাতে নয়, অন্যোন্যে তিন, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে তিন, আসেবনে তিন, কর্মে নয়, বিপাকে এক, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, অস্তিতে নয়, নাস্তিতে তিন, বিগতে তিন, অবিগতে নয়।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করতে হবে)

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (২)

৮. (১) আচয়গামী ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। না-আচয়গামী-না-অপচয়গামী একটি অহেতুক (লোভাদি ছয় হেতু-বিরহিত) স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... বাহ্যিক... আহার-সমুত্থিত... ঋতু-সমুত্থিত... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে...।

না-আলম্বন-প্রত্যয় (৫)

৯. (১) আচয়গামী ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। আচয়গামী স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(২) অপচয়গামী ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-আচয়গামী - না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। অপচয়গামী স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-

Visit: http://www.buddhistdownload.com

সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু... একটি মহাভূতকে... বাহ্যিক... আহার-সমুত্থিত... ঋতু-সমুত্থিত... অসংজ্ঞসত্ত্বগণের...।

(৪) আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। আচয়গামী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৫) অপচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। অপচয়গামী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

না-অধিপতি-প্রত্যয় (৬)

১০. (১-৩) আচয়গামী ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪) অপচয়গামী ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। অপচয়গামী স্কন্ধসমূহকে ভিত্তি করে অপচয়গামী-অধিপতি উৎপন্ন হয়।

(৫) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে ভিত্তি করে না-আধিপতি-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। না-আচয়গামী ধর্ম একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... বাহ্যিক... আহার-সমুত্থিত... ঋতু-সমুত্থিত... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে...।

(৬) আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। আচয়গামী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

না-অনন্তর-প্রত্যয় প্রভৃতি

১১. আচয়গামী ধর্মকে ভিত্তি করে না-অনন্তর-প্রত্যয় দ্বারা... না-সমনন্তর-প্রত্যয় দ্বারা... না-অন্যোন্য-প্রত্যয় দ্বারা... না-উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা (কুশলত্রিক সদৃশ, সাতটি প্রশ্ন হবে)... না-পশ্চাজ্জাত-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়।

না-আসেবন-প্রত্যয় (৭)

১২. (১-৩) আচয়গামী ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪) অপচয়গামী ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা না-আচয়গামী না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। অপচয়গামী স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৫) না-অচয়গামী-না-অপচয়গামী ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। (একটি প্রশ্ন হবে, সকল মহাভূত করণীয়)।

(৬) আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। আচয়গামী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৭) অপচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। অপচয়গামী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

না-কর্ম-প্রত্যয় (৩)

১৩. (১) আচয়গামী ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। আচয়গামী স্কন্ধসমূহকে ভিত্তি করে আচয়গামী চেতনা উৎপন্ন হয়।

(২) অপচয়গামী ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। অপচয়গামী স্কন্ধসমূহকে ভিত্তি করে অপচয়গামী চেতনা উৎপন্ন হয়।

(৩) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহকে ভিত্তি করে না-আচয়গামী-না-অপচয়গামী চেতনা উৎপন্ন হয়। বাহ্যিক... আহার-সমুত্থিত... ঋতু-সমুত্থিত... একটি মহাভূতকে...।

না-বিপাক-প্রত্যয় প্রভৃতি

১৪. আচয়গামী ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা (পরিপূর্ণ, প্রতিসন্ধি নেই)... না-আহার-প্রত্যয় দ্বারা... না-ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা... না-ধ্যান-প্রত্যয় দ্বারা... না-মার্গ-প্রত্যয় দ্বারা... না-সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা... না-বিপ্রযুক্ত-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় দ্বারা (তিন)... না-নাস্তি-প্রত্যয় দ্বারা... না-বিগত-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৫. না-হেতুতে দুই, না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে ছয়, না-অনন্তরে পাঁচ, না-সমনন্তরে পাঁচ, না-অন্যোন্যে পাঁচ, না-উপনিশ্রয়ে পাঁচ, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে সাত, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে পাঁচ, না-বিগতে পাঁচ।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা কর্তব্য)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

১৬. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে ছয়, না-অনন্তরে পাঁচ, না-সমনন্তরে পাঁচ, না-অন্যোন্যে পাঁচ, না-উপনিশ্রয়ে পাঁচ, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে সাত, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে পাঁচ, না-বিগতে পাঁচ।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা কর্তব্য)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

১৭. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অনন্তরে দুই, সমনন্তরে দুই, সহজাতে দুই, অন্যোন্যে, নিশ্রয়ে, উপনিশ্রয়ে, পূর্বজাতে, আসেবনে, কর্মে দুই, বিপাকে এক, আহারে দুই, ইন্দ্রিয়ে দুই, ধ্যানে দুই, মার্গে এক, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে, অস্তিতে, নাস্তিতে, বিগতে, অবিগতে দুই।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা কর্তব্য)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[প্রতীত্যবার (এখানে) সমাপ্ত]

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ বিস্তারিত জ্ঞাতব্য)।

Visit: http://www.buddhistdownload.com

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১.বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (১৭)

১৮. (১) আচয়গামী (পুনর্জন্মের সঞ্চয়কারী) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। আচয়গামী একটি স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে আশ্রয় করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(২) আচয়গামী ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। আচয়গামী স্কন্ধসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) আচয়গামী ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মসমূহ উৎপন্ন হয়। আচয়গামী একটি স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে...।

(৪-৬) অপচয়গামী (পুনর্জন্মের ক্ষয়কারী) ধর্মকে আশ্রয় করে (হেতু-প্রত্যয় দ্বারা) অপচয়গামী ধর্ম... (তিন)।

১৯. (৭) না-আচয়গামী-না-অপচয়গামী (পুনর্জন্মের সঞ্চয়কারীও নহে এবং পুনর্জন্মের ক্ষয়কারীও নহে) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। না-আচয়গামী-না-অপচয়গামী একটি স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে আশ্রয় করে (হৃদয়) বাস্তু (চিত্ত-চৈতসিকের নিবাসস্থান) উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে আশ্রয় করে... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৮) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে আচয়গামী স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৯) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অপচয়গামী স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(১০) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে আচয়গামী স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(১১) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

অপচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অপচয়গামী স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

২০. (১২) আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। আচয়গামী একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(১৩) আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। আচয়গামী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(১৪) আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মসমূহ উৎপন্ন হয়। আচয়গামী একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... আচয়গামী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(১৫-১৭) অপচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে (হেতু-প্রত্যয় দ্বারা) অপচয়গামী ধর্ম... (তিন)।

আলম্বন-প্রত্যয় (৭)

২১. (১) আচয়গামী ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। আচয়গামী একটি স্কন্ধকে আশ্রয় করে...।

(২) অপচয়গামী ধর্মকে আশ্রয় করে (আলম্বন-প্রত্যয় দ্বারা) অপচয়গামী ধর্ম... (এক)।

(৩) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়... না-আচয়গামী-না-অপচয়গামী একটি স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-বিজ্ঞানকে আশ্রয় করে কায়-বিজ্ঞান উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৪) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে আচয়গামী স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অপচয়গামী স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৬) আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। আচয়গামী একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৭) অপচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। অপচয়গামী একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

অধিপতি-প্রত্যয় (১৭)

২২. (১-৩) আচয়গামী আশ্রয় করে অধিপতি-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪-৬) অপচয়গামী ধর্মকে আশ্রয় করে (অধিপতি-প্রত্যয় দ্বারা) অপচয়গামী ধর্ম... (তিন)।

(৭) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে (অধিপতি-প্রত্যয় দ্বারা) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম... একটি... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৮) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে (অধিপতি-প্রত্যয় দ্বারা) আচয়গামী ধর্ম...। (এইস্থলে হেতু-প্রত্যয় সদৃশ বিস্তারিত জানতে হবে)।

অনন্তর-প্রত্যয় প্রভৃতি

২৩. (১-৩) আচয়গামী ধর্মকে আশ্রয় করে অনন্তর-প্রত্যয় দ্বারা... সমনন্তর-প্রত্যয় দ্বারা... সহজাত-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪-৬) অপচয়গামী ধর্মকে আশ্রয় করে (সহজাত-প্রত্যয় দ্বারা) অপচয়গামী ধর্ম... (তিন)।

(৭) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে সহজাত-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। না-আচয়গামী-না-অপচয়গামী একটি স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধি গ্রহণক্ষণে... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে... চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে...।

(৮) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে সহজাত-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত, সমস্ত ঘটনা করণীয়)।

অন্যোন্য-প্রত্যয় প্রভৃতি

২৪. অপচয়গামী ধর্মকে আশ্রয় করে অন্যোন্য-প্রত্যয় দ্বারা... নিশ্রয়-প্রত্যয়

Visit: http://www.buddhistdownload.com

দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... পূর্বজাত-প্রত্যয় দ্বারা... আসেবন-প্রত্যয় দ্বারা... কর্ম-প্রত্যয় দ্বারা... বিপাক-প্রত্যয় দ্বারা... আহার-প্রত্যয় দ্বারা... ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা... ধ্যান-প্রত্যয় দ্বারা... মার্গ-প্রত্যয় দ্বারা... সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা... বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা... অস্তি-প্রত্যয় দ্বারা... নাস্তি-প্রত্যয় দ্বারা... বিগত-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

২৫. হেতুতে সতেরো, আলম্বনে সাত, অধিপতিতে সতেরো, অনন্তরে সাত, সমনন্তরে সাত, সহজাতে সতেরো, অন্যোন্যে সাত, নিশ্রয়ে সতেরো, উপনিশ্রয়ে সাত, পূর্বজাতে সাত, আসেবনে সাত, কর্মে সতেরো, বিপাকে এক, আহারে সতেরো, ইন্দ্রিয়ে, ধ্যানে, মার্গে সতেরো, নাস্তিতে সাত, বিগতে সাত, অবিগতে সতেরো।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করতে হবে)।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৪)

২৬. (১) আচয়গামী ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপয়গামী ধর্ম উৎপন্ন হয়। না-আচয়গামী-না-অপচয়গামী একটি অহেতুক স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে... চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৪) আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত এবং

Visit: http://www.buddhistdownload.com

ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

না-আলম্বন-প্রত্যয় (৫)

২৭. (১) আচয়গামী ধর্মকে আশ্রয় করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত। প্রতীত্যবারে না-আলম্বন-প্রত্যয় সদৃশ জ্ঞাতব্য)।

না-অধিপতি-প্রত্যয় (১২)

২৮. (১-৩) আচয়গামী ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪) অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। অপচয়গামী স্কন্ধসমূহকে আশ্রয় করে অপচয়গামী-অধিপতি উৎপন্ন হয়।

(৫) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়... অসংজ্ঞসত্ত্বগণের... চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) না-আচয়গমী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে আচয়গামী স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৭) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অপচয়গামী-অধিপতি উৎপন্ন হয়।

(৮) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মসমূহ উৎপন্ন হয়।

(হৃদয়) বাস্তুকে আশ্রয় করে আচয়গামী স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

২৯. (৯) আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। আচয়গামী একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ...।

(১০) আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। আচয়গামী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হয়।

(১১) আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মসমূহ উৎপন্ন হয়। আচয়গামী একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... আচয়গামী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(১২) অপচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। অপচয়গামী স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অপচয়গামী-অধিপতি উৎপন্ন হয়।

না-অনন্তর-প্রত্যয় প্রভৃতি

৩০.... না-অনন্তর-প্রত্যয় দ্বারা... না-সমনন্তর-প্রত্যয় দ্বারা... না-অন্যোন্য-প্রত্যয় দ্বারা... না-উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা (প্রতীত্যবার সদৃশ করা উচিত, সাতটি প্রশ্ন করতে হবে)... না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা... (পরিপূর্ণ করা কর্তব্য)।

না-আসেবন-প্রত্যয় (১১)

৩১. (১-৩) আচয়গামী ধর্মকে আশ্রয় করে না-আসেবন-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪) অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-আসেবন-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। অপচয়গামী স্কন্ধসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৫) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-আসেবন-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। অসংজ্ঞসত্ত্বগণের... চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-আসেবন-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে আচয়গামী স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৭) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-আসেবন-প্রত্যয় দ্বারা আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে আচয়গামী স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৮) আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-আসেবন-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। আচয়গামী একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ...।

(৯) আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-আসেবন-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। আচয়গামী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(১০) আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-আসেবন-প্রত্যয় দ্বারা আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মসমূহ উৎপন্ন হয়। আচয়গামী একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... আচয়গামী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(১১) অপচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-আসেবন-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। অপচয়গামী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

না-কর্ম-প্রত্যয় (৭)

৩২. (১) আচয়গামী ধর্মকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। আচয়গামী স্কন্ধসমূহকে আশ্রয় করে আচয়গামী চেতনা উৎপন্ন হয়।

(২) অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। অপচয়গামী স্কন্ধসমূহকে আশ্রয় করে অপচয়গামী চেতনা উৎপন্ন হয়।

(৩) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহকে আশ্রয় করে না-আচয়গামী-না-অপচয়গামী চেতনা উৎপন্ন হয়। বাহ্যিক... আহার-সমুত্থিত... ঋতু-সমুত্থিত... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-আচয়গামী-না-অপচয়গামী চেতনা উৎপন্ন হয়।

(৪) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে আচয়গামী চেতনা উৎপন্ন হয়।

(৫) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অপচয়গামী চেতনা

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হয়।

(৬) আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। আচয়গামী স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে আচয়গামী চেতনা উৎপন্ন হয়।

(৭) অপচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। অপচয়গামী স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অপচয়গামী চেতনা উৎপন্ন হয়।

না-বিপাক-প্রত্যয় প্রভৃতি

৩৩. আচয়গামী ধর্মকে আশ্রয় করে না-বিপাক-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয় (পরিপূর্ণ করণীয়, প্রতিসন্ধিক্ষণে নেই)। না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে আশ্রয় করে না-আহার-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক... ঋতু-সমুত্থিত... অসংজ্ঞসত্ত্বগণের... না-ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা...। বাহ্যিক... আহার-সমুত্থিত... ঋতু-সমুত্থিত... অসংজ্ঞসত্ত্বগণের... মহাভূতসমূহকে আশ্রয় করে রূপ-জীবিত-ইন্দ্রিয়... না-ধ্যান-প্রত্যয় দ্বারা...। পঞ্চবিজ্ঞান... বাহ্যিক... আহার-সমুত্থিত... ঋতু-সমুত্থিত... অসংজ্ঞসত্ত্বগণের... চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান উৎপন্ন হয়... না-মার্গ-প্রত্যয় দ্বারা...। অহেতুক না-আচয়গামী-না-অপচয়গামী... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে... চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক না-আচয়গামী-না-অপচয়গামী... না-সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা... না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা (প্রতীত্যবার সদৃশ করণীয়, তিন)... না-নাস্তি-প্রত্যয় দ্বারা... না-বিগত-প্রত্যয় দ্বারা...।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৩৪. না-হেতুতে চার, না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে বার, না-অনন্তরে পাঁচ, না-সমনন্তরে, না-অন্যোন্যে, না-উপনিশ্রয়ে পাঁচ, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে সতেরো, না-আসেবনে এগারো, না-কর্মে সাত, না-বিপাকে সতেরো, না-আহারে, না-ইন্দ্রিয়ে, না-ধ্যানে, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে পাঁচ, না-বিগতে পাঁচ।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[প্রতিলোম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

১৬. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে বার, না-অনন্তরে, না-সমনন্তরে, না-অন্যোন্যে, না-উপনিশ্রয়ে পাঁচ, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে সতেরো, না-আসেবনে এগারো, না-কর্মে সাত, না-বিপাকে সতেরো, না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে পাঁচ, না-বিগতে পাঁচ।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

৩৬. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে চার, অনন্তরে, সমনন্তরে, সহজাতে, অন্যোন্যে, নিশ্রয়ে, উপনিশ্রয়ে, পূর্বজাতে, আসেবনে, কর্মে চার, বিপাকে এক, আহারে চার, ইন্দ্রিয়ে, ধ্যানে চার, মার্গে তিন, সম্প্রযুক্তে, বিপ্রযুক্তে, অস্তিতে, নাস্তিতে, বিগতে, অবিগতে চার।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[প্রত্যয়বার (এখানে) সমাপ্ত হলো]

৪. নিশ্রয়বার

(নিশ্রয়বার প্রত্যয়বার সদৃশ বিস্তারিত জ্ঞাতব্য)।

৫. সংশ্লিষ্টবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৩)

৩৭. (১) আচয়গামী ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। আচয়গামী একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(২) অপচয়গামী ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। অপচয়গামী একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

(৩) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। না-আচয়গামী-না-অপচয়গামী একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...

Visit: http://www.buddhistdownload.com

প্রতিসন্ধিক্ষণে...।

আলম্বন-প্রত্যয় প্রভৃতি

৩৮. আচয়গামী ধর্মকে সংশ্লিষ্ট করে আলম্বন-প্রত্যয় দ্বারা... অধিপতি-প্রত্যয় দ্বারা... অনন্তর-প্রত্যয় দ্বারা... সমনন্তর-প্রত্যয় দ্বারা... সহজাত-প্রত্যয় দ্বারা... অন্যোন্য-প্রত্যয় দ্বারা... নিশ্রয়-প্রত্যয় দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... পূর্বজাত-প্রত্যয় দ্বারা... আসেবন-প্রত্যয় দ্বারা... কর্ম-প্রত্যয় দ্বারা... বিপাক-প্রত্যয় দ্বারা... আহার-প্রত্যয় দ্বারা... ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা... ধ্যান-প্রত্যয় দ্বারা... মার্গ-প্রত্যয় দ্বারা... সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা... বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা... অস্তি-প্রত্যয় দ্বারা... নাস্তি-প্রত্যয় দ্বারা... বিগত-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৩৯. হেতুতে তিন, আলম্বনে, অধিপতিতে, অনন্তরে, সমনন্তরে, সহজাতে, অন্যোন্যে, নিশ্রয়ে, উপনিশ্রয়ে, পূর্বজাতে, আসেবনে, কর্মে পর্যন্ত সর্বত্র তিন, বিপাকে এক, আহারে তিন, ইন্দ্রিয়ে, ধ্যানে, মার্গে, সম্প্রযুক্তে, বিপ্রযুক্তে, অস্তিতে, নাস্তিতে, বিগতে, অবিগতে তিন।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১.বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (২)

৪০. (১) আচয়গামী ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। না-আচয়গামী-না-অপচয়গামী একটি অহেতুক স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে...।

না-অধিপতি-প্রত্যয় প্রভৃতি

৪১. (১) আচয়গামী ধর্মকে সংশ্লিষ্ট করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা... না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা... না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা... না-আসেবন-প্রত্যয় দ্বারা আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। আচয়গামী একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মকে সংশ্লিষ্ট করে না-আসেবন-প্রত্যয় দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। না-আচয়গামী-না-অপচয়গামী একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে... প্রতিসন্ধিক্ষণে... না-কর্ম-প্রত্যয় দ্বারা... না-বিপাক-প্রত্যয় দ্বারা... না-ধ্যান-প্রত্যয় দ্বারা... না-মার্গ-প্রত্যয় দ্বারা... না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা...।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৪২. না-হেতুতে দুই, না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে দুই, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে তিন।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৪৩. হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে দুই, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-বিপ্রযুক্তে তিন।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৪৪. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অনন্তরে, সমনন্তরে, সহজাতে, অন্যোন্যে, নিশ্রয়ে, উপনিশ্রয়ে, পূর্বজাতে, আসেবনে, কর্মে সর্বত্র দুই, বিপাকে এক, আহারে দুই, ইন্দ্রিয়ে দুই, ধ্যানে দুই, মার্গে এক, সম্প্রযুক্তে, বিপ্রযুক্তে, অস্তিতে, নাস্তিতে, বিগতে, অবিগতে দুই। (অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[সংশ্লিষ্টবার (এখানে) সমাপ্ত হলো]

৬. সম্প্রযুক্তবার

(সম্প্রযুক্তবার সংশ্লিষ্টবার সদৃশ বিস্তারিত জানতে হবে)।

Visit: http://www.buddhistdownload.com

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৭)

৪৫. (১) আচয়গামী (পুনর্জন্মের হেতু সঞ্চয়কারী) ধর্ম আচয়গামী ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আচয়গামী হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আচয়গামী হেতুসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) আচয়গামী ধর্ম আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আচয়গামী হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪-৬) অপচয়গামী (বিমুক্তিদায়ক বা পুনর্জন্মের রোধকারী) ধর্ম অপচয়গামী ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৭) না-আচয়গামী-না-অপচয়গামী (পুনর্জন্মের হেতু সঞ্চয়শীলও নয় এবং পুনর্জন্মের রোধকারীও নয়) ধর্ম না-আচয়গামী-না-অপচয়গমী ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-আচয়গামী-না-অপচয়গামী হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধি গ্রহণক্ষণে না-আচয়গামী-না-আপচয়গামী হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৭)

৪৬. (১) আচয়গামী ধর্ম আচয়গামী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ব্যক্তি) দান দিয়ে, শীল পালন করে, উপোসথকর্ম সম্পাদন করে এগুলোকেই প্রত্যবেক্ষণ করেন। পূর্বকৃত সুকর্মসমূহ প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকেই প্রত্যবেক্ষণ করেন। আবার শৈক্ষ্যগণ (শিশিক্ষু বা শিক্ষানবিশ) পরিত্যক্ত ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, অপরিত্যক্ত ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে জানেন। শৈক্ষ্যগণ বা পৃথগ্‌জনেরা আচয়গামী স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে বিশেষভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। এটিকেই ভিত্তি করে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি... বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা আচয়গামী চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন কুশল (ধ্যান-চিত্ত) বিজ্ঞান-অনন্ত-আয়তন কুশলের (ধ্যান-চিত্তের) আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আকিঞ্চন-আয়তন কুশল নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন কুশলের... আচয়গামী স্কন্ধসমূহ বিবিধ

Visit: http://www.buddhistdownload.com

ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ক্ষীণাসব অর্হৎগণ পরিত্যক্ত ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে জানেন। আচয়গামী স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে বিশেষভাবে অবলোকন করেন, চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা আচয়গামী (১২ অকুশল ও ১৭ লোকীয় কুশল) চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। শৈক্ষ্যগণ বা পৃথগ্জনেরা আচয়গামী স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে বিশেষভাবে অবলোকন করেন, কুশলসমূহ নিরুদ্ধ হলে পরে (সেই জবনের আশু বিপাক স্বরূপ) বিপাক তদ্-আলম্বনতা (জবন গৃহীত আলম্বনের পুনরালোচনা) উৎপন্ন হয়। আচয়গামী স্কন্ধসমূহকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। এটিকেই ভিত্তি করে রাগ উৎপন্ন হয়... দৃষ্টি... বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। অকুশল চিত্তসমূহ নিরুদ্ধ হলে পরে (সেই জবনের আশু বিপাক স্বরূপ) বিপাক তদ্-আলম্বনতা উৎপন্ন হয়। আকাশ-অনন্ত-আয়তন কুশল বিজ্ঞান-অনন্ত-আয়তন বিপাক এবং ক্রিয়ার আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আকিঞ্চন-আয়তন কুশল নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন বিপাকের এবং ক্রিয়ার আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আচয়গামী স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৭. (৩) অপচয়গামী ধর্ম আচয়গামী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শৈক্ষ্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকেই প্রত্যবেক্ষণ করেন, চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা অপচয়গামী (৪ মার্গ-চিত্ত) চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। অপচয়গামী স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অপচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ক্ষীণাসব অর্হৎগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকেই প্রত্যবেক্ষণ করেন, চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা অপচয়গামী চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। অপচয়গামী স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৮. (৫) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অর্হৎগণ (মার্গ) ফলকে প্রত্যবেক্ষণ

Visit: http://www.buddhistdownload.com

করেন, নির্বাণকে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ (মার্গ) ফলের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অর্হৎ চক্ষুকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে বিশেষভাবে অবলোকন করেন। (তদ্রূপ) শ্রোত্রকে... (হৃদয়) বাস্তুকে না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে বিশেষভাবে অবলোকন করেন। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী (৩৬ বিপাক ও ২০ ক্রিয়া) চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন ক্রিয়া বিজ্ঞান-অনন্ত-আয়তন ক্রিয়ার আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আকিঞ্চন-আয়তন ক্রিয়া নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন ক্রিয়ার... রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম আচয়গামী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শৈক্ষ্যগণ ফলকে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শৈক্ষ্যগণ বা পৃথগ্‌জনেরা চক্ষুকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে বিশেষভাবে অবলোকন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। এটিকেই ভিত্তি করে রাগ উৎপন্ন হয়... দৃষ্টি... বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। (তদ্রূপ) শ্রোত্রকে... (হৃদয়) বাস্তুকে... না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে বিশেষভাবে অবলোকন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। এটিকেই ভিত্তি করে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়, বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য... দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা না-আচয়গামী-না-অপচয়গামী চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম অপচয়গামী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নির্বাণ মার্গের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অধিপতি-প্রত্যয় (১০)

৪৯. (১) আচয়গামী ধর্ম আচয়গামী ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল পালন করে, উপোসথকর্ম সম্পাদন করে

Visit: http://www.buddhistdownload.com

এগুলোকেই প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। পূর্বে তিনি যে-সমস্ত কুশলকর্ম সম্পন্ন করেছিলেন সে-সমস্ত কুশলকর্মসমূহকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকেই প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। আচয়গামী স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়াতে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** আচয়গামী-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** আচয়গামী-অধিপতি চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) আচয়গামী ধর্ম আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** আচয়গামী-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৫০. (৪) অপচয়গামী ধর্ম অপচয়গামী ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অপচয়গামী-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অপচয়গামী ধর্ম আচয়গামী ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** শৈক্ষ্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকেই প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন।

(৬) অপচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** অর্হৎগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকেই প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। **সহজাত-অধিপতি :** অপচয়গামী-অধিপতি চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অপচয়গামী ধর্ম অপচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অপচয়গামী-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৫১. (৮) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** অর্হৎগণ ফলকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :**

Visit: http://www.buddhistdownload.com

না-আচয়গামী-না-অপচয়গামী-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম আচয়গামী ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** শৈক্ষ্যগণ ফলকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষুকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন... (হৃদয়) বাস্তুকে... না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়াতে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়।

(১০) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম অপচয়গামী ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** নির্বাণ মার্গের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অনন্তর-প্রত্যয় (৬)

৫২. (১) আচয়গামী ধর্ম আচয়গামী ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব আচয়গামী স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী আচয়গামী স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর... অনুলোম বিশুদ্ধির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আচয়গামী ধর্ম অপচয়গামী ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গোত্রভূ মার্গের... বিশুদ্ধি মার্গের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) আচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আচয়গামী স্কন্ধসমূহ উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শৈক্ষগণের অনুলোম ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নিরোধসমাপত্তি হতে উত্থানরত যোগীর নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-কুশল ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অপচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মার্গ ফলের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ভবাঙ্গ (প্রভাস্বর চিত্তপ্রবাহ বা সন্ততি) আবর্তন-চিত্তের... ক্রিয়া (চিত্ত) উত্থানের... অর্হতের অনুলোম-জ্ঞান ফল-সমাপত্তির... নিরোধসমাপত্তি হতে উত্থানরত যোগীর নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন-ক্রিয়া ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৬) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম আচয়গামী ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত আচয়গামী স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

সমনন্তর-প্রত্যয় প্রভৃতি

৫৩. আচয়গামী ধর্ম আচয়গামী ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (অনন্তর সদৃশ করণীয়)। (সহজাত-প্রত্যয়ে প্রতীত্যবারের সহজাতবার সদৃশ, নয়টি প্রশ্ন। অন্যোন্য-প্রত্যয়ে প্রতীত্যবারের অন্যোন্য-প্রত্যয় সদৃশ, তিনটি প্রশ্ন। নিশ্রয়-প্রত্যয়ে প্রতীত্যবারের নিশ্রয়বার সদৃশ, চারটি প্রশ্নের মধ্যে পৃথক ঘটনা (সহযোগ) নেই তেরোটি প্রশ্ন হবে)।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

৫৪. (১) আচয়গামী ধর্ম আচয়গামী ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** আচয়গামী ধর্মকে উপনিশ্রয় করে দান দিয়ে, শীল... উপোসথকর্ম... ধ্যান (চিত্তের উৎকর্ষতা সাধন)... বিদর্শন... অভিজ্ঞা... সমাপত্তি উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন, দৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপ) আচয়গামী শীলকে... শ্রুতিকে... ত্যাগকে... প্রজ্ঞাকে... রাগকে... দ্বেষকে... মোহকে... মানকে... দৃষ্টিকে... প্রার্থনাকে (ভোগসম্পত্তি প্রাপ্তির ইচ্ছাকে) উপনিশ্রয় করে দান দিয়ে, শীল... উপোসথকর্ম... ধ্যান... বিদর্শন... অভিজ্ঞা... সমাপত্তি... প্রাণীর জীবন হরণ করেন... সংঘভেদের কারণ হয়। সে কারণে আচয়গামী শ্রদ্ধা... প্রজ্ঞা, রাগ... প্রার্থনা আচয়গামী শ্রদ্ধার... প্রজ্ঞার, রাগের... প্রার্থনার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রথম ধ্যানের পরিকর্ম প্রথম ধ্যানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের পরিকর্ম নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রথম ধ্যান দ্বিতীয় ধ্যান... আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আচয়গামী ধর্ম আপচয়গামী ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রথম মার্গের পরিকর্ম প্রথম মার্গের... চতুর্থ মার্গের পরিকর্ম চতুর্থ মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) আচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপয়গামী ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** আচয়গামী শ্রদ্ধাকে উপনিশ্রয় করে (ব্যক্তি)

Visit: http://www.buddhistdownload.com

নিজেকে কায়িক-মানসিক বিষণ রকম যন্ত্রণা দেন, উৎপীড়ন করেন এবং অন্বেষণজনিত দুঃখ অনুভব করেন। (অনুরূপভাবে) আচয়গামী শীলকে... প্রজ্ঞাকে, রাগকে... প্রার্থনাকে উপনিশ্রয় করে নিজেকে কায়িক-মানসিক বিষণ রকম যন্ত্রণা দেন, উৎপীড়ন করেন এবং অন্বেষণজনিত অনুভব করেন। সে কারণবশত আচয়গামী শ্রদ্ধা... প্রজ্ঞা, রাগ... প্রার্থনার, কায়িক সুখের, কায়িক দুঃখের এবং ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল-অকুশল কর্ম (কুশল-অকুশল) বিপাকের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৫৫. (৪) অপচয়গামী ধর্ম অপচয়গামী ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রথম মার্গ (স্রোতাপত্তি) দ্বিতীয় মার্গের সকৃদাগামীর)... তৃতীয় মার্গ (অনাগামী) চতুর্থ মার্গের (অর্হত্ত্বের) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অপচয়গামী ধর্ম আচয়গামী ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শৈক্ষ্যগণ মার্গকে উপনিশ্রয় করে অনুৎপন্ন কুশল সমাপত্তি উৎপন্ন করেন, উৎপন্ন (সমাপত্তিতে) অধিষ্ঠিত থাকেন। সমস্ত সংস্কারকে (সকল কারণোৎপন্ন বিষয়সমূহকে) অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে বিশেষভাবে অবলোকন করেন। মার্গ শৈক্ষ্যগণের অর্থ-প্রতিসম্ভিদার (নানা অর্থসম্বন্ধে জ্ঞান)... ধর্ম-প্রতিসম্ভিদার (নানা স্বভাব বা বিষয়সম্বন্ধে জ্ঞানের)... নিরুক্তি-প্রতিসম্ভিদার (নানা ভাষা ও ব্যাকরণসম্বন্ধে জ্ঞানের) প্রতিভান-প্রতিসম্ভিদার (নানা অর্থ, নানা ধর্ম, নানা ভাষা বা ব্যাকরণসম্বন্ধে জ্ঞান) এবং দোষ-অদোষ বিষয়ক দক্ষতা-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অপচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অর্হৎ মার্গকে উপনিশ্রয় করে অনুৎপন্ন ক্রিয়া-সমাপত্তি উৎপন্ন করেন, উৎপন্ন (সমাপত্তিতে) অধিষ্ঠিত থাকেন। সমস্ত সংস্কারকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে বিশেষভাবে অবলোকন করেন। মার্গ শৈক্ষ্যগণের অর্থ-প্রতিসম্ভিদার... ধর্ম-প্রতিসম্ভিদার... নিরুক্তি-প্রতিসম্ভিদার... প্রতিভান-প্রতিসম্ভিদার এবং দোষ-অদোষ বিষয়ক দক্ষতা-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মার্গ ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৫৬. (৭) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :**

Visit: http://www.buddhistdownload.com

কায়িক সুখকে উপনিশ্রয় করে নিজেকে বিষণ রকম যন্ত্রণা দেন, উৎপীড়ন করেন এবং অন্বেষণজনিত দুঃখ অনুভব করেন। (তদ্রূপ) কায়িক দুঃখকে... ঋতুকে... ভোজনকে... শয্যাসনকে উপনিশ্রয় করে নিজেকে কায়িক-মানসিক বিষণরকম যন্ত্রণা দেন, উৎপীড়ন করেন এবং অন্বেষণজনিত দুঃখ অনুভব করেন। সেই কারণে কায়িক সুখ... কায়িক দুঃখ... ঋতু... ভোজন... শয্যাসন... কায়িক সুখের, কায়িক দুঃখের এবং ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অর্হৎগণ কায়িক সুখকে উপনিশ্রয় করে অনুৎপন্ন ক্রিয়া-সমাপত্তি উৎপন্ন করেন... বিশেষভাবে অবলোকন করেন। (অনুরূপভাবে) কায়িক দুঃখকে... ঋতুকে... ভোজনকে... শয্যাসনকে উপনিশ্রয় করে... বিশেষভাবে দর্শন করেন।

(৮) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম আচয়গামী ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** কায়িক সুখকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন, প্রাণীর জীবন হরণ করেন... সংঘভেদের কারণ হয়। (অনুরূপভাবে) কায়িক দুঃখকে... ঋতুকে... ভোজনকে... শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। সে কারণে কায়িক সুখ... শয্যাসন আচয়গামী শ্রদ্ধার... প্রজ্ঞার, রাগের... প্রার্থনার, কায়িক সুখের, কায়িক দুঃখের এবং ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম অপচয়গামী ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** কায়িক সুখকে উপনিশ্রয় করে মার্গ উৎপন্ন করেন। (তদ্রূপ) কায়িক দুঃখকে... শয্যাসনকে উপনিশ্রয় করে মার্গ উৎপন্ন করেন। সে কারণে কায়িক সুখ, কায়িক দুঃখ... শয্যাসন মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (৩)

৫৭. (১) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** অর্হৎগণ চক্ষুকে... শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে বিশেষভাবে দর্শন করেন। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন

Visit: http://www.buddhistdownload.com

চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের... (হৃদয়) বাস্তু না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম আচয়গামী ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** শৈক্ষ্যগণ বা পৃথগ্‌জনেরা (সাধারণ ব্যক্তিরা) চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে বিশেষভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একেই ভিত্তি করে (আচয়গামী ধর্ম) রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু আচয়গামী স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম অপচয়গামী ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু অপচয়গামী স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (৩)

৫৮. (১) আচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত আচয়গামী স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অপচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত অপচয়গামী স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আসেবন-প্রত্যয় (৩)

৫৯. (১) আচয়গামী ধর্ম আচয়গামী ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব আচয়গামী স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী আচয়গামী স্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম বিশুদ্ধির আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আচয়গামী ধর্ম অপচয়গামী ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গোত্রভূ মার্গের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিশুদ্ধি মার্গের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৩) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

কর্ম-প্রত্যয় (৭)

৬০. (১) আচয়গামী ধর্ম আচয়গামী ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আচয়গামী চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** আচয়গামী চেতনা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** আচয়গামী চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) আচয়গামী ধর্ম আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আচয়গামী চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৬১. (৪) অপচয়গামী ধর্ম অপচয়গামী ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অপচয়গামী চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অপচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** অপচয়গামী চেতনা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** অপচয়গামী চেতনা বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অপচয়গামী ধর্ম অপচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অপচয়গামী চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-আচয়গামী-না-অপচয়গামী চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে না-আচয়গামী-না-অপচয়গামী চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয় (১)

৬২. (১) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী

Visit: http://www.buddhistdownload.com

ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-আচয়গামী-না-অপচয়গামী একটি বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আহার-প্রত্যয় প্রভৃতি

৬৩. আচয়গামী ধর্ম আচয়গামী ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৫)

৬৪. (১) আচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** আচয়গামী স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** আচয়গামী স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অপচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** অপচয়গামী স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অপচয়গামী স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (বিপ্রযুক্ত-প্রত্যয় তিন প্রকার)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহ কর্ম-সমুত্থিত-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের... (হৃদয়) বাস্তু না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের...।

(৪) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম আচয়গামী ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু আচয়গামী স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম অপচয়গামী ধর্মের বিপ্রযুক্ত-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু অপচয়গামী স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয় প্রভৃতি

৬৫. (১) আচয়গামী ধর্ম আচয়গামী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আচয়গামী একটি স্কন্ধ তিনটি স্কন্ধের...।

(২) আচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** আচয়গামী স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** আচয়গামী স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) আচয়গামী ধর্ম আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আচয়গামী একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ...।

(৪-৬) অপচয়গামী ধর্ম... (তিন) (আচয়গামীর ন্যায় করণীয়)।

৬৬. (৭) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** না-আচয়গামী-না-অপচয়গামী একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি মহাভূত... বাহ্যিক... আহার-সমুত্থিত... ঋতু-সমুত্থিত... অসংজ্ঞসত্ত্বগণের...। **পূর্বজাত :** অর্হৎগণ চক্ষুকে... শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে বিশেষভাবে দর্শন করেন। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের... (হৃদয়) বাস্তু না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** না-আচয়গামী-না-অপচয়গামী স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আহার :** কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **ইন্দ্রিয় :** রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম আচয়গামী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** শৈক্ষ্যগণ বা পৃথগ্‌জনেরা চক্ষুকে অনিত্য, দুঃখ ও

Visit: http://www.buddhistdownload.com

অনাত্মাকারে বিশেষভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। এটিকেই ভিত্তি করে রাগ... দৃষ্টি... বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। (একইভাবে) শ্রোত্রকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন। এটিকেই ভিত্তি করে রাগ... দৃষ্টি... বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। (হৃদয়) বাস্তু আচয়গামী স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম অপচয়গামী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু অপচয়গামী স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৬৭. (১০) আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মসমূহ আচয়গামী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত এবং পূর্বজাত :** আচয়গামী একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ...।

(১১) আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মসমূহ না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি)—সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** আচয়গামী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** আচয়গামী স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** আচয়গামী স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১২-১৩) অপচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মসমূহ অপচয়গামী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (প্রদর্শিত উপায়ে দুটি প্রশ্ন করণীয়)... নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : প্রতিলোম

২.গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৬৮. হেতুতে সাত, আলম্বনে সাত, অধিপতিতে দশ, অনন্তরে ছয়, সমনন্তরে ছয়, সহজাতে নয়, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তেরো, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে তিন, কর্মে সাত, বিপাকে এক, আহারে সাত, ইন্দ্রিয়ে সাত, ধ্যানে সাত, মার্গে সাত, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে তেরো, নাস্তিতে ছয়, বিগতে ছয়, অবিগতে তেরো।

Visit: http://www.buddhistdownload.com

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম সংগ্রহ (প্রশ্ন সংখ্যা-১৫)

৬৯. (১) আচয়গামী ধর্ম আচয়গামী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আচয়গামী ধর্ম অপচয়গামী ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) আচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) আচয়গামী ধর্ম আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭০. (৫) অপচয়গামী ধর্ম অপচয়গামী ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অপচয়গামী ধর্ম আচয়গামী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অপচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) অপচয়গামী ধর্ম অপচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭১. (৯) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১০) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম আচয়গামী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১১) না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম অপচয়গামী ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭২. (১২) আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মসমূহ

Visit: http://www.buddhistdownload.com

আচয়গামী ধর্মের সহজাত, পূর্বজাত।

(১৩) আচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মসমূহ না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের সহজাত, পশ্চাজ্জাত, আহার, ইন্দ্রিয়।

(১৪) অপচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মসমূহ অপচয়গামী ধর্মের সহজাত, পূর্বজাত।

(১৫) অপচয়গামী এবং না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মসমূহ না-আচয়গামী-না-অপচয়গামী ধর্মের সহজাত, পশ্চাজ্জাত, আহার, ইন্দ্রিয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২.গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৭৩. না-হেতুতে পনেরো, না-আলম্বনে, না-অধিপতিতে, না-অনন্তরে, না-সমনন্তরে পনেরো, না-সহজাতে এগারো, না-অন্যোন্যে এগারো, না-নিশ্রয়ে এগারো, না-উপনিশ্রয়ে চৌদ্দ, না-পূর্বজাতে তেরো, না-পশ্চাজ্জাতে পনেরো, না-আসেবনে, না-কর্মে, না-বিপাকে, না-আহারে, না-ইন্দ্রিয়ে, না-ধ্যানে, না-মার্গে পনেরো, না-সম্প্রযুক্তে এগারো, না-বিপ্রযুক্তে নয়, না-অস্তিতে নয়, না-নাস্তিতে পনেরো, না-বিগতে পনেরো, না-অবিগতে নয়।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৭৪. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে সাত, না-অধিপতিতে, না-অনন্তরে, না-সমনন্তরে সাত, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে সাত, না-পূর্বজাতে, না-পশ্চাজ্জাতে, না-আসেবনে, না-কর্মে, না-বিপাকে, না-আহারে, না-ইন্দ্রিয়ে, না-ধ্যানে, না-মার্গে সাত, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে সাত, না-বিগতে সাত।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

৭৫. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে সাত, অধিপতিতে দশ, অনন্তরে ছয়, সমনন্তরে ছয়, সহজাতে নয়, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তেরো, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে তিন, কর্মে সাত, বিপাকে এক, আহারে সাত, ইন্দ্রিয়ে, ধ্যানে, মার্গে সাত, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে পাঁচ,

Visit: http://www.buddhistdownload.com

অস্তিতে তেরো, নাস্তিতে ছয়, বিগতে ছয়, অবিগতে তেরো।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[আচয়গামীত্রিক (এখানে) সমাপ্ত হলো]

১১. শৈক্ষ্যত্রিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৯)

১. (১) শৈক্ষ্য[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনকালে) একটি শৈক্ষ্য স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

(২) শৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। শৈক্ষ্য স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) শৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য[২] ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি শৈক্ষ্য স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

২. (৪) অশৈক্ষ্য[৩] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। একটি অশৈক্ষ্য স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ...।

(৫) অশৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। অশৈক্ষ্য স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৬) অশৈক্ষ্যকে ভিত্তি করে (হেতু-প্রত্যয় দ্বারা) অশৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মসমূহ... একটি অশৈক্ষ্য স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে...।

৩. (৭) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। একটি না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধকে ভিত্তি

---

[১]। অর্হত্ত্বফলচিত্ত ব্যতীত ৮ লোকোত্তর চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক—শৈক্ষ্য (যাঁদের শেখার আরও বাকি আছে সমাপ্ত হয়নি তাদের শৈক্ষ্য-পুদ্‌গল বলা হয়) ধর্ম।

[২]। ৮১ লোকীয় চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ—না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য (যারা শৈক্ষ্যের পর্যায়ভুক্তও নয় এবং অশৈক্ষ্যের পর্যায়ভুক্তও নয় তাদের না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য বা তাদের পৃথ্‌গজন পুদ্‌গল বলা হয়) ধর্ম।

[৩]। ১ অর্হত্ত্ব ফল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক—অশৈক্ষ্য (যাঁদের শেখার আর বাকি নেই সমাপ্ত হয়েছে তাদের অশৈক্ষ্য-পুদ্গল বলা হয়) ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। তিনটি না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। দুটি না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে একটি না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। তিনটি না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। দুটি না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। মহাভূতকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৮) শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। শৈক্ষ্য স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৯) অশৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য উৎপন্ন হয়। অশৈক্ষ্য স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

আলম্বন-প্রত্যয়াদি

৪. শৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা...অধিপতি-প্রত্যয় দ্বারা (প্রতিসন্ধি নেই)... অনন্তর-প্রত্যয় দ্বারা... সমনন্তর-প্রত্যয় দ্বারা... সহজাত-প্রত্যয় দ্বারা... (সবটিতে মহাভূত করণীয়)... অন্যোন্য-প্রত্যয় দ্বারা... নিশ্রয়-প্রত্যয় দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... পূর্বজাত-প্রত্যয় দ্বারা... আসেবন-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। একটি শৈক্ষ্য স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ...।

না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে আসেবন-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। একটি না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... কর্ম-প্রত্যয় দ্বারা... বিপাক-প্রত্যয় দ্বারা...। একটি শৈক্ষ্য বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... (তিনটি প্রশ্ন পরিপূর্ণ করতে হবে)।

(৪-৬) অশৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে বিপাক-প্রত্যয় দ্বারা অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। একটি অশৈক্ষ্য স্কন্ধকে ভিত্তি করে... (তিন)।

(৭) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে বিপাক-প্রত্যয় দ্বারা না-

Visit: http://www.buddhistdownload.com

শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। একটি না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিকালে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে...।

(৮) শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে বিপাক-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। শৈক্ষ্য বিপাক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৯) অশৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে বিপাক-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। অশৈক্ষ্য স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

আহার-প্রত্যয়াদি

৫. শৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে আহার-প্রত্যয় দ্বারা... ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা... ধ্যান-প্রত্যয় দ্বারা... মার্গ-প্রত্যয় দ্বারা... সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা... বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা... অস্তি-প্রত্যয় দ্বারা... নাস্তি-প্রত্যয় দ্বারা... বিগত-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৬. হেতুতে নয়, আলম্বনে তিন, অধিপতিতে নয়, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে নয়, অন্যোন্যে তিন, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে তিন, আসেবনে দুই, কর্মে নয়, বিপাকে, আহারে, ইন্দ্রিয়ে, ধ্যানে, মার্গে নয়, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে তিন, বিগতে তিন, অবিগতে নয়।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (১)

৭. (১) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। একটি না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য অহেতুক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... বাহ্যিক... আহার-সমুত্থিত... ঋতু-সমুত্থিত... অসংজ্ঞসত্ত্বগণের

Visit: http://www.buddhistdownload.com

একটি মহাভূতকে... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

না-আলম্বন-প্রত্যয় (৫)

৮. (১) শৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। শৈক্ষ্য স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(২) অশৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। অশৈক্ষ্য স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়... একটি মহাভূতকে... অসংজ্ঞসত্ত্বগণের...।

(৪) শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। শৈক্ষ্য স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৫) অশৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। অশৈক্ষ্য স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

না-অধিপতি-প্রত্যয়াদি

৯. (১) শৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। শৈক্ষ্য স্কন্ধসমূহকে ভিত্তি করে শৈক্ষ্য-অধিপতি উৎপন্ন হয়।

(২) অশৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। অশৈক্ষ্য স্কন্ধসমূহকে ভিত্তি করে অশৈক্ষ্য-অধিপতি উৎপন্ন হয়।

(৩) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয় (সবটিতে প্রতিসন্ধি ও মহাভূতসমূহ পরিপূর্ণ হবে)... না-অনন্তর-প্রত্যয় দ্বারা... না-সমনন্তর-প্রত্যয় দ্বারা... না-অন্যোন্য-প্রত্যয় দ্বারা... না-উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা... (সাত) (কুশলত্রিক সদৃশ হবে)... না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা...।

১০. (১)... না-আসেবন-প্রত্যয় দ্বারা...। একটি শৈক্ষ্য বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) শৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-

Visit: http://www.buddhistdownload.com

অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। শৈক্ষ্য স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) শৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। একটি শৈক্ষ্য বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

(৪-৬) অশৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা অশৈক্ষ্য ধর্ম... (তিন)।

(৭) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়... না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য... (এক, শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য পরিপূর্ণ করণীয়, ঘটনা পরিপূর্ণ করণীয়, আরো দুটি প্রশ্ন করণীয়, নয়)।

(১)... না-কর্ম-প্রত্যয় দ্বারা...। শৈক্ষ্য স্কন্ধসমূহকে ভিত্তি করে শৈক্ষ্য চেতনা উৎপন্ন হয়।

(২) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহকে ভিত্তি করে না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য চেতনা উৎপন্ন হয়। বাহ্যিক... আহার-সমুত্থিত... ঋতু-সমুত্থিত... একটি মহাভূতকে...।

না-বিপাক-প্রত্যয় (৫)

১১. (১) শৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। একটি শৈক্ষ্য স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ...।

(২) শৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। শৈক্ষ্য স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) শৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি শৈক্ষ্য স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ...।

১২. (৪) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। (পরিপূর্ণ করা কর্তব্য, প্রতিসন্ধি নেই)।

(৫) শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মসমূহকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। শৈক্ষ্য স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

না-আহার-প্রত্যয়াদি

১৩. না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে না-আহার-প্রত্যয় দ্বারা...

Visit: http://www.buddhistdownload.com

না-ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা... না-ধ্যান-প্রত্যয় দ্বারা... না-মার্গ-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়।

না-সম্প্রযুক্ত-প্রত্যয় (৫)

১৪. (১) শৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে না-সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়... (না-আলম্বন-প্রত্যয় সদৃশ হবে)।

না-বিপ্রযুক্ত-প্রত্যয়াদি

(১) শৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি শৈক্ষ্য স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ...।

(২) অশৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি অশৈক্ষ্য স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ...।

(৩) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে ভিত্তি করে না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... বাহ্যিক... আহার-সমুত্থিত... ঋতু-সমুত্থিত... অসংজ্ঞসত্ত্বগণের... না-নাস্তি-প্রত্যয় দ্বারা... না-বিগত-প্রত্যয় দ্বারা...।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১৫. না-হেতুতে এক, না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে তিন, না-অনন্তরে, না-সমনন্তরে, না-অন্যোন্যে, না-উপনিশ্রয়ে পাঁচ, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে দুই, না-বিপাকে পাঁচ, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে পাঁচ, না-বিগতে পাঁচ।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

১৬. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে তিন, না-অনন্তরে, না-সমনন্তরে, না-অন্যোন্যে, না-উপনিশ্রয়ে পাঁচ, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে, না-আসেবনে নয়, না-কর্মে দুই, না-বিপাকে পাঁচ, না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে পাঁচ, না-বিগতে পাঁচ।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

১৭. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক, অনন্তরে, সমনন্তরে, সহজাতে, অন্যোন্যে, নিশ্রয়ে, উপনিশ্রয়ে, পূর্বজাতে, আসেবনে, কর্মে, বিপাকে, আহারে, ইন্দ্রিয়ে, ধ্যানে, মার্গে, সম্প্রযুক্তে, বিপ্রযুক্তে, অস্তিতে, নাস্তিতে, বিগতে, অবিগতে এক।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[প্রত্যয়বার (এখানে) সমাপ্ত হলো]

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (১৭)

১৮. (১-৩) শৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়... (তিন)। (প্রতীত্যবার সদৃশ)।

(৪-৬) অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়... (তিন)। (প্রতীত্যবার সদৃশ)।

১৯. (৭) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। (পরিপূর্ণ করণীয়) মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ, কর্ম-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৮) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে শৈক্ষ্য স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৯) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অশৈক্ষ্য স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(১০) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে শৈক্ষ্য স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(১১) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অশৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অশৈক্ষ্য স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হয়।

২০. (১২) শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মসমূহকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। একটি শৈক্ষ্য স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(১৩) শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মসমূহকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। শৈক্ষ্য স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(১৪) শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি শৈক্ষ্য স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ উৎপন্ন হয়। শৈক্ষ্য স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(১৫-১৭) অশৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মসমূহকে আশ্রয় করে... (তিন)। (শৈক্ষ্য সদৃশ)।

আলম্বন-প্রত্যয় (৭)

২১. (১) শৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়... (এক)।

(২) অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে (আলম্বন-প্রত্যয় দ্বারা) অশৈক্ষ্য ধর্ম... (এক)।

(৩) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়... (এক)। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহ উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান উৎপন্ন হয়... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৪) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে শৈক্ষ্য স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৫) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অশৈক্ষ্য স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। একটি শৈক্ষ্য স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(৭) অশৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে আলম্বন-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় দ্বারা অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। একটি অশৈক্ষ্য স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয়াদি

২২. (১) শৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে অধিপতি-প্রত্যয় দ্বারা... অনন্তর-প্রত্যয় দ্বারা... সহজাত-প্রত্যয় দ্বারা... অন্যোন্য-প্রত্যয় দ্বারা... নিশ্রয়-প্রত্যয় দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... পূর্বজাত-প্রত্যয় দ্বারা... পূর্বজাত-প্রত্যয় দ্বারা... আসেবন-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। একটি শৈক্ষ্য স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ...।

(২) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে আসেবন-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। একটি না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধকে আশ্রয় করে... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে আসেবন-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে শৈক্ষ্য স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৪) শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে আসেবন-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। একটি শৈক্ষ্য স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

কর্ম-প্রত্যয়াদি

২৩. শৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে কর্ম-প্রত্যয় দ্বারা... বিপাক-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। একটি শৈক্ষ্য বিপাক স্কন্ধকে... আহার-প্রত্যয় দ্বারা... ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা... ধ্যান-প্রত্যয় দ্বারা... মার্গ-প্রত্যয় দ্বারা...সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা... বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা... অস্তি-প্রত্যয় দ্বারা... নাস্তি-প্রত্যয় দ্বারা... বিগত-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা...।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

২৪. হেতুতে সতেরো, আলম্বনে সাত, অধিপতিতে সতেরো, অনন্তরে সাত, সমনন্তরে সাত, সহজাতে সতেরো, অন্যোন্যে সাত, নিশ্রয়ে সতেরো, উপনিশ্রয়ে সাত, পূর্বজাতে সাত, আসেবনে চার, কর্মে সতেরো, বিপাকে সতেরো, আহারে সতেরো, ইন্দ্রিয়ে, ধ্যানে, মার্গে সতেরো, সম্প্রযুক্তে সাত, বিপ্রযুক্তে সতেরো, অস্তিতে সতেরো, নাস্তিতে সাত, বিগতে সাত, অবিগতে সতেরো।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)

Visit: http://www.buddhistdownload.com

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (১)

২৫. (১) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। একটি না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য অহেতুক স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে আশ্রয় করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে আশ্রয় করে... বাহ্যিক... আহার-সমুত্থিত... ঋতু-সমুত্থিত... অসংজ্ঞসত্ত্বগণের... চক্ষু-আয়তকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান উৎপন্ন হয়। শ্রোত্র-আয়তনকে আশ্রয় করে শ্রোত্র-বিজ্ঞান উৎপন্ন হয়। ঘ্রাণ-আয়তনকে আশ্রয় করে ঘ্রাণ-বিজ্ঞান উৎপন্ন হয়। জিহ্বা-আয়তনকে আশ্রয় করে ঘ্রাণ-বিজ্ঞান উৎপন্ন হয়। কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য অহেতুক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

না-আলম্বন-প্রত্যয়াদি

২৬. (১-৫) শৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়...।

(১) শৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। শৈক্ষ্য স্কন্ধসমূহকে আশ্রয় করে শৈক্ষ্য-অধিপতি উৎপন্ন হয়।

(২) অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। অশৈক্ষ্য স্কন্ধসমূহকে আশ্রয় করে অশৈক্ষ্য-অধিপতি উৎপন্ন হয়।

(৩) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। (পরিপূর্ণ) অসংজ্ঞসত্ত্বগণের... চক্ষু-আয়তনকে... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৪) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে শৈক্ষ্য-অধিপতি উৎপন্ন হয়।

(৫) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অশৈক্ষ্য-অধিপতি উৎপন্ন হয়।

(৬) শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। শৈক্ষ্য স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে শৈক্ষ্য-অধিপতি উৎপন্ন হয়।

(৭) অশৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। অশৈক্ষ্য স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অশৈক্ষ্য-অধিপতি উৎপন্ন হয়।

না-অনন্তর-প্রত্যয়াদি

২৭. (১) শৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে না-অনন্তর-প্রত্যয় দ্বারা... না-সমনন্তর-প্রত্যয় দ্বারা... না-অন্যোন্য-প্রত্যয় দ্বারা... না-উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা... না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা (সাত)... না-আসেবন-প্রত্যয় দ্বারা... না-কর্ম-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। শৈক্ষ্য স্কন্ধসমূহকে আশ্রয় করে শৈক্ষ্য চেতনা উৎপন্ন হয়।

(২) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহকে আশ্রয় করে না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য চেতনা উৎপন্ন হয়। বাহ্যিক... আহার-সমুত্থিত... ঋতু-সমুত্থিত... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে-না-শৈক্ষ্য না-অশৈক্ষ্য চেতনা উৎপন্ন হয়।

(৩) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে শৈক্ষ্য চেতনা উৎপন্ন হয়।

(৪) শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। শৈক্ষ্য স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে শৈক্ষ্য চেতনা উৎপন্ন হয়।

না-বিপাক-প্রত্যয় (৯)

২৮. (১-৩) শৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে না-বিপাক-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। (শৈক্ষ্যমূলকে তিন)।

(৪-৬) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে না-বিপাক-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। (না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্যমূলকে তিন)।

(৭-৯) শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে না-বিপাক-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। (শৈক্ষ্য ঘটনায়) তিন।

Visit: http://www.buddhistdownload.com

না-আহার-প্রত্যয়াদি

২৯. না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে আশ্রয় করে না-আহার-প্রত্যয় দ্বারা... না-ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা... না-ধ্যান-প্রত্যয় দ্বারা... না-মার্গ-প্রত্যয় দ্বারা... না-সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা... না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা... না-নাস্তি-প্রত্যয় দ্বারা... না-বিগত-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়...।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৩০. না-হেতুতে এক, না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে সাত, না-অনন্তরে পাঁচ, না-সমনন্তরে পাঁচ, না-অন্যোন্যে পাঁচ, না-উপনিশ্রয়ে পাঁচ, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে সতেরো, না-আসেবনে সতেরো, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে পাঁচ, না-বিগতে পাঁচ।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৩১. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে সাত, না-অনন্তরে পাঁচ, না-সমনন্তরে পাঁচ, না-অন্যোন্যে পাঁচ, না-উপনিশ্রয়ে পাঁচ, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে সতেরো, না-আসেবনে সতেরো, না-কর্মে চার, না-বিপাকে নয়, না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে পাঁচ, না-বিগতে পাঁচ।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক দ্বিক)

৩২. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক, অনন্তরে, সমনন্তরে, সহজাতে, অন্যোন্যে এক... অবিগতে এক।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[প্রত্যয়বার (এখানে) সমাপ্ত হলো]

Visit: http://www.buddhistdownload.com

৪. নিশ্রয়বার

(নিশ্রয়বার প্রত্যয়বার সদৃশ জ্ঞাতব্য)।

৫. সংশ্লিষ্টবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৩)

৩৩. (১) শৈক্ষ্য ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। একটি শৈক্ষ্য স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) অশৈক্ষ্য ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। একটি অশৈক্ষ্য স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৩) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। একটি না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিকালে একটি না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

আলম্বন-প্রত্যয়াদি

৩৪. শৈক্ষ্য ধর্মকে সংশ্লিষ্ট করে আলম্বন-প্রত্যয় দ্বারা... অধিপতি-প্রত্যয় দ্বারা... পূর্বজাত-প্রত্যয় দ্বারা... আসেবন-প্রত্যয় দ্বারা (দুটি প্রশ্ন করণীয়)... অবিগত-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৩৫. হেতুতে তিন, আলম্বনে তিন, অধিপতিতে তিন, অনন্তরে, সমনন্তরে, সহজাতে, অন্যোন্যে, নিশ্রয়ে, উপনিশ্রয়ে, পূর্বজাতে তিন, আসেবনে দুই, কর্মে তিন... আবিগতে তিন।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)

[অনুলোম সমাপ্ত]

১. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (১)

৩৬. (১) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। একটি না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য অহেতুক স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

না-অধিপতি-প্রত্যয় (৩)

৩৭. (১) শৈক্ষ্য ধর্মকে সংশ্লিষ্ট করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। শৈক্ষ্য স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে শৈক্ষ্য-অধিপতি উৎপন্ন হয়।

(২) অশৈক্ষ্য ধর্মকে সংশ্লিষ্ট করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। অশৈক্ষ্য স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে অশৈক্ষ্য-অধিপতি উৎপন্ন হয়।

(৩) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মকে সংশ্লিষ্ট করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয় (পরিপূর্ণ করা কর্তব্য, এক)।

না-পূর্বজাত-প্রত্যয়াদি

৩৮. শৈক্ষ্য ধর্মকে সংশ্লিষ্ট করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা... না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা...না-আসেবন-প্রত্যয় দ্বারা... না-কর্ম-প্রত্যয় দ্বারা (দুটি প্রশ্ন করণীয়)... না-বিপাক-প্রত্যয় দ্বারা (দুটি প্রশ্ন করণীয়)... না-ধ্যান-প্রত্যয় দ্বারা... না-মার্গ-প্রত্যয় দ্বারা... না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়...।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৩৯. না-হেতুতে এক, না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে দুই, না-বিপাকে দুই, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে তিন।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক—দ্বিক)

৪০. হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে, না-আসেবনে তিন, না-কর্মে দুই, না-বিপাকে দুই, না-বিপ্রযুক্তে তিন।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক—দ্বিক)

৪১. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক, অনন্তরে, সমনন্তরে, সহজাতে, অন্যোন্যে, নিশ্রয়ে, উপনিশ্রয়ে, পূর্বজাতে, আসেবনে, কর্মে, বিপাকে, আহারে,

Visit: http://www.buddhistdownload.com

ইন্দ্রিয়ে, ধ্যানে, মার্গে, সম্প্রযুক্তে, বিপ্রযুক্তে, অস্তিতে, নাস্তিতে, বিগতে, অবিগতে এক।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[সংশ্লিষ্ট (এখানে) সমাপ্ত হলো]

৬. সম্প্রযুক্তবার

(সম্প্রযুক্তবার সংশ্লিষ্টবার সদৃশ বিশ্লেষণ করা কর্তব্য)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৭)

৪২. (১) শৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শৈক্ষ্য হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) শৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শৈক্ষ্য হেতুসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) শৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শৈক্ষ্য হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪-৬) অশৈক্ষ্য ধর্ম অশৈক্ষ্য ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৭) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৫)

৪৩. (১) শৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে প্রত্যবেক্ষণ করেন, শৈক্ষ্য (স্রোতাপত্তি, সকৃদাগামী ও অনাগামী) ফলকে প্রত্যবেক্ষণ করেন, চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা শৈক্ষ্য (অর্হত্ত্বফল ব্যতীত ৭ লোকোত্তর চিত্ত) চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। শৈক্ষ্য স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের (পরচিত্ত-বিজানন-জ্ঞানের),

Visit: http://www.buddhistdownload.com

পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের (জাতিস্মর-জ্ঞানের), অনাগতভব-জ্ঞানের (ভবিষ্যৎ জন্ম সম্পর্কীয় জ্ঞানের) এবং আবর্তন-চিত্তের (মনোদ্বারের) আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অশৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অর্হৎ অশৈক্ষ্য (অর্হত্ত্ব) ফলকে প্রত্যবেক্ষণ করেন, চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা অশৈক্ষ্য চিত্তসম্পন্ন (অর্হত্ত্বফললাভী) ব্যক্তির চিত্তকে জানেন। অশৈক্ষ্য স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৪. (৩) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ধ্যানী) দান দিয়ে, শীল অনুশীলন (পালন) করে, উপোসথকর্ম করে তা প্রত্যবেক্ষণ করেন। পূর্বে তিনি যে-সমস্ত সুকর্ম সম্পন্ন করেছিলেন সে-সমস্ত সুকর্মসমূহকে... ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকেই প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ নির্বাণকে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ পরিত্যক্ত ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, অপরিত্যক্ত ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে জানেন। চক্ষুকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে উত্তমরূপে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তদ্ধেতু একে ভিত্তি করে রাগ (অর্থাৎ না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম) উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। (একইভাবে) শ্রোত্রকে... (হৃদয়) বাস্তুকে এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে উত্তমরূপে দর্শন করেন... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য (অর্থাৎ লৌকীয় ৮১) চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... শব্দ-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের... গন্ধ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের... রস-আয়তন জিহ্বা-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নির্বাণ মার্গের এবং শৈক্ষ্য ফলের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৫) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম অশৈক্ষ্য ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নির্বাণ অশৈক্ষ্য ফলের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অধিপতি-প্রত্যয় (৯)

৪৫. (১) শৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** শৈক্ষ্য-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) শৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, শৈক্ষ্য (লব্ধ) ফলকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। **সহজাত-অধিপতি :** শৈক্ষ্য-অধিপতি চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) শৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** শৈক্ষ্য-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৬. (৪) অশৈক্ষ্য ধর্ম অশৈক্ষ্য ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অশৈক্ষ্য-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অশৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** অর্হৎগণ অশৈক্ষ্য ফলকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। **সহজাত-অধিপতি :** অশৈক্ষ্য-অধিপতি চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অশৈক্ষ্য ধর্ম অশৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অশৈক্ষ্য-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৭. (৭) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** (শৈক্ষ্যগণ) দান দিয়ে, শীল অনুশীলন করে, উপোসথকর্ম করে তা প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। পূর্বকৃত সুকর্মসমূহকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকেই প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ নির্বাণকে প্রাধান্য দিয়ে

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যবেক্ষণ করেন, নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষুকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। এটিকে প্রাধান্য দেওয়াতে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়। (একইভাবে) শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তু এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। এটিকে প্রাধান্য দেওয়াতে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** নির্বাণ মার্গের এবং শৈক্ষ্য-ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম অশৈক্ষ্য ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** নির্বাণ অশৈক্ষ্য-ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অনন্তর-প্রত্যয় (৮)

৪৮. (১) শৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব শৈক্ষ্য স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী শৈক্ষ্য স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মার্গ শৈক্ষ্য-ফলের... শৈক্ষ্য-ফল শৈক্ষ্য-ফলের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) শৈক্ষ্য ধর্ম অশৈক্ষ্য ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মার্গ অশৈক্ষ্য-ফলের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) শৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শৈক্ষ্য-ফল উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৯. (৪) অশৈক্ষ্য ধর্ম অশৈক্ষ্য ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অশৈক্ষ্য স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অশৈক্ষ্য স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অশৈক্ষ্য-ফল অশৈক্ষ্য-ফলের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অশৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অশৈক্ষ্য-ফল উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৫০. (৬) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহের... অনুলোম গোত্রভূর... অনুলোম

Visit: http://www.buddhistdownload.com

বিশুদ্ধির... আবর্তন-চিত্ত না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গোত্রভূ মার্গের... বিশুদ্ধির মার্গের...অনুলোম শৈক্ষ্য-ফল-সমাপত্তির... নিরোধসমাপত্তি হতে উত্থানরত ধ্যানীর নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন-কুশল শৈক্ষ্য-ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম অশৈক্ষ্য ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম অশৈক্ষ্য ফল-সমাপত্তির... নিরোধসমাপত্তি হতে উত্থানরত ধ্যানীর নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন-ক্রিয়া (চিত্ত) অশৈক্ষ্য-ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

সমনন্তর-প্রত্যয় (৮)

৫১. (১) শৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (অনন্তর সদৃশ করণীয়, আটটি প্রশ্ন হবে)।

সহজাত-প্রত্যয়াদি

৫২. শৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (প্রতীত্যবারে সহজাত সদৃশ, নয়টি প্রশ্ন হবে)... অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (প্রতীত্যবারে অন্যোন্য সদৃশ, তিনটি প্রশ্ন হবে)... নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (কুশলত্রিকে নিশ্রয়-প্রত্যয় সদৃশ, তেরোটি প্রশ্ন হবে)।

উপনিশ্রয়-প্রত্যয় (৮)

৫৩. (১) শৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রথম মার্গ (স্রোতাপত্তি) দ্বিতীয় মার্গের (সকৃদাগামীর) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দ্বিতীয় মার্গ (সকৃদাগামীর) তৃতীয় মার্গের (অনাগামীর) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তৃতীয় মার্গ (অনাগামী) চতুর্থ মার্গের (অর্হত্ত্বের) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মার্গ শৈক্ষ্য-ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) শৈক্ষ্য ধর্ম অশৈক্ষ্য ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** মার্গ অশৈক্ষ্য-ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) শৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** আর্যগণ মার্গকে উপনিশ্রয় করে

Visit: http://www.buddhistdownload.com

অনুৎপন্ন কুশল সমাপত্তি উৎপন্ন করেন, উৎপন্ন (সমাপত্তিতে) নিমগ্ন থাকেন, সমস্ত সংস্কারকে (জাগতিক করণোৎপন্ন বিষয়সমূহকে) অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে উত্তমরূপে দর্শন করেন। মার্গ আর্যগণের অর্থ-প্রতিসম্ভিদার... ধর্ম-প্রতিসম্ভিদার... নিরুক্তি-প্রতিসম্ভিদার... প্রতিভান-প্রতিসম্ভিদার... দোষ-অদোষ বিষয়ক দক্ষতা-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শৈক্ষ্য-ফল-সমাপত্তি কায়িক সুখের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৫৪. (৪) অশৈক্ষ্য ধর্ম অশৈক্ষ্য ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **অনন্তর-উপনিশ্রয় :** পূর্ব পূর্ব অশৈক্ষ্য স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অশৈক্ষ্য স্কন্ধসমূহের... অশৈক্ষ্য-ফল অশৈক্ষ্য-ফলের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অশৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অশৈক্ষ্য ফল-সমাপত্তি কায়িক সুখের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৫৫. (৬) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** না-শৈক্ষ্য না-অশৈক্ষ্য শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন, শীল... উপোসথকর্ম... ধ্যান... বিদর্শন... অভিজ্ঞা... সমাপত্তি উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন, দৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপ) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য শীলকে... প্রজ্ঞাকে... রাগকে... প্রার্থনাকে... কায়িক সুখকে... ঋতুকে... ভোজনকে শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন, শীল... সমাপত্তি উৎপন্ন করেন, প্রাণিবধ করেন... সংঘভেদ করেন। সেই কারণে না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য শ্রদ্ধা... প্রজ্ঞা, রাগ... প্রার্থনা, কায়িক সুখ... শয্যাসন না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য শ্রদ্ধার... প্রজ্ঞার, রাগের... প্রার্থনার, কায়িক সুখের, কায়িক দুঃখের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রথম ধ্যানের পরিকর্ম প্রথম ধ্যানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের পরিকর্ম নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... প্রথম ধ্যান দ্বিতীয় ধ্যানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রথম মার্গের পরিকর্ম (প্রস্তুতি) প্রথম মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... চতুর্থ মার্গের পরিকর্ম চতুর্থ

Visit: http://www.buddhistdownload.com

মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম অশৈক্ষ্য ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** কায়িক সুখ... কায়িক দুঃখ... ঋতু... ভোজন... শয্যাসন অশৈক্ষ্য-ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (৩)

৫৬. (১) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-প্রত্যয় এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** (শৈক্ষ্যগণ) চক্ষুকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে উত্তমরূপে দর্শন করেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। এটিকেই ভিত্তি করে রাগ উৎপন্ন হয়... দৃষ্টি... বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। (তদ্রূপ) শ্রোত্রকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে উত্তমরূপে দর্শন করেন... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... শব্দ-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের... গন্ধ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের... রস-আয়তন জিহ্বা-আয়তনের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের এবং (হৃদয়) বাস্তু না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু শৈক্ষ্য স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম অশৈক্ষ্য ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু অশৈক্ষ্য স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (৩)

৫৭. (১) শৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত শৈক্ষ্য স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অশৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় হয়। পশ্চাজ্জাত অশৈক্ষ্য স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আসেবন-প্রত্যয় (২)

৫৮. (১) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর... অনুলোম বিশুদ্ধির আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গোত্রভূ মার্গের... বিশুদ্ধির মার্গের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

কর্ম-প্রত্যয় (৮)

৫৯. (১) শৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** শৈক্ষ্য চেতনা (এটি একটি চৈতসিক) সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** শৈক্ষ্য চেতনা শৈক্ষ্য বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) শৈক্ষ্য ধর্ম অশৈক্ষ্য ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** শৈক্ষ্য চেতনা অশৈক্ষ্য স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) শৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত :** শৈক্ষ্য চেতনা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) শৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শৈক্ষ্য চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৬০. (৫) অশৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অশৈক্ষ্য চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অশৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অশৈক্ষ্য চেতনা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অশৈক্ষ্য ধর্ম অশৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অশৈক্ষ্য চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-

Visit: http://www.buddhistdownload.com

রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৬১. (৮) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য চেতনা না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য বিপাক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয় (৭)

৬২. (১-৩) শৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি শৈক্ষ্য বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের... (শৈক্ষ্যমূলকে তিন)।

(৪-৬) অশৈক্ষ্য ধর্ম অশৈক্ষ্য ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি অশৈক্ষ্য বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের... (অশৈক্ষ্যমূলকে তিন)।

(৭) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের... প্রতিসন্ধিক্ষণে একটি না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের... স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আহার-প্রত্যয়াদি

৬৩. শৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৫)

৬৪. (১) শৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** শৈক্ষ্য স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** শৈক্ষ্য স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অশৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। (শৈক্ষ্য সদৃশ)।

(৩) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (বিপ্রযুক্ত-প্রত্যয় ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং

Visit: http://www.buddhistdownload.com

পশ্চাজ্জাত। **সহজাত :** না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিকালে না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহ কর্ম-সমুত্থিত-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু শৈক্ষ্য স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম অশৈক্ষ্য ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু অশৈক্ষ্য স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয় (১৩)

৬৫. (১) শৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি শৈক্ষ্য স্কন্ধ তিনটি স্কন্ধের...।

(২) শৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** শৈক্ষ্য স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** শৈক্ষ্য স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) শৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি শৈক্ষ্য স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ...।

(৪-৬) অশৈক্ষ্য ধর্ম অশৈক্ষ্য ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)। (শৈক্ষ্য সদৃশ হবে)।

(৭) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** একটি না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি

Visit: http://www.buddhistdownload.com

মহাভূতকে... বাহ্যিক... অসংজ্ঞসত্ত্বগণের...। **পূর্বজাত :** (শৈক্ষ্যগণ) চক্ষুকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে উত্তমরূপে দর্শন করেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। এটিকেই ভিত্তি করে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। (তদ্রূপ) শ্রোত্রকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মরূপে বিশেষভাবে অবলোকন করেন। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... শব্দ-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের... গন্ধ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের... রস-আয়তন জিহ্বা-আয়তনের...স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... (হৃদয়) বাস্তু না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আহার :** কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **ইন্দ্রিয় :** রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু শৈক্ষ্য স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম অশৈক্ষ্য ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু অশৈক্ষ্য স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৬৭. (১০) শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মসমূহ শৈক্ষ্য ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত এবং পূর্বজাত :** একটি শৈক্ষ্য স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ...।

(১১) শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মসমূহ না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি)—সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** শৈক্ষ্য স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** শৈক্ষ্য স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** শৈক্ষ্য স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১২-১৩) অশৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মসমূহ অশৈক্ষ্য ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (দুটি প্রশ্ন করণীয়, শৈক্ষ্য সদৃশ জ্ঞাতব্য)।

Visit: http://www.buddhistdownload.com

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৬৮. হেতুতে সাত, আলম্বনে পাঁচ, অধিপতিতে নয়, অনন্তরে আট, সমনন্তরে আট, সহজাতে নয়, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তেরো, উপনিশ্রয়ে আট, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে দুই, কর্মে আট, বিপাকে, আহারে, ইন্দ্রিয়ে, ধ্যানে, মার্গে সাত, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে তেরো, নাস্তিতে আট, বিগতে আট, আবিগতে তেরো।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)

[অনুলোম সমাপ্ত]

২. প্রতিলোম সংগ্রহ (প্রশ্ন সংখ্যা-১৪)

৬৯. (১) শৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) শৈক্ষ্য ধর্ম অশৈক্ষ্য ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) শৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) শৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭০. (৫) অশৈক্ষ্য ধর্ম অশৈক্ষ্য ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অশৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অশৈক্ষ্য ধর্ম অশৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭১. (৮) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম শৈক্ষ্য ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১০) না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম অশৈক্ষ্য ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭২. (১১) শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মসমূহ শৈক্ষ্য ধর্মের সহজাত, পূর্বজাত।

(১২) শৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মসমূহ না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের সহজাত, পশ্চাজ্জাত, আহার, ইন্দ্রিয়।

(১৩) অশৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মসমূহ অশৈক্ষ্য ধর্মের সহজাত, পূর্বজাত।

(১৪) অশৈক্ষ্য এবং না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মসমূহ না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের সহজাত, পশ্চাজ্জাত, আহার, ইন্দ্রিয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৭৩. না-হেতুতে চৌদ্দ, না-আলম্বনে, না-অধিপতিতে, না-অনন্তরে, না-সমনন্তরে চৌদ্দ, না-সহজাতে দশ, না-অন্যোন্যে দশ, না-নিশ্রয়ে দশ, না-উপনিশ্রয়ে তেরো, না-পূর্বজাতে বার, না-পশ্চাজ্জাতে চৌদ্দ, না-আসেবনে, না-কর্মে চৌদ্দ, না-বিপাকে বার, না-আহারে, না-ইন্দ্রিয়ে, না-ধ্যানে, না-মার্গে চৌদ্দ, না-সম্প্রযুক্তে দশ, না-বিপ্রযুক্তে আট, না-অস্তিতে আট, না-নাস্তিতে চৌদ্দ, না-বিগতে চৌদ্দ, না-অবিগতে আট।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৭৪. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে সাত, না-অধিপতিতে সাত, না-অনন্তরে সাত, না-সমনন্তরে সাত, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে, না-পূর্বজাতে, না-পশ্চাজ্জাতে, না-আসেবনে, না-কর্মে সাত, না-বিপাকে চার, না-আহারে, না-ইন্দ্রিয়ে, না-ধ্যানে, না-মার্গে সাত, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে সাত, না-বিগতে সাত।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

৭৫. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে পাঁচ, অধিপতিতে নয়, অনন্তরে আট, সমনন্তরে আট, সহজাতে নয়, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তেরো, উপনিশ্রয়ে আট,

Visit: http://www.buddhistdownload.com

পূর্বজাতে, পশ্চাজ্জাতে তিন, আসেবনে দুই, কর্মে আট, বিপাকে, আহারে, ইন্দ্রিয়ে, ধ্যানে, মার্গে সাত, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে তেরো, নাস্তিতে আট, বিগতে আট, অবিগতে তেরো।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[প্রশ্নবার সমাপ্ত]

[শৈক্ষ্যত্রিক (এখানে) সমাপ্ত হলো]

১২. পরিত্তত্রিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-১৩)

১. (১) পরিত্ত[১] (সীমিত বা সামান্য অর্থাৎ কামাবচর) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনের সময়ে) একটি পরিত্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি (পরিত্ত) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(২) পরিত্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মহদ্‌গত (মহান বা অসামান্য) ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে মহদ্‌গত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) পরিত্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরিত্ত এবং মহদ্‌গত ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে মহদ্‌গত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

---

[১]। ৫৪ কামাবচর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক ও ২৮ রূপ—পরিত্ত বা সীমিত ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

২. (৪) মহদ্‌গত[১] (অসামান্য অর্থাৎ রূপাবচর এবং অরূপাবচর) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মহদ্‌গত ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনের সময়ে) একটি মহদ্‌গত স্কন্ধকে ভিত্তি করে তিনটি (মহদ্‌গত) স্কন্ধ... দুটি স্কন্ধকে... আবার প্রতিসন্ধিক্ষণে...।

(৫) মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনের সময়ে) মহদ্‌গত স্কন্ধকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে মহদ্‌গত স্কন্ধসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(৬) মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরিত্ত এবং মহদ্‌গত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি মহদ্‌গত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ... প্রতিসন্ধিক্ষণে একটি মহদ্‌গত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে...।

৩. (৭) অপ্রমাণ[২] (সীমাহীন বা অপরিমেয় অর্থাৎ লোকোত্তর) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অপ্রমাণ ধর্ম উৎপন্ন হয়। একটি অপ্রমাণ স্কন্ধকে ভিত্তি করে তিনটি (অপ্রমাণ) স্কন্ধ... তিনটি স্কন্ধকে...।

(৮) অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। অপ্রমাণ স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(৯) অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরিত্ত এবং অপ্রমাণ ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি অপ্রমাণ স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে...।

৪. (১০) পরিত্ত এবং অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। অপ্রমাণ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(১১) পরিত্ত এবং মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। মহদ্‌গত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(১২) পরিত্ত এবং মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মহদ্‌গত ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি মহদ্‌গত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(১৩) পরিত্ত এবং মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরিত্ত এবং

---

[১]। ২৭ মহদ্‌গত (অর্থাৎ ১৫ রূপাবচর ও ১২ অরূপাবচর) চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৫ চৈতসিক—মহদ্‌গত বা অসামান্য ধর্ম।

[২]। ৮ লোকোত্তর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ—অপ্রমাণ বা সীমাহীন ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

মহদ্‌গত ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... মহদ্‌গত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৫)

৫. (১) পরিত্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। একটি পরিত্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) পরিত্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা মহদ্‌গত ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে মহদ্‌গত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা মহদ্‌গত ধর্ম উৎপন্ন হয়। একটি মহদ্‌গত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৪) অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা অপ্রমাণ ধর্ম উৎপন্ন হয়। একটি অপ্রমাণ স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৫) পরিত্ত এবং মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা মহদ্‌গত ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি মহদ্‌গত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

অধিপতি-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৬. (১) পরিত্ত ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। একটি পরিত্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে... একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(২) মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা মহদ্‌গত ধর্ম উৎপন্ন হয়। একটি মহদ্‌গত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৩) মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। মহদ্‌গত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(৪) মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা পরিত্ত এবং মহদ্‌গত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি মহদ্‌গত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে...।

(৫) অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা অপ্রমাণ ধর্ম উৎপন্ন হয়। একটি অপ্রমাণ স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৬) অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন

Visit: http://www.buddhistdownload.com

হয়। অপ্রমাণ স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(৭) অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা পরিত্ত এবং অপ্রমাণ ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি অপ্রমাণ স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে...।

৭. (৮) পরিত্ত এবং অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। অপ্রমাণ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(৯) পরিত্ত এবং মহদ্গত ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। মহদ্গত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয়াদি

৮. পরিত্ত ধর্মকে ভিত্তি করে অনন্তর-প্রত্যয় দ্বারা... সমনন্তর-প্রত্যয় দ্বারা... সহজাত-প্রত্যয় দ্বারা (সবক্ষেত্রেই মহাভূতসমূহ করণীয়)... অন্যোন্য-প্রত্যয় দ্বারা... নিশ্রয়-প্রত্যয় দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... পূর্বজাত-প্রত্যয় দ্বারা (তিনটি প্রশ্ন করণীয়)... আসেবন-প্রত্যয় দ্বারা (তিনটি প্রশ্ন করণীয়)... কর্ম-প্রত্যয় দ্বারা... বিপাক-প্রত্যয় দ্বারা (তেরটি প্রশ্ন করণীয়)... আহার-প্রত্যয় দ্বারা... ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা... ধ্যান-প্রত্যয় দ্বারা... মার্গ-প্রত্যয় দ্বারা... সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা... বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা... অস্তি-প্রত্যয় দ্বারা... নাস্তি-প্রত্যয় দ্বারা... বিগত-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৯. হেতুতে তেরো, আলম্বনে পাঁচ, অধিপতিতে নয়, অনন্তরে পাঁচ, সমনন্তরে পাঁচ, সহজাতে তেরো, অন্যোন্যে সাত, নিশ্রয়ে তেরো, উপনিশ্রয়ে পাঁচ, পূর্বজাতে তিন, আসেবনে তিন, কর্মে সতেরো, বিপাকে সতেরো, আহারে, আহারে, ইন্দ্রিয়ে, ধ্যানে, মার্গে তেরো, সম্পযুক্তে পাঁচ, বিপ্রযুক্তে সতেরো, অস্তিতে তেরো, নাস্তিতে পাঁচ, বিগতে পাঁচ, অবিগতে তেরো।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (১)

১০. (১) পরিত্ত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক পরিত্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-

Visit: http://www.buddhistdownload.com

রূপ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... বাহ্যিক... আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

না-আলম্বন-প্রত্যয় (৫)

১১. (১) পরিত্ত ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। পরিত্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে পরিত্ত স্কন্ধসমূহকে ভিত্তি কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তুকে... একটি মহাভূতকে... বাহ্যিক... আহার-সমুত্থিত... ঋতু-সমত্থিত... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে...।

(২) মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। মহদ্‌গত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে মহদ্‌গত স্কন্ধসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৩) অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। অপ্রমাণ স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৪) পরিত্ত এবং অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। অপ্রমাণ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৫) পরিত্ত এবং মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। অপ্রমাণ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে অপ্রমাণ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

না-অধিপতি-প্রত্যয় (১০)

১২. (১) পরিত্ত ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। একটি পরিত্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... প্রতিসন্ধি গ্রহণের সময়... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... অসংজ্ঞসত্ত্বগণের...।

(২) পরিত্ত ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মহদ্‌গত ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে মহাভূতসমূহ উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৩) পরিত্ত ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা পরিত্ত এবং মহদ্গত ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে মহদ্গত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

১৩. (৪) মহদ্গত ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মহদ্গত ধর্ম উৎপন্ন হয়। মহদ্গত স্কন্ধসমূহকে ভিত্তি করে মহদ্গত-অধিপতি উৎপন্ন হয়। একটি মহদ্গত বিপাক স্কন্ধকে ভিত্তি করে... প্রতিসন্ধিক্ষণে...।

(৫) মহদ্গত ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। মহদ্গত বিপাক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে মহদ্গত স্কন্ধসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৬) মহদ্গত ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা পরিত্ত এবং মহদ্গত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি মহদ্গত বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

১৪. (৭) অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা অপ্রমাণ ধর্ম উৎপন্ন হয়। অপ্রমাণ স্কন্ধসমূহকে ভিত্তি করে অপ্রমাণ-অধিপতি উৎপন্ন হয়।

(৮) পরিত্ত এবং মহদ্গত ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। মহদ্গত বিপাক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে মহদ্গত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৯) পরিত্ত এবং মহদ্গত ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মহদ্গত ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি মহদ্গত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে...।

(১০) পরিত্ত এবং মহদ্গত ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা পরিত্ত এবং মহদ্গত ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধি গ্রহণকালে একটি মহদ্গত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... মহদ্গত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

না-অনন্তর-প্রত্যয়াদি

১৫. পরিত্ত ধর্মকে ভিত্তি করে না-অনন্তর-প্রত্যয় দ্বারা... না-সমনন্তর-প্রত্যয় দ্বারা... না-অন্যোন্য-প্রত্যয় দ্বারা... না-উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়।

না-পূর্বজাত-প্রত্যয় (১২)

১৬. (১-৩) পরিত্ত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি পরিত্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধকে... পরিত্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি পরিত্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... (সকল মহাভূতসমূহ বিস্তৃত করণীয়, অরূপলোকে পরিত্তমূলকে তিনটি প্রশ্ন হবে)।

(৪) মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা মহদ্‌গত ধর্ম উৎপন্ন হয়। একটি মহদ্‌গত স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৫) মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। মহদ্‌গত বিপাক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে মহদ্‌গত স্কন্ধসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৬) মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা পরিত্ত এবং মহদ্‌গত ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি মহদ্‌গত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে...।

১৭. (৭) অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা অপ্রমাণ ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি অপ্রমাণ স্কন্ধকে...।

(৮) অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। অপ্রমাণ স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৯) পরিত্ত এবং অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। অপ্রমাণ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(১০) পরিত্ত এবং মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। মহদ্‌গত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(১১) পরিত্ত এবং মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা মহদ্‌গত ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি মহদ্‌গত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ...।

(১২) পরিত্ত এবং মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা পরিত্ত এবং মহদ্‌গত ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি মহদ্‌গত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... মহদ্‌গত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

না-পশ্চাজ্জাত-প্রত্যয়াদি

১৮. (১) পরিত্ত ধর্মকে ভিত্তি করে না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা... না-আসেবন-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। একটি পরিত্ত স্কন্ধকে ভিত্তি করে

Visit: http://www.buddhistdownload.com

তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে...।

(২) পরিত্ত ধর্ম ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা মহদ্গত ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে মহদ্গত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) পরিত্ত ধর্ম ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা পরিত্ত এবং মহদ্গত ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধি গ্রহণকালে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে মহদ্গত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

১৯. (৪) মহদ্গত ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা মহদ্গত ধর্ম উৎপন্ন হয়। একটি মহদ্গত বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে একটি মহদ্গত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ...।

(৫) মহদ্গত ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। মহদ্গত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৬) মহদ্গত ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা পরিত্ত এবং মহদ্গত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি মহদ্গত বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে একটি মহদ্গত স্কন্ধকে...।

২০. (৭) অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা অপ্রমাণ ধর্ম উৎপন্ন হয়। একটি অপ্রমাণ বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(৮) অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। অপ্রমাণ স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ...।

(৯) অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা পরিত্ত এবং অপ্রমাণ ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি অপ্রমাণ বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ...।

২১. (১০) পরিত্ত এবং অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। অপ্রমাণ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(১১) পরিত্ত এবং মহদ্গত ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। মহদ্গত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে

Visit: http://www.buddhistdownload.com

চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে মহদ্‌গত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(১২) পরিত্ত ও মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা মহদ্‌গত ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি মহদ্‌গত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(১৩) পরিত্ত এবং মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা পরিত্ত এবং মহদ্‌গত ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি মহদ্‌গত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... মহদ্‌গত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

না-কর্ম-প্রত্যয় (৩)

২২. (১) পরিত্ত ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। পরিত্ত স্কন্ধসমূহকে ভিত্তি করে পরিত্ত চেতনা উৎপন্ন হয়। বাহ্যিক... আহার-সমুত্থিত... ঋতু-সমুত্থিত... একটি মহাভূতকে...।

(২) মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা মহদ্‌গত ধর্ম উৎপন্ন হয়। মহদ্‌গত স্কন্ধসমূহকে ভিত্তি করে মহদ্‌গত চেতনা উৎপন্ন হয়।

(৩) অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা অপ্রমাণ ধর্ম উৎপন্ন হয়। অপ্রমাণ স্কন্ধসমূহকে ভিত্তি করে অপ্রমাণ চেতনা উৎপন্ন হয়।

না-বিপাক-প্রত্যয় (৯)

২৩. (১) পরিত্ত ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি পরিত্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। বাহ্যিক... আহার-সমুত্থিত... ঋতু-সমুত্থিত... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে...।

(২) মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা মহদ্‌গত ধর্ম উৎপন্ন হয়। একটি মহদ্‌গত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৩) মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। মহদ্‌গত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৪) মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা পরিত্ত এবং মহদ্‌গত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি মহদ্‌গত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে...।

(৫) অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা অপ্রমাণ ধর্ম

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হয়। একটি অপ্রমাণ কুশল স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ...।

(৬) অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। অপ্রমাণ কুশল স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৭) অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা পরিত্ত এবং অপ্রমাণ ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি অপ্রমাণ কুশল স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৮) পরিত্ত এবং অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। অপ্রমাণ কুশল স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৯) পরিত্ত এবং মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। মহদ্‌গত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

না-আহার-প্রত্যয়াদি

২৪. (১) পরিত্ত ধর্মকে ভিত্তি করে না-আহার-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক... ঋতু-সমুত্থিত... অসংজ্ঞসত্ত্বগণের (বিস্তৃত করণীয়)... না-ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা...। বাহ্যিক... আহার-সমুত্থিত... ঋতু-সমুত্থিত... অসংজ্ঞসত্ত্বগণের... মহাভূতসমূহকে ভিত্তি করে রূপ-জীবিত-ইন্দ্রিয়... না-ধ্যান-প্রত্যয় দ্বারা...। পঞ্চবিজ্ঞান-সহগত একটি স্কন্ধকে... বাহ্যিক... অসংজ্ঞসত্ত্বগণের একটি... মহাভূতকে... (সকল মহাভূতসমূহ করণীয়)... না-মার্গ-প্রত্যয় দ্বারা...। একটি অহেতুক পরিত্ত স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে একটি... (সকল মহাভূতসমূহ করণীয়)... না-সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা... না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা...। অরূপলোকে একটি পরিত্ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... বাহ্যিক... আহার-সমুত্থিত... ঋতু-সমুত্থিত... অসংজ্ঞসত্ত্বগণের...।

(২) মহদ্‌গত ধর্মকে ভিত্তি করে না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা মহদ্‌গত ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি মহদ্‌গত স্কন্ধকে...।

(৩) অপ্রমাণ ধর্মকে ভিত্তি করে না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা অপ্রমাণ ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি অপ্রমাণ স্কন্ধকে... না-নাস্তি-প্রত্যয় দ্বারা... না-বিগত-প্রত্যয় দ্বারা...।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

২৫. না-হেতুতে এক, না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে দশ, না-অনন্তরে পাঁচ, না-সমনন্তরে পাঁচ, না-অন্যোন্যে, না-উপনিশ্রয়ে পাঁচ, না-পূর্বজাতে বার,

Visit: http://www.buddhistdownload.com

না-পশ্চাজ্জাতে তেরো, না-আসেবনে তেরো, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে, না-ধ্যানে, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে পাঁচ, না-বিগতে পাঁচ।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা উচিত)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম
(হেতুমূলক—দ্বিক)

২৬. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে দশ, না-অনন্তরে পাঁচ, না-সমনন্তরে, না-অন্যোন্যে, না-উপনিশ্রয়ে পাঁচ, না-পূর্বজাতে বার, না-পশ্চাজ্জাতে তেরো, না-আসেবনে তেরো, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে পাঁচ, না-বিগতে পাঁচ।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা উচিত)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক—দ্বিক)

২৭. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক, অনন্তরে এক... বিগতে এক, অবিগতে এক।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা উচিত)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[প্রতীত্যবার (এখানে) সমাপ্ত হলো]

২.সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ জানা উচিত)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (১৭)

২৮. (১) পরিত্ত (ক্ষুদ্র বা অকিঞ্চিৎকর) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। একটি পরিত্ত স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে আশ্রয় করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে আশ্রয় করে... উপাদা-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে পরিত্ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) পরিত্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা মহদ্গত ধর্ম উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

(হৃদয়) বাস্তুকে আশ্রয় করে মহদ্গত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে মহদ্গত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) পরিত্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অপ্রমাণ ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অপ্রমাণ স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৪) পরিত্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা পরিত্ত এবং অপ্রমাণ ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অপ্রমাণ স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৫) পরিত্ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা পরিত্ত এবং মহদ্গত ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে মহদ্গত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে মহদ্গত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

২৯. (৬) মহদ্গত (মহৎ বা উচ্চস্তরের) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা মহদ্গত ধর্ম উৎপন্ন হয়। একটি মহদ্গত স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে একটি মহদ্গত স্কন্ধকে...।

(৭) মহদ্গত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। মহদ্গত স্কন্ধসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৮) মহদ্গত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা পরিত্ত এবং মহদ্গত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি মহদ্গত স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে একটি মহদ্গত স্কন্ধকে...।

(৯-১১) অপ্রমাণ (অসীম বা অনন্ত) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অপ্রমাণ ধর্ম উৎপন্ন হয়। অপ্রমাণ...।

৩০. (১২) পরিত্ত এবং অপ্রমাণ ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। অপ্রমাণ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(১৩) পরিত্ত এবং অপ্রমাণ ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অপ্রমাণ ধর্ম উৎপন্ন হয়। একটি অপ্রমাণ স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ...।

৮৯. (৮) অপ্রমাণ ধর্ম অপ্রমাণ ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) অপ্রমাণ ধর্ম পরিত্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১০) অপ্রমাণ ধর্ম মহদ্গত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১১) অপ্রমাণ ধর্ম পরিত্ত এবং অপ্রমাণ ধর্মের সহজাত, পশ্চাজ্জাত, আহার, ইন্দ্রিয়।

(১৩) পরিত্ত এবং অপ্রমাণ ধর্মসমূহ অপ্রমাণ ধর্মের সহজাত, পূর্বজাত।

(১৪) পরিত্ত এবং মহদ্গত ধর্মসমূহ পরিত্ত ধর্মের সহজাত, পশ্চাজ্জাত, আহার ইন্দ্রিয়।

(১৫) পরিত্ত এবং মহদ্গত ধর্মসমূহ মহদ্গত ধর্মের সহজাত, পূর্বজাত।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৯০. না-হেতুতে পনেরো, না-আলম্বনে পনেরো, না-অধিপতিতে, না-অনন্তরে, না-সমনন্তরে পনেরো, না-সহজাতে বার, না-অন্যোন্যে বার, না-নিশ্রয়ে বার, না-উপনিশ্রয়ে চৌদ্দ, না-পূর্বজাতে চৌদ্দ, না-পশ্চাজ্জাতে পনেরো, না-আসেবনে পনেরো... না-মার্গে পনেরো, না-সম্প্রযুক্তে বার, না-বিপ্রযুক্তে দশ, না-অস্তিতে দশ, না-নাস্তিতে পনেরো, না-বিগতে পনেরো, না-অবিগতে

Visit: http://www.buddhistdownload.com

দশ।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা উচিত)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৯১. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে সাত, না-অধিপতিতে, না-অনন্তরে, না-সমনন্তরে সাত, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে সাত, না-পূর্বজাতে সাত... না-মার্গে সাত, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে সাত, না-বিগতে সাত।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা উচিত)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

৯২. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে সাত, অধিপতিতে সাত, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে এগারো, অন্যোন্যে সাত, নিশ্রয়ে তেরো, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে চার, কর্মে সাত... মার্গে সাত, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে তেরো, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে তেরো।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[অনুলাম-প্রতিলোম সমাপ্ত]

[পরিত্তত্রিক (এখানে) সমাপ্ত হলো]

১৩. পরিত্তালম্বনত্রিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

১. (১) পরিত্তালম্বন[১] (সামান্য বা সীমিত উপলব্ধির বিষয়যুক্ত অর্থাৎ কামাবচর আলম্বন) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা পরিত্তালম্বন ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনের সময়ে) একটি পরিত্তালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি (পরিত্তালম্বন) স্কন্ধ... দুটি স্কন্ধ উৎপন্ন হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে একটি

---

[১]। ৫৪ কামাবচর চিত্ত, ২ ঋদ্ধিপাদ (কুশল ও ক্রিয়া অভিজ্ঞা অর্থাৎ রূপাবচর পঞ্চম ধ্যানচিত্ত) ও তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক—পরিত্তালম্বন ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

পরিত্তালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(২) মহদ্‌গতালম্বন[১] (মহান বা মহৎ উপলব্ধির বিষয়যুক্ত অর্থাৎ রূপাবচর এবং অরূপাবচর আলম্বন) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মহদ্‌গতালম্বন ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনের সময়ে) একটি মহদ্‌গতালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি (মহদ্‌গতালম্বন) স্কন্ধ... দুটি স্কন্ধ উৎপন্ন হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে একটি মহদ্‌গতালম্বন...।

(৩) অপ্রমাণালম্বন[২] (অসীম বা অপরিমেয় উপলব্ধির বিষয়যুক্ত অর্থাৎ লোকোত্তর আলম্বন) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অপ্রমাণালম্বন ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনের সময়ে) একটি অপ্রমাণালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি (অপ্রমাণালম্বন) স্কন্ধ... দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

আলম্বন-প্রত্যয়াদি

২. পরিত্তালম্বন ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা... অধিপতি-প্রত্যয় দ্বারা (সংক্ষিপ্ত)... অবিগত-প্রত্যয় দ্বারা পরিত্তালম্বন ধর্ম উৎপন্ন হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৩. হেতুতে তিন, আলম্বনে তিন, অধিপতিতে তিন... অবিগতে তিন।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায়

না-হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

৪. (১) পরিত্তালম্বন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা পরিত্তালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক পরিত্তালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধি গ্রহণের সময় একটি পরিত্তালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-

---

[১]। ১২ অকুশল চিত্ত, ১ মনোদ্বারাবর্তন চিত্ত, ৮ মহদ্‌গত কুশল চিত্ত, ৮ মহদ্‌গত ক্রিয়া চিত্ত, ২ বিজ্ঞান-অনন্ত-আয়তন চিত্ত, ৩ নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন চিত্ত, ২ ঋদ্ধিপাদ (কুশল ও ক্রিয়া অভিজ্ঞা), ৩ বিরতি ও ২ অপ্রমেয় চৈতসিক ব্যতীত তৎসম্প্রযুক্ত ৪৭ চৈতসিক—মহদ্‌গতালম্বন ধর্ম।

[২]। ১ মনোদ্বারাবর্তন চিত্ত, ৪ মহদ্‌গত কুশল চিত্ত, ৪ জ্ঞান-সম্প্রযুক্ত মহদ্‌গত ক্রিয়া চিত্ত, ২ ঋদ্ধিপাদ, ৮ লোকোত্তর চিত্ত ও ২ অপ্রমেয় ব্যতীত তৎসম্প্রযুক্ত (৩৮-২) = ৩৬ চৈতসিক—অপ্রমাণালম্বন ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

সহগত মোহ উৎপন্ন হয়।

(২) মহদ্গতালম্বন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা মহদ্গতালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক মহদ্গতালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৩) অপ্রমাণালম্বন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অপ্রমাণালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক অপ্রমাণালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

না-অধিপতি-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

৫. (১) পরিত্তালম্বন ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা পরিত্তালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি পরিত্তালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে...।

(২) মহদ্গতালম্বন ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মহদ্গতালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি মহদ্গতালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(৩) অপ্রমাণালম্বন ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা অপ্রমাণালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি অপ্রমাণালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

না-পূর্বজাত-প্রত্যয়াদি

৬. (১) পরিত্তালম্বন ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা পরিত্তালম্বন ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি পরিত্তালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে...।

(২) মহদ্গতালম্বন ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা মহদ্গতালম্বন ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি মহদ্গতালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ উৎপন্ন হয়। (মহদ্গতালম্বনে প্রতিসন্ধি নেই)।

(৩) অপ্রমাণালম্বন ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা অপ্রমাণালম্বন ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি অপ্রমাণালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(না-পশ্চাজ্জাত-প্রত্যয় এবং না-আসেবন-প্রত্যয়কে না-অধিপতি-প্রত্যয় সদৃশ জ্ঞাতব্য)।

Visit: http://www.buddhistdownload.com

না-কর্ম-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

৭. (১) পরিত্তালম্বন ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা পরিত্তালম্বন ধর্ম উৎপন্ন হয়। পরিত্তালম্বন স্কন্ধসমূহকে ভিত্তি করে পরিত্তালম্বন চেতনা উৎপন্ন হয়।

(২) মহদ্‌গতালম্বন ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা মহদ্‌গতালম্বন ধর্ম উৎপন্ন হয়। মহদ্‌গতালম্বন স্কন্ধসমূহকে ভিত্তি করে মহদ্‌গতালম্বন চেতনা উৎপন্ন হয়।

(৩) অপ্রমাণালম্বন ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা অপ্রমাণালম্বন ধর্ম উৎপন্ন হয়। অপ্রমাণালম্বন স্কন্ধসমূহকে ভিত্তি করে অপ্রমাণালম্বন চেতনা উৎপন্ন হয়।

না-বিপাক-প্রত্যয়াদি

৮. (১) পরিত্তালম্বন ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা (প্রতিসন্ধি নেই)... না-ধ্যান-প্রত্যয় দ্বারা পরিত্তালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি পঞ্চবিজ্ঞান-সহগত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ... না-মার্গ-প্রত্যয় দ্বারা...। অহেতুক একটি পরিত্তালম্বন একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে একটি পরিত্তালম্বন একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ...।

(২) মহদ্‌গতালম্বন ধর্মকে ভিত্তি করে না-মার্গ-প্রত্যয় দ্বারা মহদ্‌গতালম্বন ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি মহদ্‌গতালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(৩) অপ্রমাণালম্বন ধর্মকে ভিত্তি করে না-মার্গ-প্রত্যয় দ্বারা অপ্রমাণালম্বন ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি অপ্রমাণালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

না-বিপ্রযুক্ত-প্রত্যয় (৩)

৯. (১) পরিত্তালম্বন ধর্মকে ভিত্তি করে না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা পরিত্তালম্বন ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি পরিত্তালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ...।

(২) মহদ্‌গতালম্বন ধর্মকে ভিত্তি করে না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা মহদ্‌গতালম্বন ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি মহদ্‌গতালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ...।

(৩) অপ্রমাণালম্বন ধর্মকে ভিত্তি করে না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা অপ্রমাণালম্বন ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি অপ্রমাণালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধ... দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

২. প্রত্যয় : প্রতিলোম
২ গণনা অধ্যায় (একক)

১০. না-হেতুতে তিন, না-অধিপতিতে তিন... না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-ধ্যানে এক, না-মার্গে তিন, না-বিপ্রযুক্তে তিন।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা উচিত)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম
(হেতুমূলক দ্বিক)

১১. হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-বিপ্রযুক্তে তিন।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা উচিত)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
না-হেতুমূলক—দ্বিক

১২. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে তিন, অন্যোন্যে তিন, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে তিন, আসেবনে দুই, কর্মে তিন, বিপাকে এক, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে দুই, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে তিন, অস্তিতে তিন, নাস্তিতে তিন, বিগতে তিন, অবিগতে তিন।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা উচিত)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[প্রতীত্যবার (এখানে) সমাপ্ত]

২-৬. সহজাত-প্রত্যয়-নিশ্রয়-সংশ্লিষ্ট-সম্প্রযুক্তবার

(সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবার প্রতীত্যবার সদৃশ বিস্তারিত জ্ঞাতব্য)।

৭. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৩)

১৩. (১) পরিত্তালম্বন ধর্ম পরিত্তালম্বন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়

Visit: http://www.buddhistdownload.com

হয়। পরিত্তালম্বন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে পরিত্তালম্বন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) মহদ্‌গতালম্বন ধর্ম মহদ্‌গতালম্বন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মহদ্‌গতালম্বন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে মহদ্‌গতালম্বন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অপ্রমাণালম্বন ধর্ম অপ্রমাণালম্বন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অপ্রমাণালম্বন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৭)

১৪. (১) পরিত্তালম্বন ধর্ম পরিত্তালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ব্যক্তি) দান দিয়ে, শীল অনুশীলন করে, উপোসথকর্ম সম্পাদন করে তা প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত সুকর্মসমূহকে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ পরিত্তালম্বন এমন বিদূরিত ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, বিদূরিতব্য ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত (আসক্ত) ক্লেশসমূহকে জানেন। পরিত্তালম্বন এমন পরিত্ত স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে গভীরভাবে দেখেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য একে ভিত্তি করে পরিত্তালম্বন রাগ উৎপন্ন... দৌর্মনস্য উৎপন্ন হয়। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা পরিত্তালম্বন এমন পরিত্ত চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। পরিত্তালম্বন এমন পরিত্ত স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) পরিত্তালম্বন ধর্ম মহদ্‌গতালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (শৈক্ষ্যগণ) দিব্যচক্ষুকে প্রত্যবেক্ষণ করেন, দিব্যশ্রোত্রকে প্রত্যবেক্ষণ করেন, পরিত্তালম্বন এমন বিবিধ ঋদ্ধিজ্ঞানকে প্রত্যবেক্ষণ করেন, চিত্তপর্যায়-জ্ঞানকে... পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানকে... যথাকর্মোপগ-জ্ঞানকে... অনাগতভব-জ্ঞানকে প্রত্যবেক্ষণ করেন। পরিত্তালম্বন এমন মহদ্‌গত স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে গভীরভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য একে ভিত্তি করে মহদ্‌গতালম্বন রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা পরিত্তালম্বন এমন মহদ্‌গত স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

১৫. (৩) মহদ্‌গতালম্বন ধর্ম মহদ্‌গতালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (শৈক্ষ্যগণ) বিজ্ঞান-অনন্ত-আয়তনকে (দ্বিতীয় অরূপধ্যানকে) প্রত্যবেক্ষণ করেন, নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনকে (চতুর্থ অরূপধ্যানকে) প্রত্যবেক্ষণ করেন, মহদ্‌গতালম্বন এমন বিবিধ ঋদ্ধিজ্ঞানকে প্রত্যবেক্ষণ করেন, চিত্তপর্যায়-জ্ঞানকে... পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানকে... যথাকর্মোপগ-জ্ঞানকে... অনাগতভব-জ্ঞানকে প্রত্যবেক্ষণ করেন। মহদ্‌গতালম্বন এমন মহদ্‌গত স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে গভীরভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য মহদ্‌গতালম্বন এমন রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা মহদ্‌গতালম্বন এমন মহদ্‌গত চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। মহদ্‌গতালম্বন এমন মহদ্‌গত স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) মহদ্‌গতালম্বন ধর্ম পরিত্তালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (শৈক্ষ্যগণ) প্রথম ধ্যানের প্রত্যবেক্ষণ-জ্ঞানকে প্রত্যবেক্ষণ করেন... নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের প্রত্যবেক্ষণ-জ্ঞানকে প্রত্যবেক্ষণ করেন, দিব্যচক্ষুর প্রত্যবেক্ষণ-জ্ঞানকে প্রত্যবেক্ষণ করেন, দিব্যশ্রোত্রের প্রত্যবেক্ষণ-জ্ঞানকে প্রত্যবেক্ষণ করেন, বিবিধ ঋদ্ধিজ্ঞানের প্রত্যবেক্ষণ-জ্ঞানকে... চিত্তপর্যায়-জ্ঞানের প্রত্যবেক্ষণ-জ্ঞানকে প্রত্যবেক্ষণ... পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের প্রত্যবেক্ষণ-জ্ঞানকে... যথাকর্মোপগ-জ্ঞানের প্রত্যবেক্ষণ-জ্ঞানকে... অনাগতভব-জ্ঞানের প্রত্যবেক্ষণ-জ্ঞানকে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ মহদ্‌গতালম্বন এমন পরিত্যক্ত ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, অপরিত্যক্ত ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে যে-সমস্ত ক্লেশতে অভ্যস্ত ছিলেন সে-সমস্ত ক্লেশসমূহকে জানেন। মহদ্‌গতালম্বন পরিত্ত স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে গভীরভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য পরিত্তালম্বন রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা মহদ্‌গতালম্বন এমন পরিত্ত চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। মহদ্‌গতালম্বন পরিত্ত স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৬. (৫) অপ্রমাণালম্বন ধর্ম অপ্রমাণালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকেই প্রত্যবেক্ষণ করেন। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা অপ্রমাণালম্বন এমন অপ্রমাণ চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। অপ্রমাণালম্বন এমন অপ্রমাণ স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের,

Visit: http://www.buddhistdownload.com

পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অপ্রমাণালম্বন ধর্ম পরিত্তালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ গোত্রভূকে প্রত্যবেক্ষণ করেন, বিশুদ্ধিকে প্রত্যবেক্ষণ করেন, মার্গকে প্রত্যবেক্ষণ করেন, ফলকে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রত্যবেক্ষণ করেন। অপ্রমাণালম্বন এমন পরিত্ত স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে গভীরভাবে দর্শন করেন। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা অপ্রমাণালম্বন এমন পরিত্ত চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। অপ্রমাণালম্বন এমন পরিত্ত স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অপ্রমাণালম্বন ধর্ম মহদ্‌গতালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ অপ্রমাণালম্বন এমন চিত্তপর্যায়-জ্ঞানকে প্রত্যবেক্ষণ করেন, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানকে প্রত্যবেক্ষণ করেন, অনাগতভব-জ্ঞানকে প্রত্যবেক্ষণ করেন। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা অপ্রমাণালম্বন এমন মহদ্‌গত চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। অপ্রমাণালম্বন এমন মহদ্‌গত স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অধিপতি-প্রত্যয় (৭)

১৭. (১০) পরিত্তালম্বন ধর্ম পরিত্তালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি ও সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতিঃ** দান দিয়ে, শীল অনুশীলন করে, উপোসথকর্ম সম্পাদন করে তা গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত সুকর্মসমূহকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। পরিত্তালম্বন পরিত্ত স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** পরিত্তালম্বন-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) পরিত্তালম্বন ধর্ম মহদ্‌গতালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** দিব্যচক্ষুকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, দিব্যশ্রোত্রকে... পরিত্তালম্বন বিবিধ ঋদ্ধিজ্ঞানকে... চিত্তপর্যায়-জ্ঞানকে... পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানকে... যথাকর্মোপগ-জ্ঞানকে... অনাগতভব-জ্ঞানকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। পরিত্তালম্বন এমন মহদ্‌গত স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য মহদ্‌গতালম্বন এমন রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

১৮. (৩) মহদ্‌গতালম্বন ধর্ম মহদ্‌গতালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি ও সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** বিজ্ঞান-অনন্ত-আয়তনকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনকে... মহদ্‌গতালম্বন এমন বিবিধ ঋদ্ধিজ্ঞানকে... চিত্তপর্যায়-জ্ঞানকে... পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানকে... যথাকর্মোপগ-জ্ঞানকে... অনাগতভব-জ্ঞানকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। মহদ্‌গতালম্বন এমন মহদ্‌গত স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য মহদ্‌গতালম্বন রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** মহদ্‌গতালম্বন-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) মহদ্‌গতালম্বন ধর্ম পরিত্তালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** প্রথম ধ্যানের প্রত্যবেক্ষণ-জ্ঞানকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন... অনাগতভব-জ্ঞানের প্রত্যবেক্ষণ-জ্ঞানকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। মহদ্‌গতালম্বন এমন পরিত্ত স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য পরিত্তালম্বন এমন রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়।

১৯. (৫) অপ্রমাণালম্বন ধর্ম অপ্রমাণালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি ও সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকেই গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, ফলকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। **সহজাত-অধিপতি :** অপ্রমাণালম্বন-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অপ্রমাণালম্বন ধর্ম পরিত্তালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** শৈক্ষ্যগণ গোত্রভূকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, বিশুদ্ধিকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, মার্গ প্রত্যবেক্ষণ-জ্ঞানকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, ফল প্রত্যবেক্ষণ-জ্ঞানকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণ প্রত্যবেক্ষণ-জ্ঞানকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন

(৭) অপ্রমাণালম্বন ধর্ম মহদ্‌গতালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** শৈক্ষ্যগণ অপ্রমাণালম্বন চিত্তপর্যায়-জ্ঞানকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানকে... অনাগতভব-জ্ঞানকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন।

অনন্তর-প্রত্যয় (৯)

২০. (১) পরিত্তালম্বন ধর্ম পরিত্তালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়

Visit: http://www.buddhistdownload.com

হয়। পূর্ব পূর্ব পরিত্তালম্বন স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী পরিত্তালম্বন স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) পরিত্তালম্বন ধর্ম মহদ্‌গতালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরিত্তালম্বন-চ্যুতি-চিত্ত মহদ্‌গতালম্বন-প্রতিসন্ধি-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরিত্তালম্বন-ভবাঙ্গ মহদ্‌গতালম্বন-আবর্তন-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরিত্তালম্বন-স্কন্ধসমূহ মহদ্‌গতালম্বন-উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) পরিত্তালম্বন ধর্ম অপ্রমাণালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরিত্তালম্বন-ভবাঙ্গ অপ্রমাণালম্বন-আবর্তন-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরিত্তালম্বন-অনুলোম গোত্রভূর... অনুলোম বিশুদ্ধির... অনুলোম ফল-সমাপত্তির (বিশুদ্ধতাজ্ঞান প্রাপ্তির) অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২১. (৪) মহদ্‌গতালম্বন ধর্ম মহদ্‌গতালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব মহদ্‌গতালম্বন স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী মহদ্‌গতালম্বন স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) মহদ্‌গতালম্বন ধর্ম পরিত্তালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মহদ্‌গতালম্বন-চ্যুতি-চিত্ত পরিত্তালম্বন-প্রতিসন্ধি-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মহদ্‌গতালম্বন-ভবাঙ্গ পরিত্তালম্বন-আবর্তন-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মহদ্‌গতালম্বন-স্কন্ধসমূহ পরিত্তালম্বন-উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) মহদ্‌গতালম্বন ধর্ম অপ্রমাণালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মহদ্‌গতালম্বন-ভবাঙ্গ অপ্রমাণালম্বন-আবর্তন-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মহদ্‌গতালম্বন-অনুলোম গোত্রভূর... অনুলোম বিশুদ্ধির... অনুলোম ফল-সমাপত্তির... নিরোধসমাপত্তি হতে উত্থানরত ধ্যানীর নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২২. (৭) অপ্রমাণলম্বন ধর্ম অপ্রমাণালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অপ্রমাণালম্বন স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অপ্রমাণালম্বন ধর্মের স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গোত্রভূ মার্গের... বিশুদ্ধি মার্গের... মার্গ ফলের... ফল ফলের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) অপ্রমাণালম্বন ধর্ম অপ্রমাণালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মার্গ-প্রত্যবেক্ষণ-জ্ঞান পরিত্তালম্বন-উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ফল-প্রত্যবেক্ষণ-জ্ঞান পরিত্তালম্বন-উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নিবার্ণ-প্রত্যবেক্ষণ-জ্ঞান পরিত্তালম্বন-উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অপ্রমাণালম্বন এমন চিত্তপর্যায়-জ্ঞান পরিত্তালম্বন-উত্থানের অনন্তর-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞান পরিত্তালম্বন-উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনাগতভব-জ্ঞান পরিত্তালম্বন-উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ফল পরিত্তালম্বন-উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) অপ্রমাণালম্বন ধর্ম মহদ্‌গতালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মার্গ-প্রত্যবেক্ষণ-জ্ঞান মহদ্‌গতালম্বন-উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ফল-প্রত্যবেক্ষণ-জ্ঞান মহদ্‌গতালম্বন উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নির্বাণ-প্রত্যবেক্ষণ-জ্ঞান মহদ্‌গতালম্বন-উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ফল মহদ্‌গতালম্বন-উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

সমনন্তর-প্রত্যয় (৯)

২৩. (১) পরিত্তালম্বন ধর্ম পরিত্তালম্বন ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (অনন্তর-প্রত্যয় সদৃশ জ্ঞাতব্য)।

সহজাত-প্রত্যয়াদি (৭)

২৪. পরিত্তালম্বন ধর্ম পরিত্তালম্বন ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন) (প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

২৫. (১) পরিত্তালম্বন ধর্ম পরিত্তালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** পরিত্তালম্বন শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন, শীল... উপোসথকর্ম... পরিত্তালম্বন ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন... অভিজ্ঞা... সমাপত্তি উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন। (তদ্রূপ) পরিত্তালম্বন শীলকে... প্রজ্ঞাকে... রাগকে... দ্বেষকে... মোহকে... মানকে... দৃষ্টিকে... প্রার্থনাকে... কায়িক সুখকে... কায়িক দুঃখকে উপনিশ্রয় করে দান দেন, শীল... উপোসথকর্ম... পরিত্তালম্বন ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন... অভিজ্ঞা... সমাপত্তি উৎপন্ন করেন, প্রাণীর জীবন হরণ করেন... সংঘভেদ করেন। সে কারণে পরিত্তালম্বন শ্রদ্ধা... প্রজ্ঞা, রাগ... প্রার্থনা (ইচ্ছা), কায়িক সুখ... কায়িক দুঃখ... পরিত্তালম্বন শ্রদ্ধার... প্রজ্ঞার, রাগের... প্রার্থনার, কায়িক সুখের, কায়িক দুঃখের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) পরিত্তালম্বন ধর্ম মহদ্‌গতালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-

Visit: http://www.buddhistdownload.com

উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** পরিত্তালম্বন শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মহদ্‌গতালম্বন ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন... অভিজ্ঞা... সমাপত্তি উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন, দৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপ) পরিত্তালম্বন শীলকে... প্রজ্ঞাকে... রাগকে... প্রার্থনাকে... কায়িক সুখকে... কায়িক দুঃখকে উপনিশ্রয় করে মহদ্‌গতালম্বন ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন... অভিজ্ঞা... সমাপত্তি উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন, দৃষ্টি উৎপন্ন করেন। সে হেতুতে পরিত্তালম্বন শ্রদ্ধা... কায়িক সুখ, কায়িক দুঃখ, মহদ্‌গতালম্বন শ্রদ্ধার... প্রজ্ঞার, রাগের... প্রার্থনার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) পরিত্তালম্বন ধর্ম অপ্রমাণালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** পরিত্তালম্বন শ্রদ্ধাকে উপনিশ্রয় করে অপ্রমাণালম্বন ধ্যান উৎপন্ন করেন, মার্গ... অভিজ্ঞা... সমাপত্তি উৎপন্ন করেন। (তদ্রূপ) পরিত্তালম্বন শীলকে... প্রজ্ঞাকে... রাগকে... প্রার্থনাকে... কায়িক সুখকে, কায়িক দুঃখকে উপনিশ্রয় করে অপ্রমাণালম্বন ধ্যান উৎপন্ন করেন, মার্গ... অভিজ্ঞা... সমাপত্তি উৎপন্ন করেন। সে কারণবশত পরিত্তালম্বন শ্রদ্ধা... কায়িক সুখ, কায়িক দুঃখ, অপ্রমাণালম্বন শ্রদ্ধার... প্রজ্ঞার, উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৬. (৪) মহদগ্‌তালম্বন ধর্ম মহদ্‌গতালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** মহদ্‌গতালম্বন শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মহদ্‌গতালম্বন ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন... অভিজ্ঞা... সমাপত্তি উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন, দৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) মহদ্‌গতালম্বন শীল... প্রজ্ঞা... রাগ... প্রার্থনা উপনিশ্রয় করে মহদ্‌গতালম্বন ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন... অভিজ্ঞা... সমাপত্তি উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন, দৃষ্টি উৎপন্ন করেন। এ হেতুতে মহদ্‌গতালম্বন শ্রদ্ধা... প্রজ্ঞা, রাগ... প্রার্থনা মহদ্‌গতালম্বন শ্রদ্ধার... প্রজ্ঞার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) মহদগ্‌তালম্বন ধর্ম মহদ্‌গতালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** মহদ্‌গতালম্বন শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন, শীল অনুশীলন করেন, উপোসথকর্ম করেন, পরিত্তালম্বন ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন... অভিজ্ঞা... সমাপত্তি উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন, দৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপ) মহদ্‌গতালম্বন শীলকে... প্রার্থনাকে উপনিশ্রয় করে দান দেন... দৃষ্টি উৎপন্ন করেন। এ হেতুতে মহদ্‌গতালম্বন শ্রদ্ধা... প্রার্থনা পরিত্তালম্বন শ্রদ্ধার... প্রার্থনার, কায়িক সুখের, কায়িক দুঃখের, উপনিশ্রয়-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) মহদ্‌গতালম্বন ধর্ম অপ্রমাণালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** মহদ্‌গতালম্বন শ্রদ্ধাকে উপনিশ্রয় করে অপ্রমাণালম্বন ধ্যান উৎপন্ন করেন, মার্গ... অভিজ্ঞা... সমাপত্তি উৎপন্ন করেন। (তদ্রূপ) মহদ্‌গতালম্বন শীলকে... প্রার্থনাকে উপনিশ্রয় করে অপ্রমাণালম্বন ধ্যান উৎপন্ন করেন... দৃষ্টি উৎপন্ন করেন। এ হেতুতে মহদ্‌গতালম্বন শ্রদ্ধা... প্রার্থনা অপ্রমাণালম্বন শ্রদ্ধার... প্রজ্ঞার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৭. (৭) অপ্রমাণালম্বন ধর্ম অপ্রমাণালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অপ্রমাণালম্বন শ্রদ্ধাকে উপনিশ্রয় করে অপ্রমাণালম্বন ধ্যান উৎপন্ন করেন, মার্গ... অভিজ্ঞা... সমাপত্তি উৎপন্ন করেন। (তদ্রূপ) অপ্রমাণালম্বন শীলকে... প্রজ্ঞাকে উপনিশ্রয় করে অপ্রমাণালম্বন ধ্যান উৎপন্ন করেন, মার্গ... অভিজ্ঞা... সমাপত্তি উৎপন্ন করেন। এ হেতুতে অপ্রমাণালম্বন শ্রদ্ধা... প্রজ্ঞা অপ্রমাণালম্বন শ্রদ্ধার... প্রজ্ঞার, মার্গের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) অপ্রমাণালম্বন ধর্ম পরিত্তালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অপ্রমাণালম্বন শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন, শীল অনুশীলন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন, পরিত্তালম্বন ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন... অভিজ্ঞা... সমাপত্তি উৎপন্ন করেন। (তদ্রূপ) অপ্রমাণালম্বন শীলকে... প্রজ্ঞাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন। এ হেতুতে অপ্রমাণালম্বন শ্রদ্ধা... প্রজ্ঞা পরিত্তালম্বন শ্রদ্ধার... প্রজ্ঞার, কায়িক সুখের, কায়িক দুঃখের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) অপ্রমাণালম্বন ধর্ম মহদ্‌গতালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অপ্রমাণালম্বন শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মহদ্‌গতালম্বন ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন... অভিজ্ঞা... সমাপত্তি উৎপন্ন করেন। (তদ্রূপ) অপ্রমাণালম্বন শীলকে... প্রজ্ঞাকে উপনিশ্রয় করে মহদ্‌গতালম্বন ধ্যান উৎপন্ন হয়। এ হেতুতে অপ্রমাণালম্বন শ্রদ্ধা... প্রজ্ঞা মহদ্‌গতালম্বন শ্রদ্ধার... প্রজ্ঞার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আসেবন-প্রত্যয় (৫)

২৮. (১) পরিত্তালম্বন ধর্ম পরিত্তালম্বন ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়

Visit: http://www.buddhistdownload.com

হয়। পূর্ব পূর্ব পরিত্তালম্বন স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী পরিত্তালম্বন স্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) পরিত্তালম্বন ধর্ম অপ্রমাণালম্বন ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পরিত্তালম্বন অনুলোম গোত্রভূর... অনুলোম বিশুদ্ধির আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৯. (৩) মহদ্গতালম্বন ধর্ম মহদ্গতালম্বন ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব মহদ্গতালম্বন স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী মহদ্গতালম্বন স্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) মহদ্গতালম্বন ধর্ম অপ্রমাণালম্বন ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মহদ্গতালম্বন অনুলোম গোত্রভূর... অনুলোম বিশুদ্ধির আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩০. (৫) অপ্রমাণালম্বন ধর্ম অপ্রমাণালম্বন ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অপ্রমাণালম্বন স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অপ্রমাণালম্বন স্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গোত্রভূ মার্গের... বিশুদ্ধি মার্গের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

কর্ম-প্রত্যয় (৫)

৩১. (১) পরিত্তালম্বন ধর্ম পরিত্তালম্বন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** পরিত্তালম্বন চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** পরিত্তালম্বন চেতনা পরিত্তালম্বন বিপাক স্কন্ধসমূহের কর্ম- প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) মহদ্গতালম্বন ধর্ম মহদ্গতালম্বন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** মহদ্গতালম্বন চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে মহদ্গতালম্বন চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** মহদ্গতালম্বন চেতনা মহদ্গতালম্বন বিপাক স্কন্ধসমূহের কর্ম- প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) মহদ্গতালম্বন ধর্ম পরিত্তালম্বন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** মহদ্গতালম্বন চেতনা পরিত্তালম্বন বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা হয়।

৩২. (৪) অপ্রমাণালম্বন ধর্ম অপ্রমাণালম্বন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** অপ্রমাণালম্বন চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

নানাক্ষণিক : অপ্রমাণালম্বন চেতনা অপ্রমাণালম্বন বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অপ্রমাণালম্বন ধর্ম পরিত্তালম্বন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** অপ্রমাণালম্বন চেতনা পরিত্তালম্বন বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয়াদি

৩৩. পরিত্তালম্বন ধর্ম পরিত্তালম্বন ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

২.গণনা অধ্যায় (একক)

৩৪. হেতুতে তিন, আলম্বনে সাত, অধিপতিতে সাত, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে তিন, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তিন, উপনিশ্রয়ে নয়, আসেবনে পাঁচ, কর্মে পাঁচ, বিপাকে তিন, আহারে তিন, ইন্দ্রিয়ে, ধ্যানে, মার্গে, সম্প্রযুক্তে, অস্তিতে তিন, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে তিন।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা উচিত)।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৯)

৩৫. (১) পরিত্তালম্বন ধর্ম পরিত্তালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) পরিত্তালম্বন ধর্ম মহদ্‌গতালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) পরিত্তালম্বন ধর্ম অপ্রমাণালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৬. (৪) মহদ্‌গতালম্বন ধর্ম মহদ্‌গতালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) মহদ্‌গতালম্বন ধর্ম পরিত্তালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৬) মহদ্গতালম্বন ধর্ম অপ্রমাণালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৭. (৭) অপ্রমাণালম্বন ধর্ম অপ্রমাণালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) অপ্রমাণালম্বন ধর্ম পরিত্তালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) অপ্রমাণালম্বন ধর্ম মহদ্গতালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৩৮. না-হেতুতে নয়, না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয়, না-অনন্তরে নয়, না-সমনন্তরে নয়, না-সহজাতে নয়, না-অন্যোন্যে নয়, না-নিশ্রয়ে নয়, না-উপনিশ্রয়ে-সাত, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়... না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে নয়, না-বিপ্রযুক্তে নয়, না-অস্তিতে নয়, না-নাস্তিতে নয়, না-বিগতে নয়, না-অবিগতে নয়।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা উচিত)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

না-হেতুমূলক—দ্বিক

৩৯. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে, না-অনন্তরে, না-সমনন্তরে, না-উপনিশ্রয়ে, না-পূর্বজাতে, না-পশ্চাজ্জাতে, না-আসেবনে তিন... না-মার্গে, না-বিপ্রযুক্তে, না-নাস্তিতে, না-বিগতে তিন।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা উচিত)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

হেতুমূলক—দ্বিক

৪০. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে সাত, অধিপতিতে সাত, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে তিন, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তিন, উপনিশ্রয়ে নয়, আসেবনে পাঁচ, কর্মে পাঁচ, বিগতে তিন... সম্প্রযুক্তে তিন, অস্তিতে তিন, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে তিন।

Visit: http://www.buddhistdownload.com

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা উচিত)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[প্রশ্নবার সমাপ্ত]

[পরিত্তালম্বনত্রিক (এখানে) সমাপ্ত হলো]

১৪. হীনত্রিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১. (১) হীন[১] (নিকৃষ্ট বা নিন্মতর) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হীন ধর্ম উৎপন্ন হয়। একটি হীন স্কন্ধকে ভিত্তি করে তিনটি (হীন) স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(২) হীন ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মধ্যম (মাঝারি) ধর্ম উৎপন্ন হয়। হীন স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(৩) হীন ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা হীন এবং মধ্যম ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি হীন স্কন্ধকে ভিত্তি করে তিনটি (হীন) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

২. (৪) মধ্যম[২] (মাঝারি বা মধ্যস্থ) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মধ্যম ধর্ম উৎপন্ন হয়। একটি মধ্যম স্কন্ধকে ভিত্তি করে তিনটি (মধ্যম) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

৩. (৫-৭) প্রণীত[৩] (উৎকৃষ্ট বা উত্তম) ধর্মকে ভিত্তি করে প্রণীত ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

৪. (৮) মধ্যম এবং প্রণীত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মধ্যম ধর্ম উৎপন্ন হয়। প্রণীত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

---

[১]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক—হীন বা নিম্নস্তরের ধর্ম।

[২]। ১৭ লোকীয় কুশল চিত্ত, ৩২ লোকীয় বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক ও ২৮ প্রকার রূপ—মধ্যম বা মধ্যমস্তরের ধর্ম।

[৩]। ৮ লোকোত্তর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ—প্রণীত বা উচ্চস্তরের ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

৫. (৯) হীন এবং মধ্যম ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মধ্যম ধর্ম উৎপন্ন হয়। হীন স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(হীনত্রিক সংক্লিষ্টত্রিক (যা প্রথম খণ্ডে আলোচিত হয়েছে) সদৃশ পরিপূর্ণভাবে বিস্তৃত করতে হবে)।

[হীনত্রিক (এখানে) সমাপ্ত হলো]

১৫. মিথ্যাদৃষ্টিতে নিয়তত্রিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১. (১) মিথ্যাদৃষ্টিতে নিয়ত[১] (স্থির বা আবদ্ধ) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনের সময়ে) একটি মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি (মিথ্যাদৃষ্টিতে নিয়ত) স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(২) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনিয়ত (অনিশ্চিত বা অমীমাংসিত) ধর্ম উৎপন্ন হয়। মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(৩) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মিথ্যাদৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

২. (৪-৬) সম্যক দৃষ্টিতে নিয়ত[২] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন... (তিন)।

৩. (৭) অনিয়ত[৩] (অনিশ্চিত) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনিয়ত ধর্ম উৎপন্ন হয়। একটি অনিয়ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি (অনিয়ত) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অপরদিকে প্রতিসন্ধিক্ষণে একটি অনিয়ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়)

---

[১]। ৪ মিথ্যাদৃষ্টি-সম্প্রযুক্ত চিত্তের সপ্তম ক্ষণ, ২ দ্বেষমূলক চিত্তের সপ্তম ক্ষণ, মান ও বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত ২৫ চৈতসিক—মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম।

[২]। ৪ মার্গচিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক—সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম।

[৩]। সপ্তম চিত্তক্ষণ ব্যতীত (উপরিল্লেখিত) ১৭ লোকীয় কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ—অনিয়ত ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

৪. (৮) মিথ্যাদৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনিয়ত ধর্ম উৎপন্ন হয়। মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(৯) সম্যক দৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনিয়ত ধর্ম উৎপন্ন হয়। সম্যক দৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

৫. (১) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়। একটি মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়। একটি সম্যক দৃষ্টিতে নিয়ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

(৩) অনিয়ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা অনিয়ত ধর্ম উৎপন্ন হয়। একটি অনিয়ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে একটি অনিয়ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (অবশিষ্ট সমস্ত প্রত্যয় এই প্রকারেই বিস্তৃত করতে হবে। সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৬. হেতুতে নয়, আলম্বনে তিন, অধিপতিতে নয়, অনন্তরে তিন, সমন্তরে তিন, সহজাতে নয়, অন্যোন্যে তিন, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে তিন, আসেবনে তিন, কর্মে নয়, বিপাকে এক, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে তিন, বিগতে তিন, অবিগতে নয়।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[অনুলোম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায়

না-হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-১)

৭. (১) অনিয়ত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অনিয়ত ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক অনিয়ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধি গ্রহণক্ষণে... একটি মহাভূতকে ভিত্তি করে... বাহ্যিক... আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

না-আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৫)

৮. (১) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা অনিয়ত ধর্ম উৎপন্ন হয়। মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

না-অধিপতি-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

৯. (১) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়। মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহকে ভিত্তি করে মিথ্যাদৃষ্টিতে নিয়ত-অধিপতি উৎপন্ন হয়।

(২) সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়। সম্যক দৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহকে ভিত্তি করে সম্যক দৃষ্টিতে নিয়ত-অধিপতি উৎপন্ন হয়।

(৩) অনিয়ত ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা অনিয়ত ধর্ম উৎপন্ন হয়। একটি অনিয়ত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... অসংজ্ঞসত্ত্বগণের...।

না-অনন্তর-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৫)

১০. (১) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মকে ভিত্তি করে না-অনন্তর-প্রত্যয় দ্বারা অনিয়ত ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)। (অবশিষ্ট সমস্ত প্রত্যয় বিস্তৃত করণীয়)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

১১. না-হেতুতে এক, না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে তিন, না-অনন্তরে পাঁচ, না-সমনন্তরে পাঁচ, না-অন্যোন্যে পাঁচ, না-উপনিশ্রয়ে পাঁচ, না-পূর্বজাতে

Visit: http://www.buddhistdownload.com

ছয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে পাঁচ, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে পাঁচ, না-বিগতে পাঁচ।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা উচিত)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

১২. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বন পাঁচ, না-অধিপতিতে তিন, না-অনন্তরে, না-সমনন্তরে, না-অন্যোন্যে, না-উপনিশ্রয়ে পাঁচ, না-পূর্বজাতে ছয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে পাঁচ, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে পাঁচ, না-বিগতে পাঁচ।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা উচিত)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

১৩. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক, অনন্তরে এক, সমনন্তরে এক, সহজাতে এক... বিগতে এক।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা উচিত)

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[প্রতীত্যবার (এখানে) সমাপ্ত হলো]

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ পাঠ করতে হবে)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (১৭)

১৪. (১-৩) মিথ্যাদৃষ্টিতে (অযথার্থ বিষয়ে) নিয়ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪-৬) সম্যক দৃষ্টিতে (যথার্থ বিষয়ে) নিয়ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

১৫. (৭) অনিয়ত (অনির্দিষ্ট) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অনিয়ত ধর্ম উৎপন্ন হয়। একটি অনিয়ত স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে আশ্রয়

Visit: http://www.buddhistdownload.com

করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে আশ্রয় করে... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অনিয়ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৮) অনিয়ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৯) অনিয়ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সম্যক দৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(১০) অনিয়ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা মিথ্যাদৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(১১) অনিয়ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সম্যক দৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সম্যক দৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

১৬. (১২) মিথ্যাদৃষ্টিতে নিয়ত এবং নিয়ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়। একটি মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ...।

(১৩) মিথ্যাদৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অনিয়ত ধর্ম উৎপন্ন হয়। মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(১৪) মিথ্যাদৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা মিথ্যাদৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ... মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(১৫-১৭) সম্যক দৃষ্টিতে নিয়ত এবং নিয়ত ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়...। (মিথ্যাদৃষ্টিতে নিয়ত সদৃশ তিনটি প্রশ্ন করণীয়)।

আলম্বন-প্রত্যয়াদি

১৭. মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা...

Visit: http://www.buddhistdownload.com

(সংক্ষিপ্ত, কুশলত্রিকে প্রত্যয়বার সদৃশ বিভাগ করণীয়)... অবিগত-প্রত্যয় দ্বারা মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

১৮. হেতুতে সতেরো, আলম্বনে সাত, অধিপতিতে সতেরো, অনন্তরে সাত, সমন্তরে সাত, সহজাতে সতেরো, অন্যোন্যে সাত, নিশ্রয়ে সতেরো, উপনিশ্রয়ে সাত, পূর্বজাতে সাত, আসেবনে সাত, কর্মে সতেরো, বিপাকে এক, আহারে সতেরো, ইন্দ্রিয়ে সতেরো, ধ্যানে সতেরো, মার্গে সতেরো, সম্প্রযুক্তে সাত, বিপ্রযুক্তে সতেরো, অস্তিতে সতেরো, নাস্তিতে সাত, বিগতে সাত, অবিগতে সতেরো।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (১)

১৯. (১) অনিয়ত ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা অনিয়ত ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক অনিয়ত স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... অহেতুক স্কন্ধসমূহকে আশ্রয় করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... অসংজ্ঞসত্ত্বগণের... চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান উৎপন্ন হয়... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক অনিয়ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

না-আলম্বন-প্রত্যয় (৫)

২০. (১) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মকে আশ্রয় করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়। মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহকে আশ্রয় করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। (কুশলত্রিক সদৃশ, পাঁচটি প্রশ্ন করণীয়)।

না-অধিপতি-প্রত্যয় (৭)

২১. (১) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়। মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহকে আশ্রয়

Visit: http://www.buddhistdownload.com

করে মিথ্যাদৃষ্টিতে নিয়ত-অধিপতি উৎপন্ন হয়।

(২) সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়। সম্যক দৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহকে আশ্রয় করে সম্যক দৃষ্টিতে নিয়ত-অধিপতি উৎপন্ন হয়।

(৩) অনিয়ত ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা অনিয়ত ধর্ম উৎপন্ন হয়। একটি অনিয়ত স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... অসংজ্ঞসত্ত্বগণের... চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অনিয়ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৪) অনিয়ত ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে মিথ্যাদৃষ্টিতে নিয়ত-অধিপতি উৎপন্ন হয়।

(৫) অনিয়ত ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সম্যক দৃষ্টিতে নিয়ত-অধিপতি উৎপন্ন হয়।

(৬) মিথ্যাদৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়। মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে মিথ্যাদৃষ্টিতে নিয়ত-অধিপতি উৎপন্ন হয়।

(৭) সম্যক দৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়। সম্যক দৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে সম্যক দৃষ্টিতে নিয়ত-অধিপতি উৎপন্ন হয়।

না-অনন্তর-প্রত্যয়াদি

২২. মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মকে আশ্রয় করে না-অনন্তর-প্রত্যয় দ্বারা... না-নাস্তি-প্রত্যয় দ্বারা... না-বিগত-প্রত্যয় দ্বারা অনিয়ত ধর্ম উৎপন্ন হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

২৩. না-হেতুতে এক, না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে সাত, না-অনন্তরে পাঁচ, না-সমনন্তরে পাঁচ, না-অন্যোন্যে পাঁচ, না-উপনিশ্রয়ে পাঁচ, না-পূর্বজাতে ছয়, না-পশ্চাজ্জাতে সতেরো, না-আসেবনে পাঁচ, না-কর্মে সাত, না-বিপাকে সতেরো, না-আহারে এক, না-ইন্দ্রিয়ে, না-ধ্যানে, না-মার্গে এক, না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে পাঁচ, না-বিগতে পাঁচ।

Visit: http://www.buddhistdownload.com

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা উচিত)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

২৪. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে সাত, না-অনন্তরে পাঁচ, না-সমনন্তরে, না-অন্যোন্যে, না-উপনিশ্রয়ে পাঁচ, না-পূর্বজাতে ছয়, না-পশ্চাজ্জাতে সতেরো, না-আসেবনে পাঁচ, না-কর্মে সাত, না-বিপাকে সতেরো, না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে দুই, না-নাস্তিতে পাঁচ, না-বিগতে পাঁচ।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা উচিত)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

১৩. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক, অনন্তরে এক (সংক্ষিপ্ত), অবিগতে এক।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা উচিত)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[প্রত্যয়বার (এখানে) সমাপ্ত হলো]

৪. নিশ্রয়বার

(নিশ্রয়বার প্রত্যয়বার সদৃশ জ্ঞাতব্য)।

৫. সংশ্লিষ্টবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৩)

২৬. (১) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়। একটি মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়। একটি সম্যক দৃষ্টিতে নিয়ত স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৩) অনিয়ত ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা অনিয়ত ধর্ম উৎপন্ন হয়। একটি অনিয়ত স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

Visit: http://www.buddhistdownload.com

আলম্বন-প্রত্যয়াদি

২৭. মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মকে সংশ্লিষ্ট করে আলম্বন-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

২৮. হেতুতে তিন, আলম্বনে তিন... কর্মে তিন, বিপাকে এক, আহারে তিন... অবিগতে তিন।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (১)

২৯. (১) অনিয়ত ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু-প্রত্যয় দ্বারা অনিয়ত ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক অনিয়ত স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে...।

না-অধিপতি-প্রত্যয় (৩)

৩০. (১) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মকে সংশ্লিষ্ট করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়। মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে মিথ্যাদৃষ্টিতে নিয়ত অধিপতি উৎপন্ন হয়।

(২) সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মকে সংশ্লিষ্ট করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়। সম্যক দৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে সম্যক দৃষ্টিতে নিয়ত অধিপতি উৎপন্ন হয়।

(৩) অনিয়ত ধর্মকে সংশ্লিষ্ট করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা অনিয়ত ধর্ম উৎপন্ন হয়। একটি অনিয়ত স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

না-পূর্বজাত-প্রত্যয়াদি

৩১. (১) সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মকে সংশ্লিষ্ট করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি সম্যক দৃষ্টিতে নিয়ত স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) অনিয়ত ধর্মকে সংশ্লিষ্ট করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা অনিয়ত ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি অনিয়ত স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(১-৩) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মকে সংশ্লিষ্ট করে না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়... (পরিপূর্ণ করা উচিত)।

না-আসেবন-প্রত্যয়াদি

৩২. (১) অনিয়ত ধর্মকে সংশ্লিষ্ট করে না-আসেবন-প্রত্যয় দ্বারা অনিয়ত ধর্ম উৎপন্ন হয়। একটি অনিয়ত স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

(৩/৩) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মকে সংশ্লিষ্ট করে না-কর্ম-প্রত্যয় দ্বারা... না-বিপাক-প্রত্যয় দ্বারা মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

(১/১) অনিয়ত ধর্মকে সংশ্লিষ্ট করে না-ধ্যান-প্রত্যয় দ্বারা অনিয়ত ধর্ম উৎপন্ন হয়। পঞ্চবিজ্ঞান... না-মার্গ-প্রত্যয় দ্বারা...। অহেতুক অনিয়ত...।

(১) সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মকে সংশ্লিষ্ট করে না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি সম্যক দৃষ্টিতে নিয়ত স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) অনিয়ত ধর্মকে সংশ্লিষ্ট করে না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা অনিয়ত ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি অনিয়ত স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৩৩. না-হেতুতে এক, না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে দুই, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে এক, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে দুই।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা উচিত)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক দ্বিক)

৩৪. হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে দুই, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে এক, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-বিপ্রযুক্তে দুই।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা উচিত)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক দ্বিক)

৩৫. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক, অনন্তরে এক (সংক্ষিপ্ত), অবিগতে এক।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করা উচিত)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[সংশ্লিষ্টবার (এখানে) সমাপ্ত হলো]

৬. সম্প্রযুক্তবার

(সম্প্রযুক্তবার সংশ্লিষ্টবার সদৃশ জ্ঞাতব্য)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৭)

৩৬. (১) মিথ্যাদৃষ্টিতে নিয়ত (মিথ্যা বা ভূল বিশ্বাসে স্থিত) ধর্ম মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মিথ্যাদৃষ্টিতে নিয়ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মিথ্যাদৃষ্টিতে নিয়ত হেতুসমূহ চিত্ত-সমুত্থান-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম মিথ্যাদৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মিথ্যাদৃষ্টিতে নিয়ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪-৬) সম্যক দৃষ্টিতে নিয়ত (সাধুসম্মতে স্থিত) ধর্ম সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৭) অনিয়ত (না-নিয়তি বা অনিশ্চিত) ধর্ম অনিয়ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনিয়ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে অনিয়ত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থান-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৫)

৩৭. (১) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ মিথ্যাদৃষ্টিতে নিয়ত এমন প্রহীন (বিনাশপ্রাপ্ত) ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, অপ্রহীন (অবিনষ্ট) ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত ক্লেশসমূহকে জানেন। মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ

Visit: http://www.buddhistdownload.com

ও অনাত্মদৃষ্টিতে গভীরভাবে দেখেন। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা মিথ্যাদৃষ্টিতে নিয়ত চিত্তসমঙ্গীভূত ব্যক্তির চিত্তকে জানেন। মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে পরে মার্গকেই প্রত্যবেক্ষণ করেন। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা সম্যক দৃষ্টিতে নিয়ত চিত্তসমঙ্গীভূত ব্যক্তির চিত্তকে জানেন। সম্যক দৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অনিয়ত ধর্ম অনিয়ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ব্যক্তি) দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। (অতঃপর) এগুলোকেই প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত কুশলকর্মসমূহকে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকেই প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ ফলকে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, ফলের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ অনিয়ত এমন প্রহীন ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, অপ্রহীন ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন। পূর্বে আচরিত ক্লেশসমূহকে জানেন। চক্ষুকে... শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... (হৃদয়) বাস্তুকে... অনিয়ত স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মরূপে গভীরভাবে দেখেন। তজ্জন্য একে ভিত্তি করে অনিয়ত রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্র দ্বারা রূপ দেখেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শোনেন। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা অনিয়ত চিত্তসমঙ্গীভূত ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের... আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়র দ্বারা প্রত্যয় হয়। অনিয়ত স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অনিয়ত ধর্ম মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ব্যক্তির) রূপ-জীবিত-ইন্দ্রিয় মাতৃহত্যাকর্মের... পিতৃহত্যাকর্মের... অর্হৎহত্যাকর্মের... (অকুশলচিত্তে তথাগতের শরীর হতে) রক্তপাত ঘটানোকর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। যে-ই বাস্তুকে আশ্রয় বা

Visit: http://www.buddhistdownload.com

সংশ্লিষ্ট করে মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ উৎপন্ন হয়, সে-ই বাস্তু মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনিয়ত ধর্ম সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নির্বাণ মার্গের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অধিপতি-প্রত্যয় (৮)

৩৯. (১) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** মিথ্যাদৃষ্টিতে নিয়ত-অধিপতি সম্পযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** মিথ্যাদৃষ্টিতে নিয়ত-অধিপতি চিত্ত-সমুত্থান-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম মিথ্যাদৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** মিথ্যাদৃষ্টিতে নিয়ত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪০. (৪) সম্যক দৃষ্টিতে নিয়ত সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** সম্যক দৃষ্টিতে নিয়ত-অধিপতি সম্পযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকেই গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। **সহজাত-অধিপতি :** সম্যক দৃষ্টিতে নিয়ত-অধিপতি চিত্ত-সমুত্থান-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪১. (৭) অনিয়ত ধর্ম অনিয়ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। (অতঃপর) এগুলোকেই গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত কুশল কর্মসমূহকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে... আর্যগণ ফলকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির এবং ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে... অনিয়ত স্কন্ধসমূহকে গুরুত্ব-সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। যার ফলে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন করেন। **সহজাত-অধিপতি :** অনিয়ত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং

Visit: http://www.buddhistdownload.com

চিত্ত-সমুত্থান-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) অনিয়ত সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** নির্বাণ মার্গের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অনন্তর-প্রত্যয় (৫)

৪২. (১) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মার্গ ফলের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অনিয়ত ধর্ম অনিয়ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অনিয়ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অনিয়ত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর... অনুলোম বিশুদ্ধির... ফল ফলের... অনুলোম ফল-সমাপত্তির... নিরোধসমাপত্তি হতে উত্থানরত ধ্যানীর নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৩. (৪) অনিয়ত ধর্ম মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনিয়ত-দৌর্মনস্য মিথ্যাদৃষ্টিতে নিয়ত-দৌর্মনস্যের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনিয়ত-মিথ্যাদৃষ্টি[১] নিয়ত-মিথ্যাদৃষ্টির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনিয়ত ধর্ম সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গোত্রভূর মার্গের... বিশুদ্ধি মার্গের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

সমনন্তরাদি-প্রত্যয়

৪৪. মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (অনন্তর-প্রত্যয় সদৃশ)... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (প্রতীত্যবার

---

[১]। মিথ্যাদৃষ্টি দুই প্রকার; যথা : নিয়ত ও অনিয়ত-মিথ্যাদৃষ্টি। নিয়ত-মিথ্যাদৃষ্টি তিন প্রকার। যথা : (১) অক্রিয়া-মিথ্যাদৃষ্টি (কুশলাকুশল কর্মে অবিশ্বাস—পূরণ কশ্যপের মতবাদ), (২) নাস্তিক-মিথ্যাদৃষ্টি (সুকৃত-দুষ্কৃত কর্মফলে অবিশ্বাস—অজিত কেশকম্বলীর মতবাদ), (৩) অহেতুক-মিথ্যাদৃষ্টি (জীবের পূর্বহেতুতে অবিশ্বাস—মক্‌খালী গোশালের মতবাদ)। অনিয়ত-মিথ্যাদৃষ্টি দুই প্রকার; শ্বাশতবাদ ও উচ্ছেদবাদ। পঞ্চস্কন্ধ বা নাম-রূপ-সংস্কার ধর্মকে নিত্য, সুখ, শুভ, আত্মরূপে মিথ্যা ধারণাই শ্বাশতবাদ; এটি ৪৪ প্রকার। সুকৃত ও দুষ্কৃত কর্মের ফল পরিণামে কোনো বিপাক নেই। ইহলোকে যা কিছু থাকে পরলোকে তা নেই। এরূপ ধারণাই উচ্ছেদবাদ; এটি ১৮ প্রকার। অনিয়ত-মিথ্যাদৃষ্টি সর্বমোট ৬২ প্রকার। দীর্ঘনিকায়ের অন্তর্গত "ব্রহ্মজাল-সূত্রে" বাষট্টি প্রকার মিথ্যাদৃষ্টির বর্ণনা সবিস্তারে উল্লেখ আছে।

Visit: http://www.buddhistdownload.com

সদৃশ, নয়টি প্রশ্ন হবে)... অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (প্রতীত্যবার সদৃশ, তিনটি প্রশ্ন হবে)... নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (কুশলত্রিক সদৃশ, তেরোটি প্রশ্ন হবে)।

উপনিশ্রয়-প্রত্যয় (৭)

৪৫. (১) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** মাতৃহত্যাকর্ম মাতৃহত্যাকর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মাতৃহত্যাকর্ম... পিতৃহত্যাকর্ম... অর্হৎহত্যাকর্ম... (পাপঅকুশল চিত্তে তথাগতের শরীর হতে) রক্তপাত ঘটানোকর্ম... সংঘভেদকর্ম... নিয়ত-মিথ্যাদৃষ্টির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (চক্রবন্ধন করতে হবে)। নিয়ত-মিথ্যাদৃষ্টি নিয়ত-মিথ্যাদৃষ্টির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নিয়ত-মিথ্যাদৃষ্টি মাতৃহত্যাকর্মের... সংঘভেদকর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** (ব্যক্তি) মাতৃহত্যা করে এটির প্রতিকারের জন্য (অর্থাৎ এর বিপাক প্রতিহত করণার্থে) দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম করেন। পিতৃহত্যা করে... মাতৃহত্যা করে... অর্হৎহত্যা করে... পাপঅকুশল চিত্তে তথাগতের (শরীর হতে) রক্তপাত ঘটিয়ে... সংঘভেদ করে এটির প্রতিকারের জন্য দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম করেন।

৪৬. (৩) সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রথম মার্গ দ্বিতীয় মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... তৃতীয় মার্গ চতুর্থ মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** আর্যগণ মার্গকে উপনিশ্রয় করে অনুৎপন্ন সমাপত্তি উৎপন্ন করেন, উৎপন্ন (সমাপত্তিতে) মনোনিবেশ করেন, সমস্ত সংস্কারকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে উত্তমরূপে দেখেন। মার্গ আর্যগণের অর্থ-প্রতিসম্ভিদার... ধর্ম-প্রতিসম্ভিদার... নিরুক্তি-প্রতিসম্ভিদার... প্রতিভান-প্রতিসম্ভিদার... দোষ-অদোষ বিষয়ক দক্ষতা-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মার্গ ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৭. (৫) অনিয়ত ধর্ম অনিয়ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অনিয়ত শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম... ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন... অভিজ্ঞা... সমাপত্তি উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন, দৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) অনিয়ত শীলকে... শ্রুতিকে... ত্যাগকে... প্রজ্ঞাকে... রাগকে... প্রার্থনাকে... কায়িক সুখকে... কায়িক দুঃখকে... ঋতুকে... ভোজনকে... শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... নিগম লুণ্ঠন করেন। অনিয়ত শ্রদ্ধা... প্রজ্ঞা, রাগ... শয্যাসন অনিয়ত শ্রদ্ধার... কায়িক সুখের, কায়িক দঃখের এবং ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রথম ধ্যানের পরিকর্ম তদনুরূপ ধ্যানের... নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের পরিকর্ম তদনুরূপ ধ্যানের... প্রথম ধ্যান দ্বিতীয় ধ্যানের... আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... প্রাণিবধ প্রাণিবধের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (চক্রবন্ধন করতে হবে)।

(৬) অনিয়ত ধর্ম মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মের উপনিশ্রয়-প্রতয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অনিয়ত রাগকে উপনিশ্রয় করে মাতৃহত্যা করেন... পিতৃহত্যা করেন... অর্হৎহত্যা করেন... বুদ্ধের শরীর হতে রক্তপাত করেন... সংঘভেদ করেন। (তদ্রূপ) অনিয়ত দ্বেষকে... প্রার্থনাকে...কায়িক সুখকে... শয্যাসনকে উপনিশ্রয় করে মাতৃহত্যা করেন... সংঘভেদ করে থাকেন। অনিয়ত রাগ... শয্যাসন মাতৃহত্যাকর্মের... পিতৃহত্যাকর্মের... অর্হৎহত্যাকর্মের... (পাপচিত্তে তথাগতের শরীর হতে) রক্তপাত ঘটানোকর্মের...সংঘভেদকর্মের... নিয়ত-মিথ্যাদৃষ্টির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অনিয়ত ধর্ম সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রথম মার্গের পরিকর্ম প্রথম মার্গের... চতুর্থ মার্গের পরিকর্ম চতুর্থ মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (৩)

৪৮. (১) অনিয়ত ধর্ম অনিয়ত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে... দর্শন করেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। যার কারণে অনিয়ত রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্র দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়

Visit: http://www.buddhistdownload.com

হয়। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের... (হৃদয়) বাস্তু অনিয়ত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অনিয়ত ধর্ম মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** রূপ-জীবিত-ইন্দ্রিয় (রূপসন্ততির আয়ু বা কায়িক জীবন) মাতৃহত্যাকর্মের... পিতৃহত্যাকর্মের... অর্হৎহত্যাকর্মের... (পাপচিত্তে তথাগতের শরীর হতে) রক্তপাত ঘটানোকর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অনিয়ত ধর্ম সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু সম্যক দৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (৩)

৪৯. (১) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত সম্যক দৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অনিয়ত ধর্ম অনিয়ত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত অনিয়ত স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের প্রত্যয় হয়।

আসেবন-প্রত্যয় (৩)

৫০. (১) অনিয়ত ধর্ম অনিয়ত ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অনিয়ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অনিয়ত স্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর... অনুলোম বিশুদ্ধির আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অনিয়ত ধর্ম মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনিয়ত দৌর্মনস্য (মানসিক নিরানন্দতাজনক অনুভূতি) মিথ্যাদৃষ্টিতে নিয়ত দৌর্মনস্যের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনিয়ত-মিথ্যাদৃষ্টি নিয়ত-মিথ্যাদৃষ্টির আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৩) অনিয়ত ধর্ম সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গোত্রভূ মার্গের... বিশুদ্ধি মার্গের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

কর্ম-প্রত্যয় (৭)

৫১. (১) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মিথ্যাদৃষ্টিতে নিয়ত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** মিথ্যাদৃষ্টিতে নিয়ত চেতনা চিত্ত-সমুত্থান-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** মিথ্যাদৃষ্টিতে নিয়ত চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থান-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম মিথ্যাদৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মিথ্যাদৃষ্টিতে নিয়ত চেতনা সম্পযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৫২. (৪) সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সম্যক দৃষ্টিতে নিয়ত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** সম্যক দৃষ্টিতে নিয়ত চেতনা চিত্ত-সমুত্থান-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** সম্যক দৃষ্টিতে নিয়ত চেতনা বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম সম্যক দৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সম্যক দৃষ্টিতে নিয়ত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অনিয়ত ধর্ম অনিয়ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহাজাত :** অনিয়ত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে অনিয়ত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থান-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** অনিয়ত চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থান-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

বিপাক-প্রত্যয় (১)

৫৩. (১) অনিয়ত ধর্ম অনিয়ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি অনিয়ত বিপাক স্কান্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর...।

আহারাদি-প্রত্যয়

৫৪. মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপ্রযুক্ত-প্রত্যয় (৫)

৫৫. (১) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহাজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থান-রূপসমূহের বিপ্রযুক্ত প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** সম্যক দৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থান-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** সম্যক দৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অনিয়ত ধর্ম অনিয়ত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ বিপ্রযুক্ত)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** অনিয়ত স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থান-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের... (হৃদয়) বাস্তু অনিয়ত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অনিয়ত স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অনিয়ত ধর্ম মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৫) অনিয়ত ধর্ম সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু সম্যক দৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয় (১৩)

৫৬. (১) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধ তিনটি স্কন্ধের... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থান-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম মিথ্যাদৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ...।

(৪-৬) সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিনটি প্রশ্ন হবে)।

(৭) অনিয়ত ধর্ম অনিয়ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পঞ্চবিধ)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** একটি অনিয়ত স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি মহাভূতকে... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে...। **পূর্বজাত :** চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে উত্তমরূপে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্র দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... শ্রোত্র-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের... ঘ্রাণ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের... জিহ্বা-আয়তন জিহ্বা-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের... (হৃদয়) বাস্তু অনিয়ত স্কন্ধসমূহের অস্তি-প্রতয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অনিয়ত স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আহার :** কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **ইন্দ্রিয় :** রূপ-

Visit: http://www.buddhistdownload.com

জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থান-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) অনিয়ত ধর্ম মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** রূপ-জীবিত-ইন্দ্রিয় (রূপকায়) মাতৃহত্যাকর্মের... পিতৃহত্যাকর্মের... অর্হৎহত্যাকর্মের... (তথাগতের পায়ের আঙুল হতে) রক্তপাত ঘটানো-কর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) অনিয়ত ধর্ম সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু সম্যক দৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৫৭. (১০) মিথ্যাদৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মসমূহ মিথ্যাদৃষ্টিতে ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত এবং পূর্বজাত :** একটি মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের... দুটি স্কন্ধ এবং...।

(১১) মিথ্যাদৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মসমূহ অনিয়ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি)—সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্ত-সমুত্থান-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার:** মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** মিথ্যাদৃষ্টিতে নিয়ত স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থান-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১২-১৩) সম্যক দৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মসমূহ সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...। (দুটি প্রশ্ন হবে, মিথ্যাদৃষ্টিতে নিয়ত সদৃশ করণীয়)।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৫৮. হেতুতে সাত, আলম্বনে পাঁচ, অধিপতিতে আট, অনন্তরে পাঁচ, সমনন্তরে পাঁচ, সহজাতে নয়, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তেরো, উপনিশ্রয়ে সাত, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে তিন, কর্মে সাত, বিপাকে এক, আহারে সাত, ইন্দ্রিয়ে সাত, ধ্যানে সাত, মার্গে সাত, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে তেরো, নাস্তিতে পাঁচ, বিগতে পাঁচ, অবিগতে তেরো।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[অনুলোম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

২. প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-১৩)

৫৯. (১) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম মিথ্যাদৃষ্টিতে ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্ম মিথ্যাদৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম সম্যক দৃষ্টিতে ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম অনিয়ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্ম সম্যক দৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৬০. (৭) অনিয়ত ধর্ম অনিয়ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) অনিয়ত ধর্ম মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) অনিয়ত ধর্ম সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১০) মিথ্যাদৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মসমূহ মিথ্যাদৃষ্টিতে নিয়ত ধর্মের সহজাত, পূর্বজাত।

(১১) মিথ্যাদৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মসমূহ অনিয়ত ধর্মের সহজাত, পশ্চাজ্জাত, আহার, ইন্দ্রিয়।

(১২) সম্যক দৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মসমূহ সম্যক দৃষ্টিতে নিয়ত ধর্মের সহজাত, পূর্বজাত।

(১৩) সম্যক দৃষ্টিতে নিয়ত এবং অনিয়ত ধর্মসমূহ অনিয়ত ধর্মের সহজাত, পশ্চাজ্জাত, আহার, ইন্দ্রিয়।

Visit: http://www.buddhistdownload.com

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৬১. না-হেতুতে তেরো, না-আলম্বনে, না-অধিপতিতে, না-অনন্তরে, না-সমনন্তরে তেরো, না-সহজাতে নয়, না-অন্যোন্যে নয়, না-নিশ্রয়ে নয়, না-উপনিশ্রয়ে তেরো, না-পূর্বজাতে এগারো, না-পশ্চাজ্জাতে তেরো, না-আসেবনে তেরো, না-কর্মে, না-বিপাকে, না-আহারে তেরো... না-মার্গে তেরো, না-সম্প্রযুক্তে নয়, না-বিপ্রযুক্তে সাত, না-অস্তিতে সাত, না-নাস্তিতে তেরো, না-বিগতে তেরো, না-অবিগতে সাত।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৬১. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে সাত, না-অধিপতিতে সাত, না-অনন্তরে সাত, না-সমনন্তরে সাত, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে সাত... না-মার্গে সাত, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে সাত, না-বিগতে সাত।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

৬৩. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে পাঁচ, অধিপতিতে সাত, অনন্তরে, সমনন্তরে পাঁচ, সহজাতে নয়, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তেরো, উপনিশ্রয়ে সাত, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে তিন, কর্মে সাত, বিপাকে এক, আহারে সাত, ইন্দ্রিয়ে, ধ্যানে, মার্গে সাত, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে তেরো, নাস্তিতে পাঁচ, বিগতে পাঁচ, অবিগতে তেরো।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[মিথ্যাদৃষ্টিতে নিয়তত্রিক (এখানে) সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

১৬. মার্গালম্বনত্রিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (১৭)

১. (১) মার্গালম্বন[১] (মার্গ বা উপায়জ্ঞানের বিষয়যুক্ত) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মার্গালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি মার্গালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি (মার্গালম্বন) স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়।

(২) মার্গালম্বন ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মার্গাধিপতি (মার্গের অধিপতি বা অধিকারযুক্ত) ধর্ম উৎপন্ন হয়। একটি মার্গালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গাধিপতি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি (মার্গাধিপতি) স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে...।

(৩) মার্গালম্বন ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি মার্গালম্বন স্কন্ধকে ভিত্তি করে মার্গালম্বন এবং মার্গাধিপতি তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

২. (৪) মার্গহেতুক[২] (মার্গের হেতুসম্বন্ধযুক্ত) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মার্গহেতুক ধর্ম উৎপন্ন হয়। একটি মার্গহেতুক স্কন্ধকে ভিত্তি করে তিনটি (মার্গহেতুক) স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৫) মার্গহেতুক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মার্গাধিপতি ধর্ম উৎপন্ন হয়। একটি মার্গহেতুক স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গাধিপতি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৬) মার্গহেতুক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি মার্গহেতুক স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গহেতুক এবং মার্গাধিপতি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

৩. (৭) মার্গাধিপতি[৩] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মার্গাধিপতি ধর্ম উৎপন্ন হয়। একটি মার্গাধিপতি স্কন্ধকে ভিত্তি করে তিনটি (মার্গাধিপতি) স্কন্ধ...

---

[১]। ১ মনোদ্বারাবর্তন চিত্ত, ৪ জ্ঞান-সম্প্রযুক্ত মহদ্‌গত কুশল চিত্ত, ৪ জ্ঞান-সম্প্রযুক্ত মহদ্‌গত ক্রিয়া চিত্ত, ২ ঋদ্ধিপাদ, তৎসম্প্রযুক্ত ৩ বিরতি এবং ২ অপ্রমেয় চৈতসিক ব্যতীত (৩৮-২) = ৩৬ চৈতসিক—মার্গালম্বন ধর্ম।

[২]। ৪ মার্গচিত্ত এবং তৎসম্প্রযুক্ত ২ অপ্রমেয় চৈতসিক ব্যতীত (৩৮-২) = ৩৬ চৈতসিক—মার্গহেতুক ধর্ম।

[৩]। ৪ জ্ঞান-সম্প্রযুক্ত মহদ্‌গত চিত্ত, ৪ জ্ঞান-সম্প্রযুক্ত মহদ্‌গত ক্রিয়া চিত্ত, ৪ মার্গ চিত্ত এবং তৎসম্প্রযুক্ত ২ অপ্রমেয় চৈতসিক ব্যতীত (৩৮-২) = ৩৬ চৈতসিক—মার্গাধিপতি ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

দুটি স্কন্ধকে...।

(৮) মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মার্গালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি মার্গাধিপতি স্কন্ধকে ভিত্তি করে মার্গালম্বন তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৯) মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মার্গহেতুক ধর্ম উৎপন্ন হয়। একটি মার্গাধিপতি স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গহেতুক স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(১০) মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি মার্গাধিপতি স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গালম্বন এবং মার্গাধিপতি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

(১১) মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি মার্গাধিপতি স্কন্ধকে ভিত্তি করে মার্গহেতুক এবং মার্গাধিপতি তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

৪. (১২) মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মার্গালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি মার্গালম্বন এবং মার্গাধিপতি স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গালম্বন স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(১৩) মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মার্গাধিপতি ধর্ম উৎপন্ন হয়। একটি মার্গালম্বন এবং মার্গাধিপতি স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গাধিপতি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(১৪) মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি মার্গালম্বন এবং মার্গাধিপতি স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গালম্বন এবং মার্গাধিপতি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

৫. (১৫) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মার্গহেতুক ধর্ম উৎপন্ন হয়। একটি মার্গহেতুক এবং মার্গাধিপতি স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গহেতুক স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(১৬) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মার্গাধিপতি ধর্ম উৎপন্ন হয়। একটি মার্গহেতুক এবং মার্গাধিপতি স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গাধিপতি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(১৭) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি মার্গহেতুক এবং মার্গাধিপতি স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গহেতুক এবং মার্গাধিপতি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

Visit: http://www.buddhistdownload.com

আলম্বনাদি-প্রত্যয়

৬. মার্গালম্বন ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা... অধিপতি-প্রত্যয় দ্বারা... অনন্তর-প্রত্যয় দ্বারা... সমনন্তর-প্রত্যয় দ্বারা... সহজাত-প্রত্যয় দ্বারা... অন্যোন্য-প্রত্যয় দ্বারা... নিশ্রয়-প্রত্যয় দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... পূর্বজাত-প্রত্যয় দ্বারা... আসেবন-প্রত্যয় দ্বারা... কর্ম-প্রত্যয় দ্বারা... আহার-প্রত্যয় দ্বারা... ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা... ধ্যান-প্রত্যয় দ্বারা... মার্গ-প্রত্যয় দ্বারা... সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা... বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা... অস্তি-প্রত্যয় দ্বারা... নাস্তি-প্রত্যয় দ্বারা... বিগত-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা মার্গালম্বন ধর্ম উৎপন্ন হয়।

(অনুরূপভাবে বিস্তারিত জানতে হবে)।

[অনুলোম সমাপ্ত]

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৭. হেতুতে সতেরো, আলম্বনে, অধিপতিতে, অনন্তরে, সমনন্তরে, সহজাতে, অন্যোন্যে, নিশ্রয়ে, উপনিশ্রয়ে, পূর্বজাতে, আসেবনে, কর্মে, আহারে, ইন্দ্রিয়ে, ধ্যানে, মার্গে, সম্প্রযুক্তে, বিপ্রযুক্তে, অস্তিতে, নাস্তিতে, বিগতে, অবিগতে সতেরো।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (১)

৮. (১) মার্গালম্বন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা মার্গালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক মার্গালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

না-অধিপতি-প্রত্যয় (১৭)

৯. (১) মার্গালম্বন ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মার্গালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি মার্গালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) মার্গালম্বন ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মার্গাধিপতি ধর্ম উৎপন্ন হয়। একটি মার্গালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গাধিপতি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

Visit: http://www.buddhistdownload.com

(৩) মার্গালম্বন ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি মার্গালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গালম্বন এবং মার্গাধিপতি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

১০. (৪) মার্গহেতুক ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মার্গহেতুক ধর্ম উৎপন্ন হয়। মার্গহেতুক স্কন্ধসমূহকে ভিত্তি করে মার্গহেতুক অধিপতি উৎপন্ন হয়।

(৫) মার্গহেতুক ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মার্গাধিপতি ধর্ম উৎপন্ন হয়। মার্গহেতুক স্কন্ধসমূহকে ভিত্তি করে মার্গাধিপতি-অধিপতি উৎপন্ন হয়।

(৬) মার্গহেতুক ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ উৎপন্ন হয়। মার্গহেতুক স্কন্ধসমূহকে ভিত্তি করে মার্গহেতুক এবং মার্গাধিপতি-অধিপতি উৎপন্ন হয়।

১১. (৭) মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মার্গাধিপতি ধর্ম উৎপন্ন হয়। মার্গাধিপতি স্কন্ধসমূহকে ভিত্তি করে মার্গাধিপতি-অধিপতি উৎপন্ন হয়। একটি মার্গাধিপতি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৮) মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মার্গালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি মার্গাধিপতি স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গালম্বন স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৯) মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মার্গহেতুক ধর্ম উৎপন্ন হয়। মার্গাধিপতি স্কন্ধসমূহকে ভিত্তি করে মার্গহেতুক-অধিপতি উৎপন্ন হয়।

(১০) মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি মার্গাধিপতি স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গালম্বন এবং মার্গাধিপতি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(১১) মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ উৎপন্ন হয়। মার্গাধিপতি স্কন্ধসমূহকে ভিত্তি করে মার্গহেতুক এবং মার্গাধিপতি-অধিপতি উৎপন্ন হয়।

১২. (১২) মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মার্গালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি মার্গালম্বন এবং মার্গাধিপতি স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গালম্বন স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(১৩) মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মার্গাধিপতি ধর্ম উৎপন্ন হয়। একটি মার্গালম্বন এবং মার্গাধিপতি স্কন্ধকে

Visit: http://www.buddhistdownload.com

ভিত্তি করে তিনটি মার্গাধিপতি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(১৪) মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি মার্গালম্বন এবং মার্গাধিপতি স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গালম্বন এবং মার্গাধিপতি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

১৩. (১৫) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মার্গহেতুক ধর্ম উৎপন্ন হয়। মার্গহেতুক এবং মার্গাধিপতি স্কন্ধসমূহকে ভিত্তি করে মার্গহেতুক-অধিপতি উৎপন্ন হয়।

(১৬) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মার্গাধিপতি ধর্ম উৎপন্ন হয়। মার্গহেতুক এবং মার্গাধিপতি স্কন্ধসমূহকে ভিত্তি করে মার্গাধিপতি-অধিপতি উৎপন্ন হয়।

(১৭) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ উৎপন্ন হয়। মাগহেতুক এবং মার্গাধিপতি স্কন্ধসমূহকে ভিত্তি করে মার্গহেতুক এবং মার্গাধিপতি-অধিপতি উৎপন্ন হয়।

না-পূর্বজাতাদি-প্রত্যয়

১৪. মার্গালম্বন ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা... না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা মার্গালম্বন ধর্ম উৎপন্ন হয়।

(এই দুটি প্রত্যয় পরিপূর্ণ করতে হবে)।

না-আসেবন-প্রত্যয় (৯)

১৫. (১) মার্গালম্বন ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা মার্গালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি মার্গালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

(২) মার্গালম্বন ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা মার্গাধিপতি ধর্ম উৎপন্ন হয়। একটি মার্গালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গাধিপতি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৩) মার্গালম্বন ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি মার্গালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গালম্বন এবং মার্গাধিপতি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

১৬. (৪) মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা মার্গাধিপতি ধর্ম উৎপন্ন হয়। একটি মার্গাধিপতি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

Visit: http://www.buddhistdownload.com

(৫) মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা মার্গালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি মার্গাধিপতি স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গালম্বন স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৬) মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি মার্গাধিপতি স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গালম্বন এবং মার্গাধিপতি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

১৭. (৭) মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা মার্গালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি মার্গালম্বন এবং মার্গাধিপতি স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গালম্বন স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

(৮) মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা মার্গাধিপতি ধর্ম উৎপন্ন হয়। একটি মার্গালম্বন এবং মার্গাধিপতি স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গাধিপতি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(৯) মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি মার্গালম্বন এবং মার্গাধিপতি স্কন্ধকে ভিত্তি করে তিনটি মার্গালম্বন এবং মার্গাধিপতি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

না-কর্ম-প্রত্যয় (১৭)

১৮. (১) মার্গালম্বন ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা মার্গালম্বন ধর্ম উৎপন্ন হয়। মার্গালম্বন স্কন্ধসমূহকে ভিত্তি করে মার্গালম্বন চেতনা উৎপন্ন হয়।

(২) মার্গালম্বন ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা মার্গাধিপতি ধর্ম উৎপন্ন হয়। মার্গালম্বন স্কন্ধসমূহকে ভিত্তি করে মার্গাধিপতি চেতনা উৎপন্ন হয়।

(৩) মার্গালম্বন ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মসমূহ উৎপন্ন হয়। মার্গালম্বন স্কন্ধসমূহকে ভিত্তি করে মার্গালম্বন এবং মার্গাধিপতি চেতনা উৎপন্ন হয়।

১৯. (৪) মার্গহেতুক ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা মার্গহেতুক ধর্ম উৎপন্ন হয়। মার্গহেতুক স্কন্ধসমূহকে ভিত্তি করে মার্গহেতুক চেতনা উৎপন্ন হয়।

(২) মার্গহেতুক ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা মার্গাধিপতি ধর্ম উৎপন্ন হয়। মার্গহেতুক স্কন্ধসমূহকে ভিত্তি করে মার্গাধিপতি চেতনা উৎপন্ন হয়।

(৩) মার্গহেতুক ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ উৎপন্ন হয়। মার্গহেতুক স্কন্ধসমূহকে ভিত্তি করে মার্গহেতুক এবং মার্গাধিপতি চেতনা উৎপন্ন হয়।

২০. (৭-১১) মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

মার্গাধিপতি ধর্ম উৎপন্ন হয়। মার্গাধিপতি স্কন্ধসমূহকে ভিত্তি করে মার্গাধিপতি চেতনা উৎপন্ন হয়... (পাঁচটি প্রশ্ন করণীয়)।

(১২-১৪) মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা মার্গালম্বন ধর্ম উৎপন্ন হয় (প্রথম সহযোগে তিনটি প্রশ্ন করণীয়)।

(১৫-১৭) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা মার্গহেতুক ধর্ম উৎপন্ন হয় (দ্বিতীয় সহযোগে তিনটি প্রশ্ন করণীয়)।

না-বিপাক-প্রত্যয় (১৭)

২১. (১) মার্গালম্বন ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা মার্গালম্বন ধর্ম উৎপন্ন হয় (পরিপূর্ণ করা উচিত)।

না-মার্গ-প্রত্যয় (১)

২২. (১) মার্গালম্বন ধর্মকে ভিত্তি করে না-মার্গ-প্রত্যয় দ্বারা মার্গালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি মার্গালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে...।

না-বিপ্রযুক্ত-প্রত্যয় (১৭)

২৩. (১) মার্গালম্বন ধর্মকে ভিত্তি করে না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা মার্গালম্বন ধর্ম উৎপন্ন হয় (পরিপূর্ণ করণীয়, 'অরূপ' প্রদর্শন করে দেখাতে হবে)।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

২৪. না-হেতুতে এক, না-অধিপতিতে সতেরো, না-পূর্বজাতে সতেরো, না-পশ্চাজ্জাতে সতেরো, না-আসেবনে নয়, না-কর্মে সতেরো, না-বিপাকে সতেরো, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে সতেরো।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

২৫. হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে সতেরো, না-পূর্বজাতে সতেরো, না-পশ্চাজ্জাতে সতেরো, না-আসেবনে নয়, না-কর্মে সতেরো, না-বিপাকে, না-বিপ্রযুক্তে সতেরো।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

২৬. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক, অনন্তরে এক, সমনন্তরে এক... ধ্যানে, সম্প্রযুক্তে, বিপ্রযুক্তে, অস্তিতে, নাস্তিতে, বিগতে, অবিগতে এক।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[প্রতীত্যবার (এখানে) সমাপ্ত]

২-৬. সহজাত-প্রত্যয়-নিশ্রয়-সংশ্লিষ্ট-সম্প্রযুক্তবার

(সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার ও সম্প্রযুক্তবার প্রতীত্যবার সদৃশ বিস্তারিত জ্ঞাতব্য)।

৭.প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (১৭)

২৭. (১) মার্গালম্বন ধর্ম মার্গালম্বন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মার্গালম্বন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) মার্গালম্বন ধর্ম মার্গাধিপতি ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মার্গালম্বন হেতুসমূহ সম্প্রযুক্ত মার্গাধিপতি স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) মার্গালম্বন ধর্ম মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(এই উপায়েই সতেরোটি প্রশ্ন করণীয়)।

আলম্বন-প্রত্যয় (৯)

২৮. (১) মার্গহেতুক ধর্ম মার্গালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকেই প্রত্যবেক্ষণ করেন, চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা মার্গহেতুক চিত্তসমঙ্গীভূত ব্যক্তির চিত্তকে জানেন। মার্গহেতুক স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) মার্গহেতুক ধর্ম মার্গাধিপতি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকেই গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন।

(৩) মার্গহেতুক ধর্ম মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকেই গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন।

২৯. (৪) মার্গাধিপতি ধর্ম মার্গাধিপতি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়

Visit: http://www.buddhistdownload.com

হয়। আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকেই গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন।

(৫) মার্গাধিপতি ধর্ম মার্গালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকেই প্রত্যবেক্ষণ করেন, চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা মার্গাধিপতি চিত্তসমঙ্গীভূত ব্যক্তির চিত্তকে জানেন। মার্গাধিপতি স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) মার্গাধিপতি ধর্ম মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকেই গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন।

৩০. (৭) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকেই প্রত্যবেক্ষণ করেন, চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা মার্গহেতুক এবং মার্গাধিপতি চিত্তসমঙ্গীভূত ব্যক্তির চিত্তকে জানেন। মার্গহেতুক এবং মার্গাধিপতি স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গাধিপতি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকেই গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন।

(৯) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকেই গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন।

অধিপতি-প্রত্যয় (২১)

৩১. (১) মার্গালম্বন ধর্ম মার্গালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** মার্গালম্বন-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) মার্গালম্বন ধর্ম মার্গাধিপতি ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** মার্গালম্বন-অধিপতি মার্গাধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) মার্গালম্বন ধর্ম মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** মার্গালম্বন-অধিপতি মার্গালম্বন এবং মার্গাধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩২. (৪) মার্গহেতুক ধর্ম মার্গহেতুক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়

Visit: http://www.buddhistdownload.com

হয়। **সহজাত-অধিপতি :** মার্গহেতুক-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) মার্গহেতুক ধর্ম মার্গালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন।

(৬) মার্গহেতুক ধর্ম মার্গাধিপতি ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। **সহজাত-অধিপতি :** মার্গহেতুক-অধিপতি মার্গাধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) মার্গহেতুক ধর্ম মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন।

(৮) মার্গহেতুক ধর্ম মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** মার্গহেতুক-অধিপতি মার্গহেতুক এবং মার্গাধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৩. (৯) মার্গাধিপতি ধর্ম মার্গাধিপতি ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। **সহজাত-অধিপতি :** মার্গাধিপতি-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১০) মার্গাধিপতি ধর্ম মার্গালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। **সহজাত-অধিপতি :** মার্গাধিপতি-অধিপতি মার্গালম্বন সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১১) মার্গাধিপতি ধর্ম মার্গহেতুক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** মার্গাধিপতি-অধিপতি মার্গহেতুক সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১২) মার্গাধিপতি ধর্ম মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। **সহজাত-অধিপতি :** মার্গাধিপতি-অধিপতি

Visit: http://www.buddhistdownload.com

সম্প্রযুক্ত মার্গালম্বন এবং মার্গাধিপতি স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৩) মার্গাধিপতি ধর্ম মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** মার্গাধিপতি-অধিপতি মার্গহেতুক এবং মার্গাধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৪. (১৪) মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** মার্গালম্বন এবং মার্গাধিপতি-অধিপতি মার্গালম্বন সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৫) মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গাধিপতি ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** মার্গালম্বন এবং মার্গাধিপতি-অধিপতি মার্গাধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৬) মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** মার্গালম্বন এবং মার্গাধিপতি-অধিপতি মার্গালম্বন এবং মার্গাধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৫. (১৭) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন।

(১৮) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গহেতুক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** মার্গহেতুক এবং মার্গাধিপতি-অধিপতি মার্গহেতুক সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৯) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গাধিপতি ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। **সহজাত-অধিপতি :** মার্গহেতুক এবং মার্গাধিপতি-অধিপতি মার্গাধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২০) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন।

(২১) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গাহেতুক এবং মার্গাধিপতি

Visit: http://www.buddhistdownload.com

ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** মার্গহেতুক এবং মার্গাধিপতি-অধিপতি মার্গহেতুক এবং মার্গাধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অনন্তর-প্রত্যয় (৯)

৩৬. (১) মার্গালম্বন ধর্ম মার্গালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব মার্গালম্বন স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী মার্গালম্বন স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত মার্গালম্বন স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) মার্গালম্বন ধর্ম মার্গাধিপতি ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব মার্গালম্বন স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী মার্গাধিপতি স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত মার্গাধিপতি স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) মার্গালম্বন ধর্ম মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব মার্গালম্বন স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী মার্গালম্বন এবং মার্গাধিপতি স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত মার্গালম্বন এবং মার্গাধিপতি স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৭. (৪) মার্গাধিপতি ধর্ম মার্গাধিপতি ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব মার্গাধিপতি স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী মার্গালম্বন স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) মার্গাধিপতি ধর্ম মার্গালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব মার্গাধিপতি স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী মার্গালম্বন স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) মার্গাধিপতি ধর্ম মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব মার্গাধিপতি স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী মার্গালম্বন এবং মার্গাধিপতি স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৮. (৭) মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব মার্গালম্বন এবং মাগাধিপতি স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী মার্গালম্বন স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গাধিপতি ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব মার্গালম্বন এবং মার্গাধিপতি স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী মার্গাধিপতি স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব মার্গালম্বন এবং মার্গাধিপতি

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধসমূহের পরবর্তী পরবর্তী মার্গালম্বন এবং মার্গাধিপতি স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

সমনন্তরাদি-প্রত্যয়

৩৯. মার্গালম্বন ধর্ম মার্গালম্বন ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (অনন্তর সদৃশ হবে)... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (এই ত্রিবিধ ক্ষেত্রে প্রতিটিতে সতেরোটি করে প্রশ্ন করণীয়)।

উপনিশ্রয়-প্রত্যয় (২১)

৪০. (১) মার্গালম্বন ধর্ম মার্গালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রত্যবেক্ষণ-জ্ঞান[১] প্রত্যবেক্ষণ-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) মার্গালম্বন ধর্ম মার্গাধিপতি ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রত্যবেক্ষণ-জ্ঞান প্রত্যবেক্ষণ-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) মার্গালম্বন ধর্ম মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রত্যবেক্ষণ-জ্ঞান প্রত্যবেক্ষণ-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪১. (৪) মার্গহেতুক ধর্ম মার্গহেতুক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রথম মার্গ দ্বিতীয় মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... তৃতীয় মার্গ চতুর্থ মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) মার্গহেতুক ধর্ম মার্গালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-উপনিশ্রয় :** আযর্গণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন।

(৬) মার্গহেতুক ধর্ম মার্গাধিপতি ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়

---

[১]। প্রত্যেক মার্গ লাভের পর পরই সাধকের মার্গ-লাভ, ফল-উপভোগ, বিদূরিত ক্লেশ-প্রত্যবেক্ষণ, বিদূরিতব্য ক্লেশ-প্রত্যবেক্ষণ এবং নির্বাণ-উপলব্ধি সম্পর্কে প্রত্যবেক্ষণ-বীথি বা জ্ঞান উৎপন্ন হয়। প্রত্যবেক্ষণ-জ্ঞান ১৯টি। তন্মধ্যে স্রোতাপত্তির ৫টি , সকৃদাগামীর ৫টি, অনাগামীর ৫টি এবং অর্হতের বিদূরিতব্য ক্লেশ থাকে না বলে অর্হতের ৪টি প্রত্যবেক্ষণ-জ্ঞান উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রথম মার্গ দ্বিতীয় মার্গের... তৃতীয় মার্গ চতুর্থ মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) মার্গহেতুক ধর্ম মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-উপনিশ্রয় :** আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন।

(৮) মার্গহেতুক ধর্ম মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রথম মার্গ দ্বিতীয় মার্গের... তৃতীয় মার্গ চতুর্থ মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪২. (৯) মার্গাধিপতি ধর্ম মার্গাধিপতি ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রথম মার্গ দ্বিতীয় মার্গের... তৃতীয় মার্গ চতুর্থ মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রত্যবেক্ষণ-জ্ঞান প্রত্যবেক্ষণ-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১০) মার্গাধিপতি ধর্ম মার্গালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...।

(১১) মার্গাধিপতি ধর্ম মার্গহেতুক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রথম মার্গ দ্বিতীয় মার্গের... তৃতীয় মার্গ চতুর্থ মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১২) মার্গাধিপতি ধর্ম মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রত্যবেক্ষণ-জ্ঞান প্রত্যবেক্ষণ-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৩) মার্গাধিপতি ধর্ম মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রথম মার্গ দ্বিতীয় মার্গের... তৃতীয় মার্গ চতুর্থ মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৩. (১৪) মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রত্যবেক্ষণ-জ্ঞান প্রত্যবেক্ষণ-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৫) মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গাধিপতি ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং

Visit: http://www.buddhistdownload.com

প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রত্যবেক্ষণ-জ্ঞান প্রত্যবেক্ষণ-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৬) মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রত্যবেক্ষণ-জ্ঞান প্রত্যবেক্ষণ-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৪. (১৭) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-উপনিশ্রয় :** আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন।

(১৮) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গহেতুক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রথম মার্গ দ্বিতীয় মার্গের... তৃতীয় মার্গ চতুর্থ মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৯) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গাধিপতি ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রথম মার্গ দ্বিতীয় মার্গের... তৃতীয় মার্গ চতুর্থ মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২০) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-উপনিশ্রয় :** আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন।

(২১) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রথম মার্গ দ্বিতীয় মার্গের... তৃতীয় মার্গ চতুর্থ মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আসেবন-প্রত্যয় (৯)

৪৫. (১) মার্গালম্বন ধর্ম মার্গালম্বন ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব মার্গালম্বন স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী মার্গালম্বন স্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) মার্গালম্বন ধর্ম মার্গাধিপতি ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(অনন্তর-প্রত্যয় সদৃশ। নয়টি প্রশ্ন করণীয়, আবর্তন-চিত্ত করতে হবে না)।

কর্মাদি-প্রত্যয়

৪৬. মার্গালম্বন ধর্ম মার্গালম্বন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সহজাত (কর্ম)...। (নানাক্ষণিক নেই, সতেরোটি প্রশ্ন করণীয়)।

Visit: http://www.buddhistdownload.com

আহার-প্রত্যয়াদি

৪৭. মার্গালম্বন ধর্ম মার্গালম্বন ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (এই ছয়টি প্রত্যয়ে প্রত্যেকটিতে সতেরোটি করে প্রশ্ন হবে, প্রশ্নসমূহ হেতু-প্রত্যয় সদৃশ জ্ঞাতব্য)... নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (অনন্তর সদৃশ জ্ঞাতব্য)... অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সতেরোটি প্রশ্ন করণীয়)

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৪৮. হেতুতে সতেরো, আলম্বনে নয়, অধিপতিতে একুশ, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে সতেরো, অন্যোন্যে সতেরো, নিশ্রয়ে সতেরো, উপনিশ্রয়ে একুশ, আসেবনে নয়, কর্মে সতেরো, আহারে, ইন্দ্রিয়ে, ধ্যানে, মার্গে, সম্প্রযুক্তে সতেরো, অস্তিতে সতেরো, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে সতেরো।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-২১)

৪৯. (১) মার্গালম্বন ধর্ম মার্গালম্বন ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) মার্গালম্বন ধর্ম মার্গাধিপতি ধর্ম সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) মার্গালম্বন ধর্ম মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৫০. (৪) মার্গহেতুক ধর্ম মার্গহেতুক ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) মার্গহেতুক ধর্ম মার্গালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) মার্গহেতুক ধর্ম মার্গাধিপতি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) মার্গহেতুক ধর্ম মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৮) মার্গহেতুক ধর্ম মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৫১. (৯) মার্গাধিপতি ধর্ম এবং মার্গাধিপতি ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১০) মার্গাধিপতি ধর্ম এবং মার্গালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১১) মার্গাধিপতি ধর্ম মার্গহেতুক ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১২) মার্গাধিপতি ধর্ম মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৩) মার্গাধিপতি ধর্ম মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৫২. (১৪) মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গালম্বন ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৫) মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গাধিপতি ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৬) মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৫৩. (১৭) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৮) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গহেতুক ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৯) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গাধিপতি ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২০) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গালম্বন এবং মার্গাধিপতি ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২১) মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মসমূহ মার্গহেতুক এবং মার্গাধিপতি ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৫৪. না-হেতুতে একুশ, না-আলম্বনে সতেরো, (না-আলম্বন গৃহীত হলে পরে প্রকৃতি-আলম্বন এবং উপনিশ্রয়-আলম্বন এদুটিও বর্জিত হয়), না-অধিপতিতে একুশ, না-অনন্তরে, না-সমনন্তরে, না-সহজাতে, না-অন্যোন্যে, না-নিশ্রয়ে, না-উপনিশ্রয়ে, না-পূর্বজাতে, পশ্চাজ্জাতে, না-আসেবনে, না-কর্মে, না-বিপাকে, না-আহারে, না-ইন্দ্রিয়ে, না-ধ্যানে, না-মার্গে, না-সম্প্রযুক্তে, না-বিপ্রযুক্তে, না-অস্তিতে, না-নাস্তিতে, না-বিগতে, না-অবিগতে একুশ।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৫৫. না-হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে সতেরো, না-অধিপতিতে, না-অনন্তরে, না-সমনন্তরে, না-উপনিশ্রয়ে, না-পূর্বজাতে, পশ্চাজ্জাতে, না-আসেবনে, না-কর্মে, না-বিপাকে, না-আহারে, না-ইন্দ্রিয়ে, না-ধ্যানে, না-মার্গে, না-সম্প্রযুক্তে, না-বিপ্রযুক্তে, না-নাস্তিতে, না-বিগতে সতেরো।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

হেতুমূলক—দ্বিক

৫৬. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে একুশ, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে সতেরো, অন্যোন্যে সতেরো, নিশ্রয়ে সতেরো, উপনিশ্রয়ে একুশ, আসেবনে নয়, কর্মে সতেরো, আহারে সতেরো, ইন্দ্রিয়ে, ধ্যানে, মার্গে, সম্প্রযুক্তে সতেরো, অস্তিতে সতেরো, নাস্তিতে নয়, বিগতে নয়, অবিগতে সতেরো।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[মার্গালম্বনত্রিক (এখানে) সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

১৭. উৎপন্নত্রিক

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (১)

১. (১) উৎপন্ন[১] (উদ্ভূত বা উত্থিত) ধর্ম উৎপন্ন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উৎপন্ন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে উৎপন্ন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থান-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৩)

২. (১) উৎপন্ন (বর্তমান) ধর্ম উৎপন্ন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (বিদর্শক) উৎপন্ন চক্ষুকে অনিত্য, দুঃখও অনাত্মরূপে গভীরভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য একে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়, বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। (তদ্রূপ) উৎপন্ন শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্পর্শসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মরূপে গভীরভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য একে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়, বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্র দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... উৎপন্ন স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩. (২) অনুৎপন্ন[২] (অনুদ্ভূত বা অনুত্থিত) ধর্ম উৎপন্ন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (বিদর্শক) অনুৎপন্ন রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... অনুৎপন্ন স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে গভীরভাবে দর্শন করেন... দৌর্মনস্য উৎপন্ন হয়। অনুৎপন্ন স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

---

[১] । ৮৯ বর্তমান চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক ও ২৮ রূপ—উৎপন্ন ধর্ম।

[২]। ১২ ভবিষ্যৎ অকুশল চিত্ত, ২১ কুশল চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, ১৭ চিত্তজ-রূপ, ১৫ ঋতুজ-রূপ ও ১৪ আহারজ-রূপ—অনুৎপন্ন ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

৪. (৩) উৎপত্তিশীল[১] (উৎপাদিন্ন বা উৎপন্ন হবার কারণযুক্ত) ধর্ম উৎপত্তিশীল ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (বিদর্শক) উৎপত্তিশীল চক্ষুকে... কায়কে... রূপসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে... উৎপত্তিশীল স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মরূপে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য একে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়, বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। উৎপত্তিশীল স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অধিপতি-প্রত্যয় (৩)

৫. (১) উৎপন্ন ধর্ম উৎপন্ন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** (শৈক্ষ্যগণ বা পৃথ্‌গজনেরা) উৎপন্ন চক্ষুকে গুরুত্ব-সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপ) উৎপন্ন শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে... উৎপন্ন স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ উৎপন্ন হয়...। **সহজাত :** উৎপন্ন-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অনুৎপন্ন ধর্ম উৎপন্ন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** অনুৎপন্ন রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... অনুৎপন্ন স্কন্ধসমূহকে গুরুত্ব-সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়।

(৩) উৎপত্তিশীল ধর্ম উৎপন্ন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** উৎপত্তিশীল চক্ষুকে... কায়কে... রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে... উৎপত্তিশীল স্কন্ধসমূহকে গুরুত্ব-সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়।

---

[১]। ৩৬ ভবিষ্যৎ বিপাক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক ও ১৮ কর্মজ-রূপ—উৎপত্তিশীল ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

সহজাত-প্রত্যয় (১)

৬. (১) উৎপন্ন ধর্ম উৎপন্ন ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি উৎপন্ন স্কন্ধ তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে একটি উৎপন্ন স্কন্ধ তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থান-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থান-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি মহাভূত তিনটি মহাভূতের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি মহাভূত... মহাভূতসমূহ চিত্ত-সমুত্থান-রূপসমূহের কর্ম-সমুত্থান-রূপসমূহের এবং উপাদা-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বাহ্যিক... আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে... দুটি মহাভূত... মহাভূতসমূহ কর্ম-সমুত্থান-রূপসমূহের এবং উপাদা-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অন্যোন্য-প্রত্যয় (১)

৭. (১) উৎপন্ন ধর্ম উৎপন্ন ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি উৎপন্ন স্কন্ধ তিনটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে একটি উৎপন্ন স্কন্ধ তিনটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ... স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি মহাভূতকে... বাহ্যিক... আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূত তিনটি মহাভূতের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি মহাভূত...।

নিশ্রয়-প্রত্যয় (১)

৮. (১) উৎপন্ন ধর্ম উৎপন্ন ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি উৎপন্ন স্কন্ধ তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর... (হৃদয়) বাস্তুর স্কন্ধসমূহের... একটি মহাভূতকে... বাহ্যিক... আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে... মহাভূতসমূহ চিত্ত-সমুত্থান-রূপসমূহের, কর্ম-সমুত্থান-রূপসমূহের এবং উপাদা-রূপসমূহের... চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... শ্রোত্র-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের... ঘ্রাণ-আয়তন ঘ্রাণ-

Visit: http://www.buddhistdownload.com

বিজ্ঞানের... জিহ্বা-আয়তন জিহ্বা-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের... (হৃদয়) বাস্তু উৎপন্ন স্কন্ধসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

উপনিশ্রয়-প্রত্যয় (৩)

৯. (১) উৎপন্ন ধর্ম উৎপন্ন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** উৎপন্ন ঋতুকে উপনিশ্রয় করে ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন... মার্গ... অভিজ্ঞা... সমাপত্তি উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন, দৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) উৎপন্ন ভোজনকে... শয্যাসনকে উপনিশ্রয় করে ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন... মার্গ... অভিজ্ঞা... সমাপত্তি উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন, দৃষ্টি উৎপন্ন করেন। এ হেতুতে উৎপন্ন ঋতু... ভোজন... শয্যাসন উৎপন্ন শ্রদ্ধার... প্রজ্ঞার, কায়িক সুখের, কায়িক দুঃখের, মার্গের এবং ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অনুৎপন্ন ধর্ম উৎপন্ন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অনুৎপন্ন বর্ণসম্পদ প্রার্থনা করে (অর্থাৎ শারীরিক সৌন্দর্য লাভের জন্য ব্যক্তি) দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। (তদ্রূপ) অনুৎপন্ন শব্দসম্পদ... গন্ধসম্পদ... রসসম্পদকে... স্প্রষ্টব্যসম্পদ... অনুৎপন্ন স্কন্ধসমূহ প্রার্থনা করে দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। এ হেতুতে অনুৎপন্ন বর্ণসম্পদ... অনুৎপন্ন স্কন্ধসমূহ উৎপন্ন শ্রদ্ধার... প্রজ্ঞার, কায়িক সুখের, কায়িক দুঃখের, মার্গের এবং ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উৎপত্তিশীল ধর্ম উৎপন্ন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** উৎপত্তিশীল (উৎপন্ন হবেই এমন) চক্ষুসম্পদ প্রার্থনা করে দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। (তদ্রূপ) উৎপত্তিশীল শব্দসম্পদ... কায়সম্পদ... বর্ণসম্পদ... গন্ধসম্পদ... রসসম্পদ... স্প্রষ্টব্যসম্পদ... উৎপত্তিশীল স্কন্ধসমূহ প্রার্থনা করে দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। এ হেতুতে উৎপত্তিশীল চক্ষুসম্পদ... কায়সম্পদ... বর্ণসম্পদ... স্প্রষ্টব্যসম্পদ... উৎপত্তিশীল স্কন্ধসমূহ উৎপন্ন শ্রদ্ধার... প্রজ্ঞার, কায়িক সুখের, কায়িক দুঃখের, মার্গের এবং ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

পূর্বজাত-প্রত্যয় (১)

১০. (১) উৎপন্ন ধর্ম উৎপন্ন ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্ত-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** (শৈক্ষ্যগণ বা পৃথ্‌গজনেরা) চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে গভীরভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্র দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... শব্দ-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের... গন্ধ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের... রস-আয়তন জিহ্বা-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... শ্রোত্র-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের... ঘ্রাণ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের... জিহ্বা-আয়তন জিহ্বা-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের... (হৃদয়) বাস্তু উৎপন্ন স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (১)

১১. (১) উৎপন্ন ধর্ম উৎপন্ন ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত উৎপন্ন স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

কর্ম-প্রত্যয় (১)

১২. (১) উৎপন্ন ধর্ম উৎপন্ন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উৎপন্ন চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে উৎপন্ন চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থান-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয় (১)

১৩. (১) উৎপন্ন ধর্ম উৎপন্ন ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি উৎপন্ন বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে একটি উৎপন্ন বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের এবং কর্ম-সমুত্থান-রূপসমূহের... দুটি স্কন্ধ... স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আহার-প্রত্যয় (১)

১৪. (১) উৎপন্ন ধর্ম উৎপন্ন ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উৎপন্ন আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের

Visit: http://www.buddhistdownload.com

আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... কবলীকৃত আহার এই কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

ইন্দ্রিয়-প্রত্যয় (১)

১৫. (১) উৎপন্ন ধর্ম উৎপন্ন ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উৎপন্ন ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমহের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... চক্ষু-ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞানের... কায়-ইন্দ্রিয় কায়-বিজ্ঞানের... রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থান-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

ধ্যানাদি-প্রত্যয়

১৬. (১) উৎপন্ন ধর্ম উৎপন্ন ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (বিপ্রযুক্ত-প্রত্যয় ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** উৎপন্ন স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থান-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে উৎপন্ন স্কন্ধসমূহ কর্ম-সমুত্থান-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর এবং (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... শ্রোত্র-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের... ঘ্রাণ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের... জিহ্বা-আয়তন জিহ্বা-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের... (হৃদয়) বাস্তু উৎপন্ন স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** উৎপন্ন স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয় (১)

১৭. (১) উৎপন্ন ধর্ম উৎপন্ন ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার, এবং ইন্দ্রিয়। **সহজাত :** একটি উৎপন্ন স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে... একটি মহাভূতকে... বাহ্যিক... আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের...। **পূর্বজাত :** চক্ষুকে অনিত্য-দুঃখ-অনাত্মারূপে... (হৃদয়) বাস্তুকে অনিত্য-দুঃখ-অনাত্মারূপে... দৌর্মনস্য-উৎপন্ন হয়। দিব্যনেত্র দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... শ্রোত্র-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের... ঘ্রাণ-আয়তন

Visit: http://www.buddhistdownload.com

ঘ্রাণ-বিজ্ঞানের... জিহ্বা-আয়তন জিহ্বা-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের... (হৃদয়) বাস্তু উৎপন্ন স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** উৎপন্ন স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আহার :** কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **ইন্দ্রিয় :** রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থান-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অবিগত-প্রত্যয় (১)

১৮. (১) উৎপন্ন ধর্ম উৎপন্ন ধর্মের অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

১৯. হেতুতে এক, আলম্বনে তিন, অধিপতিতে তিন, সহজাতে এক, অন্যোন্যে এক, নিশ্রয়ে এক, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে এক, পশ্চাজ্জাতে, কর্মে, বিপাকে, আহারে, ইন্দ্রিয়ে, ধ্যানে, মার্গে, সম্প্রযুক্তে, বিপ্রযুক্তে, অস্তিতে, অবিগতে এক।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৩)

২০. (১) উৎপন্ন ধর্ম উৎপন্ন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অনুৎপন্ন ধর্ম উৎপন্ন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উৎপত্তিশীল ধর্ম উৎপন্ন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

২১. না-হেতুতে তিন, না-আলম্বনে তিন, না-অধিপতিতে তিন... না-বিপ্রযুক্তে তিন, না-অস্তিতে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন, না-অবিগতে দুই।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করণীয়)।

Visit: http://www.buddhistdownload.com

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম
(হেতুমূলক দ্বিক)

২২. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে এক... না-নাস্তিতে, না-বিগতে এক।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪.প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক দ্বিক)

২৩. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন, অধিপতিতে তিন, সহজাতে এক, অন্যোন্যে এক, নিশ্রয়ে এক, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে এক, পশ্চাজ্জাতে এক, কর্মে, বিপাকে, আহারে, ইন্দ্রিয়, ধ্যানে, মার্গে, সম্প্রযুক্তে, বিপ্রযুক্তে, অস্তিতে, অবিগতে এক।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[উৎপন্নত্রিক (এখানে) সমাপ্ত হলো]

১৮. অতীতত্রিক

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (১)

১. (১) বর্তমান[১] (প্রত্যুৎপন্ন) ধর্ম বর্তমান ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বর্তমান হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে বর্তমান হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থান-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৩)

২. (১) অতীত[২] (অতিক্রান্ত বা বিগত) ধর্ম বর্তমান (প্রত্যুৎপন্ন) ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (যোগী) দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন... প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত সুকর্মসমূহকে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থানপূর্বক ধ্যানকে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকে প্রত্যবেক্ষণ করেন, ফলকে প্রত্যবেক্ষণ করেন, বিদূরিত ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, অবিদূরিত ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ

---

[১]। ৮৯ বর্তমান চিত্ত, তৎসম্প্রযুক্ত চৈতসিক ও ২৮ রূপ—বর্তমান ধর্ম।

[২]। ৮৯ অতীত চিত্ত, তৎসম্প্রযুক্ত চৈতসিক ও ২৮ রূপ—অতীত ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

করেন। পূর্বে আচরিত ক্লেশসমূহকে জানেন। অতীত চক্ষুকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে গভীরভাবে দর্শন করেন... দৌর্মনস্য উৎপন্ন হয়। (তদ্রূপ) অতীত শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে... অতীত স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে গভীরভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ তৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়, বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অতীত স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩. (২) অনাগত[১] (ভবিষ্যৎ) ধর্ম বর্তমান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (যোগী) অনাগত চক্ষুকে... শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... (হৃদয়) বাস্তু... অনাগত স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। অনাগত স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) বর্তমান ধর্ম বর্তমান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (যোগী) বর্তমান চক্ষুকে... কায়কে... রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে... বর্তমান স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্র দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... বর্তমান স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অধিপতি-প্রত্যয় (৩)

৪. (১) অতীত ধর্ম বর্তমান ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** দান দেন, শীল প্রতিপালন করেন... পূর্বকৃত সুকর্মসমূহকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থানপূর্বক ধ্যানকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন, ফলকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। অতীত চক্ষুকে... কায়কে... রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে...

---

[১]। ৮৯ অনাগত চিত্ত, তৎসম্প্রযুক্ত চৈতসিক ও ২৮ রূপ—অনাগত ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে... অতীত স্কন্ধসমূহকে গুরুত্ব-সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়।

(২) অনাগত ধর্ম বর্তমান ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** অনাগত চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে... অনাগত স্কন্ধসমূহকে গুরুত্ব-সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়।

(৩) বর্তমান ধর্ম বর্তমান ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** বর্তমান চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে... বর্তমান স্কন্ধসমূহকে গুরুত্ব-সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** বর্তমান-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহ এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অনন্তর-প্রত্যয় (১)

৫. (১) অতীত ধর্ম বর্তমান ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অতীত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী বর্তমান স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর... অনুলোম বিশুদ্ধির... গোত্রভূ মার্গের... বিশুদ্ধি মার্গের... মার্গ ফলের... ফল ফলের... অনুলোম ফল-সমাপত্তির... নিরোধসমাপত্তির হতে উত্থানরত যোগীর নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

সমনন্তর-প্রত্যয় (১)

৬. (১) অতীত ধর্ম বর্তমান ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(অনন্তর-প্রত্যয় সদৃশ হবে)।

সহজাতাদি-প্রত্যয়

৭. বর্তমান ধর্ম বর্তমান ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

উপনিশ্রয়-প্রত্যয় (৩)

৮. (১) অতীত ধর্ম বর্তমান ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অতীত (বিগত) শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম করেন, ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন

Visit: http://www.buddhistdownload.com

(সম্যক দর্শন)... মার্গ... অভিজ্ঞা... সমাপত্তির উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন, দৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপ) অতীত শীলকে... প্রজ্ঞাকে... রাগকে... প্রার্থনা... কায়িক সুখকে... কায়িক দুঃখকে উপনিশ্রয় করে দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম... সমাপত্তি উৎপন্ন করেন, প্রাণীর জীবন হরণ করেন... সংঘভেদ করেন। এ হেতুতে অতীত শ্রদ্ধা... প্রজ্ঞা, রাগ... প্রার্থনা, কায়িক সুখ... কায়িক দুঃখ... বর্তমান শ্রদ্ধার... প্রজ্ঞার, রাগের... প্রার্থনার... ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অনাগত ধর্ম বর্তমান ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অনাগত চক্ষুসম্পদ প্রার্থনা করে (অর্থাৎ অর্জনের জন্য ব্যক্তি)... শ্রোত্রসম্পদ... ঘ্রাণসম্পদ... জিহ্বাসম্পদ... কায়সম্পদ... বর্ণসম্পদ... শব্দসম্পদ... গন্ধসম্পদ... রসসম্পদ... স্প্রষ্টব্যসম্পদ প্রার্থনা করে... অনাগত স্কন্ধসমূহ প্রার্থনা করে দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম... অনাগত চক্ষুসম্পদ... বর্ণসম্পদ... স্প্রষ্টব্যসম্পদ...। এ হেতুতে অনাগত স্কন্ধসমূহ বর্তমান শ্রদ্ধার... প্রজ্ঞার, কায়িক সুখের, কায়িক দুঃখের, মার্গের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩. বর্তমান ধর্ম বর্তমান ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** বতর্মান ঋতুকে উপনিশ্রয় করে ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন... বর্তমান ভোজনকে... শয্যাসনকে উপনিশ্রয় করে ধ্যান উৎপন্ন করেন... সমাপত্তি উৎপন্ন করেন। এ হেতুতে বর্তমান ঋতু... ভোজন... শয্যাসন বর্তমান শ্রদ্ধার... প্রজ্ঞার, কায়িক... ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্বজাত-প্রত্যয় (১)

৯. (১) বর্তমান ধর্ম বর্তমান ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্র দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... শ্রোত্র-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের... ঘ্রাণ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের... জিহ্বা-আয়তন জিহ্বা-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের... (হৃদয়) বাস্তু বর্তমান স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

পশ্চাজ্জাত-প্রত্যয় (১)

১০. (১) বর্তমান ধর্ম বর্তমান ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত বর্তমান স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আসেবন-প্রত্যয় (১)

১১. (১) অতীত ধর্ম বর্তমান ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অতীত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী বর্তমান স্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর... অনুলোম বিশুদ্ধির... গোত্রভূ মার্গের... বিশুদ্ধি মার্গের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

কর্ম-প্রত্যয় (২)

১২. (১) অতীত ধর্ম বর্তমান ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** অতীত চেতনা বর্তমান বিপাক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থান-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) বর্তমান ধর্ম বর্তমান ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বর্তমান চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বর্তমান চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থান-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয় (১)

১৩. (১) বর্তমান ধর্ম বর্তমান ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি বর্তমান বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে একটি বর্তমান বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আহারাদি-প্রত্যয়

১৪. বর্তমান ধর্ম বর্তমান ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ বিপ্রযুক্ত)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** বর্তমান স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থান-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

আবার প্রতিসন্ধিক্ষণে বর্তমান স্কন্ধসমূহ কর্ম-সমুত্থান-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তুর স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... শ্রোত্র-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের... ঘ্রাণ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের... জিহ্বা-আয়তন জিহ্বা-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের... (হৃদয়) বাস্তু বর্তমান স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** বর্তমান স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অস্তি-প্রত্যয় (১)

১৫. (১) বর্তমান ধর্ম বর্তমান ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(উৎপন্নত্রিক অস্তি-প্রত্যয় সদৃশ জ্ঞাতব্য)।

নাস্তি-প্রত্যয় (১)
বিগত-প্রত্যয় (১)
অবিগত-প্রত্যয় (১)

১৬. (১) অতীত ধর্ম বর্তমান ধর্মের নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১) বর্তমান ধর্ম বর্তমান ধর্মের অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

১. প্রত্যয় : অনুলোম
২. গণনা অধ্যায় (একক)

১৭. হেতুতে এক, আলম্বনে তিন, অধিপতিতে তিন, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে, অন্যোন্যে, নিশ্রয়ে এক, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে, পশ্চাজ্জাতে, আসেবনে এক, কর্মে দুই, বিপাকে, আহারে এক... অবিগতে এক।

(অনুরূপভাবে বিস্তারিত গণিতব্য)।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৩)

১৮. (১) অতীত ধর্ম বর্তমান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অনাগত ধর্ম বর্তমান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) বর্তমান ধর্ম বর্তমান ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...

Visit: http://www.buddhistdownload.com

সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

১৯. না-হেতুতে তিন, না-আলম্বনে তিন, না-অধিপতিতে তিন, না-অনন্তরে তিন... না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে তিন, না-অস্তিতে দুই, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন, না-অবিগতে দুই।

(অনুরূপভাবে বিস্তারিত গণিতব্য)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক দ্বিক)

২০. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে এক, না-অধিপতিতে, না-অনন্তরে, না-সমনন্তরে, না-অন্যোন্যে, না-উপনিশ্রয়ে... না-সম্প্রযুক্তে, না-বিপ্রযুক্তে, না-নাস্তিতে, না-বিগতে এক।

(অনুরূপভাবে বিস্তারিত গণিতব্য)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক দ্বিক)

২১. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন, অধিপতিতে তিন, অনন্তরে, সমনন্তরে, সহজাতে, অন্যোন্যে, নিশ্রয়ে এক, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে এক, পশ্চাজ্জাতে, আসেবনে এক... কর্মে দুই, বিপাকে এক (শুধু এই পদের ক্ষেত্রে এক), অবিগতে এক।

(অনুরূপভাবে বিস্তারিত গণিতব্য)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[প্রশ্নবার সমাপ্ত]

[অতীতত্রিক (এখানে) সমাপ্ত হলো]

১৯. অতীতালম্বনত্রিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৩)

Visit: http://www.buddhistdownload.com

১. (১) অতীতালম্বন[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অতীতালম্বন ধর্ম উৎপন্ন হয়। (চলমান জীবনে) একটি অতীতালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি (অতীতালম্বন) স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে একটি অতীতালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(২) অনাগতালম্বন[২] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনাগতালম্বন ধর্ম উৎপন্ন হয়। (চলমান জীবনে) একটি অনাগতালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি (অনাগতালম্বন) স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(৩) বর্তমানালম্বন[৩] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা বর্তমানালম্বন ধর্ম উৎপন্ন হয়। (চলমান জীবনে) একটি বর্তমানালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি (বর্তমানালম্বন) স্কন্ধ... দুটি স্কন্ধ উৎপন্ন হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে একটি বর্তমানালম্বন একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

আলম্বনাদি-প্রত্যয়

৪. অতীতালম্বন ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা... অধিপতি-প্রত্যয় দ্বারা (অধিপতিতে প্রতিসন্ধি নেই)... অনন্তর-প্রত্যয় দ্বারা... সমনন্তর-প্রত্যয় দ্বারা... সহজাত-প্রত্যয় দ্বারা... অন্যোন্য-প্রত্যয় দ্বারা... নিশ্রয়-প্রত্যয় দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... পূর্বজাত-প্রত্যয় দ্বারা... আসেবন-প্রত্যয় দ্বারা... (পূর্বজাতে ও আসেবনে প্রতিসন্ধি নেই)... কর্ম-প্রত্যয় দ্বারা... বিপাক-প্রত্যয় দ্বারা (অতীতালম্বন বিপাক একটি স্কন্ধ, তিনটি প্রশ্নও পরিপূর্ণ করণীয়, প্রবর্তনকাল-প্রতিসন্ধিকাল করণীয়)... আহার-প্রত্যয় দ্বারা... ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা... ধ্যান-প্রত্যয় দ্বারা... মার্গ-প্রত্যয় দ্বারা... সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা... বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা... অস্তি-প্রত্যয় দ্বারা... নাস্তি-প্রত্যয় দ্বারা... বিগত-প্রত্যয়

---

[১]। ১ মনোদ্বারাবর্তন চিত্ত, ২৯ কামাবচর সাংস্কারিক চিত্ত, ১১ ব্যবস্থাপন চিত্ত, ২ ঋদ্ধিপাদ, ৩ বিজ্ঞান-অনন্ত-আয়তন চিত্ত, ৩ নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন চিত্ত, ৩ বিরতি ও ২ অপ্রমেয় চৈতসিক ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৫) = ৪৭ চৈতসিক—অতীতালম্বন ধর্ম।

[২]। ১ মনোদ্বারাবর্তন চিত্ত, ২৯ কামাবচর সাংস্কারিক চিত্ত, ১১ ব্যবস্থাপন চিত্ত, ২ ঋদ্ধিপাদ ও ২ অপ্রমেয় চৈতসিক ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-২) = ৫০ চৈতসিক—অনাগতালম্বন ধর্ম।

[৩]। ১০ দ্বিপঞ্চ-বিজ্ঞান চিত্ত, ৩ মনোধাতু, ১ মনোদ্বারাবর্তন চিত্ত, ২ ঋদ্ধিপাদ ও ২ অপ্রমেয় চৈতসিক ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-২) = ৫০ চৈতসিক—বর্তমানালম্বন ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা অতীতালম্বন ধর্ম উৎপন্ন হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৫. হেতুতে তিন, আলম্বনে তিন, অধিপতিতে তিন... (সর্বত্র তিন), বিগতে তিন, অবিগতে তিন।

(অনুরূপভাবে বিস্তারিত গণিতব্য)।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৩)

৬. (১) অতীতালম্বন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অতীতালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি অতীতালম্বন অহেতুক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

৭. (২) অনাগতালম্বন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অনাগতালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি অনাগতালম্বন অহেতুক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

৮. (৩) বর্তমানালম্বন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা বর্তমানালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি বর্তমানালম্বন অহেতুক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত অথবা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

না-অধিপতি-প্রত্যয় (৩)

৯. (১) অতীতালম্বন ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা অতীতালম্বন ধর্ম উৎপন্ন হয়...। (অনুলোম সহজাত সদৃশ বিস্তারিত জ্ঞাতব্য)।

না-পূর্বজাত-প্রত্যয় (৩)

১০. (১) অতীতালম্বন ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা অতীতালম্বন ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি অতীতালম্বন স্কন্ধকে ভিত্তি করে... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে...।

Visit: http://www.buddhistdownload.com

(২) অনাগতালম্বন ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা অনাগতালম্বন ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি অনাগতালম্বন স্কন্ধকে ভিত্তি করে... তিনটি স্কন্ধকে... দুটি স্কন্ধকে...।

(৩) বর্তমানালম্বন ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা বর্তমানালম্বন ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি বর্তমানালম্বন স্কন্ধকে ভিত্তি করে... দুটি স্কন্ধকে...।

না-পশ্চাজ্জাতাদি-প্রত্যয়

১১. অতীতালম্বন ধর্মকে ভিত্তি করে না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা... না-আসেবন-প্রত্যয় দ্বারা (না-অধিপতি সদৃশ)... না-কর্ম-প্রত্যয় দ্বারা অতীতালম্বন ধর্ম উৎপন্ন হয়। অতীতালম্বন স্কন্ধসমূহকে ভিত্তি করে অতীতালম্বন চেতনা উৎপন্ন হয়।

(২) অনাগতালম্বন ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা অনাগতালম্বন ধর্ম উৎপন্ন হয়। অনাগতালম্বন স্কন্ধসমূহকে ভিত্তি করে অনাগতালম্বন চেতনা উৎপন্ন হয়।

(৩) বর্তমানালম্বন ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা বর্তমানালম্বন ধর্ম উৎপন্ন হয়। বর্তমানালম্বন স্কন্ধসমূহকে ভিত্তি করে বর্তমানালম্বন চেতনা উৎপন্ন হয়।

না-বিপাক-প্রত্যয় (৩)

১২. (১) অতীতালম্বন ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা অতীতালম্বন ধর্ম উৎপন্ন হয়... (না-বিপাকে প্রতিসন্ধি নেই)।

না-ধ্যান-প্রত্যয় (১)

১৩. (১) বর্তমানালম্বন ধর্মকে ভিত্তি করে না-ধ্যান-প্রত্যয় দ্বারা বর্তমানালম্বন ধর্ম উৎপন্ন হয়। পঞ্চবিজ্ঞান-সহগত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

না-মার্গ-প্রত্যয় (৩)

১৪. (১) অতীতালম্বন ধর্মকে ভিত্তি করে না-মার্গ-প্রত্যয় দ্বারা অতীতালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি অতীতালম্বন অহেতুক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ...। (না-হেতু-প্রত্যয় সদৃশ তিনটি প্রশ্ন করণীয়, মোহ নেই)।

না-বিপ্রযুক্ত-প্রত্যয় (২)

১৫. (১) অতীতালম্বন ধর্মকে ভিত্তি করে না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা অতীতালম্বন ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি অনাগতালম্বন স্কন্ধকে ভিত্তি

Visit: http://www.buddhistdownload.com

করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

(২) অনাগতালম্বন ধর্মকে ভিত্তি করে না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা অতীতালম্বন ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি অনাগতালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

১৬. না-হেতুতে তিন, না-অধিপতিতে, না-পূর্বজাতে, না-পশ্চাজ্জাতে, না-আসেবনে, না-কর্মে, না-বিপাকে তিন, না-ধ্যানে এক, না-মার্গে তিন, না-বিপ্রযুক্তে দুই।

(অনুরূপভাবে বিস্তারিত গণিতব্য)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

১৭. হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে, না-পশ্চাজ্জাতে, না-আসেবনে, না-কর্মে, না-বিপাকে তিন, না-বিপ্রযুক্তে দুই।

(অনুরূপভাবে বিস্তারিত গণিতব্য)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক দ্বিক)

১৮. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন... (সর্বত্র তিন) অবিগতে তিন)

[প্রতিলোম-অনুলোম]

[প্রতীত্যবার (এখানে) সমাপ্ত]

২-৬. সহজাত-প্রত্যয়-নিশ্রয়-সংশ্লিষ্ট-সম্প্রযুক্তবার

(সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার ও সম্প্রযুক্ত প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (৩)

১৯. (১) অতীতালম্বন ধর্ম অতীতালম্বন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অতীতালম্বন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে অতীতালম্বন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(২) অনাগতালম্বন ধর্ম অনাগতালম্বন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনাগতালম্বন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) বর্তমানালম্বন ধর্ম বর্তমানালম্বন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বর্তমানালম্বন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধি গ্রহণক্ষণে বর্তমানালম্বন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৯)

২০. (১) অতীতালম্বন ধর্ম অতীতালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (যোগী) অতীত বিজ্ঞান-অনন্ত-আয়তনকে প্রত্যবেক্ষণ করেন, নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনকে প্রত্যবেক্ষণ করেন, অতীতালম্বন এমন অতীত বিবিধ ঋদ্ধিজ্ঞানকে প্রত্যবেক্ষণ করেন, চিত্তপর্যায়-জ্ঞানকে... পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানকে... যথাকর্মোপগ-জ্ঞানকে প্রত্যবেক্ষণ করেন, আর্যগণ অতীতালম্বন এমন বিদূরিত ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, অবিদূরিত ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে অনুশীলিত (আসক্ত) ক্লেশসমূহকে জানেন। অতীতালম্বন এমন অতীত স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে উত্তমরূপে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য অতীতালম্বন রাগ উৎপন্ন হয়, দৃষ্টি... বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। অতীতালম্বন এমন অতীত স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, আর্বতন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অতীতালম্বন ধর্ম অনাগতালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনাগত বিজ্ঞান-অনন্ত-আয়তনকে প্রত্যবেক্ষণ করেন, নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনকে প্রত্যবেক্ষণ করেন। অতীতালম্বন এমন অনাগত বিবিধ ঋদ্ধিজ্ঞানকে প্রত্যবেক্ষণ করেন, চিত্তপর্যায়-জ্ঞানকে... পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানকে... যথাকর্মোপগ-জ্ঞানকে প্রত্যবেক্ষণ করেন। অতীতালম্বন এমন অনাগত স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে উত্তমরূপে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য একে ভিত্তি করে অনাগতালম্বন রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়, বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। অতীতালম্বন এমন অনাগত স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আর্বতন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অতীতালম্বন ধর্ম বর্তমানালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা অতীতালম্বন এমন বর্তমান চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। অতীতালম্বন এমন বর্তমান স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের,

Visit: http://www.buddhistdownload.com

আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২১. (৪) অনাগতালম্বন ধর্ম অনাগতালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (যোগী) অনাগতালম্বন এমন অনাগত বিবিধ ঋদ্ধিজ্ঞানকে প্রত্যবেক্ষণ করেন, চিত্তপর্যায়-জ্ঞানকে... অনাগতভব-জ্ঞানকে... অনাগতালম্বন এমন অনাগত স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে উত্তমরূপে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য একে ভিত্তি করে অনাগতালম্বন রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়, বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। অনাগতালম্বন অনাগত স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের আর্বতন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনাগতালম্বন ধর্ম অতীতালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনাগতালম্বন এমন অতীতালম্বন বিবিধ ঋদ্ধিজ্ঞানকে প্রত্যবেক্ষণ করেন, চিত্তপর্যায়-জ্ঞানকে... অনাগতভব-জ্ঞানকে... আর্যগণ অনাগতালম্বন বিদূরিত ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, অবিদূরিত ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে অনুশীলিত ক্লেশসমূহকে জানেন। অনাগতালম্বন এমন অতীত স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে উত্তমরূপে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য একে ভিত্তি করে অতীতালম্বন রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। অনাগতালম্বন এমন অতীত স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, আর্বতন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অনাগতালম্বন ধর্ম বর্তমানালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা অনাগতালম্বন এমন বর্তমান চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। অনাগতালম্বন এমন বর্তমান স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২২. (৭) বর্তমানালম্বন ধর্ম বর্তমানালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা বর্তমানালম্বন এমন বর্তমান চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। বর্তমানালম্বন এমন বর্তমান স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) বর্তমানালম্বন ধর্ম অতীতালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অতীত দিব্যনেত্রকে প্রত্যবেক্ষণ করেন, দিব্যশ্রোত্রকে প্রত্যবেক্ষণ করেন, বর্তমানালম্বন অতীত বিবিধ ঋদ্ধিজ্ঞানকে প্রত্যবেক্ষণ করেন, চিত্তপর্যায়-জ্ঞানকে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ বর্তমানালম্বন এমন বিদূরিত ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, অবিদূরিত ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে অনুশীলিত (আসক্ত) ক্লেশসমূহকে জানেন, বর্তমানালম্বন অতীত স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ

Visit: http://www.buddhistdownload.com

ও অনাত্মাকারে উত্তমরূপে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য অতীতালম্বন রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। বর্তমানালম্বন এমন অতীত স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) বর্তমানালম্বন ধর্ম অনাগতালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনাগত দিব্যনেত্রকে প্রত্যবেক্ষণ করেন, দিব্যশ্রোত্রকে প্রত্যবেক্ষণ করেন, বর্তমানালম্বন এমন অনাগত বিবিধ ঋদ্ধিজ্ঞানকে প্রত্যবেক্ষণ করেন, চিত্তপর্যায়-জ্ঞানকে... বর্তমানালম্বন এমন অনাগত স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মাকারে উত্তমরূপে দর্শন করেন... তজ্জন্য একে ভিত্তি করে অনাগতালম্বন রাগ উৎপন্ন হয়, দৃষ্টি... বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। বর্তমানালম্বন অনাগত স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অধিপতি-প্রত্যয় (৭)

২৩. (১) অতীতালম্বন ধর্ম অতীতালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** অতীত বিজ্ঞান-অনন্ত-আয়তনকে গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন, নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনকে গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন। অতীতালম্বন এমন অতীত বিবিধ ঋদ্ধিজ্ঞানকে গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন, চিত্তপর্যায়-জ্ঞানকে... পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানকে... যথাকর্মোপগ-জ্ঞানকে গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন। অতীতালম্বন এমন অতীত স্কন্ধসমূহকে গুরুত্বের সাথে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য অতীতালম্বন রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অতীতালম্বন-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অতীতালম্বন ধর্ম বর্তমানালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** অনাগত বিজ্ঞান-অনন্ত-আয়তনকে গুরুত্বের সাথে... নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনকে... অতীতালম্বন এমন অনাগত বিবিধ ঋদ্ধিজ্ঞানকে গুরুত্বের সাথে... চিত্তপর্যায়-জ্ঞানকে... পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানকে... যথাকর্মোপগ-জ্ঞানকে... অতীতালম্বন এমন অনাগত স্কন্ধসমূহকে গুরুত্বের সাথে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য অনাগতালম্বন রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়।

২৪. (৩) অনাগতালম্বন ধর্ম অনাগতালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** অনাগতালম্বন অনাগত বিবিধ ঋদ্ধিজ্ঞানকে গুরুত্বের সাথে... চিত্তপর্যায়-জ্ঞানকে... অনাগতভব-জ্ঞানকে গুরুত্বের সাথে আস্বাদন করেন। অনাগতালম্বন এমন অনাগত স্কন্ধসমূহকে গুরুত্বের সাথে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য অনাগতালম্বন রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অনাগতালম্বন অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অনাগতালম্বন ধর্ম অতীতালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** অনাগতালম্বন এমন অতীত বিবিধ ঋদ্ধিজ্ঞানকে গুরুত্বের সাথে... চিত্তপর্যায়-জ্ঞানকে... অনাগতভব-জ্ঞানকে গুরুত্বের সাথে... অনাগতালম্বন এমন অতীত স্কন্ধসমূহকে গুরুত্বের সাথে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য অতীতালম্বন রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়।

২৫. (৫) বর্তমানালম্বন ধর্ম বর্তমানালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** বর্তমানালম্বন-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) বর্তমানালম্বন ধর্ম অতীতালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** অতীত দিব্যনেত্রকে গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন, দিব্যশ্রোত্রকে গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন। বর্তমানালম্বন এমন অতীত বিবিধ ঋদ্ধিজ্ঞানকে গুরুত্বের সাথে... চিত্তপর্যায়-জ্ঞানকে গুরুত্বের সাথে... বর্তমানালম্বন এমন অতীত স্কন্ধসমূহকে গুরুত্বের সাথে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য অতীতালম্বন রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়।

(৭) বর্তমানালম্বন ধর্ম অনাগতালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** অনাগত দিব্যনেত্রকে গুরুত্বের সাথে প্রত্যবেক্ষণ করেন, দিব্যশ্রোত্রকে গুরুত্বের সাথে... বর্তমানালম্বন এমন অনাগত বিবিধ ঋদ্ধিজ্ঞানকে গুরুত্বের সাথে... বর্তমানালম্বন এমন অনাগত স্কন্ধসমূহকে গুরুত্বের সাথে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য একে ভিত্তি করে অনাগতালম্বন রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয় (৭)

২৬. (১) অতীতালম্বন ধর্ম অতীতালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী অতীতালম্বন স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অতীতালম্বন স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অতীতালম্বন ধর্ম অনাগতালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়

Visit: http://www.buddhistdownload.com

হয়। অতীতালম্বন ভবাঙ্গ অনাগতালম্বন আবর্তন-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অতীতালম্বন ধর্ম বর্তমানালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অতীতালম্বন চ্যুতি-চিত্ত বর্তমানালম্বন প্রতিসন্ধি-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অতীতালম্বন ভবাঙ্গ বর্তমানালম্বন আবর্তন-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৭. (৪) অনাগতালম্বন ধর্ম অনাগতালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্থী অনাগতালম্বন স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অনাগতালম্বন স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনাগতালম্বন ধর্ম অতীতালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনাগতালম্বন বিবিধ ঋদ্ধিজ্ঞান অতীতালম্বন উত্থানের... চিত্তপর্যায়-জ্ঞান অতীতালম্বন উত্থানের... অনাগতভব-জ্ঞান অতীতালম্বন উত্থানের... অনাগতালম্বন স্কন্ধসমূহ অতীতালম্বন উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৮. (৬) বর্তমানালম্বন ধর্ম বর্তমানালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী বর্তমানালম্বন স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী বর্তমানালম্বন স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বর্তমানালম্বন প্রতিসন্ধি-চিত্ত বর্তমানালম্বন ভবাঙ্গের... বর্তমানালম্বন ভবাঙ্গ বর্তমানালম্বন ভবাঙ্গের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) বর্তমানলম্বন ধর্ম অতীতালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বর্তমানালম্বন প্রতিসন্ধি-চিত্ত অতীতালম্বন ভবাঙ্গের... বর্তমানালম্বন ভবাঙ্গ অতীতালম্বন ভবাঙ্গের... বর্তমানালম্বন স্কন্ধসমূহ অতীতালম্বন উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

সমনন্তর-প্রত্যয় (৭)

২৯. (১) অতীতালম্বন ধর্ম অতীতালম্বন ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...। (বিস্তারিত অনন্তর-প্রত্যয় সদৃশ বুঝতে হবে)।

সহজাতাদি-প্রত্যয়

৩০. অতীতালম্বন ধর্ম অতীতালম্বন ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...। (এই তিনটি প্রত্যয় বিস্তারিতভাবে প্রতীত্যবার সদৃশ বুঝতে হবে)।

উপনিশ্রয়-প্রত্যয় (৯)

৩১. (১) অতীতালম্বন ধর্ম অতীতালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অতীতালম্বন অনিত্যানুদর্শন (অনিত্যজ্ঞান), দুঃখানুদর্শন (দুঃখজ্ঞান), অনাত্মানুদর্শন (অনাত্মজ্ঞান)[১], অতীতালম্বন অনিত্যানুদর্শনের, দুঃখানুদর্শনের, অনাত্মানুদর্শনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অতীতালম্বন ধর্ম অনাগতালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অতীতালম্বন অনিত্যানুদর্শন, দুঃখানুদর্শন, অনাত্মানুদর্শন, অনাগতালম্বন অনিত্যানুদর্শনের, দুঃখানুদর্শনের, অনাত্মানুদর্শনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অতীতালম্বন ধর্ম বর্তমানালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অতীতালম্বন অনিত্যানুদর্শন, দুঃখানুদর্শন, অনাত্মানুদর্শন, বর্তমানালম্বন অনিত্যানুদর্শনের, দুঃখানুদর্শনের, অনাত্মানুদর্শনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩২. (৪) অনাগতালম্বন ধর্ম অনাগতালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অনাগতালম্বন অনিত্যানুদর্শন, দুঃখানুদর্শন, অনাত্মানুদর্শন, অনাগতালম্বন অনিত্যানুদর্শনের, দুঃখানুদর্শনের, অনাত্মানুদর্শনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনাগতালম্বন ধর্ম অতীতালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অনাগতালম্বন অনিত্যানুদর্শন, দুঃখানুদর্শন, অনাত্মানুদর্শন, অতীতালম্বন অনিত্যানুদর্শনের, দুঃখানুদর্শনের, অনাত্মানুদর্শনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অনাগতালম্বন ধর্ম বর্তমানালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** অনাগতালম্বন অনিত্যানুদর্শন, দুঃখানুদর্শন, অনাত্মানুদর্শন, বর্তমানালম্বন অনিত্যানুদর্শনের, দুঃখানুদর্শনের, অনাত্মানুদর্শনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৩. (৭) বর্তমানালম্বন ধর্ম বর্তমানালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা

---

[১]। নাম-রূপ লক্ষণত্রয়ের অনিত্যতা, দুঃখময়তা ও অনাত্মতা পুনঃপুন ভাবনা বা দর্শন করাই অনিত্যানুদর্শন, দুঃখানুদর্শন ও অনাত্মানুদর্শন।

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** বর্তমানালম্বন অনিত্যানুদর্শন, দুঃখানুদর্শন, অনাত্মানুদর্শন, বর্তমানালম্বন অনিত্যানুদর্শনের, দুঃখানুদর্শনের, অনাত্মানুদর্শনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) বর্তমানালম্বন ধর্ম অতীতালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** বর্তমানালম্বন অনিত্যানুদর্শন, দুঃখানুদর্শন, অনাত্মানুদর্শন, অতীতালম্বন অনিত্যানুদর্শনের, দুঃখানুদর্শনের, অনাত্মানুদর্শনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) বর্তমানালম্বন ধর্ম অনাগতালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** বর্তমানালম্বন অনিত্যানুদর্শন, দুঃখানুদর্শন, অনাত্মানুদর্শন, অনাগতালম্বন অনিত্যানুদর্শনের, দুঃখানুদর্শনের, অনাত্মানুদর্শনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আসেবন-প্রত্যয় (৩)

৩৪. (১) অতীতালম্বন ধর্ম অতীতালম্বন ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অতীতালম্বন স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অতীতালম্বন স্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অনাগতালম্বন ধর্ম অনাগতালম্বন ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অনাগতালম্বন স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অনাগতালম্বন স্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) বর্তমানালম্বন ধর্ম বর্তমানালম্বন ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বর্তমানালম্বন স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী বর্তমানালম্বন স্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

কর্ম-প্রত্যয় (৯)

৩৫. (১) অতীতালম্বন ধর্ম অতীতালম্বন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** অতীতালম্বন চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** অতীতালম্বন চেতনা অতীতালম্বন বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অতীতালম্বন ধর্ম অনাগতালম্বন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** অতীতালম্বন চেতনা অনাগতালম্বন বিপাক স্কন্ধসমূহের কর্ম-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অতীতালম্বন ধর্ম বর্তমানালম্বন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** অতীতালম্বন চেতনা বর্তমানালম্বন বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৬. (৪) অনাগতালম্বন ধর্ম অনাগতালম্বন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** অনাগতালম্বন চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** অনাগতালম্বন চেতনা অনাগতালম্বন বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনাগতালম্বন ধর্ম অতীতালম্বন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** অনাগতালম্বন চেতনা অতীতালম্বন বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অনাগতালম্বন ধর্ম বর্তমানালম্বন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** অনাগতালম্বন চেতনা বর্তমানালম্বন বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৭. (৭) বর্তমানালম্বন ধর্ম বর্তমানালম্বন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** বর্তমানালম্বন চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...। **নানাক্ষণিক :** বর্তমানালম্বন চেতনা বর্তমানালম্বন বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) বর্তমানালম্বন ধর্ম অতীতালম্বন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** বর্তমানালম্বন চেতনা অতীতালম্বন বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) বর্তমানালম্বন ধর্ম অনাগতালম্বন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** বর্তমানালম্বন চেতনা অনাগতালম্বন বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাকাদি-প্রত্যয়

৩৮. অতীতালম্বন ধর্ম অতীতালম্বন ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অস্তি-প্রত্যয়ের দ্বার প্রত্যয় হয়... বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অধিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৩৯. হেতুতে তিন, আলম্বনে নয়, অধিপতিতে সাত, অনন্তরে সাত, সমনন্তরে সাত, সহজাতে, অন্যোন্যে, নিশ্রয়ে তিন, উপনিশ্রয়ে নয়, আসেবনে তিন, কর্মে নয়, বিপাকে তিন, আহারে তিন, ইন্দ্রিয়ে, ধ্যানে, মার্গে, সম্প্রযুক্তে তিন, অস্তিতে তিন, নাস্তিতে তিন, বিগতে সাত, অবিগতে তিন।

(অনুরূপভাবে বিস্তারিত গণিতব্য)।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৯)

৪০. (১) অতীতালম্বন ধর্ম অতীতালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অতীতালম্বন ধর্ম অনাগতালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অতীতালম্বন ধর্ম বর্তমানালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪১. (৪) অনাগতালম্বন ধর্ম অনাগতালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনাগতালম্বন ধর্ম অতীতালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অনাগতালম্বন ধর্ম বর্তমানালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪২. (৭) বর্তমানালম্বন ধর্ম বর্তমানালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) বর্তমানালম্বন ধর্ম অতীতালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা পত্যয় হয়।

(৯) বর্তমানালম্বন ধর্ম অনাগতালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

২. প্রত্যয় : প্রতিলোম

২.গণনা অধ্যায় (একক)

৪৩. না-হেতুতে নয়, না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয়, না-অনন্তরে নয়, না-সমনন্তরে নয় (সংক্ষিপ্ত, সবটিতে নয়), না-বিগতে নয়, না-অবিগতে নয়।

(অনুরূপভাবে বিস্তারিত গণিতব্য)।

[প্রতিলোম সমাপ্ত] ,

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৪৪. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে, না-অনন্তরে, না-সমনন্তরে, না-উপনিশ্রয়ে, না-পূর্বজাতে, না-পশ্চাজ্জাতে, না-আসেবনে, না-কর্মে, না-বিপাকে তিন (সবটিতে তিন, সংক্ষিপ্ত), না-নাস্তিতে, না-বিগতে তিন।

(অনুরূপভাবে বিস্তারিত গণিতব্য)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

না-হেতুমূলক—দ্বিক

৪৫. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে সাত, অনন্তরে সাত, সমনন্তরে সাত, সহজাতে তিন, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তিন, উপনিশ্রয়ে নয়, আসেবনে তিন, কর্মে নয়, বিপাকে তিন, আহারে, ইন্দ্রিয়ে, ধ্যানে, মার্গে, সম্প্রযুক্তে, অস্তিতে তিন, নাস্তিতে সাত, বিগতে সাত, অবিগতে তিন।

(অনুরূপভাবে বিস্তারিত গণিতব্য)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[প্রশ্নবার সমাপ্ত]

[অতীতালম্বনত্রিক (এখানে) সমাপ্ত]

২০. আধ্যাত্মিকত্রিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (২)

১. (১) আধ্যাত্মিক (অন্তঃস্থিত) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আধ্যাত্মিক ধর্ম উৎপন্ন হয়। (চলমান জীবনে) একটি আধ্যাত্মিক স্কন্ধকে ভিত্তি করে তিনটি (আধ্যাত্মিক) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। তিনটি

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে একটি আধ্যাত্মিক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি এবং কর্ম-সুত্থানরূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(২) বাহ্যিক (বহিঃস্থিত) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। (চলমান জীবনে) একটি বাহ্যিক স্কন্ধকে ভিত্তি করে তিনটি (বাহ্যিক) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে...। অপরদিকে প্রতিসন্ধিক্ষণে একটি বাহ্যিক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

আলম্বন-প্রত্যয় (২)

২. (১) আধ্যাত্মিক ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা আধ্যাত্মিক ধর্ম উৎপন্ন হয়। একটি আধ্যাত্মিক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে ভিত্তি করে... প্রতিসন্ধিক্ষণে একটি আধ্যাত্মিক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। একটি বাহ্যিক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে... (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (২)

৩. (১) আধ্যাত্মিক ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা আধ্যাত্মিক ধর্ম উৎপন্ন হয়। একটি আধ্যাত্মিক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে... একটি মহাভূতকে ভিত্তি করে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(২) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন

Visit: http://www.buddhistdownload.com

হয়। একটি বাহ্যিক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে... একটি মহাভূতকে ভিত্তি করে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

অনন্তরাদি-প্রত্যয়

৪. আধ্যাত্মিক ধর্মকে ভিত্তি করে অনন্তর-প্রত্যয় দ্বারা... সমনন্তর-প্রত্যয় দ্বারা... সহজাত-প্রত্যয় দ্বারা আধ্যাত্মিক ধর্ম উৎপন্ন হয়। একটি আধ্যাত্মিক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে একটি আধ্যাত্মিক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে... মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(২) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে সহজাত-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। একটি বাহ্যিক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে একটি বাহ্যিক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। বাহ্যিক... আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে... মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থান-রূপএবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

অন্যোন্যাদি-প্রত্যয়

৫. আধ্যাত্মিক ধর্মকে ভিত্তি করে অন্যোন্য-প্রত্যয় দ্বারা... নিশ্রয়-প্রত্যয় দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... পূর্বজাত-প্রত্যয় দ্বারা... আসেবন-প্রত্যয় দ্বারা (পূর্বজাতে ও আসেবনে প্রতিসন্ধি নেই)... কর্ম-প্রত্যয় দ্বারা... বিপাক-প্রত্যয় দ্বারা... আহার-প্রত্যয় দ্বারা... ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা... ধ্যান-প্রত্যয় দ্বারা... মার্গ-প্রত্যয় দ্বারা... সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা... বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা... অস্তি-প্রত্যয় দ্বারা... নাস্তি-প্রত্যয় দ্বারা... বিগত-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা আধ্যাত্মিক ধর্ম উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

৬. হেতুতে দুই, আলম্বনে দুই... অবিগতে দুই।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (২)

৭. (১) আধ্যাত্মিক (অধ্যাত্ম) ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা আধ্যাত্মিক ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক আধ্যাত্মিক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) বাহ্যিক (বাহ্য বা বাইরের) ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক বাহ্যিক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে... বাহ্যিক... আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে... বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

না-আলম্বন-প্রত্যয় (২)

৮. (১) আধ্যাত্মিক ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা আধ্যাত্মিক ধর্ম উৎপন্ন হয়। আধ্যাত্মিক (অভ্যন্তরীণ) স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে আধ্যাত্মিক স্কন্ধসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু... একটি মহাভূতকে ভিত্তি করে... আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে...।

(২) বাহ্যিক (বহিঃস্থ) ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

প্রতিসন্ধিক্ষণে বাহ্যিক স্কন্ধসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু... একটি মহাভূতকে ভিত্তি করে... বাহ্যিক... আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের...।

না-অধিপতি আদি-প্রত্যয়

৯. (১) আধ্যাত্মিক ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা... (অনুলোম সহজাত সদৃশ হবে, কোনো ভিন্নতা নেই)... না-অনন্তর-প্রত্যয় দ্বারা... না-সমনন্তর-প্রত্যয় দ্বারা... না-অন্যোন্য-প্রত্যয় দ্বারা... না-উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা আধ্যাত্মিক ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি আধ্যাত্মিক স্কন্ধকে ভিত্তি করে... আধ্যাত্মিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি আধ্যাত্মিক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে... আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের...।

১০. (২) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি বাহ্যিক স্কন্ধকে ভিত্তি করে... দুটি স্কন্ধকে... বাহ্যিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (পরিপূর্ণ করা উচিত) একটি মহাভূতকে... বাহ্যিক... আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের...।

না-পশ্চাজ্জাতাদি-প্রত্যয়

১১. (১) আধ্যাত্মিক ধর্মকে ভিত্তি করে না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা... না-আসেবন-প্রত্যয় দ্বারা... না-কর্ম-প্রত্যয় দ্বারা আধ্যাত্মিক ধর্ম উৎপন্ন হয়। আধ্যাত্মিক স্কন্ধসমূহকে ভিত্তি করে আধ্যাত্মিক চেতনা উৎপন্ন হয়। আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান...।

(২) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক স্কন্ধসমূহকে ভিত্তি করে বাহ্যিক চেতনা উৎপন্ন হয়। বাহ্যিক... আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান...।

না-বিপাকাদি-প্রত্যয়

১২. (১) আধ্যাত্মিক ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা (প্রতিসন্ধি নেই)... না-আহার-প্রত্যয় দ্বারা আধ্যাত্মিক ধর্ম উৎপন্ন হয়। ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের...।

(২) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-আহার-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন

Visit: http://www.buddhistdownload.com

হয়। বাহ্যিক... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের...।

(৩) আধ্যাত্মিক ধর্মকে ভিত্তি করে না-ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা আধ্যাত্মিক ধর্ম উৎপন্ন হয়। আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের... মহাভূতসমূহকে ভিত্তি করে রূপ-জীবিত-ইন্দ্রিয় উৎপন্ন হয়।

(৪) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক... আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের... মহাভূতসমূহকে ভিত্তি করে রূপ-জীবিত-ইন্দ্রিয় উৎপন্ন হয়।

না-ধ্যান-প্রত্যয় (২)

১৩. (১) আধ্যাত্মিক ধর্মকে ভিত্তি করে না-ধ্যান-প্রত্যয় দ্বারা আধ্যাত্মিক ধর্ম উৎপন্ন হয়। পঞ্চবিজ্ঞান-সহগত... আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের...।

(২) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-ধ্যান-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। পঞ্চবিজ্ঞান-সহগত... আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের...।

না-মার্গাদি-প্রত্যয়

১৪. (১) আধ্যাত্মিক ধর্মকে ভিত্তি করে না-মার্গ-প্রত্যয় দ্বারা (না-হেতু-প্রত্যয় সদৃশ। মোহ নেই)... না-সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা... না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা আধ্যাত্মিক ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে... আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের...।

(২) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে... বাহ্যিক... আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের... না-নাস্তি-প্রত্যয় দ্বারা... না-বিগত-প্রত্যয় দ্বারা...।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

১৫. না-হেতুতে দুই, না-আলম্বনে দুই, না-অধিপতিতে দুই, না-অনন্তরে দুই, না-সমনন্তরে দুই (সংক্ষিপ্ত, সবটিতে দুই), না-বিগতে দুই।

(অনুরূপভাবে বিস্তারিত গণিতব্য)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক দ্বিক)

১৬. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে দুই... না-বিপাকে, না-সম্প্রযুক্তে, না-

Visit: http://www.buddhistdownload.com

বিপ্রযুক্তে, না-নাস্তিতে, না-বিগতে দুই।

(অনুরূপভাবে বিস্তারিত গণিতব্য)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(হেতুমূলক দ্বিক)

১৭. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অনন্তরে দুই... মার্গে দুই... অবিগতে দুই।

(অনুরূপভাবে বিস্তারিত গণিতব্য)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[প্রতীত্যবার (এখানে) সমাপ্ত হলো]

২. সহজাতবার

(সহজাতবার প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (২)

১৮. (১) আধ্যাত্মিক ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা আধ্যাত্মিক ধর্ম উৎপন্ন হয়। একটি আধ্যাত্মিক স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে (পরিপূর্ণ করতে হবে) একটি মহাভূতকে... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে আধ্যাত্মিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) বাহ্যিক ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। একটি বাহ্যিক স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে... একটি মহাভূতকে... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বাহ্যিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

আলম্বন-প্রত্যয় (২)

১৯. (১) আধ্যাত্মিক ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা আধ্যাত্মিক ধর্ম উৎপন্ন হয়। (এইস্থলে প্রতীত্যবার সদৃশ হবে), চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান উৎপন্ন হয়... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান উৎপন্ন হয়... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে আধ্যাত্মিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) বাহ্যিক ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। (এইস্থলে প্রতীত্যবার সদৃশ হবে), চক্ষু-আয়তনকে... কায়-আয়তনকে... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বাহ্যিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

অধিপতি আদি-প্রত্যয়

২০. আধ্যাত্মিক ধর্মকে আশ্রয় করে অধিপতি-প্রত্যয় দ্বারা (বাস্তু

Visit: http://www.buddhistdownload.com

অপরিমিত, প্রতীত্যবার সদৃশ হবে)... অনন্তর-প্রত্যয় দ্বারা... সমনন্তর-প্রত্যয় দ্বারা... সহজাত-প্রত্যয় দ্বারা (সহজাতে পরিপূর্ণ করতে হবে)... মহাভূতসমূহকে আশ্রয় করে... (মহাভূতসমূহ এবং স্কন্ধসমূহের পরে পঞ্চ-আয়তন এবং (হৃদয়) বাস্তু করণীয়)... অন্যোন্য-প্রত্যয় দ্বারা... নিশ্রয়-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা আধ্যাত্মিক ধর্ম উৎপন্ন হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায় (একক)

২১. হেতুতে দুই, আলম্বনে... অবিগতে দুই।

[অনুলোম সমাপ্ত]

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (২)

২২. (১) আধ্যাত্মিক ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা আধ্যাত্মিক ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক আধ্যাত্মিক স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে আশ্রয় করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে... আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের... চক্ষু-আয়তনকে... কায়-আয়তনকে... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক আধ্যাত্মিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) বাহ্যিক ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিক ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনকাল-প্রতিসন্ধি ও মহাভূতসমূহ করণীয়)। চক্ষু-আয়তনকে... কায়-আয়তনকে... (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক বাহ্যিক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

না-আলম্বনাদি-প্রত্যয়

২৩. ... না-আলম্বন-প্রত্যয় দ্বারা... না-অধিপতি-প্রত্যয় দ্বারা (সহজাত সদৃশ হবে)... না-অনন্তর-প্রত্যয় দ্বারা... না-সমনন্তর-প্রত্যয় দ্বারা... না-অন্যোন্য-প্রত্যয় দ্বারা... না-উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা (প্রতীত্যবার সদৃশ হবে)... না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা... না-আসেবন-প্রত্যয় দ্বারা... না-কর্ম-প্রত্যয় দ্বারা... না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা (প্রতীত্যবার প্রতিলোমের বিপ্রযুক্ত সদৃশ হবে)... না-নাস্তি-প্রত্যয় দ্বারা... না-বিগত-প্রত্যয় দ্বারা...।

Visit: http://www.buddhistdownload.com

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

২৪. না-হেতুতে দুই, না-আলম্বনে দুই... না-বিগতে দুই।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক দ্বিক)

২৫. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে দুই, না-অধিপতিতে দুই... না-বিপাকে, না-সম্প্রযুক্তে, না-বিপ্রযুক্তে, না-নাস্তিতে, না-বিগতে দুই।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক দ্বিক)

২৬. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই... অবিগতে দুই।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[প্রত্যয়বার (এখানে) সমাপ্ত]

৪-৬. নিশ্রয়-সংশ্লিষ্ট-সম্প্রযুক্তবার

(নিশ্রয়বার প্রত্যয়বার সদৃশ হবে। সংশ্লিষ্টবার ও সম্প্রযুক্তবার বিস্তার করণীয়)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (২)

২৭. (১) আধ্যাত্মিক (অন্তঃস্থ বা ভিতরের) ধর্ম আধ্যাত্মিক ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আধ্যাত্মিক হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২) বাহ্যিক (বহিঃস্থ বা বাইরের) ধর্ম বাহ্যিক ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বাহ্যিক হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

আলম্বন-প্রত্যয় (৪)

২৮. (১) আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ব্যক্তি পুণ্যের জন্য) দান দেন, শীল পালনে রত থাকেন, উপোসথকর্ম সম্পাদন করেন। (অতঃপর) এগুলোকে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত সুকর্মসমূহকে... ধ্যান হতে উত্থিত হয়ে... আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে প্রত্যবেক্ষণ করেন, ফলকে প্রত্যবেক্ষণ করেন, বিদূরিত ক্লেশসমূহকে

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যবেক্ষণ করেন, অবিদূরিত ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে অনুশীলিত (আসক্ত) ক্লেশসমূহকে জানেন। আধ্যাত্মিক চক্ষুকে... শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে... আধ্যাত্মিক স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে উত্তমরূপে দেখেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্রে রূপ দেখেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শোনেন। আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... শব্দ-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের... গন্ধ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের... রস-আয়তন জিহ্বা-বিজ্ঞানের...স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আধ্যাত্মিক স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আধ্যাত্মিক ধর্ম বাহ্যিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আধ্যাত্মিক চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে... আধ্যাত্মিক স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে উত্তমরূপে দেখেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্রে রূপ দেখেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শোনেন। চিত্তপর্যায়-জ্ঞানের (পরচিত্ত-বিজানন-জ্ঞানের) দ্বারা আধ্যাত্মিক চিত্ত (আধ্যাত্মিক ৮৯ চিত্ত) সম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। আধ্যাত্মিক রূপ-আয়তন বাহ্যিক চক্ষু-বিজ্ঞানের... আধ্যাত্মিক স্প্রষ্টব্য-আয়তন বাহ্যিক কায়-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আধ্যাত্মিক স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের (অনাগত জন্ম সম্বন্ধীয়জ্ঞানের) এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৯. (৩) বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অধিকতর দান দেন, শীল পালনে রত থাকেন, উপোসথকর্ম সম্পাদন করেন। (অতঃপর) এগুলোকে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত সুকর্মসমূহকে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে... আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে প্রত্যবেক্ষণ করেন, ফলকে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ প্রহীন ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, অপ্রহীন ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে অনুশীলিত... বাহ্যিক চক্ষুকে...

Visit: http://www.buddhistdownload.com

(হৃদয়) বাস্তুকে... বাহ্যিক স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্রে রূপ দেখেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শোনেন। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা বাহ্যিক চিত্ত (বাহ্যিক ৮৯ চিত্ত) সম্পন্ন... আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বাহ্যিক রূপ-আয়তন বাহ্যিক চক্ষু-বিজ্ঞানের... বাহ্যিক স্প্রষ্টব্য-আয়তন বাহ্যিক কায়-বিজ্ঞানের... বাহ্যিক স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ নির্বাণকে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের, ফলের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বাহ্যিক চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে... বাহ্যিক স্কন্ধসমূহকে অনিত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্রে রূপ দেখেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শোনেন। চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা বাহ্যিক চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। বাহ্যিক রূপ-আয়তন আধ্যাত্মিক চক্ষু-বিজ্ঞানের... বাহ্যিক স্প্রষ্টব্য-আয়তন আধ্যাত্মিক কায়-বিজ্ঞানের... বাহ্যিক স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিবিজ্ঞানের, চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অধিপতি-প্রত্যয় (৪)

৩০. (১) আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** (ব্যক্তি পুণ্যের জন্য) দান দেন, শীল পালনে রত থাকেন, উপোসথকর্ম সম্পাদন করেন। (অতঃপর) এগুলোকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত সুকর্মসমূহকে গুরুত্ব-সহকারে... ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে গুরুত্ব-সহকারে... আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে গুরুত্ব-সহকারে... ফলকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। আধ্যাত্মিক চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে... আধ্যাত্মিক স্কন্ধসমূহকে গুরুত্ব-সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** আধ্যাত্মিক-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আধ্যাত্মিক ধর্ম বাহ্যিক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** আধ্যাত্মিক চক্ষুকে... (হৃদয়)... আধ্যাত্মিক স্কন্ধসমূহকে

Visit: http://www.buddhistdownload.com

গুরুত্ব-সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়।

৩১. (৩) বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** অধিকতর দান দেন, শীল পালনে রত থাকেন, উপোসথকর্ম সম্পাদন করেন। (অতঃপর) এগুলোকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত সুকর্মসমূহকে গুরুত্ব-সহকারে... ধ্যান হতে উত্থিত হয়ে... আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে গুরুত্ব-সহকারে... ফলকে গুরুত্ব-সহকারে... নির্বাণকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের এবং ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বাহ্যিক চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে... বাহ্যিক স্কন্ধসমূহকে গুরুত্ব-সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** বাহ্যিক-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** আর্যগণ নির্বাণকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের এবং ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বাহ্যিক চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে... বাহ্যিক স্কন্ধসমূহকে গুরুত্ব-সহকারে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ... দৃষ্টি উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয় (২)

৩২. (১) আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী আধ্যাত্মিক স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী আধ্যাত্মিক স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর, অনুলোম বিশুদ্ধির, গোত্রভূ মার্গের, বিশুদ্ধি মার্গের, মার্গ ফলের, ফল ফলের, অনুলোম ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নিরোধসমাপত্তি হতে উত্থানরত সাধকের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(পূর্ব পূর্ব বাহ্যিক-ই অমিল রয়েছে, বাকী অংশ আধ্যাত্মিকের ন্যায় জ্ঞাতব্য)।

সমনন্তরাদি-প্রত্যয়

৩৩. আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়

Visit: http://www.buddhistdownload.com

হয়... (অনন্তর সদৃশ)... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

উপনিশ্রয়-প্রত্যয় (৪)

৩৪. (১) আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** (ব্যক্তি) আধ্যাত্মিক শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন, শীল পালনে রত থাকেন, উপোসথকর্ম... ধ্যান... বিদর্শন... মার্গ... অভিজ্ঞা... সমাপত্তি উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন, দৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপ) আধ্যাত্মিক শীলকে... প্রজ্ঞাকে... রাগকে... তৃষ্ণাকে... কায়িক সুখকে... কায়িক দুঃখকে... ঋতুকে... ভোজনকে... শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন, প্রাণীর জীবন হরণ করেন... সংঘভেদ করেন। সেই কারণবশত আধ্যাত্মিক শ্রদ্ধা... প্রজ্ঞা, রাগ... তৃষ্ণা, কায়িক সুখ... কায়িক দুঃখ... শয্যাসন আধ্যাত্মিক শ্রদ্ধার... প্রজ্ঞার, রাগের... তৃষ্ণার, কায়িক সুখের, কায়িক দুঃখের, মার্গের এবং ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আধ্যাত্মিক ধর্ম বাহ্যিক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** আধ্যাত্মিক শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... মান উৎপন্ন করেন, দৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপ) আধ্যাত্মিক শীলকে... শীলকে... শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন, প্রাণীর জীবন হরণ করেন... সংঘভেদ করেন। সেই কারণবশত আধ্যাত্মিক শ্রদ্ধা... শয্যাসন বাহ্যিক শ্রদ্ধার... মার্গের এবং ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৫. (৩) বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** বাহ্যিক শ্রদ্ধাকে... তৃষ্ণাকে, কায়িক সুখকে... শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। সেই কারণবশত বাহ্যিক শ্রদ্ধা... শয্যাসন বাহ্যিক শ্রদ্ধার... ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** বাহ্যিক শ্রদ্ধাকে... শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। বাহ্যিক শ্রদ্ধা... শয্যাসন আধ্যাত্মিক শ্রদ্ধার... ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

পূর্বজাত-প্রত্যয় (৬)

৩৬. (১) আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** (শৈক্ষ্যগণ) আধ্যাত্মিক চক্ষুকে... শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে বিশেষভাবে দেখেন... দৌমর্নস্য উৎপন্ন হয়। দিব্যনেত্রে রূপ দেখেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শোনেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের... (হৃদয়) বাস্তুর আধ্যাত্মিক স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আধ্যাত্মিক ধর্ম বাহ্যিক ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-পূর্বজাত :** আধ্যাত্মিক চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌমর্নস্য উৎপন্ন হয়। দিব্যনেত্রে রূপ দেখেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শোনেন, আধ্যাত্মিক রূপ-আয়তন বাহ্যিক চক্ষু-বিজ্ঞানের... আধ্যাত্মিক স্প্রষ্টব্য-আয়তন বাহ্যিক কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৭. (৩) বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** বাহ্যিক চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য অনিত্য, দুঃখ ও অনাত্মরূপে গভীরভাবে দেখেন। দিব্যনেত্রে রূপ দেখেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শোনেন। বাহ্যিক রূপ-আয়তন বাহ্যিক চক্ষু-বিজ্ঞানের... বাহ্যিক স্প্রষ্টব্য-আয়তন বাহ্যিক কায়-বিজ্ঞানের...। **বাস্তু-পূর্বজাত :** বাহ্যিক চক্ষু-আয়তন... কায়-আয়তন... (হৃদয়) বাস্তু বাহ্যিক স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন পূর্বজাত :** বাহ্যিক চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌমর্নস্য উৎপন্ন হয়। দিব্যনেত্রে রূপ দেখেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শোনেন। বাহ্যিক রূপ-আয়তন বাহ্যিক চক্ষু-বিজ্ঞানের... বাহ্যিক স্প্রষ্টব্য-আয়তন আধ্যাত্মিক কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৮. (৫) আধ্যাত্মিক এবং বাহ্যিক ধর্মসমূহ আধ্যাত্মিক ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত :** বাহ্যিক রূপ-আয়তন এবং আধ্যাত্মিক চক্ষু-আয়তন আধ্যাত্মিক চক্ষু-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বাহ্যিক স্প্রষ্টব্য-আয়তন এবং আধ্যাত্মিক কায়-আয়তন আধ্যাত্মিক কায়-বিজ্ঞানের... বাহ্যিক রূপ-আয়তন এবং আধ্যাত্মিক (হৃদয়)

Visit: http://www.buddhistdownload.com

বাস্তু... বাহ্যিক স্প্রষ্টব্য-আয়তন এবং আধ্যাত্মিক (হৃদয়) বাস্তু আধ্যাত্মিক স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) আধ্যত্মিক এবং বাহ্যিক ধর্মসমূহ বাহ্যিক ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন এবং বাস্তু-পূর্বজাত :** আধ্যাত্মিক রূপ-আয়তন এবং বাহ্যিক চক্ষু-আয়তন বাহ্যিক চক্ষু-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আধ্যত্মিক স্প্রষ্টব্য-আয়তন এবং বাহ্যিক কায়-আয়তন বাহ্যিক কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আধ্যাত্মিক রূপ-আয়তন এবং (হৃদয়) বাস্তু... আধ্যাত্মিক স্প্রষ্টব্য-আয়তন এবং (হৃদয়) বাস্তু বাহ্যিক স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পশ্চাজ্জাত-প্রত্যয় (২)

৩৯. (১) আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত আধ্যাত্মিক স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত বাহ্যিক স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আসেবন-প্রত্যয় (২)

৪০. (১) আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব আধ্যাত্মিক স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী আধ্যাত্মিক স্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর... অনুলোম বিশুদ্ধির... গোত্রভূ মার্গের... বিশুদ্ধি মার্গের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব...। (আধ্যাত্মিক সদৃশ জ্ঞাতব্য)।

কর্ম-প্রত্যয় (২)

৪১. (১) আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** আধ্যাত্মিক চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** আধ্যাত্মিক চেতনা আধ্যাত্মিক বিপাক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থান-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** বাহ্যিক চেতনা

Visit: http://www.buddhistdownload.com

সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** বাহ্যিক চেতনা বাহ্যিক বিপাক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থান-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয় (২)

৪২. (১) আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (পরিপূর্ণ করা উচিত, প্রতীত্যবার সদৃশ পড়তে হবে)।

আহার-প্রত্যয় (৬)

৪৩. (১) আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আধ্যাত্মিক আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... আধ্যাত্মিক কবলীকৃত আহার (ভক্ষণীয় দ্রব্যাদি) আধ্যাত্মিক কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আধ্যাত্মিক ধর্ম বাহ্যিক ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আধ্যাত্মিক কবলীকৃত আহার বাহ্যিক কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (প্রবর্তন-প্রতিসন্ধি) বাহ্যিক কবলীকৃত আহার বাহ্যিক কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বাহ্যিক কবলীকৃত আহার আধ্যাত্মিক কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৪. (৫) আধ্যাত্মিক ধর্ম এবং বাহ্যিক ধর্মের আধ্যাত্মিক ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আধ্যাত্মিক কবলীকৃত আহার এবং বাহ্যিক কবলীকৃত আহার আধ্যাত্মিক কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) আধ্যাত্মিক ধর্ম এবং বাহ্যিক ধর্মের বাহ্যিক ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আধ্যাত্মিক কবলীকৃত আহার এবং বাহ্যিক কবলীকৃত আহার বাহ্যিক কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

ইন্দ্রিয়াদি-প্রত্যয়

৪৫. (১) আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আধ্যাত্মিক ইন্দ্রিয়সমূহ (রূপ-জীবিত-ইন্দ্রিয়ও বিস্তৃতব্য)... ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ বিপ্রযুক্ত)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত। (মাতিকা বা তালিকাপদসমূহ বিচার-বিবেচনাপূর্বক বিস্তৃতব্য)।

Visit: http://www.buddhistdownload.com

(২) বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ বিপ্রযুক্ত)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত (সংক্ষিপ্ত)।

অস্তি-প্রত্যয় (৬)

৪৬. (১) আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** একটি আধ্যাত্মিক স্কন্ধ তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের... দুটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি মহাভূত... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূত তিনটি মহাভূতের...। **পূর্বজাত :** চক্ষুকে... (হৃদয়) বাস্তু (এইস্থলে পূর্বজাত সদৃশ হবে), (হৃদয়) বাস্তু আধ্যাত্মিক স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** আধ্যাত্মিক স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আহার :** আধ্যাত্মিক কবলীকৃত আহার আধ্যাত্মিক কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **ইন্দ্রিয় :** রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্ম-সমুত্থান-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আধ্যাত্মিক ধর্ম বাহ্যিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—পূর্বজাত এবং আহার। **পূর্বজাত :** আধ্যাত্মিক চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মরূপে গভীরভাবে দেখেন, দিব্যনেত্রে রূপ দেখেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শোনেন। আধ্যাত্মিক রূপ-আয়তন... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আহার :** আধ্যাত্মিক কবলীকৃত আহার বাহ্যিক কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৭. (৩) বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পঞ্চবিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় (বাহ্যিক কোনো পার্থক্য নেই, মাতিকা পদসমূহ বিস্তৃতব্য)।

(৪) বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—পূর্বজাত এবং আহার। **পূর্বজাত :** বাহ্যিক চক্ষুকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ ও অনাত্মরূপে গভীরভাবে দেখেন। দিব্যনেত্রে রূপ দেখেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শোনেন। বাহ্যিক রূপ-আয়তন... স্প্রষ্টব্য-আয়তন আধ্যাত্মিক কায়-বিজ্ঞানের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আহার :** বাহ্যিক কবলীকৃত আহার আধ্যাত্মিক কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪৮. (৫) আধ্যাত্মিক ধর্ম এবং বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—পূর্বজাত এবং আহার। **পূর্বজাত :** বাহ্যিক রূপ-আয়তন এবং আধ্যাত্মিক চক্ষু আধ্যত্মিক চক্ষু-বিজ্ঞানের... বাহ্যিক স্প্রষ্টব্য-আয়তন এবং আধ্যাত্মিক কায়-আয়তন আধ্যাত্মিক কায়-বিজ্ঞানের

Visit: http://www.buddhistdownload.com

অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বাহ্যিক রূপ-আয়তন এবং আধ্যাত্মিক (হৃদয়) বাস্তু... বাহ্যিক স্প্রষ্টব্য-আয়তন এবং আধ্যাত্মিক (হৃদয়) বাস্তু আধ্যাত্মিক স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আহার :** আধ্যাত্মিক কবলীকৃত আহার এবং বাহ্যিক কবলীকৃত আহার আধ্যাত্মিক কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) আধ্যাত্মিক ধর্ম এবং বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—পূর্বজাত এবং আহার। **পূর্বজাত :** আধ্যাত্মিক রূপ-আয়তন এবং বাহ্যিক চক্ষু-আয়তন বাহ্যিক চক্ষু-বিজ্ঞানের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আধ্যাত্মিক স্প্রষ্টব্য-আয়তন এবং বাহ্যিক কায়-আয়তন বাহ্যিক কায়-বিজ্ঞানের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আধ্যাত্মিক রূপ-আয়তন এবং বাহ্যিক (হৃদয়) বাস্তু বাহ্যিক স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আধ্যাত্মিক স্প্রষ্টব্য-আয়তন এবং বাহ্যিক (হৃদয়) বাস্তু বাহ্যিক স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আহার :** আধ্যাত্মিক কবলীকৃত আহার এবং বাহ্যিক কবলীকৃত আহার বাহ্যিক কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

নাস্তি-প্রত্যয় (২)
বিগত-প্রত্যয় (২)
অবিগত-প্রত্যয় (৬)

৪৯. আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম
২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৫০. হেতুতে দুই, আলম্বনে চার, অধিপতিতে চার, অনন্তরে দুই, সমনন্তরে দুই, সহজাতে, অন্যোন্যে, নিশ্রয়ে দুই, উপনিশ্রয়ে চার, পূর্বজাতে ছয়, পশ্চাজ্জাতে, আসেবনে, কর্মে, বিপাকে দুই, আহারে ছয়, ইন্দ্রিয়ে দুই, ধ্যানে, মার্গে, সম্প্রযুক্তে, বিপ্রযুক্তে দুই, অস্তিতে ছয়, নাস্তিতে দুই, বিগতে দুই, অবিগতে ছয়।

(অনুরূপভাবে বিস্তারিত গণিতব্য)।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৬)

৫১. (১) আধ্যাত্মিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়

Visit: http://www.buddhistdownload.com

হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আধ্যাত্মিক ধর্ম বাহ্যিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৫২. (৩) বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৫৩. (৫) আধ্যাত্মিক ধর্ম এবং বাহ্যিক ধর্ম আধ্যাত্মিক ধর্মের পূর্বজাত, আহার।

(৬) আধ্যাত্মিক ধর্ম এবং বাহ্যিক ধর্ম বাহ্যিক ধর্মের পূর্বজাত, আহার।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৫৪. না-হেতুতে ছয়, না-আলম্বনে ছয়, না-অধিপতিতে ছয়, (সংক্ষিপ্ত, সর্বত্র ছয় করণীয়), না-বিপ্রযুক্তে ছয়, না-অস্তিতে চার, না-নাস্তিতে ছয়, না-বিগতে ছয়, অবিগতে চার।

(অনুরূপভাবে বিস্তারিত গণিতব্য)।

[প্রতিলোম-সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

হেতুমূলক—দ্বিক

৫৫. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে দুই, না-অধিপতিতে, না-অনন্তরে, না-সমনন্তরে, না-অন্যোন্যে, না-উপনিশ্রয়ে দুই (সংক্ষিপ্ত, সর্বত্র দুই), না-সম্প্রযুক্তে, না-বিপ্রযুক্তে, না-নাস্তিতে, না-বিগতে দুই।

(অনুরূপভাবে বিস্তারিত গণিতব্য)।

[প্রতিলোম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক দ্বিক)

৫৬. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে চার, অধিপতিতে চার (অনুলোম পদসমূহ গণিতব্য), অবিগতে ছয়।

(অনুরূপভাবে বিস্তারিত গণিতব্য)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[প্রশ্নবার সমাপ্ত]

[আধ্যাত্মিকত্রিক (এখানে) সমাপ্ত হলো]

২১. আধ্যাত্মিকালম্বনত্রিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম
১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (২)

১. (১) আধ্যাত্মিকালম্বন (অভ্যন্তরীণ বা ভিতরের আলম্বন) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা আধ্যাত্মিকালম্বন ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনকালে) একটি আধ্যাত্মিকালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। অপরদিকে প্রতিসন্ধি গ্রহণকালে একটি আধ্যাত্মিকালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(২) বাহ্যিকালম্বন (বহিঃস্থ বা বাইরের আলম্বন) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিকালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি বাহ্যিকালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে একটি বাহ্যিকালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে...।

আলম্বন-প্রত্যয় ইত্যাদি

২. আধ্যাত্মিকালম্বন ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা আধ্যাত্মিকালম্বন ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

১. প্রত্যয় : অনুলোম
২. গণনা অধ্যায় (একক)

৩. হেতু-প্রত্যয় দ্বারা দুই, আলম্বনে দুই (সংক্ষিপ্ত, সর্বত্র দুই), অবিগতে দুই।

(অনুরূপভাবে বিস্তারিত গণিতব্য)।

[অনুলোম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

২. প্রত্যয় : প্রতিলোম

১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (২)

৪. (১) আধ্যাত্মিকালম্বন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা আধ্যাত্মিকালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি আধ্যাত্মিকালম্বন অহেতুক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে একটি আধ্যাত্মিকালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... বিচিকিৎসা সহজাত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) বাহ্যিকালম্বন ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা বাহ্যিকালম্বন ধর্ম উৎপন্ন হয়। একটি বাহ্যিকালম্বন অহেতুক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

না-অধিপতি-প্রত্যয় ইত্যাদি

৫. আধ্যাত্মিকালম্বন ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা (অনুলোম সহজাত সদৃশ, কোনো ভিন্নতা নেই)... না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা আধ্যাত্মিকালম্বন ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি আধ্যাত্মিকালম্বন স্কন্ধকে ভিত্তি করে... প্রতিসন্ধিক্ষণে...।

৬. বহ্যিকালম্বন ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা বাহ্যিকালম্বন ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি বাহ্যিকালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়...। প্রতিসন্ধিক্ষণে... না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা... না-আসেবন-প্রত্যয় দ্বারা (সহজাত সদৃশ হবে)... না-কর্ম-প্রত্যয় দ্বারা...। আধ্যাত্মিকালম্বন স্কন্ধসমূহকে ভিত্তি করে আধ্যাত্মিকালম্বন চেতনা উৎপন্ন হয়।

না-বিপাক-প্রত্যয় ইত্যাদি

৭. আধ্যাত্মিকালম্বন ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা (প্রতিসন্ধি নেই)... না-ধ্যান-প্রত্যয় দ্বারা আধ্যাত্মিকালম্বন ধর্ম উৎপন্ন হয়... পঞ্চবিজ্ঞান-সহগত একটি আধ্যাত্মিকালম্বন...।

বাহ্যিকালম্বন ধর্মকে ভিত্তি করে না-ধ্যান-প্রত্যয় দ্বারা বাহ্যিকালম্বন ধর্ম উৎপন্ন হয়। পঞ্চবিজ্ঞান-সহগত একটি বাহ্যিকালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... না-মার্গ-প্রত্যয় দ্বারা (না-হেতু-প্রত্যয় সদৃশ। মোহ নেই)... না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা...। অরূপলোকে একটি আধ্যাত্মিকালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ...।

Visit: http://www.buddhistdownload.com

বাহ্যিকালম্বন ধর্মকে ভিত্তি করে না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা বাহ্যিকালম্বন ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি বাহ্যিকালম্বন স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ...।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

৮. না-হেতুতে দুই, না-অধিপতিতে দুই, না-পূর্বজাতে দুই, না-পশ্চাজ্জাতে দুই, না-আসেবনে, না-কর্মে, না-বিপাকে, না-ধ্যানে, না-মার্গে, না-বিপ্রযুক্তে দুই।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করতে হবে)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক দ্বিক)

৯. হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে দুই... না-বিপাকে দুই, না-বিপ্রযুক্তে দুই। (অনুরূপভাবে বিস্তারিত গণনা করতে হবে)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

(না-হেতুমূলক দ্বিক)

১০. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অনন্তরে দুই, সমনন্তরে দুই... মার্গে দুই... অবিগতে দুই।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করতে হবে)।

[প্রতীত্যবার (এখানে) সমাপ্ত]

২-৬. সহজাত-প্রত্যয়-নিশ্রয়-সংশ্লিষ্ট-সম্প্রযুক্তবার

(সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার ও সম্প্রযুক্তবার প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (২)

১১. (১) আধ্যাত্মিকালম্বন (অধ্যাত্ম বা অন্তঃস্থিতালম্বন) ধর্ম আধ্যাত্মিকালম্বন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আধ্যাত্মিকালম্বন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে আধ্যাত্মিকালম্বন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(২) বাহ্যিকালম্বন (বাহ্য বা বহিঃস্থিতালম্বন) ধর্ম বাহ্যিকালম্বন ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বাহ্যিকালম্বন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বাহ্যিকালম্বন হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৪)

১২. (১) আধ্যাত্মিকালম্বন ধর্ম আধ্যাত্মিকালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ধ্যানী) আধ্যাত্মিক বিজ্ঞান-অনন্ত-আয়তনকে প্রত্যবেক্ষণ করেন, নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনকে প্রত্যবেক্ষণ করেন, আধ্যাত্মিকালম্বন এমন আধ্যাত্মিক দিব্যনেত্রকে প্রত্যবেক্ষণ করেন, দিব্যশ্রোত্রকে... বিবিধ ঋদ্ধিজ্ঞানকে... পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানকে... যথাকর্মোপগ-জ্ঞানকে... অনাগতভব-জ্ঞানকে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ আধ্যাত্মিকালম্বন এমন প্রহীন (বিগত) ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, অপ্রহীন (অবিগত) ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে অনুশীলিত ক্লেশসমূহকে জানেন। আধ্যাত্মিকালম্বন এমন আধ্যাত্মিক স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে উত্তমরূপে দেখেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য একে ভিত্তি করে আধ্যাত্মিকালম্বন রাগ উৎপন্ন হয়... দৌমর্নস্য উৎপন্ন হয়। আধ্যাত্মিকালম্বন এমন আধ্যাত্মিক স্কন্ধসমূহ পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের এবং আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আধ্যাত্মিকালম্বন ধর্ম বাহ্যিকালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ধ্যানী) বাহ্যিক বিজ্ঞান-অনন্ত-আয়তনকে প্রত্যবেক্ষণ করেন, নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনকে প্রত্যবেক্ষণ করেন, আধ্যাত্মিকালম্বন এমন বাহ্যিক দিব্যনেত্রকে প্রত্যবেক্ষণ করেন, দিব্যশ্রোত্রকে... বিবিধ ঋদ্ধিজ্ঞানকে... পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানকে... যথাকর্মোপগ-জ্ঞানকে... অনাগতভব-জ্ঞানকে প্রত্যবেক্ষণ করেন, আধ্যাত্মিকালম্বন এমন বাহ্যিক স্কন্ধসমূহ অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে উত্তমরূপে দেখেন... চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা আধ্যাত্মিকালম্বন এমন বাহ্যিক চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। আধ্যাত্মিকালম্বন এমন বাহ্যিক স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৩. (৩) বাহ্যিকালম্বন ধর্ম বাহ্যিকালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বাহ্যিকালম্বন এমন বাহ্যিক দিব্যনেত্রকে প্রত্যবেক্ষণ করেন, দিব্যশ্রোত্রকে প্রত্যবেক্ষণ করেন। বিবিধ ঋদ্ধিজ্ঞানকে... চিত্তপর্যায়-জ্ঞানকে... পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানকে... যথাকর্মোপগ-জ্ঞানকে... অনাগতভব-জ্ঞানকে

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যবেক্ষণ করেন। বাহ্যিকালম্বন এমন বাহ্যিক স্কন্ধসমূহ অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে উত্তমরূপে দেখেন... চিত্তপর্যায়-জ্ঞানের দ্বারা আধ্যাত্মিকালম্বন এমন বাহ্যিক চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। বাহ্যিকালম্বন এমন বাহ্যিক স্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) বাহ্যিকালম্বন ধর্ম আধ্যাত্মিকালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ধ্যানী) দান দেন, শীল পালন রত থাকেন, উপোসথকর্ম সম্পাদন করেন। (অতঃপর) এগুলোকে প্রত্যবেক্ষণ করেন, পূর্বকৃত সুকর্মসমূহকে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে প্রত্যবেক্ষণ করেন, ফলকে প্রত্যবেক্ষণ করেন, বাহ্যিকালম্বন এমন প্রহীন ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, অপ্রহীন ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে অনুশীলিত ক্লেশসমূহকে জানেন। বাহ্যিকালম্বন এমন আধ্যাত্মিক দিব্যনেত্রকে প্রত্যবেক্ষণ করেন, দিব্যশ্রোত্রকে... বিবিধ ঋদ্ধিজ্ঞানকে... চিত্তপর্যায়-জ্ঞানকে... পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানকে... অনাগতভব-জ্ঞানকে... বাহ্যিকালম্বন এমন আধ্যাত্মিক স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ ও অনাত্মদৃষ্টিতে উত্তমরূপে দেখেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য একে ভিত্তি করে আধ্যাত্মিকালম্বন রাগ উৎপন্ন হয়... দৌমর্নস্য উৎপন্ন হয়। বাহ্যিকালম্বন এমন আধ্যাতিক স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অধিপতি-প্রত্যয় (৩)

১৪. (১) আধ্যাত্মিকালম্বন ধর্ম আধ্যাত্মিকালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** আধ্যাত্মিক বিজ্ঞান-অনন্ত-আয়তনকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, আধ্যাত্মিকালম্বন এমন আধ্যাত্মিক দিব্যনেত্রকে গুরুত্ব দিয়ে... দিব্যশ্রোত্রকে... বিবিধ ঋদ্ধিজ্ঞানকে... পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানকে... যথাকর্মোপগ-জ্ঞানকে... অনাগতভব-জ্ঞানকে গুরুত্ব দিয়ে... আধ্যাত্মিকালম্বন এমন আধ্যাত্মিক স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য আধ্যাত্মিকালম্বন রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** আধ্যাত্মিকালম্বন-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৫. (২) বাহ্যিকালম্বন ধর্ম বাহ্যিকালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** বাহ্যিকালম্বন-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) বাহ্যিকালম্বন ধর্ম আধ্যাত্মিকালম্বন ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন। (অতঃপর) এগুলোকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। পূর্বকৃত সুকর্মসমূহকে... ধ্যান হতে উত্থিত হয়ে... আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে... ফলকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। বাহ্যিকালম্বন এমন আধ্যাত্মিক দিব্যনেত্রকে গুরুত্ব দিয়ে... দিব্যশ্রোত্রকে... বিবিধ ঋদ্ধিজ্ঞানকে... চিত্তপর্যায়-জ্ঞানকে... পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানকে... যথাকর্মোপগ-জ্ঞানকে... অনাগতভব-জ্ঞানকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। বাহ্যিকালম্বন এমন আধ্যাত্মিক স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য আধ্যাত্মিকালম্বন রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়।

অনন্তর-প্রত্যয় (৪)

১৬. (১) আধ্যাত্মিকালম্বন ধর্ম আধ্যাত্মিকালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব আধ্যাত্মিকালম্বন স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী আধ্যাত্মিকালম্বন স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আধ্যাত্মিকালম্বন ধর্ম বাহ্যিকালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আধ্যাত্মিকালম্বন চ্যুতি-চিত্ত (মৃত্যুর পূর্ব চিত্তক্ষণ) বাহ্যিকালম্বন প্রতিসন্ধি-চিত্তের (পুনরুৎপত্তি-চিত্তের) অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আধ্যাত্মিকালম্বন ভবাঙ্গ বাহ্যিকালম্বন আর্বতন-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আধ্যাত্মিকালম্বন স্কন্ধসমূহ বাহ্যিকালম্বন উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আধ্যাত্মিকালম্বন অনুলোম গোত্রভূর... অনুলোম বিশুদ্ধির... অনুলোম ফল-সমাপত্তির... নিরোধসমাপত্তির হতে উত্থানরত ব্যক্তির নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৭. (৩) বাহ্যিকালম্বন ধর্ম বাহ্যিকালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বাহ্যিকালম্বন স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী বাহ্যিকালম্বন স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বাহ্যিকালম্বন অনুলোম গোত্রভূর... অনুলোম বিশুদ্ধির... অনুলোম মার্গের... মার্গ ফলের... ফল ফলের... অনুলোম ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) বাহ্যিকালম্বন ধর্ম আধ্যাত্মিকালম্বন ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বাহ্যিকালম্বন চ্যুতি-চিত্ত আধ্যাত্মিকালম্বন প্রতিসন্ধি-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বাহ্যিকালম্বন ভবাঙ্গ আধ্যাত্মিকালম্বন আবর্তন-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বাহ্যিকালম্বন স্কন্ধসমূহ

Visit: http://www.buddhistdownload.com

আধ্যাত্মিকালম্বন উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

সমনন্তর-প্রত্যয় ইত্যাদি

১৮. আধ্যাত্মিকালম্বন ধর্ম আধ্যাত্মিকালম্বন ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

উপনিশ্রয়-প্রত্যয় (৪)

১৯. (১) আধ্যাত্মিকালম্বন ধর্ম আধ্যাত্মিকালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** আধ্যাত্মিকালম্বন অনিত্যানুদর্শন (অনিত্যজ্ঞান), দুঃখানুদর্শন (দুঃখজ্ঞান), অনাত্মানুদর্শন (অনাত্মজ্ঞান) আধ্যাত্মিকালম্বন অনিত্যানুদর্শনের, দুঃখানুদর্শনের, অনাত্মানুদর্শনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আধ্যাত্মিকালম্বন ধর্ম বাহ্যিকালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** আধ্যাত্মিকালম্বন অনিত্যানুদর্শন, দুঃখানুদর্শন, অনাত্মানুদর্শন বাহ্যিকালম্বন অনিত্যানুদর্শনের, দুঃখানুদর্শনের, অনাত্মানুদর্শনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২০. (৩) বাহ্যিকালম্বন ধর্ম বাহ্যিকালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** বাহ্যিকালম্বন অনিত্যানুদর্শন, দুঃখানুদর্শন, অনাত্মানুদর্শন বাহ্যিকালম্বন অনিত্যানুদর্শনের, দুঃখানুদর্শনের, অনাত্মানুদর্শনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) বাহ্যিকালম্বন ধর্ম আধ্যাত্মিকালম্বন ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** বাহ্যিকালম্বন অনিত্যানুদর্শন, দুঃখানুদর্শন, অনাত্মানুদর্শন আধ্যাত্মিকালম্বন অনিত্যানুদর্শনের, দুঃখানুদর্শনের, অনাত্মানুদর্শনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আসেবন-প্রত্যয় (৩)

২১. (১) আধ্যাত্মিকালম্বন ধর্ম আধ্যাত্মিকালম্বন ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব আধ্যাত্মিকালম্বন স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী আধ্যাত্মিকালম্বন স্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আধ্যাত্মিকালম্বন ধর্ম বাহ্যিকালম্বন ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় হয়। আধ্যাত্মিকালম্বন অনুলোম গোত্রভূর... অনুলোম বিশুদ্ধির আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) বাহ্যিকালম্বন ধর্ম বাহ্যিকালম্বন ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বাহ্যিকালম্বন স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী বাহ্যিকালম্বন স্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বাহ্যিকালম্বন অনুলোম গোত্রভূর... অনুলোম বিশুদ্ধির... গোত্রভূ মার্গের... বিশুদ্ধি মার্গের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

কর্ম-প্রত্যয় (৪)

২২. (১) আধ্যাত্মিকালম্বন ধর্ম আধ্যাত্মিকালম্বন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** আধ্যাত্মিকালম্বন চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে আধ্যাত্মিকালম্বন চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** আধ্যাত্মিকালম্বন চেতনা আধ্যাত্মিকালম্বন বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আধ্যাত্মিকালম্বন ধর্ম বাহ্যিকালম্বন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** আধ্যাত্মিকালম্বন চেতনা বাহ্যিকালম্বন বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) বাহ্যিকালম্বন ধর্ম বাহ্যিকালম্বন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** বাহ্যিকালম্বন চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধি গ্রহণকালে বাহ্যিকালম্বন চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** বাহ্যিকালম্বন চেতনা বাহ্যিকালম্বন বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) বাহ্যিকালম্বন ধর্ম আধ্যাত্মিকালম্বন ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** বাহ্যিকালম্বন চেতনা আধ্যাত্মিকালম্বন বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বিপাক-প্রত্যয় ইত্যাদি

২৩. আধ্যাত্মিকালম্বন ধর্ম আধ্যাত্মিকালম্বন ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অবিগত-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১. প্রত্যয় : অনুলোম

২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

২৪. হেতুতে দুই, আলম্বনে চার, অধিপতিতে তিন, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে দুই, অন্যোন্যে দুই, নিশ্রয়ে দুই, উপনিশ্রয়ে চার, আসেবনে তিন, কর্মে চার, বিপাকে দুই... (সর্বত্র দুই), সম্প্রযুক্তে দুই, অস্তিতে দুই, নাস্তিতে চার, বিগতে চার, অবিগতে দুই।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করতে হবে)।

[অনুলোম সমাপ্ত]

প্রতিলোম উদ্ধার (প্রশ্ন সংখ্যা-৪)

২৫. (১) আধ্যাত্মিকালম্বন ধর্ম আধ্যাত্মিকালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আধ্যাত্মিকালম্বন ধর্ম বাহ্যিকালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) বাহ্যিকালম্বন ধর্ম বাহ্যিকালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) বাহ্যিকালম্বন ধর্ম আধ্যাত্মিকালম্বন ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২. প্রত্যয় : প্রতিলোম

২. গণনা অধ্যায় (একক)

২৬. না-হেতুতে চার, না-আলম্বনে চার, না-অধিপতিতে চার, না-অনন্তরে চার (সংক্ষিপ্ত, সর্বত্র চার), না-পূর্বজাতে, না-পশ্চাজ্জাতে, না-আসেবনে... না-বিপ্রযুক্তে চার... না-অবিগতে চার।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করতে হবে)।

[প্রতিলোম সমাপ্ত]

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

(হেতুমূলক দ্বিক)

২৭. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে দুই, না-অধিপতিতে দুই, না-অনন্তরে,

Visit: http://www.buddhistdownload.com

না-সমনন্তরে, না-উপনিশ্রয়ে, না-আসেবনে, না-কর্মে... না-নাস্তিতে, না-বিগতে দুই (সর্বত্র দুই)।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করতে হবে)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
(না-হেতুমূলক দ্বিক)

২৮. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে চার, অধিপতিতে তিন, অনন্তরে চার, সমনন্তরে চার, সহজাতে, অন্যোন্যে, নিশ্রয়ে দুই, উপনিশ্রয়ে চার, আসেবনে তিন, কর্মে চার, বিপাকে দুই... সম্প্রযুক্তে দুই, অস্তিতে দুই, নাস্তিতে চার, বিগতে চার, অবিগতে দুই।

(অনুরূপভাবে বিস্তারিত গণনা করতে হবে)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

[প্রশ্নবার সমাপ্ত]

[আধ্যাত্মিকালম্বন ত্রিক (এখানে) সমাপ্ত হলো]

২২. সনিদর্শন-সপ্রতিঘত্রিক

১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (২১)

১. (১) অনিদর্শন-সপ্রতিঘ[১] (অদৃশ্যমান কিন্তু সংঘর্ষণ স্বভাববিশিষ্ট) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনিদর্শন-সপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। অনিদর্শন-সপ্রতিঘ একটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। অনিদর্শন-সপ্রতিঘ মহাভূতসমূহকে ভিত্তি করে অনিদর্শন-সপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তনকে ভিত্তি করে চক্ষু-আয়তন... রস-আয়তন...।

(২) অনিদর্শন-সপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সনিদর্শন-সপ্রতিঘ[২] (দৃশ্যমান এবং সংঘর্ষণ স্বভাববিশিষ্ট) ধর্ম উৎপন্ন হয়। অনিদর্শন-সপ্রতিঘ মহাভূতসমূহকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-

---

[১]। (১) দৃশ্যমান রূপ (চক্ষু প্রসাদ) ব্যতীত বাকি চারি প্রসাদ ও সপ্ত বিষয় বা স্থূলরূপই—অনিদর্শন-সপ্রতিঘ ধর্ম।

[২]। (২) বর্ণই একমাত্র চক্ষু গ্রাহ্য, এবং চক্ষু এর দর্শন কায়বর্ণের সাথে সংঘর্ষণাকারে সম্পাদন করে। এজন্য চক্ষু—সনিদর্শন-সপ্রতিঘ ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তনকে ভিত্তি করে রূপ-আয়তন উৎপন্ন হয়।

(৩) অনিদর্শন-সপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনিদর্শন-অপ্রতিঘ[১] (দৃশ্যমানও নহে এবং সংঘর্ষণ স্বভাববিশিষ্টও নহে) ধর্ম উৎপন্ন হয়। অনিদর্শন-অপ্রতিঘ মহাভূতসমূহকে ভিত্তি করে অনিদর্শন-অপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তনকে ভিত্তি করে আপ-ধাতু (সংসক্তি), স্ত্রী-ইন্দ্রিয়... কবলীকৃত আহার (ওজঃ) উৎপন্ন হয়।

(৪) অনিদর্শন-সপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ ধর্মসমূহ উৎপন্ন হয়। অনিদর্শন-সপ্রতিঘ মহাভূতসমূহকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তনকে ভিত্তি করে রূপ-আয়তন, আপ-ধাতু, ইন্দ্রিয়... কবলীকৃত আহার (ওজঃ) উৎপন্ন হয়।

(৫) অনিদর্শন-সপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ ধর্মসমূহ উৎপন্ন হয়। অনিদর্শন-সপ্রতিঘ একটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত এবং আপ-ধাতু উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত এবং আপ-ধাতু উৎপন্ন হয়। অনিদর্শন-সপ্রতিঘ মহাভূতসমূহকে ভিত্তি করে অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তনকে ভিত্তি করে চক্ষু-আয়তন... রস-আয়তন, আপ-ধাতু, স্ত্রী-ইন্দ্রিয়... কবলীকৃত আহার উৎপন্ন হয়।

(৬) অনিদর্শন-সপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-সপ্রতিঘ ধর্মসমূহ উৎপন্ন হয়। অনিদর্শন-সপ্রতিঘ মহাভূতসমূহকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-সপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তনকে ভিত্তি করে চক্ষু-আয়তন উৎপন্ন হয়। চক্ষু-আয়তন... রস-আয়তন উৎপন্ন হয়।

(৭) অনিদর্শন-সপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ ধর্মসমূহ উৎপন্ন হয়।

---

[১]। (৩) ৮৯ চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, ১৬ সূক্ষ্মরূপ ও নির্বাণ—অনিদর্শন-অপ্রতিঘ ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

অনিদর্শন-সপ্রতিঘ মহাভূতসমূহকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তনকে ভিত্তি করে চক্ষু-আয়তন উৎপন্ন হয়। চক্ষু-আয়তন... রস-আয়তন, আপ-ধাতু, স্ত্রী-ইন্দ্রিয়... কবলীকৃত আহার (ওজঃ) উৎপন্ন হয়।

২. (৮) অনিদর্শন-অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনিদর্শন-অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। অনিদর্শন-অপ্রতিঘ একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং অনিদর্শন-অপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং অনিদর্শন-অপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধি গ্রহণের সময় অনিদর্শন-অপ্রতিঘ একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং অনিদর্শন-অপ্রতিঘ কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়... দুটি স্কন্ধকে... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। আপ-ধাতুকে (সংসক্তিকে) ভিত্তি করে অনিদর্শন-অপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। আপ-ধাতুকে ভিত্তি করে স্ত্রী-ইন্দ্রিয়... কবলীকৃত আহার (ওজঃ) উৎপন্ন হয়।

(৯) অনিদর্শন-অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সনিদর্শন-সপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। অনিদর্শন-অপ্রতিঘ স্কন্ধসমূহকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে অনিদর্শন-অপ্রতিঘ স্কন্ধসমূহকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। আপ-ধাতুকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। আপ-ধাতুকে ভিত্তি করে রূপ-আয়তন উৎপন্ন হয়।

(১০) অনিদর্শন-অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনিদর্শন-সপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। অনিদর্শন-অপ্রতিঘ স্কন্ধসমূহকে ভিত্তি করে অনিদর্শন-সপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে অনিদর্শন-অপ্রতিঘ স্কন্ধসমূহকে ভিত্তি করে অনিদর্শন-সপ্রতিঘ কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। আপ-ধাতুকে ভিত্তি করে অনিদর্শন-সপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। আপ-ধাতুকে ভিত্তি করে চক্ষু-আয়তন... রস-আয়তন উৎপন্ন হয়।

(১১) অনিদর্শন-অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ ধর্মসমূহ উৎপন্ন হয়। অনিদর্শন-অপ্রতিঘ একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে অনিদর্শন-অপ্রতিঘ

Visit: http://www.buddhistdownload.com

একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং সনিদর্শন-সপ্রতিঘ এবং অনির্দশন-অপ্রতিঘ কর্ম-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে... আপ-ধাতুকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। আপ-ধাতুকে ভিত্তি করে স্ত্রী-ইন্দ্রিয়... কবলীকৃত আহার (ওজঃ) উৎপন্ন হয়।

(১২) অনিদর্শন-অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ ধর্মসমূহ উৎপন্ন হয়। অনিদর্শন-অপ্রতিঘ একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে অনিদর্শন-অপ্রতিঘ একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং অনিদর্শন-সপ্রতিঘ এবং অনির্দশন-অপ্রতিঘ কর্ম-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে... আপ-ধাতুকে ভিত্তি করে অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। আপ-ধাতুকে ভিত্তি করে চক্ষু-আয়তন... রস-আয়তন, স্ত্রী-ইন্দ্রিয়... কবলীকৃত আহার (ওজঃ) উৎপন্ন হয়।

(১৩) অনিদর্শন-অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-সপ্রতিঘ ধর্মসমূহ উৎপন্ন হয়। অনিদর্শন-অপ্রতিঘ স্কন্ধসমূহকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-সপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে অনিদর্শন-অপ্রতিঘ স্কন্ধসমূহকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ এবং অনির্দশন-সপ্রতিঘ কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। আপ-ধাতুকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-সপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। আপ-ধাতুকে ভিত্তি করে রূপ-আয়তন, চক্ষু-আয়তন... রস-আয়তন উৎপন্ন হয়।

(১৪) অনিদর্শন-অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ ধর্মসমূহ উৎপন্ন হয়। অনিদর্শন-অপ্রতিঘ একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে অনিদর্শন-অপ্রতিঘ একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং সনিদর্শন-সপ্রতিঘ এবং অনির্দশন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ কর্ম-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে... আপ-ধাতুকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। আপ-ধাতুকে ভিত্তি করে রূপ-আয়তন, চক্ষু-আয়তন... রস-আয়তন স্ত্রী-ইন্দ্রিয়... কবলীকৃত আহার (ওজঃ) উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

৩. (১৫) অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সনিদর্শন-সপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। অনিদর্শন-অপ্রতিঘ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে অনিদর্শন-অপ্রতিঘ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। অনিদর্শন-সপ্রতিঘ মহাভূতসমূহ এবং আপ-ধাতুকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তন এবং আপ-ধাতুকে ভিত্তি করে রূপ-আয়তন উৎপন্ন হয়।

(১৬) অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনিদর্শন-সপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। অনিদর্শন-অপ্রতিঘ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে অনিদর্শন-সপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে অনিদর্শন-অপ্রতিঘ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে অনিদর্শন-সপ্রতিঘ কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। অনিদর্শন-সপ্রতিঘ একটি মহাভূত এবং আপ-ধাতুকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূত এবং আপ-ধাতুকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। অনিদর্শন-সপ্রতিঘ মহাভূতসমূহ এবং আপ-ধাতুকে ভিত্তি করে অনিদর্শন-সপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তন এবং আপ-ধাতুকে ভিত্তি করে চক্ষু-আয়তন... রস-আয়তন উৎপন্ন হয়।

(১৭) অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনিদর্শন-অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। অনিদর্শন-অপ্রতিঘ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে অনিদর্শন-অপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে অনিদর্শন-অপ্রতিঘ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে অনিদর্শন-অপ্রতিঘ কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। অনিদর্শন-সপ্রতিঘ মহাভূতসমূহ এবং আপ-ধাতুকে ভিত্তি করে অনিদর্শন-অপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তন এবং আপ-ধাতুকে ভিত্তি করে স্ত্রী-ইন্দ্রিয়... কবলীকৃত আহার (ওজঃ) উৎপন্ন হয়।

(১৮) অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ ধর্মসমূহ উৎপন্ন হয়। অনিদর্শন-অপ্রতিঘ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে অনিদর্শন-অপ্রতিঘ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। অনিদর্শন-সপ্রতিঘ মহাভূতসমূহ এবং আপ-ধাতুকে ভিত্তি করে সনিদর্শন-

Visit: http://www.buddhistdownload.com

সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তন এবং আপ-ধাতুকে ভিত্তি করে রূপ-আয়তন, স্ত্রী-ইন্দ্রিয়... কবলীকৃত আহার (ওজঃ) উৎপন্ন হয়।

(১৯) অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ ধর্মসমূহ উৎপন্ন হয়। অনিদর্শন-অপ্রতিঘ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে অনিদর্শন-অপ্রতিঘ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। অনিদর্শন-সপ্রতিঘ মহাভূতসমূহ এবং আপ-ধাতুকে ভিত্তি করে অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তন এবং আপ-ধাতুকে ভিত্তি করে চক্ষু-আয়তন... রস-আয়তন, স্ত্রী-ইন্দ্রিয়... কবলীকৃত আহার (ওজঃ) উৎপন্ন হয়।

(২০) অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-সপ্রতিঘ ধর্মসমূহ উৎপন্ন হয়। অনিদর্শন-অপ্রতিঘ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-সপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে অনিদর্শন-অপ্রতিঘ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-সপ্রতিঘ কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। অনিদর্শন-সপ্রতিঘ মহাভূতসমূহ এবং আপ-ধাতুকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-সপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তন এবং আপ-ধাতুকে ভিত্তি করে রূপ-আয়তন, চক্ষু-আয়তন... রস-আয়তন উৎপন্ন হয়।

(২১) অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ ধর্মসমূহ উৎপন্ন হয়। অনিদর্শন-অপ্রতিঘ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে অনিদর্শন-অপ্রতিঘ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। অনিদর্শন-সপ্রতিঘ মহাভূতসমূহ এবং আপ-ধাতুকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তন এবং আপ-ধাতুকে ভিত্তি করে রূপ-

Visit: http://www.buddhistdownload.com

আয়তন, চক্ষু-আয়তন... রস-আয়তন, স্ত্রী-ইন্দ্রিয়... কবলীকৃত আহার (ওজঃ) উৎপন্ন হয়।

আলম্বন-প্রত্যয় (১)

৪. (১) অনিদর্শন-অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা অনিদর্শন-অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। অনিদর্শন-অপ্রতিঘ একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... প্রতিসন্ধিক্ষণে অনিদর্শন-অপ্রতিঘ একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে... (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

অধিপতি-প্রত্যয় (২১)

৫. (১-৭) অনিদর্শন-সপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা অনিদর্শন-সপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। অনিদর্শন-সপ্রতিঘ একটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। অনিদর্শন-সপ্রতিঘ মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(অনিদর্শন-সপ্রতিঘমূলকে এই নিয়মেই সাতটি প্রশ্ন বিভাগ করে পঠিতব্য, পর্যাবসান বা সমাপ্তি পদ নেই)।

৬. (৮-১৪) অনিদর্শন-অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা অনিদর্শন-অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। অনিদর্শন-অপ্রতিঘ একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং অনিদর্শন-অপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ... দুটি স্কন্ধকে... আপ-ধাতুকে ভিত্তি করে অনিদর্শন-অপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(এই পদ্ধতিতেই অনিদর্শন-অপ্রতিঘমূলকে সাতটি প্রশ্ন বিভাগ করে পঠিতব্য, সমাপ্তি পদ নেই)।

৭. (১৫-২১) অনিদর্শন-সপ্রতিঘ এবং অনিদর্শন-অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা সনিদর্শন-সপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। অনিদর্শন-অপ্রতিঘ স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। অনিদর্শন-অপ্রতিঘ মহাভূতসমূহ এবং আপ-ধাতুকে ভিত্তি করে সনিদর্শন-সপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(এই পদ্ধতিতেই সাতটি প্রশ্ন বিভাজন করে পঠিতব্য)।

অনন্তর-সমনন্তর-প্রত্যয় (১/১)

৮. (১) অনিদর্শন-অপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে অনন্তর-প্রত্যয় দ্বারা... সমনন্তর-প্রত্যয় দ্বারা (আলম্বন সদৃশ) অনিদর্শন-অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

সহজাত-প্রত্যয় (২১)

৯. (১-৭) অনিদর্শন-সপ্রতিঘ ধর্মকে ভিত্তি করে সহজাত-প্রত্যয় দ্বারা অনিদর্শন-সপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। অনিদর্শন-সপ্রতিঘ একটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। অনিদর্শন-সপ্রতিঘ মহাভূতসমূহকে ভিত্তি করে অনিদর্শন-সপ্রতিঘ চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। স্প্রষ্টব্য-আয়তনকে ভিত্তি করে চক্ষু-আয়তন... রস-আয়তন উৎপন্ন হয়। বাহ্যিক... আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত...।

(অনিদর্শন-সপ্রতিঘমূলকে এই প্রণালিতেই সাতটি প্রশ্ন বিভাজন করতে হবে)।

